**বোর্ড প্রশ্ন ও উত্তরমালা ২০২৪ ও ২০২৩**

# হিসাববিজ্ঞান

## ঢাকা বোর্ড-২০২৪

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড | 1 | 4 | 6 |

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. বিদ্যালয়ের মাঠ উন্নয়ন কোন জাতীয় ব্যয়?**
K মুনাফা জাতীয় ব্যয় L মূলধন জাতীয় ব্যয়
M বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় N উন্নয়ন ব্যায়

**২. দায়, মালিকানাস্বত্ব ও আয় বৃদ্ধি পেলে কী হয়?**
K লাভ হয় L ডেবিট হয়
M ক্ষতি হয় N ক্রেডিট হয়

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রিফাত ২০২১ সালের ১লা জানুয়ারি ১,০০,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয় করেন। যন্ত্রপাতির সংস্থাপন খরচ ১,০০০ টাকা। ৫% অবচয় ধরা হয়।

**৩. জনাব রিফাতের যন্ত্রপাতির অবচয় কত?**
K ৫,০৫০ L ৫,০০০ M ৪,৯৫০ N ১০,০০০

**৪. যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় দ্বারা নিচের কোনটি প্রভাবিত হবে?**
K দায় L সম্পদ M মালিকানা স্বত্ব N ব্যয়

**৫. স্কেল, ক্লিপ, কলম ক্রয় কোন হিসাবে লিপিবদ্ধ হবে?**
K অফিস সরঞ্জাম L অফিস সাপ্লাইজ
M মনিহারী N ক্রয়

**৬. অনাদায়ী পাওনা কোন জাতীয় হিসাব?**
K সম্পদ হিসাব L আয় হিসাব
M দায় হিসাব N ব্যয় হিসাব

**৭. বিক্রয় ফেরত জাবেদার উৎস দলিল কোনটি?**
K ডেবিট নোট L ক্রেডিট নোট
M ডেবিট ভাউচার N ক্রেডিট ভাউচার

**৮. প্রকৃত জাবেদায় লিখা হয় নিচের কোনটি?**
K ধারে আসবাবপত্র ক্রয় L ধারে পণ্য ক্রয়
M নগদে যন্ত্রপাতি ক্রয় N ক্রীত পণ্য ফেরত

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
সাদিক এন্ড সন্স-এর প্রারম্ভিক মূলধন ২,৫০,০০০ টাকা। বিক্রয়মূল্য ৩,০০,০০০ টাকা, নীট মুনাফা ৪০,০০০ টাকা এবং উত্তোলন ৪৫,০০০ টাকা।

**৯. সাদিক এন্ড সন্স-এর নীট মুনাফার হার কত?**
K ১২.৫% L ১৪.৩৩% M ১০.৫% N ১৩.৩৩%

**১০. সাদিক এন্ড সন্স এর মালিকানা স্বত্বের পরিমাণ কত?**
K ২,৪৫,০০০ L ২,৯০,০০০
M ৫,৫০,০০০ N ৩,৫০,০০০

**১১. অফিস উপরি ব্যয়–**
i. অফিসের টেলিফোন বিল ii. শোরুম ভাড়া iii. মনিহারি দ্রব্যাদি ক্রয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. প্রত্যক্ষ শ্রম ও কারখানার উপরি ব্যয়ের সমষ্টিকে কী বলে?**
K মুখ্য ব্যয় L কারখানা ব্যয়
M উৎপাদন ব্যয় N রূপান্তর ব্যয়

**১৩. পরিবারে শিক্ষাখাতে খরচের হার কত?**
K ৫%-১০% L ১০%-১৫%
M ২০%-২৫% N ৩০%-৪০%

**১৪. সুনাম কোন ধরনের সম্পদ?**
K চলতি সম্পদ L স্থায়ী সম্পদ
M দৃশ্যমান সম্পদ N অদৃশ্যমান সম্পদ

**১৫. হিসাববিজ্ঞান কী?**
K দু'তরফা দাখিলা L তথ্য ব্যবস্থা
M গণনা ব্যবস্থা N মূলধন ব্যবস্থা

**১৬. ব্যয় নিয়ন্ত্রণ হিসাববিজ্ঞানের একটি–**
K অসুবিধা L সুবিধা
M প্রয়োজনীয়তা N গুরুত্ব

**১৭. হিসাব সমীকরণের মূল উপাদানগুলো হলো–**
i. সম্পদ ii. দায় iii. মালিকানা স্বত্ব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. কে ক্রেডিট নোট তৈরি করে?**
K ক্রেতা L বিক্রেতা M ক্যাশিয়ার N তৃতীয় পক্ষ

**১৯. কোনটি সঠিক?**
K A = L – E L A + L = F M E = A – L N L = A + E

**২০. প্রতিষ্ঠানের দায় কোনটি?**
K দেনাদার L সুনাম
M মালিকানা স্বত্ব N প্রাপ্য বিল

**২১. যদি প্রারম্ভিক মূলধন ৭০,০০০ টাকা, সমাপনী মূলধন ৯৫,০০০ টাকা, মালিকের উত্তোলন ২০,০০০ টাকা হয়, তবে মুনাফা কত?**
K ৫,০০০ L ৩০,০০০
M ৪০,০০০ N ৪৫,০০০

**২২. পুরাতন যন্ত্রপাতি বিক্রয়লব্ধ অর্থ–**
K মূলধন জাতীয় প্রাপ্তি L মূলধন জাতীয় আয়
M মুনাফা জাতীয় প্রাপ্তি N মুনাফা জাতীয় আয়

**২৩. কুঋণ অবলোপন করা হলো ১,৫০০ টাকা। এর জাবেদা হবে–**
K কুঋণ হিসাব ডে.
  কুঋণ সঞ্চিতি হিসাব ক্রে.
L কুঋণ হিসাব ডে.
  দেনাদার হিসাব ক্রে.
M কুঋণ সঞ্চিতি হিসাব ডে.
  কুঋণ হিসাব ক্রে.
N কুঋণ সঞ্চিতি হিসাব ডে.
  দেনাদার হিসাব ক্রে

**২৪. বিলে স্বীকৃতি দিলে কোথায় লিপিবদ্ধ হয়?**
K রেওয়ামিল L প্রাপ্য বিল
M নগদান হিসাব N প্রদেয় বিল

**২৫. খতিয়ানের ডেবিট উদ্বৃত্ত দ্বারা প্রকাশ পায়–**
i. সম্পদ ii. খরচ iii. আয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬. নিম্নের কোন হিসাবটির ক্রেডিট ব্যালান্স হবে?**
K উত্তোলনের সুদ L মূলধনের সুদ
M ঋণের সুদ N শিক্ষানবিশ ভাতা

**২৭. একঘরা নগদান বই সর্বদায় প্রকাশ করে–**
K ক্রেডিট উদ্বৃত্ত L ব্যবসায় ক্ষতি
M ব্যবসায় মুনাফা N ডেবিট উদ্বৃত্ত

**২৮. কোনটি বিপরীত দাখিলার অন্তর্ভুক্ত?**
i. ব্যাংক থেকে উত্তোলন ii. ব্যাংক চার্জ iii. ব্যাংকে জমা দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৯. নগদান বই একটি–**
K খতিয়ান L জাবেদা
M জাবেদা ও খতিয়ান N সংক্ষিপ্ত রেওয়ামিল

**৩০. কোনটি প্রস্তুত করা জরুরি নয়?**
K রেওয়ামিল L খতিয়ান
M আর্থিক বিবরণী N উদ্বৃত্তপত্র

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ঢাকা বোর্ড-২০২৪

## হিসাববিজ্ঞান (সৃজনশীল)

বিষয় কোড : 1 4 6

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে দুটি এবং খ বিভাগ থেকে **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১। সালাম এন্টারপ্রাইজ এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

সালাম এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩১ শে ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ৪০,০০০ | ১,৬০,০০০ |
| ১০% ঋণ | | ১,০০,০০০ |
| ব্যাংক জমা | ৪০,০০০ | |
| আসবাবপত্র | ১,২০,০০০ | |
| দেনাদার ও পাওনাদার | ৭৫,০০০ | ৫০,০০০ |
| বেতন | ২০,০০০ | |
| যন্ত্রপাতি (১-৭-২২) | ১,১০,০০০ | |
| বাট্টা | | ৫,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,২০,০০০ | ২,৪০,০০০ |
| প্রারম্ভিক মজুদ | ৩০,০০০ | |
| | ৫,৫৫,০০০ | ৫,৫৫,০০০ |

সমন্বয়সমূহ :
(১) সমাপনী মজুদ পণ্য ২৫,০০০ টাকার যার বাজার মূল্য ৩০,০০০ টাকা।
(২) বিক্রয় ফেরত ১০,০০০ টাকা যাহা হিসাবভুক্ত হয়নি।
(৩) স্থায়ী সম্পদের উপর ১০% অবচয় ধার্য কর।
(৪) বেতন ২ মাসের বকেয়া রয়েছে।

(ক) যন্ত্রপাতির নিট মূল্য কত? ২
(খ) মোট লাভ ১,০৫,০০০ টাকা ধরে নিট মুনাফা/ক্ষতি কত? ৪
(গ) সালাম এন্টারপ্রাইজ এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২। বরকত ট্রেডার্স্রে ২০২২ সালের ৩০ জুন তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

বরকত ট্রেডার্স
রেওয়ামিল
৩০ শে জুন, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ১,০০,০০০ | ২,২০,০০০ |
| উত্তোলন ও মূলধন | ৩০,০০০ | ১,০০,০০০ |
| ফেরত | ২,০০০ | ৩,০০০ |
| পরিবহন | ১০,০০০ | |
| শুল্ক | ১৫,০০০ | |
| ১০% ঋণ (১-৭-২০২২) | | ৩০,০০০ |
| আয়কর | ১০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ১০,০০০ |
| মজুরি | ১৫,০০০ | |
| স্থায়ী সম্পদ | ১,৮০,০০০ | |
| ঋণের সুদ | ১,০০০ | |
| | ৩,৬৩,০০০ | ৩,৬৩,০০০ |

**সমন্বয়সমূহ :**
(১) সমাপনী মজুদ ২০,০০০ টাকা।
(২) অলিখিত ক্রয় ও বিক্রয় যথাক্রমে ৮,০০০ ও ১০,০০০ টাকা।
(৩) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।
(৪) মূলধনের উপর ১০% সুদ ধরতে হবে।

(ক) ঋণের বকেয়া সুদের পরিমাণ কত? ২
(খ) বরকত ট্রেডার্সের বিক্রীত পণ্যের ব্যয় কত? ৪
(গ) নিট মুনাফা ১০,০০০ টাকা ধরে মালিকানা স্বত্ব বিবরণী তৈরি কর। ৪

### খ বিভাগ

৩। রফিক ট্রেডার্সের যাবতীয় লেনদেন দু'তরফা দাখিলা পদ্ধতি মোতাবেক হিসাব রাখা হয়। ২০২২ সালের জুন মাসে ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জুন | ১ | নগদ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করলো। |
| ” | ৫ | যন্ত্রপাতি ক্রয়ের ফরমায়েশ প্রদান ১০,০০০ টাকা। |
| ” | ৮ | বাকিতে পণ্য ক্রয় ৫,০০০ টাকা। |
| ” | ১৫ | মালিকের ব্যক্তিগত গাড়ি চুরি হলো যার দাম ১,৩০,০০০ টাকা। |
| ” | ১৮ | মনিহারি দ্রব্য ক্রয় ১০,০০০ টাকা। |
| ” | ২৫ | চেয়ার ক্রয় ২০,০০০ টাকা। |

(ক) লেনদেন নয় এমন ঘটনার মোট পরিমাণ কত? ২
(খ) উপরোক্ত লেনদেনগুলোর কারণসহ ডেবিট, ক্রেডিট নির্ণয় কর। ৪
(গ) উপরোক্ত লেনদেনের মাধ্যমে প্রমাণ কর যে, $A = L + E$. ৪

৪। তন্নি এন্ড সন্স এর ২০২২ সালের মার্চ মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | নগদ ৬০,০০০ টাকা ও ৩০,০০০ টাকায় আসবাবপত্র নিয়ে ব্যবসা শুরু করলো। |
| ” | ৫ | ব্যবসায়ের প্রয়োজনে ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা। |
| ” | ৯ | মি. রহমানের নিকট হতে পণ্য ক্রয় ২০,০০০ টাকা। |
| ” | ১৩ | পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা। |
| ” | ১৮ | পণ্য উত্তোলন ২,০০০ টাকা। |
| ” | ২১ | প্রাপ্য কমিশন ১০,০০০ টাকা। |

(ক) প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ২
(খ) মালিকানা স্বত্বের পরিমাণ কত? ৪
(গ) ১ ও ৫ তারিখের লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনগুলোর শ্রেণিবিভাগ দেখাও। ৪

৫। পদ্মা ট্রেডার্সের জানুয়ারি ২০২২ সালের লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | মূলধন বিনিয়োগ ১,০০,০০০ টাকা। |
| ” | ৩ | বিজ্ঞাপন ২৫,০০০ টাকা (৫ বছর)। |
| ” | ৬ | শিক্ষানবিশ সেলামি ১০,০০০ টাকা যার মধ্যে গত বছরের ২,৫০০ টাকা রয়েছে। |
| ” | ১২ | ব্যবসা স্থানান্তর ব্যয় ২০,০০০ টাকা। |
| ” | ১৫ | উপভাড়া ১০,০০০ টাকা। |
| ” | ১৮ | ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা। |
| ” | ২১ | যন্ত্রপাতি ক্রয় ৬০,০০০ টাকা। |
| ” | ২৫ | আসবাবপত্র ক্রয় ৩০,০০০ টাকা। |
| ” | ৩১ | ব্যক্তিগত তহবিল হতে কারবারের কর্মচারীদের বেতন প্রদান ১০,০০০ টাকা। |

(ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় কত? ২
(খ) মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয় কত? ৪
(গ) মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় ব্যয় কত? ৪

৬। প্রিয়ন্তী একজন ব্যবসায়ী। ২০২২ সালের নভেম্বর মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয় :

| | | |
|---|---|---|
| নভেম্বর | ১ | ১০% বাট্টায় জনাব আরাফ এর নিকট হতে ১,০০০ টাকা দরে ৫০ মণ ধান ক্রয়। চালান নং ৩১৫, বহন খরচ ১,৫০০ টাকা। শর্ত ২/১০, নিট ৩০। |
| " | ৫ | ধারে বিক্রয় ৫,০০০ টাকা। |
| " | ৮ | জনাব আরাফকে ৫ মণ ধান ফেরত দেওয়া হলো। |
| " | ১৩ | জনাব মিজান এর নিকট হতে ১০০ টাকা কেজি দরে ২০ মন চাউল ক্রয়। চালান নং ২২৫, কুলি খরচ ১,৫০০ টাকা। |
| " | ১৮ | ভাড়া বকেয়া রয়েছে ৫,০০০ টাকা। |
| " | ২৫ | পুরাতন আসবাবপত্র বিক্রয় ১০,০০০ টাকা। |

(ক) আনুষঙ্গিক খরচের পরিমাণ কত? ২

(খ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) ক্রয় জাবেদার লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেন দ্বারা সাধারণ জাবেদা প্রস্তুত কর। ৪

৭। সিয়াম এন্ড সন্স এর মার্চ ২০২২ সালের লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | নগদ উদ্বৃত্ত ৫০,০০০ টাকা এবং ব্যাংক জামার ক্রেডিট উদ্বৃত্ত ২০,০০০ টাকা। |
| " | ৩ | মাল বিক্রয় ৬০,০০০ টাকা যার ৫০% চেকে ও ২৫% নগদে। |
| " | ৭ | বিনা মূল্যে পণ্য বিতরণ ৫,০০০ টাকা। |
| " | ১০ | দেনাদারের ১০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৯,৫০০ টাকা পাওয়া গেল। |
| " | ১৩ | ব্যাংক জমা ১০,০০০ টাকা। |
| " | ১৮ | পাওনাদারকে ১৫,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ১৪,৫০০ টাকা প্রদান করা হল। |
| " | ২১ | নগদ উত্তোলন ১০,০০০ টাকা। |
| " | ২৫ | মাল ক্রয় ৪০,০০০ যার ৫০% চেকে প্রদান। |

(ক) নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের মোট পরিমাণ কত। ২

(খ) ১, ৩, ১৩ ও ২১ তারিখের লেনদেনগুলো দ্বারা উপযুক্ত নগদান বই তৈরি কর। ৪

(গ) ৭, ১০, ১৮ ও ২৫ তারিখের লেনদেনগুলো দ্বারা সাধারণ জাবেদা প্রস্তুত কর। ৪

৮। মৌচাক এন্টারপ্রাইজের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

ক্রয় ৪০,০০০ টাকা, প্রাপ্য বিল ১০,০০০ টাকা, ক্রয় খতিয়ানের জের ৩০,০০০ টাকা, বিজ্ঞাপন ৫,০০০ টাকা, মূলধন ৭০,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ ১০,০০০ টাকা, ১০% বন্ধকী ঋণ ১০,০০০ টাকা, সমাপনী মজুদ ২০,০০০ টাকা, বকেয়া বেতন ১০,০০০ টাকা, বিক্রয় ৮০,০০০ টাকা, প্রারম্ভিক হাতে নগদ ১০,০০০ টাকা, অগ্রিম ভাড়া ১০,০০০ টাকা, ১০% বিনিয়োগ ৭৫,০০০ টাকা, ব্যাংক জমা ৫০,০০০ টাকা।

(ক) রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ কত? ২

(খ) উপর্যুক্ত তথ্যাদি ব্যবহার করে চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ বের কর। ৪

(গ) মৌচাক ট্রেডার্সের একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৯। মৌমিতা ট্রেডার্স এর ২০২২ সালের ৩১ শে ডিসেম্বর তারিখের নিম্নোক্ত তথ্যাবলি সংগৃহিত হয়েছে :

| | টাকা |
|---|---|
| কাঁচামাল ক্রয় | ৭০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ১৫,০০০ |
| ক্রয় পরিবহন | ৭,৫০০ |
| পরোক্ষ মজুরি | ১০,০০০ |
| যন্ত্রপাতির অবচয় | ৪,৫০০ |
| বিক্রয় পরিবহন | ৭,০০০ |
| বিক্রয় কর্মীর বেতন | ১৫,০০০ |
| শোরুম ভাড়া | ১৫,০০০ |
| কাঁচামালের মজুদ (১-১-২২) | ৩০,০০০ |
| কাঁচামালের মজুদ (৩১-১২-২২) | ১০,০০০ |
| চলতি কার্যের মজুদ (১-১-২২) | ১৫,০০০ |
| চলতি কার্যের মজুদ (৩১-১২-২২) | ৭,০০০ |
| তৈরি পণ্যের মজুদ (১-১-২২) | ২৫,০০০ |
| তৈরি পণ্যের মজুদ (৩১-১২-২২) | ১৫,০০০ |
| বিক্রয় | ২,৫০,০০০ |

(ক) ব্যবহারের উপযোগী কাঁচামালের পরিমাণ কত? ২

(খ) মুখ্য ব্যয় ১,১২,৫০০ টাকা ধরে মৌমিতা ট্রেডার্সের উৎপাদিত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

(গ) মৌমিতা ট্রেডার্সের নিট পরিচালন মুনাফা নির্ণয় কর। ৪

১০। জনাব মাহমুদ এর ২০২২ সালের ১ জানুয়ারী তারিখের পরিবারিক অবস্থা নিম্নরূপ :

বাড়ি ৩,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,৫০,০০০ টাকা, সঞ্চয়পত্র ৫০,০০০ টাকা, মটর সাইকেল ৮০,০০০ টাকা, হাতে নগদ ৩০,০০০ টাকা এবং ঋণ ৪০,০০০ টাকা।

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

২০২২ সালের ৩১ শে ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | ৩০,০০০ | খাদ্য সামগ্রী ক্রয় | ১,৬০,০০০ |
| বেতন | ৪,১৫,০০০ | টেলিভিশন ক্রয় | ৪০,০০০ |
| রোগী দেখে প্রাপ্তি | ১,০০,০০০ | খবরর কাগজ | ৫,০০০ |
| সঞ্চয়পত্রের সুদ | ২,০০০ | ফ্রিজ ক্রয় | ৬০,০০০ |
| | | শিক্ষা ব্যয় | ৯০,০০০ |
| | | গ্যাস ও পানি | ২০,০০০ |
| | | ডি.টি.এস জমা | ১,৫০,০০০ |
| | | উদ্বৃত্ত (৩১-১২-২২) | ২২,০০০ |
| | ৫,৪৭,০০০ | | ৫,৪৭,০০০ |

অন্যান্য তথ্য : (১) গ্যাস ও পানি ৩,০০০ টাকা বকেয়া রয়েছে।

(ক) জনাব মাহামুদের প্রারম্ভিক পারিবারিক তহবিলের পরিমাণ কত?২

(খ) জনাব মাহমুদের পারিবারিক আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪

(গ) ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে জনাব মাহামুদের পরিবারের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

১১। সাগরিকা ট্রেডার্স ২০২০ সালের জানুয়ারি ১ তারিখে ব্যবসা শুরু করে। উক্ত মাসে ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | নগদ ২,০০,০০০ টাকা, ২০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসা শুরু করল। |
| " | ৮ | পণ্য ক্রয় ৫০,০০০ টাকা। |
| " | ১৫ | পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা। |
| " | ২০ | মালিক কর্তৃক পণ্য উত্তোলন ১০,০০০ টাকা। |

(ক) মালিকানা স্বত্ব হ্রাস করে এমন লেনদেনের পরিমাণ কত? ২

(খ) উপরোক্ত লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ, কর। ৪

(গ) নগদান হিসাব ও ক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ক |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** সালাম এন্টারপ্রাইজ এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**সালাম এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
৩১ শে ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ৪০,০০০ | ১,৬০,০০০ |
| ১০% ঋণ | | ১,০০,০০০ |
| ব্যাংক জমা | ৪০,০০০ | |
| আসবাবপত্র | ১,২০,০০০ | |
| দেনাদার ও পাওনাদার | ৭৫,০০০ | ৫০,০০০ |
| বেতন | ২০,০০০ | |
| যন্ত্রপাতি (১-৭-২২) | ১,১০,০০০ | |
| বাট্টা | | ৫,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,২০,০০০ | ২,৪০,০০০ |
| প্রারম্ভিক মজুদ | ৩০,০০০ | |
| | ৫,৫৫,০০০ | ৫,৫৫,০০০ |

**সমন্বয়সমূহ :**
(১) সমাপনী মজুদ পণ্য ২৫,০০০ টাকার যার বাজার মূল্য ৩০,০০০ টাকা।
(২) বিক্রয় ফেরত ১০,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।
(৩) স্থায়ী সম্পদের উপর ১০% অবচয় ধার্য করো।
(৪) বেতন ২ মাসের বকেয়া রয়েছে।

(ক) যন্ত্রপাতির নিট মূল্য কত? ২
(খ) মোট লাভ ১,০৫,০০০ টাকা ধরে নিটয মুনাফা/ক্ষতি কত? ৪
(গ) সালাম এন্টারপ্রাইজ এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

[ঢা. বো. ২০২৪]

### ১নং প্রশ্নের সমাধান

**ক** নিট যন্ত্রপাতির মূল্য নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| যন্ত্রপাতি (০১-০৭-২০২২) | ১,১০,০০০ | |
| বাদ : পুঞ্জীভূত অবচয় $\left\{(১,১০,০০ \times ১০\%) \times \frac{১}{২}\right\}$ | (৫,৫০০) | |
| **নিট যন্ত্রপাতির মূল্য** | | ১,০৪,৫০০ |

**উত্তর :** নিট যন্ত্রপাতির মূল্য ১,০৪,৫০০ টাকা।

**খ**

**সালাম এন্টারপ্রাইজ**
বিশদ আয় বিবরণী (আংশিক)
২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট লাভ (প্রশ্নে প্রদত্ত) | | | ১,০৫,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বেতন | ২০,০০০ | | |
| (+) বকেয়া বেতন $\left(২০,০০০ \times \frac{২}{১০}\right)$ | ৪,০০০ | | |
| | | ২৪,০০০ | |

| | | | |
|---|---|---|---|
| যন্ত্রপাতির অবচয় | | ৫,৫০০ | |
| আসবাবপত্রের অবচয় (১,২০,০০০ × ১০%) | | ১২,০০০ | |
| **পরিচালন মুনাফা** | | | (৪১,৫০০) |
| | | | ৬৩,৫০০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | |
| প্রাপ্ত বাট্টা | | | ৫,০০০ |
| | | | ৬৮,৫০০ |
| **বাদ : অন্যান্য ব্যয় :** | | | |
| ঋণের সুদ (১,০০,০০০ × ১০%) | | | (১০,০০০) |
| **নিট মুনাফা** | | | ৫৮,৫০০ |

**উত্তর :** নিট মুনাফার পরিমাণ ৫৮,৫০০ টাকা।

**গ**

**সালাম এন্টারপ্রাইজ**

আর্থিক অবস্থার বিবরণী

৩১ ডিসেম্বর, ২০২২

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| আসবাবপত্র | ১,২০,০০০ | | |
| (−) পুঞ্জীভূত অবচয় | (১২,০০০) | | |
| | | ১,০৮,০০০ | |
| যন্ত্রপাতি | ১,১০,০০০ | | |
| (−) পুঞ্জীভূত অবচয় | (৫,৫০০) | | |
| | | ১,০৪,৫০০ | |
| মোট স্থায়ী সম্পদ | | | ২,১২,৫০০ |
| **চলতি সম্পদ :** | | | |
| ব্যাংক জমা | | ৪০,০০০ | |
| দেনাদার | ৭৫,০০০ | | |
| (−) অলিখিত বিক্রয় ফেরত | (১০,০০০) | ৬৫,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ২৫,০০০ | |
| মোট চলতি সম্পদ | | | |
| মোট সম্পদ | | | ১,৩০,০০০ |
| মালিকানা স্বত্ব ও দায় মোট সম্পদ | | | ৩,৪২,৫০০ |
| **মালিকানা স্বত্ব :** | | | |
| মূলধন | | ১,৬০,০০০ | |
| (+) নিট মুনাফা | | ৫৮,৫০০ | |
| | | ২,১৮,৫০০ | |
| (−) উত্তোলন | | (৪০,০০০) | |
| | | | ১,৭৮,৫০০ |
| **দীর্ঘমেয়াদি দায় :** | | | |
| ১০% ঋণ | | | ১,০০,০০০ |
| **চলতি দায় :** | | | |
| পাওনাদার | | ৫০,০০০ | |
| বকেয়া বেতন | | ৪,০০০ | |
| | | | ৫৪,০০০ |
| বকেয়া ঋণের সুদ (১,০০,০০০ × ১০%) | | | ১০,০০০ |
| মালিকানা স্বত্ব ও মোট দায় | | | ৩,৪২,৫০০ |

**উত্তর :** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,৪২,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ০২** বরকত ট্রেডার্সের ২০২২ সালের ৩০ জুন তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

বরকত ট্রেডার্স
রেওয়ামিল
৩০ শে জুন, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ১,০০,০০০ | ২,২০,০০০ |
| উত্তোলন ও মূলধন | ৩০,০০০ | ১,০০,০০০ |
| ফেরত | ২,০০০ | ৩,০০০ |
| পরিবহন | ১০,০০০ | |
| শুল্ক | ১৫,০০০ | |
| ১০% ঋণ (১-৭-২০২২) | | ৩০,০০০ |
| আয়কর | ১০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ১০,০০০ |
| মজুরি | ১৫,০০০ | |
| স্থায়ী সম্পদ | ১,৮০,০০০ | |
| ঋণের সুদ | ১,০০০ | |
| | ৩,৬৩,০০০ | ৩,৬৩,০০০ |

**সমন্বয়সমূহ :**
(১) সমাপনী মজুদ ২০,০০০ টাকা।
(২) অলিখিত ক্রয় ও বিক্রয় যথাক্রমে ৮,০০০ ও ১০,০০০ টাকা।
(৩) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।
(৪) মূলধনের উপর ১০% সুদ ধরতে হবে।

(ক) ঋণের বকেয়া সুদের পরিমাণ কত? ২
(খ) বরকত ট্রেডার্সের বিক্রীত পণ্যের ব্যয় কত? ৪
(গ) নিট মুনাফা ১০,০০০ টাকা ধরে মালিকানা স্বত্ব বিবরণী তৈরি কর। ৪

[ঢা. বো. ২০২৪]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** ঋণের বকেয়া সুদের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মোট ঋণের সুদ (৩০,০০০ × ১০%) | ৩,০০০ | |
| বাদ: প্রদত্ত ঋণের সুদ | (১,০০০) | |
| **ঋণের বকেয়া সুদ** | | ২,০০০ |

**উত্তর :** বকেয়া ঋণের সুদ ২,০০০ টাকা।

**খ** বরকত ট্রেডার্সের বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ক্রয় | ১,০০,০০০ | |
| (+) অলিখিত ক্রয় | ৮,০০০ | |
| | ১,০৮,০০০ | |
| (−) পণ্য উত্তোলন | (৫,০০০) | |
| | ১,০৩,০০০ | |
| (−) ফেরত | (৩,০০০) | |
| **নিট ক্রয়** | ১,০০,০০০ | |
| পরিবহন | ১০,০০০ | |
| শুল্ক | ১৫,০০০ | |
| মজুরি | ১৫,০০০ | |
| | ১,৪০,০০০ | |
| (−) সমাপনী মজুদ পণ্য | (২০,০০০) | |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ১,২০,০০০ |

**উত্তর :** বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমান ১,২০,০০০ টাকা।

**গ**

**বরকত ট্রেডার্স**
মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী
২০২২ সালের ৩১শে জুন তারিখে সমাপ্ত বছরের

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন (প্রারম্ভিক উদ্বৃত্ত) | | ১,০০,০০০ |
| যোগ : মূলধনের সুদ (১,০০,০০০ × ১০%) | | ১০,০০০ |
| যোগ : নিট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | ১০,০০০ |
| | | ১,২০,০০০ |
| বাদ : | | |
| উত্তোলন (৩০,০০০ + ৫,০০০) | ৩৫,০০০ | |
| আয়কর | ১০,০০০ | |
| | | (৪৫,০০০) |
| | | ৭৫,০০০ |
| যোগ : সাধারণ সঞ্চিতি | | ১০,০০০ |
| **মালিকানা স্বত্ব (সমাপনী উদ্বৃত্ত)** | | ৮৫,০০০ |

**উত্তর :** সমাপনী মালিকানা স্বত্ব ৮৫,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৩** রফিক ট্রেডার্সের যাবতীয় লেনদেন দু'তরফা দাখিলা পদ্ধতি মোতাবেক হিসাব রাখা হয়। ২০২২ সালের জুন মাসে ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ :

জুন ১ নগদ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করলো।
" ৫ যন্ত্রপাতি ক্রয়ের ফরমায়েশ প্রদান ১০,০০০ টাকা।
" ৮ বাকিতে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
" ১৫ মালিকের ব্যক্তিগত গাড়ি চুরি হলো যার দাম ১,৩০,০০০ টাকা।
" ১৮ মনিহারি দ্রব্য ক্রয় ১০,০০০ টাকা।
" ২৫ চেয়ার ক্রয় ২০,০০০ টাকা।

(ক) লেনদেন নয় এমন ঘটনার মোট পরিমাণ কত? ২
(খ) উপরোক্ত লেনদেনগুলোর কারণসহ ডেবিট, ক্রেডিট নির্ণয় করো। ৪
(গ) উপরোক্ত লেনদেনের মাধ্যমে প্রমাণ কর যে, $A = L + E$. ৪

[ঢা. বো. ২০২৪]

**৩নং প্রশ্নের সমাধান**

**ক** লেনদেন নয় এমন ঘটনার মোট পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জুন-৫ | যন্ত্রপাতি ক্রয়ের ফরমায়েশ প্রদান | ১০,০০০ | |
| " ১৫ | মালিকের ব্যক্তিগত গাড়ি চুরি | ১,৩০,০০০ | |
| | **মোট** | | ১,৪০,০০০ |

**উত্তর :** লেনদেন নয় এমন ঘটনার মোট পরিমাণ ১,৪০,০০০ টাকা।

**খ** লেনদেনসমসূহের কারণসহ ডেবিট–ক্রেডিট নির্ণয় :

| তারিখ | পক্ষ/হিসাব | ডেবিট/ক্রেডিট | টাকা | কারণ |
|---|---|---|---|---|
| ২০২২ | | | | |
| জুন-১ | নগদান হিসাব | ডেবিট | ১,০০,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | মূলধন হিসাব | ক্রেডিট | ১,০০,০০০ | মালিকানা স্বত্ব বৃদ্ধি |
| " ৮ | ক্রয় হিসাব | ডেবিট | ৫,০০০ | ব্যয় বৃদ্ধি |
| | পাওনাদার হিসাব | ক্রেডিট | ৫,০০০ | দায় বৃদ্ধি |
| " ১৮ | মনিহারি হিসাব | ডেবিট | ১০,০০০ | ব্যয় বৃদ্ধি |
| | নগদান হিসাব | ক্রেডিট | ১০,০০০ | সম্পদহ্রাস |
| " ২৫ | আসবাবপত্র হিসাব | ডেবিট | ২০,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | নগদান হিসাব | ক্রেডিট | ২০,০০০ | সম্পদহ্রাস |

**গ** লেনদেনের মাধ্যমে প্রমাণ করা হলো A = L + OE.

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | = | দায় (L) | + | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | আসবাবপত্র | | পাওনাদার | | | |
| ২০২২ জুন-১ | | ১,০০,০০০ | | = | | + | ১,০০,০০০ | মূলধন আনয়ন |
| ” ৮ | উদ্বৃত্ত | ১,০০,০০০ | | = <br> = | ৫,০০০ | + | ১,০০,০০০ <br> (৫,০০০) | ব্যয় |
| ” ১৮ | উদ্বৃত্ত | ১,০০,০০০ <br> (১০,০০০) | | = <br> = | ৫,০০০ | + | ৯৫,০০০ <br> (১০,০০০) | ব্যয় |
| ” ২৫ | উদ্বৃত্ত | ৯০,০০০ <br> (২০,০০০) | ২০,০০০ | = <br> = | ৫,০০০ | + | ৮৫,০০০ | |
| | উদ্বৃত্ত | ৭০,০০০ | ২০,০০০ | = | ৫,০০০ | + | ৮৫,০০০ | |
| | | ৯০,০০০ | | | ৯০,০০০ | | | |

∴ হিসাব সমীকরণের যোগফল ৯০,০০০ টাকা।

**উত্তর :** A = L + OE (প্রমাণিত)।

**প্রশ্ন ▸ ০৪** তন্নি এন্ড সন্স এর ২০২২ সালের মার্চ মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

মার্চ ১ নগদ ৬০,০০০ টাকা ও ৩০,০০০ টাকায় আসবাবপত্র নিয়ে ব্যবসা শুরু করলো।
” ৫ ব্যবসায়ের প্রয়োজনে ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।
” ৯ মি. রহমানের নিকট হতে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
” ১৩ পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা।
” ১৮ পণ্য উত্তোলন ২,০০০ টাকা।
” ২১ প্রাপ্য কমিশন ১০,০০০ টাকা।

(ক) প্রারম্ভিক মূলধন নির্ণয় করো। ২
(খ) মালিকানা স্বত্বের পরিমাণ কত? ৪
(গ) ১ ও ৫ তারিখের লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনগুলোর শ্রেণিবিভাগ দেখাও। ৪

[ঢা. বো. ২০২৪]

**৪নং প্রশ্নের সমাধান**

**ক** প্ররম্ভিক মূলধন নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ মার্চ-১ | নগদ | ৬০,০০০ | |
| | আসবাবপত্র | ৩০,০০০ | |
| | **প্রারম্ভিক মূলধন** | | ৯০,০০০ |

**উত্তর :** প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৯০,০০০ টাকা।

**খ** মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২২ মার্চ-১ | প্রারম্ভিক মূলধন (ক থেকে প্রাপ্ত) | ৯০,০০০ | |
| ” ৯ | (−) বাকীতে পণ্য ক্রয় (মি. রহিম) | (২০,০০০) | |
| | | ৭০,০০০ | |
| ” ১৩ | (+) পণ্য বিক্রয় | ৩০,০০০ | |
| | | ১,০০,০০০ | |
| ” ১৮ | (+) পণ্য উত্তোলন | ২,০০০ | |
| | | ১,০০,০০০ | |
| ” ২১ | ‘(+) কমিশন আয় | ১০,০০০ | |
| | **মালিকানাস্বত্ব** | | ১,১০,০০০ |

**উত্তর :** মালিকানস্বত্বের পরিমাণ ১,১০,০০০ টাকা।

**গ** ১ ও ৫ তারিখের লেনদেন ব্যাতীত অবশিষ্ট লেনদেনের শ্রেণিবিভাগ দেখানো হলো :

| তারিখ | পক্ষ/হিসাব | হিসাবের শ্রেণি |
|---|---|---|
| ২০২২ | | |
| মার্চ-৯ | ক্রয় হিসাব | ব্যয় হিসাব |
| | পাওনাদার হিসাব (মি. রহমান) | দায় হিসাব |
| " ১৩ | নগদান হিসাব | সম্পদ হিসাব |
| | বিক্রয় হিসাব | আয় হিসাব |
| " ১৮ | উত্তোলন হিসাব | মালিকানা স্বত্ব হিসাব |
| | ক্রয় হিসাব | ব্যয় হিসাব |
| " ২১ | প্রাপ্য কমিশন হিসাব | সম্পদ হিসাব |
| | কমিশন হিসাব | আয় হিসাব |

**প্রশ্ন ▸ ০৫** পদ্মা ট্রেডার্সের জানুয়ারি ২০২২ সালের লেনদেনগুলো নিম্নরূপ :

জানুয়ারি ১ মূলধন বিনিয়োগ ১,০০,০০০ টাকা।
" ৩ বিজ্ঞাপন ২৫,০০০ টাকা (৫ বছর)।
" ৬ শিক্ষানবিশ সেলামি ১০,০০০ টাকা যার মধ্যে গত বছরের ২,৫০০ টাকা রয়েছে।
" ১২ ব্যবসা স্থানান্তর ব্যয় ২০,০০০ টাকা।
" ১৫ উপভাড়া ১০,০০০ টাকা।
" ১৮ ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।
" ২১ যন্ত্রপাতি ক্রয় ৬০,০০০ টাকা।
" ২৫ আসবাবপত্র ক্রয় ৩০,০০০ টাকা।
" ৩১ ব্যক্তিগত তহবিল হতে কারবারের কর্মচারীদের বেতন প্রদান ১০,০০০ টাকা।

(ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় কত? ২
(খ) মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয় কত? ৪
(গ) মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় ব্যয় কত? ৪

[ঢা. বো. ২০২৪]

### ৫নং প্রশ্নের সমাধান

**ক** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জানুয়ারি-৩ | বিলম্বিত বিজ্ঞাপন $\left(২৫,০০০ \times \frac{৪}{৫}\right)$ | ২০,০০০ | |
| " ১২ | ব্যবসা স্থানান্তর ব্যয় | ২০,০০০ | |
| | | | ৪০,০০০ |

**উত্তর :** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৪০,০০০ টাকা।

**খ** মুনাফা জাতীয় আয় ও মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২২ | **মুনাফাজাতীয় আয় :** | | |
| জানুয়ারি-৬ | শিক্ষানবিশ সেলামি (১০,০০০ − ২,৫০০) | ৭,৫০০ | |
| " ১৫ | উপভাড়া | ১০,০০০ | |
| | **মোট মুনাফা জাতীয় আয়** | | ১৭,৫০০ |
| | **মুনাফা জাতীয় ব্যয় :** | | |
| " ৩ | বিজ্ঞাপন $\left(২৫,০০০ \times \frac{১}{৫}\right)$ | ৫,০০০ | |
| " ৩১ | বেতন প্রদান | ১০,০০০ | |
| | **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | ১৫,০০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় আয়ের পরিমাণ ১৭,৫০০ টাকা এবং মুনাফাজাতীয় ব্যয়ের পরিমান ১৫,০০০ টাকা।

**গ** মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২২ | **মূলধন জাতীয় প্রাপ্তি :** | | |
| জানুয়ারি-১ | মূলধন বিনিয়োগ | ১,০০,০০০ | |
| " ১৮ | ঋণ গ্রহণ | ৫০,০০০ | |
| " ৩১ | ব্যাক্তিগত তহবিল হতে কর্মচারীর বেতন প্রদান (অতিরিক্ত মূলধন) | ১০,০০০ | |
| | **মূলধন জাতীয় প্রাপ্তি** | | ১,৬০,০০০ |
| | **মূলধন জাতীয় ব্যয় :** | | |
| " ২১ | যন্ত্রপাতি ক্রয় | ৬০,০০০ | |
| " ২৫ | আসবাবপত্র ক্রয় | ৩০,০০০ | |
| | **মূলধন জাতীয় ব্যয়** | | ৯০,০০০ |

**উত্তর :** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ১,৬০,০০০ টাকা এবং মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ ৯০,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৬** প্রিয়ন্তী একজন ব্যবসায়ী। ২০২২ সালের নভেম্বর মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয় :

নভেম্বর ১ ১০% বাট্টায় জনাব আরাফ এর নিকট হতে ১,০০০ টাকা দরে ৫০ মণ ধান ক্রয়। চালান নং ৩১৫, বহন খরচ ১,৫০০ টাকা। শর্ত ২/১০, নিট ৩০।
" ৫ ধারে বিক্রয় ৫,০০০ টাকা।
" ৮ জনাব আরাফকে ৫ মণ ধান ফেরত দেওয়া হলো।
" ১৩ জনাব মিজান এর নিকট হতে ১০০ টাকা কেজি দরে ২০ মন চাউল ক্রয়। চালান নং ২২৫, কুলি খরচ ১,৫০০ টাকা।
" ১৮ ভাড়া বকেয়া রয়েছে ৫,০০০ টাকা।
" ২৫ পুরাতন আসবাবপত্র বিক্রয় ১০,০০০ টাকা।

(ক) আনুষঙ্গিক খরচের পরিমাণ কত? ২
(খ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
(গ) ক্রয় জাবেদার লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেন দ্বারা সাধারণ জাবেদা প্রস্তুত কর। ৪

[ঢা. বো. ২০২৪]

**৬নং প্রশ্নের সমাধান**

**ক** আনুষঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| নভেম্বর-১ | বহন খরচ | ১,৫০০ | |
| " ১৩ | কুলি খরচ | ১,৫০০ | |
| | **মোট** | | ৩,০০০ |

**উত্তর :** মোট আনুষঙ্গিক খরচের পরিমাণ ৩,০০০ টাকা।

**খ**

**প্রিয়ন্তি**

**ক্রয় জাবেদা**

| তারিখ | ক্রেডিট হিসাব খাত | শর্ত | চালান নম্বর | সূত্র | ক্রয় হিসাব ডেবিট<br>পাওনাদার হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | |
| নভেম্বর-১ | জনাব আরাফ (গণনাকার্য-১) | $\frac{২}{১০}$ নিট ৩০ | ৩১৫ | | ৪৬,৫০০ |
| " ১৩ | জনাব মিজান (গণনাকার্য-২) | | ২২৫ | | ৮১,৫০০ |
| | | | | | ১,২৮,০০০ |

**উত্তর :** ক্রয় জাবেদার যোগফল ১,২৮,০০০ টাকা।

**নোট :**

**গণনাকার্য–১ :** জনাব আরাফের নিকট থেকে ধান ক্রয় (১,০০০ × ৫) = ৫০,০০০ টাকা
বাদ : কারবারি বাট্টা (৫০,০০০ × ১০%) = (৫,০০০) ”
৪৫,০০০ ”
যোগ : বহন খরচ = ১,৫০০ ”
৪৬,৫০০ ”

**গণনাকার্য–২ :** জনাব মিজানের নিকট থেকে চাউল ক্রয় (১০০ × ৪০ × ২০) = ৮০,০০০ টাকা
যোগ : কুলি খরচ = ১,৫০০ ”
৮১,৫০০ ”

**গ** **প্রিয়ন্তি**

**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাবের শিরোনাম ও ব্যাখ্যা | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০২২ | | | | |
| নভেম্বর-৫ | দেনাদার হিসাব ডেবিট | | ৫,০০০ | |
| | বিক্রয় হিসাব ক্রেডিট | | | ৫,০০০ |
| | (ধারে পণ্য বিক্রয় করা হলো) | | | |
| ” ৮ | পাওনাদার হিসাব (আরাফ) ডেবিট | | ৪,৫০০ | |
| | ক্রয় ফেরত হিসাব {(১,০০ × ৫) − (১,০০০ × ৫) × ১০%} ক্রেডিট | | | ৪,৫০০ |
| | (ক্রয়কৃত পণ্য ফেরত দেওয়া হলো) | | | |
| ” ১৮ | ভাড়া হিসাব ডেবিট | | ১০,০০০ | |
| | বকেয়া ভাড়া হিসাব ক্রেডিট | | | ১০,০০০ |
| | (বকেয়া ভাড়া হিসাবভুক্ত করা হলো) | | | |
| ” ২৫ | নগদান হিসাব ডেবিট | | ১০,০০০ | |
| | আসবাবপত্র হিসাব ক্রেডিট | | | ১০,০০০ |
| | (পুরাতন আসবাবপত্র বিক্রয় করা হলো) | | | |
| | **মোট** | | ২৪,৫০০ | ২৪,৫০০ |

**উত্তর :** সাধারণ জাবেদার যোগফল ২৪,৫০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৭** সিয়াম এন্ড সন্স এর মার্চ ২০২২ সালের লেনদেনগুলো নিম্নরূপ :

মার্চ ১ নগদ উদ্বৃত্ত ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমার ক্রেডিট উদ্বৃত্ত ২০,০০০ টাকা।
” ৩ মাল বিক্রয় ৬০,০০০ টাকা যার ৫০% চেকে ও ২৫% নগদে।
” ৭ বিনামূল্যে পণ্য বিতরণ ৫,০০০ টাকা।
” ১০ দেনাদারের ১০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৯,৫০০ টাকা পাওয়া গেল।
” ১৩ ব্যাংক জমা ১০,০০০ টাকা।
” ১৮ পাওনাদারকে ১৫,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ১৪,৫০০ টাকা প্রদান করা হল।
” ২১ নগদ উত্তোলন ১০,০০০ টাকা।
” ২৫ মাল ক্রয় ৪০,০০০ যার ৫০% চেকে প্রদান।

(ক) নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের মোট পরিমাণ কত। ২
(খ) ১, ৩, ১৩ ও ২১ তারিখের লেনদেনগুলো দ্বারা উপযুক্ত নগদান বই তৈরি কর। ৪
(গ) ৭, ১০, ১৮ ও ২৫ তারিখের লেনদেনগুলো দ্বারা সাধারণ জাবেদা প্রস্তুত কর। ৪

[ঢা. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের সমাধান**

**ক** নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না লেনদেনের মোট পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| মার্চ-৩ | ধারে বিক্রয় (৬০,০০০ × ২৫%) | ১৫,০০০ | |
| ” ৭ | বিনামূল্যে পণ্য বিতরণ | ৫,০০০ | |
| | **মোট** | | ২০,০০০ |

**উত্তর :** নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের পরিমাণ ২০,০০০ টাকা।

**খ**

## সিয়াম এন্ড সন্স

ডেবিট **দুঘরা নগদান বই** ক্রেডিট

| তারিখ | প্রাপ্তি | ভা. নং | খ. পৃ. | নগদ টাকা | ব্যাংক টাকা | তারিখ | প্রদান | ভা. নং | খ. পৃ. | নগদ টাকা | ব্যাংক টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | | ২০২২ | | | | | |
| মার্চ-১ | ব্যালেন্স B/D | | | ৫০,০০০ | | মার্চ-১ | ব্যালেন্স B/D | | | | ২০,০০০ |
| " ৩ | বিক্রয় হিসাব | | | ৩০,০০০ | ১৫,০০০ | " ১৩ | ব্যাংক হিসাব (ক) | | | ১০,০০০ | |
| " ১৩ | নগদান হিসাব (ক) | | | | ১০,০০০ | " ২১ | উত্তোলন হিসাব | | | ১০,০০০ | |
| | | | | | | " ২১ | ব্যালেন্স C/D | | | ৬০,০০০ | ৫,০০০ |
| | | | | ৮০,০০০ | ২৫,০০০ | | | | | ৮০,০০০ | ২৫,০০০ |
| এপ্রিল-১ | ব্যালেন্স B/D | | | ৬০,০০০ | ৫,০০০ | | | | | | |

**উত্তর :** সমাপনী নগদ উদ্বৃত্ত ৬০,০০০ টাকা ও ব্যাংক উদ্বৃত্ত ৫,০০০ টাকা (ডেবিট)।

**গ**

## সিয়াম এন্ড সন্স

### সাধারণ জাবেদা

| তারিখ | হিসাবের শিরোনাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | |
| মার্চ-৭ | বিজ্ঞাপন হিসাব | ডেবিট | | ৫,০০০ | |
| | ক্রয় হিসাব | ক্রেডিট | | | ৫,০০০ |
| | (বিনামূল্যে পণ্য বিতরণ করা হলো) | | | | |
| " ১০ | নগদান হিসাব | ডেবিট | | ৯,৫০০ | |
| | প্রদত্ত বাট্টা হিসাব | ডেবিট | | ৫০০ | |
| | দেনাদার হিসাব | ক্রেডিট | | | ১০,০০০ |
| | (দেনাদারের নিকট থেকে পূর্ণ নিষ্পত্তিতে নগদ অর্থ পাওয়া গেলো ও বাট্টা মঞ্জুর করা হলো) | | | | |
| " ১৮ | পাওনাদার হিসাব | ডেবিট | | ১৫,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ১৪,৫০০ |
| | প্রাপ্ত বাট্টা হিসাব | ক্রেডিট | | | ৫০০ |
| | (পাওনাদারকে পূর্ণ নিষ্পত্তিতে নগদ অর্থ প্রদান করা হলো ও বাট্টা পাওয়া গেলো) | | | | |
| " ২৫ | ক্রয় হিসাব | ডেবিট | | ৪০,০০০ | |
| | ব্যাংক হিসাব (৪০,০০০ × ৫%) | ক্রেডিট | | | ২০,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ২০,০০০ |
| | **মোট** | | | ৭০,০০০ | ৭০,০০০ |

**উত্তর :** সাধারণ জাবেদার যোগফল ৭০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৮** মৌচাক এন্টারপ্রাইজের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :
ক্রয় ৪০,০০০ টাকা, প্রাপ্য বিল ১০,০০০ টাকা, ক্রয় খতিয়ানের জের ৩০,০০০ টাকা, বিজ্ঞাপন ৫,০০০ টাকা, মূলধন ৭০,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ ১০,০০০ টাকা, ১০% বন্ধকী ঋণ ১০,০০০ টাকা, সমাপনী মজুদ ২০,০০০ টাকা, বকেয়া বেতন ১০,০০০ টাকা, বিক্রয় ৮০,০০০ টাকা, প্রারম্ভিক হাতে নগদ ১০,০০০ টাকা, অগ্রিম ভাড়া ১০,০০০ টাকা, ১০% বিনিয়োগ ৭৫,০০০ টাকা, ব্যাংক জমা ৫০,০০০ টাকা।

(ক) রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ কত? ২

(খ) উপর্যুক্ত তথ্যাদি ব্যবহার করে চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ বের কর। ৪

(গ) মৌচাক ট্রেডার্সের একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

[ঢা. বো. ২০২৪]

## ৮নং প্রশ্নের সমাধান

**ক** রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না, তার পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| সমাপনী মজুদ | ২০,০০০ | |
| প্রারম্ভিক হাতে নগদ | ১০,০০০ | |
| | | ৩০,০০০ |

**উত্তর :** রেওয়ামিলের অন্তভুক্ত হবে না এমন লেনদেনের পরিমাণ ৩০,০০০ টাকা।

**খ** চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদ :** | | |
| প্রাপ্যবিল | ১০,০০০ | |
| সমাপনী মজুদ | ২০,০০০ | |
| অগ্রিম ভাড়া | ১০,০০০ | |
| ব্যাংক জমা | ৫০,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | ৯০,০০০ |
| **চলতি দায় :** | | |
| ক্রয় খতিয়ানের জের | ৩০,০০০ | |
| বকেয়া বেতন | ১০,০০০ | |
| **মোট চলতি দায়** | | ৪০,০০০ |

**উত্তর :** চলতি সম্পদের পরিমাণ ৯০,০০০ টাকা এবং চলতি দায়ের পরিমাণ ৪০,০০০ টাকা।

**গ**

### মৌচাক এন্টারপ্রাইজ
### রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২২

| ক্রমিক নং | হিসবের শিরোনাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | ক্রয় | | ৪০,০০০ | |
| ২ | প্রাপ্য বিল | | ১০,০০০ | |
| ৩ | ক্রয় খতিয়ানের জের | | | ৩০,০০০ |
| ৪ | বিজ্ঞাপন | | ৫,০০০ | |
| ৫ | মূলধন | | | ৭০,০০০ |
| ৬ | ১০% বন্ধকী ঋণ | | | ১০,০০০ |
| ৭ | প্রারম্ভিক মজুদ | | ১০,০০০ | |
| ৮ | বকেয়া বেতন | | | ১০,০০০ |
| ৯ | বিক্রয় | | | ৮০,০০০ |
| ১০ | অগ্রিম ভাড়া | | ১০,০০০ | |
| ১১ | ১০% বিনিয়োগ | | ৭৫,০০০ | |
| ১২ | ব্যাংক জমা | | ৫০,০০০ | |
| | মোট | | ২,০০,০০০ | ২,০০,০০০ |

**উত্তর :** রেওয়ামিলের যোগফল ২,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৯** মৌমিতা ট্রেডার্স এর ২০২২ সালের ৩১ শে ডিসেম্বর তারিখের নিম্নোক্ত তথ্যাবলি সংগৃহিত হয়েছে :

| | টাকা |
|---|---|
| কাঁচামাল ক্রয় | ৭০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ১৫,০০০ |
| ক্রয় পরিবহন | ৭,৫০০ |
| পরোক্ষ মজুরি | ১০,০০০ |
| যন্ত্রপাতির অবচয় | ৪,৫০০ |
| বিক্রয় পরিবহন | ৭,০০০ |
| বিক্রয় কর্মীর বেতন | ১৫,০০০ |
| শোরুম ভাড়া | ১৫,০০০ |
| কাঁচামালের মজুদ (১-১-২২) | ৩০,০০০ |
| কাঁচামালের মজুদ (৩১-১২-২২) | ১০,০০০ |
| চলতি কার্যের মজুদ (১-১-২২) | ১৫,০০০ |
| চলতি কার্যের মজুদ (৩১-১২-২২) | ৭,০০০ |
| তৈরি পণ্যের মজুদ (১-১-২২) | ২৫,০০০ |
| তৈরি পণ্যের মজুদ (৩১-১২-২২) | ১৫,০০০ |
| বিক্রয় | ২,৫০,০০০ |

(ক) ব্যবহারের উপযোগী কাঁচামালের পরিমাণ কত? ২

(খ) মুখ্য ব্যয় ১,১২,৫০০ টাকা ধরে মৌমিতা ট্রেডার্সের উৎপাদিত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

(গ) মৌমিতা ট্রেডার্সের নিট পরিচালন মুনাফা নির্ণয় কর। ৪

[ঢা. বো. ২০২৪]

**৯নং প্রশ্নের সমাধান**

**ক** ব্যবহার উপযোগী কাঁচামালের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাঁচামালের প্রারম্ভিক মজুদ | | ৩০,০০০ |
| যোগ : কাঁচামাল ক্রয় | ৭০,০০০ | |
| ক্রয় পরিবহন | ৭,৫০০ | |
| | | ৭৭,৫০০ |
| **ব্যবহার উপযোগী কাঁচামাল ব্যয়** | | ১,০৭,৫০০ |

**উত্তর :** ব্যবহার উপযোগী কাঁচামালের পরিমাণ ১,০৭,৫০০ টাকা।

**খ**

**মৌমিতা ট্রেডার্স**

**উৎপাদিত পণ্যের ব্যয় বিবরণী**

২০২২ সালের ৩১ ডিসেম্বর, তারিখে সমাপ্ত বছরের জন্য

| ব্যয়ের উপাদান | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মুখ্য ব্যয় (প্রশ্নে প্রদত্ত) | | | ১,১২,৫০০ |
| **যোগ : কারখানা উপরিব্যয় :** | | | |
| পরোক্ষ মজুরি | | ১০,০০০ | |
| যন্ত্রপাতির অবচয় | | ৪,৫০০ | |
| | | | ১৪,৫০০ |
| **উৎপাদন ব্যয়** | | | ১,২৭,০০০ |
| যোগ : চলতি কার্যের প্রারম্ভিক মজুদ | | | ১৫,০০০ |
| | | | ১,৪২,০০০ |
| বাদ : চলতি কার্যের সমাপনী মজুদ | | | (৭,০০০) |
| **উৎপাদিত পণ্যের ব্যয়** | | | ১,৩৫,০০০ |

**উত্তর :** মৌমিতা ট্রেডার্সের উৎপাদিত পণ্যের ব্যয়ের পরিমাণ ১,৩৫,০০০ টাকা।

**গ**

**মৌমিতা ট্রেডার্স**
**বিশদ আয় বিবরণী**
২০২২ সালের ৩১ ডিসেম্বর, তারিখের সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় | | ২,৫০,০০০ |
| **বাদ : বিক্রীত পণ্যের ব্যয় (গণনাকার্য-১)** | | (১,৪৫,০০০) |
| মোট মুনাফা | | ১,০৫,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | |
| **বিক্রয় উপরিব্যয় :** | | |
| বিক্রয় পরিবহন | ৭,০০০ | |
| বিক্রয় কর্মীর বেতন | ১৫,০০০ | |
| শোরুম ভাড়া | ১৫,০০০ | |
| | | (৩৭,০০০) |
| নিট পরিচালন মুনাফা | | ৬৮,০০০ |

**উত্তর :** মৌমিতা ট্রেডার্সের নিট পরিচালন মুনাফা ৬৮,০০০ টাকা।

**গণনাকার্য-১ :**

**মৌমিতা ট্রেডার্স**
**বিক্রীত পণ্যের ব্যয় বিবরণী**
৩১ ডিসেম্বর ২০২২ তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা |
|---|---|
| তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | ২৫,০০০ |
| যোগ : উৎপাদিত পণ্যের ব্যয় | ১,৩৫,০০০ |
| বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় | ১,৬০,০০০ |
| বিয়োগ : তৈরি পণ্যের সমাপনী মজুদ | (১৫,০০০) |
| বিক্রীত পণ্যের ব্যয় | ১,৪৫,০০০ |

**প্রশ্ন ▸ ১০** জনাব মাহমুদ এর ২০২২ সালের ১ জানুয়ারী তারিখের পরিবারিক অবস্থা নিম্নরূপ :
বাড়ি ৩,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,৫০,০০০ টাকা, সঞ্চয়পত্র ৫০,০০০ টাকা, মটর সাইকেল ৮০,০০০ টাকা, হাতে নগদ ৩০,০০০ টাকা এবং ঋণ ৪০,০০০ টাকা।

**প্রাপ্তি ও প্রদান হিসাব**
২০২২ সালের ৩১ শে ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | ৩০,০০০ | খাদ্য সামগ্রী ক্রয় | ১,৬০,০০০ |
| বেতন | ৪,১৫,০০০ | টেলিভিশন ক্রয় | ৪০,০০০ |
| রোগী দেখে প্রাপ্তি | ১,০০,০০০ | খবরর কাগজ | ৫,০০০ |
| সঞ্চয়পত্রের সুদ | ২,০০০ | ফ্রিজ ক্রয় | ৬০,০০০ |
| | | শিক্ষা ব্যয় | ৯০,০০০ |
| | | গ্যাস ও পানি | ২০,০০০ |
| | | ডি.পি.এস জমা | ১,৫০,০০০ |
| | | উদ্বৃত্ত (৩১-১২-২২) | ২২,০০০ |
| | ৫,৪৭,০০০ | | ৫,৪৭,০০০ |

অন্যান্য তথ্য : (১) গ্যাস ও পানি ৩,০০০ টাকা বকেয়া রয়েছে।

(ক) জনাব মাহমুদের প্রারম্ভিক পারিবারিক তহবিলের পরিমাণ কত? ২

(খ) জনাব মাহমুদের পারিবারিক আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪

(গ) ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে জনাব মাহমুদের পরিবারের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

[ঢা. বো. ২০২৪]

## ১০নং প্রশ্নের সমাধান

**ক** প্রারম্ভিক পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| **প্রারম্ভিক মোট সম্পদ :** | | |
| বাড়ি | ৩,০০,০০০ | |
| আসবাবপত্র | ১,৫০,০০০ | |
| সঞ্চয়পত্র | ৫০,০০০ | |
| মটর সাইকেল | ৮০,০০০ | |
| হাতে নগদ | ৩০,০০০ | |
| **মোট সম্পদ** | | ৬,১০,০০০ |
| **বাদ : প্রারম্ভিক মোট দায় :** | | |
| ঋণ | | (৪০,০০০) |
| **পারিবারিক তহবিল** | | ৫,৭০,০০০ |

**উত্তর :** জনাব মাহমুদের প্রারম্ভিক পারিবারিক তহবিলের পরিমাণ ৫,৭০,০০০ টাকা।

**খ**

### জনাব মাহমুদ
### আয়-ব্যয় বিবরণী
২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ :** | | | |
| বেতন | | ৪,১৫,০০০ | |
| রোগী দেখে প্রাপ্তি | | ১,০০,০০০ | |
| সঞ্চয়পত্রের সুদ | | ২,০০০ | |
| **মোট আয়** | | | ৫,১৭,০০০ |
| **বাদ : ব্যয়সমূহ :** | | | |
| খাদ্যসামগ্রী ক্রয় | | ১,৬০,০০০ | |
| খবরের কাগজ | | ৫,০০০ | |
| শিক্ষা ব্যয় | | ৯০,০০০ | |
| গ্যাস ও পানি | ২০,০০০ | | |
| (+) বকেয়া | ৩,০০০ | | |
| | | ২৩,০০০ | |
| মোট ব্যয় | | | (২,৭৮,০০০) |
| আয় উদ্বৃত্ত | | | ২,৩৯,০০০ |

**উত্তর :** আয় উদ্বৃত্ত ২,৩৯,০০০ টাকা।

**গ**

### জনাব মাহমুদ
### আর্থিক অবস্থার বিবরণী
৩১ ডিসেম্বর ২০২২

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ :** | | | |
| বাড়ি | | ৩,০০,০০০ | |
| আসবাবপত্র | | ১,৫০,০০০ | |
| সঞ্চয়পত্র | | ৫০,০০০ | |
| মটর সাইকেল | | ৮০,০০০ | |
| টেলিভিশন | | ৪০,০০০ | |
| ফ্রিজ | | ৬০,০০০ | |
| ডি.পি.এস জমা | | ১,৫০,০০০ | |

| | | | |
|---|---|---|---|
| সমাপনী হাতে নগদ | | ২২,০০০ | |
| **মোট সম্পদ** | | | ৮,৫২,০০০ |
| **দায় ও পারিবারিক তহবিল :** | | | |
| ঋণ | | ৪০,০০০ | |
| বকেয়া গ্যাস ও পানি | | ৩,০০০ | |
| পারিবারিক তহবিল (ক হতে প্রাপ্ত) | ৫,৭০,০০০ | | |
| (+) আয় উদ্বৃত্ত (খ হতে প্রাপ্ত) | ২,৩৯,০০০ | | |
| | | ৮,০৯,০০০ | |
| **মোট দায় ও পারিবারিক তহবিল** | | | ৮,৫২,০০০ |

**উত্তর :** আর্থিক অবস্থার যোগফল ৮,৫২,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১১** সাগরিকা ট্রেডার্স ২০২০ সালের জানুয়ারি ১ তারিখে ব্যবসা শুরু করে। উক্ত মাসে ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ :

জানুয়ারি ১ নগদ ২,০০,০০০ টাকা, ২০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসা শুরু করল।
" ৮ পণ্য ক্রয় ৫০,০০০ টাকা।
" ১৫ পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা।
" ২০ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ১০,০০০ টাকা।

(ক) মালিকানাস্বত্ব হ্রাস করে এমন লেনদেনের পরিমাণ কত? ২
(খ) উপরোক্ত লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবন্ধ কর। ৪
(গ) নগদান হিসাব ও ক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

[ঢা. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের সমাধান**

**ক** মালিকানা স্বত্ব হ্রাস করে এমন লেনদেনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২০ | | | |
| জানুয়ারি-৮ | পণ্য ক্রয় | ৫০,০০০ | |
| " ২০ | মালিক কর্তৃক পণ্য উত্তোলন | ১০,০০০ | |
| | **মোট** | | ৬০,০০০ |

**উত্তর :** মালিকানা হ্রাস করে এমন লেনদেনের পরিমাণ ৬০,০০০ টাকা।

**খ**

**সাগরিকা ট্রেডার্স**

**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাবের শিরোনাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২০ | | | | | |
| জানুয়ারি-১ | নগদান হিসাব | ডেবিট | | ২,০০,০০০ | |
| | যন্ত্রপাতি হিসাব | ডেবিট | | ২০,০০০ | |
| | মূলধন হিসাব | ক্রেডিট | | | ২,২০,০০০ |
| | (নগদ অর্থ ও যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় শুরু করা হলো) | | | | |
| " ৮ | ক্রয় হিসাব | ডেবিট | | ৫০,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৫০,০০০ |
| | (নগদে পণ্য ক্রয় হিসাবভুক্ত করা হলো) | | | | |
| " ১৫ | নগদান হিসাব | ডেবিট | | ৩০,০০০ | |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | | | ৩০,০০০ |
| | (নগদে পণ্য বিক্রয় হিসাবভুক্ত করা হলো) | | | | |
| " ২০ | উত্তোলন হিসাব | ডেবিট | | ১০,০০০ | |
| | ক্রয় হিসাব | ক্রেডিট | | | ১০,০০০ |
| | (মালিক কর্তৃক পণ্য উত্তোলন হিসাবভুক্ত করা হলো) | | | | |
| | **মোট** | | | ৩,১০,০০০ | ৩,১০,০০০ |

**উত্তর :** সাধারণ জাবেদার যোগফল ৩,১০,০০০ টাকা।

**গ**

## সাগরিকা ট্রেডার্স

### সাধারণ খতিয়ান (চলমান জের ছক)

**নগদান হিসাব** হিসাবের কোড নং : ..................

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ | | | | | | |
| জানুয়ারি-১ | মূলধন হিসাব | | ২,০০,০০০ | | ২,০০,০০০ | |
| " ৮ | ক্রয় হিসাব | | | ৫০,০০০ | ১,৫০,০০০ | |
| " ১৫ | বিক্রয় হিসাব | | ৩০,০০০ | | ১,৮০,০০০ | |

**ক্রয় হিসাব** হিসাবের কোড নং : ..................

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ | | | | | | |
| জানুয়ারি-৮ | নগদান হিসাব | | ৫০,০০০ | | ৫০,০০০ | |
| " ২০ | উত্তোলন হিসাব | | | ১০,০০০ | ৪০,০০০ | |

**উত্তর :** নগদান হিসাবের ডেবিট উদ্বৃত্ত ১,৮০,০০০ টাকা ও ক্রয় হিসাবের ডেবিট উদ্বৃত্ত ৪০,০০০ টাকা।

# রাজশাহী বোর্ড-২০২৪

## হিসাববিজ্ঞান (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড | 1 | 4 | 6 |

সময় : ৩০ মিনিট | পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. হিসাববিজ্ঞান তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
K সরকার L পাওনাদার M কর্মকর্তা N ব্যবস্থাপক

**২. হিসাববিজ্ঞানের অন্যতম প্রধান উদ্দেশ্য কোনটি?**
K আর্থিক ফলাফল ও আর্থিক অবস্থার নিরূপণ
L লেনদেনসমূহ সঠিকভাবে লিপিবদ্ধকরণ
M আর্থিক বিবরণীর তুলনামূলক বিশ্লেষণ
N সম্পত্তি দায় ও মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয়

**৩. আসবাবপত্রের অবচয় ১,৫০০ টাকা। এটি কোন ধরনের লেনদেন?**
K বকেয়া L নগদ M অদৃশ্যমান N দৃশ্যমান

**৪. কে ক্রেডিট নোট তৈরি করেন?**
K ক্রেতা L ক্রয় ব্যবস্থাপক
M বিক্রেতা N বিক্রয় ব্যবস্থাপক

□ **উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
মি. মারুফ 'নূর ট্রেডার্স' এর একজন হিসাবরক্ষক। তিনি হিসাবরক্ষণের সময় অনিচ্ছাকৃতভাবে প্রাপ্য বিল হিসাব ৮,০০০ টাকার স্থলে ৬,০০০ টাকা ডেবিট করেন। অপরদিকে প্রদেয় বিল হিসাব ৪,২০০ টাকার স্থলে ২,২০০ টাকা ক্রেডিট করেন এবং তার রেওয়ামিলটি মিলে যায়।

**৫. মি. মারুফ রেওয়ামিলে কোন ধরনের ভুল হয়েছে?**
K লেখার ভুল L বাদ পড়ার ভুল
M পরিপূরক ভুল N নীতিগত ভুল

**৬. মি. মারুফ এর রেওয়ামিলের ভুল সংশোধন না করলে ব্যবসায়ের–**
i. মোট চলতি সম্পদ হ্রাস পাবে ii. চলতি অনুপাত প্রভাবিত হবে
iii. চলতি দায় হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. পারিবারিক আর্থিক বিবরণী প্রস্তুতকরণের ধাপগুলো হলো–**
i. মালিকানাস্বত্ব বিবরণী ii. আয়-ব্যয় বিবরণী
iii. আর্থিক অবস্থার বিবরণী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. অন্যান্য ব্যয় কোনটি?**
K সুনামের অবলোপন L আমদানি শুল্ক
M মূলধনের সুদ N ব্যাংক চার্জ

**৯. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুসারে সমাপনী মজুদপণ্যের ক্রয়মূল্য ও বাজার মূল্যের মধ্যে ছোট্টটি দেখানো হয়?**
K ক্রয়মূল্য নীতি L সামঞ্জস্যতা নীতি
M রক্ষণশীলতার নীতি N চলমান প্রতিষ্ঠান ধারণা

**১০. মি. মামুন এর ০১-০১-২০২২ খ্রি. তারিখে সম্পদ ও দায়ের উদ্বৃত্ত ছিল নিম্নরূপ : হাতে নগদ ১,২৫,০০০ টাকা, ব্যাংক জমা ৩৫,০০০ টাকা, আসবাবপত্র ১,২৫,০০০ টাকা এবং ঋণ ১,১৫,০০০ টাকা। মি. মামুন এর পারিবারিক তহবিলের পরিমাণ কত?**
K ১,৮০,০০০ L ১,৬০,০০০ M ২,৮৫,০০০ N ১,৭০,০০০

**১১. ১০% হারে কোনো সম্পত্তির ৬ মাসের অপচয় ২,০০০ টাকা হলে সম্পত্তির মূল্য কত?**
K ৪০,০০০ L ২০,০০০ M ৩২,০০০ N ১২,০০০

□ **উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের মুখ্য ব্যয় ৫০,০০০ টাকা, কারখানার উপরিব্যয় ১০,০০০ টাকা, প্রশাসনিক উপরি ব্যয় ৬,০০০ টাকা, বিক্রয় উপরি ব্যয় ৩,০০০ টাকা এবং মুনাফা মোট ব্যয়ের ২০%।

**১২. বিক্রয়ের পরিমাণ কত?**
K ৮২,৮০০ L ৬৯,০০০ M ৬৩,০০০ N ১৯,০০০

**১৩. যদি মুনাফার পরিমাণ ২০,৭০০ টাকা হয় তাহলে মোট ব্যয়ের উপর মুনাফার হার কত?**
K ২০% L ২৫% M ৩০% N ৩৫%

**১৪. A = L + E, এক্ষেত্রে কোন লেনদেনের ফলে শুধু A উপাদানের পরিবর্তন হয়?**
K নগদে পণ্য ক্রয় L চেকের পণ্য ক্রয়
M ব্যাংকে জমাদান N ব্যাংক হতে ঋণ গ্রহণ

**১৫. প্রত্যক্ষ খরচ কোনটি?**
K ভ্যা L শুল্ক M বেতন N বিজ্ঞাপন

**১৬. হিসাবের সহকারী বই কোনটি?**
K জাবেদা L খতিয়ান M রেওয়ামিল N নগদান বই

**১৭. অগ্রিম ভাড়া ২,০০০ টাকা হিসাবের কোন বইয়ে অন্তর্ভুক্ত হবে?**
K সংশোধনী জাবেদা L সমন্বয় জাবেদা
M সমাপনী জাবেদা N প্রারম্ভিক জাবেদা

**১৮. যদি প্রদেয় হিসাবের টাকা পরিশোধ করা হয় তবে হিসাব সমীকরণে কী প্রভাব পড়বে?**
K সম্পদ বৃদ্ধি দায় হ্রাস L সম্পদ হ্রাস দায় বৃদ্ধি
M সম্পদ বৃদ্ধি দায় বৃদ্ধি N সম্পদ হ্রাস দায় হ্রাস

**১৯. চলমান জের ছকে কখন হিসাবের উদ্বৃত্ত নির্ণয় করা হয়?**
K প্রতিদিনের শেষে L প্রতি সপ্তাহের শেষে
M প্রতি মাসের শেষে N প্রতি লেনদেন লিপিবদ্ধের পর

**২০. নগদ টাকা ব্যাংকে জমা দেয়া হলে, কী দাখিলা হিসেবে গণ্য হবে?**
K সাধারণ দাখিলা L বিপরীত দাখিলা
M সংশোধনী দাখিলা N সমন্বয় দাখিলা

**২১. নগদান বইয়ের ব্যাংক কলামের ক্রেডিট জের নির্দেশ করে কোন উদ্বৃত্ত?**
K ব্যাংক জমা L ব্যাংক জমাতিরিক্তের সুদ
M ব্যাংক প্রাপ্য সুদ N ব্যাংক জমাতিরিক্ত

**২২. কোনটি ডেবিট ব্যালেন্স নির্দেশ করে?**
K প্রাপ্ত সুদ L বিনিয়োগের বকেয়া সুদ
M বিনিয়োগের সুদ N শিক্ষনবিশ সেলামী

**২৩. হিসাববিজ্ঞানের ধারাবাহিক প্রক্রিয়াকে কী বলে?**
K জাবেদা L খতিয়ান
M রেওয়ামিল N অগ্রিম ভাড়া প্রদান

**২৪. বিলম্বিত মুনাফা জাতীয় খাতের উদাহরণ কোনটি?**
K বাড়ি ভাড়া প্রদান L আসবাবপত্রের অবচয়
M পণ্য তৈরির গবেষণা ব্যয় N অগ্রিম ভাড়া প্রদান

**২৫. বিশদ আয় বিবরণীতে লিপিবদ্ধ হয় না নিচের কোনটি?**
K মুনাফা জাতীয় ব্যয় L মূলধন জাতীয় ব্যয়
M মুনাফা জাতীয় প্রাপ্তি N মুনাফা জাতীয় প্রদান

**২৬. আসবাবপত্র হিসাবের পরিবর্তে ক্রয় হিসাব লেখা হয়েছে। এটি কোন ধরনের ভুল?**
K বাদ পড়ার ভুল L নীতিগত ভুল
M পূরণমূলক ভুল N লেখার ভুল

**২৭. নিচের কোনটি রেওয়ামিলে বহির্ভূত?**
K সমাপনী নগদ উদ্বৃত্ত L সমাপনী ব্যাংক উদ্বৃত্ত
M প্রারম্ভিক ব্যাংক উদ্বৃত্ত N প্রারম্ভিক মজুদ পণ্য

**২৮. কোনটি দু'তরফা দাখিলা হিসাব পদ্ধতির বৈশিষ্ট্য?**
K ডেবিট-ক্রেডিট নির্ণয় L পরিপূর্ণ হিসাব সংরক্ষণ
M আর্থিক অবস্থা নিরূপণ N লাভ-লোকসান নিরূপণ

**২৯. যদি মি. মাসুদ এর প্রারম্ভিক মূলধন ৪৪,৫৭৫ টাকা এবং সমাপনী মূলধন ৮৭,৩৭৫ টাকা হয়। তিনি বছরের মাঝামাঝি সময়ে ১২,০০০ টাকা ব্যবসায়ের নগদ আমদানি করে এবং ৬,০০০ টাকার নগদে ব্যবসায় হতে উত্তোলন করেন। মি. মাসুদের লাভ/ক্ষতির পরিমাণ কত?**
K লাভ ৩৬,৮০০ L ক্ষতি ৩৬,৮০০
M লাভ ৪৮,৮০০ N ক্ষতি ৪৮,৮০০

**৩০. বহিঃফেরত ২,০০০ টাকা। লেনদেনটি খতিয়ানের কোন হিসাবকে প্রভাবিত করবে?**
K বিবিধ দেনাদার ও বিক্রয় ফেরত হিসাব
L বিবিধ পাওনাদার ও বহিঃফেরত হিসাব
M বিবিধ দেনাদার ও বহিঃফেরত হিসাব
N বিবিধ পাওয়াদার ও বিক্রয় ফেরত হিসাব

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজশাহী বোর্ড-২০২৪

## হিসাববিজ্ঞান (সৃজনশীল)

বিষয় কোড : 1 4 6

**[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]**

**সময় :** ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান :** ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে দু'টি এবং খ বিভাগ থেকে **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১। রুবার ট্রেডার্সের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল এবং সমন্বয়সমূহ নিম্নরূপ :–

**রুবার ট্রেডার্স**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০২৩**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ২১,০০০ | ১,০০,০০০ |
| মজুদ পণ্য (০১-০১-২০২৩) | ৩৭,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,০০,০০০ | ২,০০,৭০০ |
| অফিস খরচ ও বহিঃফেরত | ২৫,০০০ | ৩,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৫৫,০০০ | ৭১,০০০ |
| ব্যাংক চার্জ ও কুঋণ এবং সন্দেহজনক দেনা সঞ্চিতি | ১,৫০০ | ৭,০০০ |
| জাহাজ ভাড়া | ৬,২০০ | |
| বেতন (১০ মাস) | ৩৬,০০০ | |
| | ২,৮১,৭০০ | ২,৮১,৭০০ |

**সমন্বয়সমূহ :**

(i) অগ্রিম জাহাজ ভাড়া ৩০০ টাকা এবং বিনামূল্যে পণ্য বিতরণ ১,৫০০ টাকা।
(ii) নগদে পণ্য বিক্রয় ১৭,০০০ টাকা হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়নি।
(iii) উক্ত বছরে কুঋণের পরিমাণ ২,৫০০ টাকা এবং ১০% হারে কুঋণ সঞ্চিতির ব্যবস্থা করতে হবে।

(ক) রুবার ট্রেডার্সের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) রুবার ট্রেডার্সের মোট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) রুবার ট্রেডার্সের মোট মুনাফা ৭৯,৩০০ টাকা ধরে পরিচালন মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

২। ২০২১ সালের ৩০শে জুন তারিখে ফাহিম এন্টারপ্রাইজের রেওয়ামিলটি নিম্নরূপ :-

**ফাহিম এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
**৩০ ডিসেম্বর ২০২১**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৫০,৩০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৩০,০০০ | ৮,০০০ |
| ৫% বন্ধকী ঋণ (৩১-১২-২০২০) | | ৩৫,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ৮৪,০০০ | ১,০০,০০০ |
| মজুরি | ২৪,৫০০ | |
| হাতে নগদ ও ব্যাংক জমাতিরিক্ত | ১৬,০০০ | ২,০০০ |
| যন্ত্রপাতি | ৪০,০০০ | |
| ভাড়া প্রাপ্তি | | ৫,০০০ |
| বিমা প্রিমিয়াম | ২,৩০০ | |
| বিজ্ঞাপন (৫ বছরের জন্য) | ৩,৫০০ | |
| | ২,০০,৩০০ | ২,০০,৩০০ |

**অন্যান্য তথ্য :**

(i) অগ্রিম মজুরি ৫০০ টাকা এবং যন্ত্রপাতির অবচয় ১০%।
(ii) মজুরির মধ্যে ৫,০০০ টাকা বেতন অন্তর্ভুক্ত আছে।
(iii) বিমা প্রিমিয়াম ৩০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে।

(ক) উপর্যুক্ত তথ্যের আলোকে নিট মজুরির পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মোট মুনাফা ২২,০০০ টাকা ধরে ফাহিম এন্টারপ্রাইজের নিট মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪
(গ) মালিকানাস্বত্ব ৩৮,৯০০ টাকা ধরে ফাহিম এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

### খ বিভাগ

৩। ২০২৩ সালের অক্টোবর মাসে নুরেন ব্রাদার্সের ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাসমূহ সংঘটিত হয় :

অক্টোবর ০১ তিনি নগদ ২,৫০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসা শুরু করেন।
" ১২ ব্যাংক ঋণ পরিশোধ ৩৩,০০০ টাকা।
" ১৫ ১৩,০০০ টাকার নতুন কিছু যন্ত্রপাতি ক্রয়ের জন্য ফরমায়েশ প্রদান।
" ২১ ৮,০০০ টাকার পুরাতন যন্ত্রপাতি বিক্রয়।
" ২৭ বন্ধুর জন্মদিনের উপহার স্বরূপ ৩৫,০০০ টাকা মূল্যের একটি মোবাইল ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ।
" ২৯ লাবিবের নিকট থেকে পণ্য ক্রয় ৯,০০০ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্যের লেনদেন নয় এমন ঘটনার মোট পরিমান নির্ণয় কর। ২
(খ) উদ্দীপকের আলোকে অক্টোবর মাসের লেনদেনের সাথে জড়িত হিসাবের শ্রেণি উল্লেখ কর। ৪
(গ) বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর উপর্যুক্ত লেনদেনসমূহের প্রভাব দেখাও। ৪

৪। জনাব রাকিব যথাযথ পদ্ধতিতে হিসাবের বই সংরক্ষণ করেন না। তাঁর ব্যবসায়ের ২০২২ সালের তথ্যগুলো নিম্নরূপ :

| বিবরণ | ০১-০১-২০২২ টাকা | ৩১-১২-২০২২ টাকা |
|---|---|---|
| দেনাদার | ১,২৫,০০০ | ১,৮৫,০০০ |
| অফিস সরঞ্জাম | ১,৫০,০০০ | |
| পাওনাদার | | ৬০,০০০ |
| ঋণ | | ৫০,০০০ |
| নগদ ও ব্যাংক জমা | ১,১০,০০০ | ১,২৫,০০০ |

জনাব রাকিব প্রতিমাসে ৩,৩০০ টাকার পণ্য উত্তোলন করেন। তিনি তাঁর ব্যক্তিগত টাকায় কারবারের জন্য ৪৭,০০০ টাকা মূল্যের ২টি কম্পিউটার ক্রয় করেন।

(ক) বছর শেষে উপর্যুক্ত ব্যবসায়ের অফিস সরঞ্জাম এর মোট পরিমাণ নির্ণয় কর। ২
(খ) জনাব রাকিবের ব্যবসায়ের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) সমাপনী মূলধন ৩,৪২,৫০০ টাকা ধরে জনাব রাকিবের নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৫। কুমকুম এন্ড সন্স এর ব্যবসায়ের ২০২২ সালের লেনদেনসমূহ নিম্নরূপ :

| | |
|---|---|
| নতুন পণ্যের গবেষণা ব্যয় | ৩৫,০০০ টাকা |
| পণ্য বিক্রয় | ৬০,০০০ টাকা |
| মনিহারি ক্রয় | ৮,০০০ টাকা |
| অতিরিক্ত মূলধন | ৫৫,০০০ টাকা |

| | |
|---|---|
| ঋণের সুদ | ৫০০ টাকা |
| উত্তোলন | ২০,০০০ টাকা |
| শিক্ষানবিশ সেলামি (যার ৭,০০০ টাকা ২০২১ সালের) | ২৮,০০০ টাকা |
| বিনিয়োগের সুদ | ২২,০০০ টাকা |
| ব্যবসায় স্থানান্তর ব্যয় | ১,২৫,০০০ টাকা |
| পুরাতন মেশিনের মেরামত ব্যয় | ৩,০০০ টাকা |

(ক) উপর্যুক্ত তথ্যের আলোকে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) কুমকুম এন্ড সন্সের বিশদ আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের মোট পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) উদ্দীপকের তথ্য অবলম্বনে মুনাফাজাতীয় আয় ও মুনাফ াজাতীয় ব্যয়ের মোট পরিমাণ নির্ণয় কর। ৪

৬। ফাবিহা কনস্ট্রাকশন লি. এর ২০১৮ সালের এপ্রিল মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

এপ্রিল ০১ নগদ ৬০,০০০ টাকা এবং ৩৭,০০০ টাকার পণ্য নিয়ে ব্যবসা শুরু করা হল।
" ০৫ ১০% বাট্টায় চেকে ৫০,০০০ টাকার পণ্য ক্রয়।
" ১০ মালিক ব্যক্তিগতভাবে ব্যবসায়ের ব্যাংক হিসাবে ৮,০০০ টাকা জমা দিলেন।
" ১৫ পাওনাদারকে পরিশোধ ২০,০০০ টাকা।
" ২৫ ৫% বাট্টায় কামাল স্টোর এর নিকট নগদে ৫৮,০০০ টাকার সিমেন্ট বিক্রয়।

(ক) ফাবিহা কনস্ট্রাকশন লি: এর মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উদ্দীপকের ২৫ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্যাশমেমো প্রস্তুত কর। ৪

(গ) উদ্দীপকের এপ্রিল (১–১৫) তারিখের লেনদেনসমূহের জাবেদা দাখিলা দাও। ৪

৭। এমরান স্টোর এর ২০১৯ সালের ফেব্রুয়ারি মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

ফেব্রুয়ারি ০১ মারুফের নিকট প্রতি প্যাকেট ৬০ টাকা দরে ৯০ প্যাকেট বিস্কুট বিক্রয়। বহন খরচ ১২০ টাকা। বাট্টা ৩%।
" ২৭ জিসাদ স্টোর এর নিকট প্রতি প্যাকেট ২০ টাকা দরে ১৫ ডজন চিপস এর প্যাকেট বিক্রয়। কারবারি বাট্টা ৭%। প্যাকিং চার্জ ৫০০ টাকা।

(ক) এমরান স্টোরের কারবারি বাট্টার মোট পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে এমরান স্টোরের বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে এমরান স্টোরের সহকারী খতিয়ানসমূহ প্রস্তুত কর। ৪

৮। ইউনুছ এন্ড ব্রাদার্সের ২০২১ সালের ৩০শে জুন তারিখের হিসাবের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| মূলধন | ১,২০,০০০ |
| হাতে নগদ (০১-০৭-২০২০) | ১৫,০০০ |
| বেতন | ৭,০০০ |
| প্রদেয় হিসাব | ২৭,০০০ |
| সুনাম | ২,২৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৩০,০০০ |
| ৮% বিনিয়োগ | ১,০৬,০০০ |
| ক্রয় | ১,০০,০০০ |
| ঋণের বকেয়া সুদ | ২,০০০ |
| বিনিয়োগের সুদ | ৩,০০০ |
| হাতে নগদ (৩০-০৬-২০২১) | ২৯,৫০০ |
| বকেয়া বাড়িভাড়া | ১৮,০০০ |
| মজুদ পণ্য (৩০-০৬-২০২১) | ২৫,০০০ |
| লভ্যাংশ প্রাপ্তি | ২,০০০ |
| ঋণ | ৯৮,০০০ |
| বিক্রয় | ১,৬৮,০০০ |

(ক) ইউনুছ এন্ড ব্রাদার্সের রেওয়ামিলে যে উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না, তার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ইউনুছ এন্ড ব্রাদার্সের সমাপনী সম্পদ ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) উপর্যুক্ত তথ্যের আলোকে ইউনুছ এন্ড ব্রাদার্সের একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৯। ইমু এন্ড সন্সের ব্যবসায়ের কতিপয় লেনদেন নিম্নরূপ :

সেপ্টেম্বর ০১ নগদ তহবিল ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ৩০,০০০ টাকা।
" ০৫ শিপনের কাছে ৪০,০০০ টাকার পণ্য বিক্রয় যার ৫০% নগদে এবং ৩০% চেকে।
" ০৮ সুজন ট্রেডার্সকে ৫০০ টাকা বাট্টায় ৪৫,০০০ টাকা পরিশোধ করা হল।
" ১৫ কামালের নিকট থেকে ১০% বাট্টায় ক্রয় ৩৫,০০০ টাকা।
" ১৭ মহাজন স্টোর এর নিকট হতে ৮,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৭,৩০০ টাকা পাওয়া গেল।
" ১৮ ব্যাংকে হিসাব খোলা হল ৭,০০০ টাকা।
" ২০ পুরাতন আলমারি বিক্রয় ১৫,০০০ টাকা।
" ৩০ ব্যাংক সুদ মঞ্জুর করল ৬৫০ টাকা।

(ক) ইমু এন্ড সন্সের অনগদ লেনদেনের মোট পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্তলেনদেনসমূহের ভিত্তিতে ইমু এন্ড সন্সের নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) সেপ্টেম্বর (১–১৮) তারিখের লেনদেনসমূহের ভিত্তিতে ইমু এন্ড সন্সের তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

১০। ফাহাদ এন্ড কোং একটি ব্যাগ প্রস্তুতকারী প্রতিষ্ঠান। উৎপাদন শুরুর প্রথম মাসে ২,০০০ পিস ব্যাগ প্রস্তুতের ব্যয় নিম্নরূপ :

| | |
|---|---|
| চামড়া ক্রয় | ২৭,০০০ টাকা |
| শ্রমিকের মজুরি | ১৬,৫০০ টাকা |
| চামড়ার পরিবহন খরচ | ৭,০০০ টাকা |
| চলতি কার্যের সমাপনী মজুদ কারখানা উপরি ব্যয় মজুরির ৬০% | ৩,০০০ টাকা |
| তৈরি ব্যাগের প্রারম্ভিক মজুদ | ২০,৫০০ টাকা |
| প্রতি পিচ ব্যাগের বিক্রয় মূল্য | ৩৫০ টাকা |
| বিজ্ঞাপন খরচ | ১৭,০০০ টাকা |
| তৈরি ব্যাগের সমাপনী মজুদ | ১১,০০০ টাকা |
| বিক্রয়কর্মীর কমিশন | ১৫,০০০ টাকা |
| অফিস ভাড়া | ১২,০০০ টাকা |

(ক) ফাহাদ এন্ড কোং এর মুখ্য ব্যয় নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে মুখ্য ব্যয় ১,৭৭,০০০ টাকা ধরে বিক্রীত ব্যাগের ব্যয় নির্ণয় কর। ৪

(গ) ফাহাদ এন্ড কোং এর বিক্রীত ব্যাগের ব্যয় ৩,৪৭,০০০ টাকা ধরে ব্যাগ প্রতি নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

১১। মিসেস চম্পা মাসে ৪০,০০০ টাকা বেতনে একটি প্রতিষ্ঠানে চাকুরি করেন। এছাড়া তিনি বছরে ৫০,০০০ টাকা বোনাস পান। ২০২২ সালের ১ জানুয়ারি তাঁর পারিবারিক অবস্থা নিম্নরূপ :

হাতে নগদ ২৩,০০০ টাকা, আসবাবপত্র ৩৮,০০০ টাকা, ব্যাংক ঋণ ৪০,০০০ টাকা, ১০% বিনিয়োগ ১,২৫,০০০ টাকা। সারা বছর তাঁর পরিবারের অন্যান্য লেনদেন নিম্নরূপ : খাদ্য সামগ্রী ক্রয় ৪২,০০০ টাকা, বাড়িভাড়া ৬০,০০০ টাকা, বিদ্যুৎ বিল ৩২,০০০ টাকা, ফ্রিজ ক্রয় ৭৬,০০০ টাকা, ডিপোজিট পেনশন স্কীম ৭০,০০০ টাকা, ব্যাংক ঋণ পরিশোধ ১২,০০০ টাকা, ঋণের সুদ ৩,০০০ টাকা, বিনিয়োগের সুদ ১০,০০০ টাকা।

(ক) মিসেস চম্পার পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে মিসেস চম্পার সমাপনী হাতে নগদের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) উপর্যুক্ত তথ্য হতে মিসেস চম্পার পারিবারিক আয়ের উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ক | ৩ | গ | ৪ | গ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** রুবার ট্রেডার্সের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল এবং সমন্বয়সমূহ নিম্নরূপ :–

**রুবার ট্রেডার্স**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০২৩**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ২১,০০০ | ১,০০,০০০ |
| মজুদ পণ্য (০১-০১-২০২৩) | ৩৭,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,০০,০০০ | ২,০০,৭০০ |
| অফিস খরচ ও বহিঃফেরত | ২৫,০০০ | ৩,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৫৫,০০০ | ৭১,০০০ |
| ব্যাংক চার্জ ও কুঋণ সন্দেহজনক দেনা সঞ্চিতি | ১,৫০০ | ৭,০০০ |
| জাহাজ ভাড়া | ৬,২০০ | |
| বেতন (১০ মাস) | ৩৬,০০০ | |
| | ২,৮১,৭০০ | ২,৮১,৭০০ |

**সমন্বয়সমূহ :**

(i) অগ্রিম জাহাজ ভাড়া ৩০০ টাকা এবং বিনামূল্যে পণ্য বিতরণ ১,৫০০ টাকা।
(ii) নগদে পণ্য বিক্রয় ১৭,০০০ টাকা হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়নি।
(iii) উক্ত বছরে কুঋণের পরিমাণ ২,৫০০ টাকা এবং ১০% হারে কুঋণ সঞ্চিতির ব্যবস্থা করতে হবে।

(ক) রুবার ট্রেডার্সের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) রুবার ট্রেডার্সের মোট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) রুবার ট্রেডার্সের মোট মুনাফা ৭৯,৩০০ টাকা ধরে পরিচালন মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

[রা. বো. ২০২৪]

### ১নং প্রশ্নের সমাধান

**ক** রুবাব ট্রেডার্সের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| দেনাদার | ৫৫,০০০ | |
| বাদ : কুঋণ অবলোপন | (২,৫০০) | |
| | ৫২,৫০০ | |
| বাদ : সমাপনী কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি (৫২,৫০০ × ১০%) | (৫,২৫০) | |
| **নিট দেনাদার** | | ৪৭,২৫০ |

**উত্তর :** নিট দেনাদারের পরিমাণ ৪৭,২৫০ টাকা।

**খ**

**রুবাব ট্রেডার্স**
**বিশদ আয় বিবরণী**
২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ২,০০,৭০০ | |
| (+) অলিখিত বিক্রয় | | ১৭,০০০ | |
| **নিট বিক্রয়** | | | ২,১৭,৭০০ |

| | | | |
|---|---|---|---|
| **বাদ : বিক্রীত পণ্যের ব্যয় :** | | | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ৩৭,০০০ | |
| ক্রয় | ১,০০,০০০ | | |
| (−) বহিঃফেরত | (৩,০০০) | | |
| | ৯৭,০০০ | | |
| (−) বিনামূল্যে পণ্য বিতরণ | (১,৫০০) | | |
| | | ৯৫,৫০০ | |
| জাহাজ ভাড়া | ৬,২০০ | | |
| (−) অগ্রিম জাহাজ ভাড়া | (৩০০) | | |
| | | ৫,৯০০ | |
| | | | (১,৩৮,৪০০) |
| **মোট মুনাফা** | | | ৭৯,৩০০ |

**উত্তর :** মোট মুনাফার পরিমাণ ৭৯,৩০০ টাকা।

**গ**

**রুবাব ট্রেডার্স**
**বিশদ আয় বিবরণী**
২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নের প্রদত্ত) | | | ৭৯,৩০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| অফিস খরচ | | ২৫,০০০ | |
| ব্যাংক চার্জ | | ১,৫০০ | |
| বেতন | ৩৬,০০০ | | |
| (+) বকেয়া বেতন $\left(৩৬,০০০ \times \frac{২}{১০}\right)$ | ৭,২০০ | | |
| | | ৪৩,২০০ | |
| বিজ্ঞাপন (বিনামূল্যে পণ্য বিতরণ) | | ১,৫০০ | |
| সমাপনী কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি | ৫,২৫০ | | |
| (−) প্রারম্ভিক কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি হিসাবের উদ্বৃত্ত (৭,০০০ − ২,৫০০) | (৪,৫০০) | ৭৫০ | |
| | | | (৭১,৯৫০) |
| **পরিচালন মুনাফা** | | | ৭,৩৫০ |

**উত্তর :** পরিচালন মুনাফার পরিমাণ ৭,৩৫০ টাকা।

**প্রশ্ন ▶ ০২** ২০২১ সালের ৩০শে জুন তারিখে ফাহিম এন্টারপ্রাইজের রেওয়ামিলটি নিম্নরূপ :-

**ফাহিম এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
**৩০ ডিসেম্বর ২০২১**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৫০,৩০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৩০,০০০ | ৮,০০০ |
| ৫% বন্ধকী ঋণ (৩১-১২-২০২০) | | ৩৫,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ৮৪,০০০ | ১,০০,০০০ |
| মজুরি | ২৪,৫০০ | |
| হাতে নগদ ও ব্যাংক জমাতিরিক্ত | ১৬,০০০ | ২,০০০ |
| যন্ত্রপাতি | ৪০,০০০ | |
| ভাড়া প্রাপ্তি | | ৫,০০০ |
| বিমা প্রিমিয়াম | ২,৩০০ | |
| বিজ্ঞাপন (৫ বছরের জন্য) | ৩,৫০০ | |
| | ২,০০,৩০০ | ২,০০,৩০০ |

**অন্যান্য তথ্য :**

(i) অগ্রিম মজুরি ৫০০ টাকা এবং যন্ত্রপাতির অবচয় ১০%।

(ii) মজুরির মধ্যে ৫,০০০ টাকা বেতন অন্তর্ভুক্ত আছে।

(iii) বিমা প্রিমিয়াম ৩০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে।

(ক) উপর্যুক্ত তথ্যের আলোকে নিট মজুরির পরিমাণ নির্ণয় কর। ২

(খ) মোট মুনাফা ২২,০০০ টাকা ধরে ফাহিম এন্টারপ্রাইজের নিট মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪

(গ) মালিকানাস্বত্ব ৩৮,৯০০ টাকা ধরে ফাহিম এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

[রা. বো. ২০২৪]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** ফাহিম এন্টারপ্রাইজ নিট মজুরির পরিমাণ নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমান টাকা |
|---|---|---|
| মজুরি | ২৪,৫০০ | |
| (−) বেতন | (৫,০০০) | |
| | ১৯,৫০০ | |
| (−) অগ্রিম মজুরি | (৫০০) | |
| নিট মজুরি | | ১৯,০০০ |

**উত্তর :** নিট মজুরির পরিমাণ ১৯,০০০ টাকা।

**খ**

**ফাহিম এন্টারপ্রাইজ**

**বিশদ আয় বিবরণী**

২০২১ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ২২,০০০ |
| **বাদ : পরিচালন ব্যায় :** | | | |
| বিমা প্রিমিয়াম | ২,৩০০ | | |
| (−) অগ্রিম | (৩০০) | | |
| | | ২,০০০ | |
| বিজ্ঞাপন | ৩,৫০০ | | |
| (−) বিলম্বিত বিজ্ঞাপন $\left(৩,৫০০ \times \frac{৪}{৫}\right)$ | (২,৮০০) | | |
| | | ৭০০ | |
| বেতন (মজুরির মধ্যে অন্তর্ভুক্ত) | | ৫,০০০ | |
| যন্ত্রপাতির অবচয় (৪০,০০০ × ১০%) | | ৪,০০০ | |
| | | | (১১,৭০০) |
| **পরিচালন মুনাফা** | | | ১০,৩০০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | |
| ভাড়া প্রাপ্তি | | | ৫,০০০ |
| | | | ১৫,৩০০ |
| **বাদ : অন্যান্য ব্যয় :** | | | |
| বন্ধকী ঋণের সুদ $\left\{(৩৫,০০০ \times ৫\%) \times \frac{৬}{১২}\right\}$ | | | (৮৭৫) |
| **নিট মুনাফা** | | | ১৪,৪২৫ |

**উত্তর :** নিট মুনাফার পরিমাণ ১৪,৪২৫ টাকা।

**গ**

## ফাহিম এন্টারপ্রাইজ
### আর্থিক অবস্থার বিবরণী
৩০ জুন, ২০২১

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| যন্ত্রপাতি | ৪০,০০০ | | |
| বাদ : পুঞ্জিভূত অবচয় | (৪,০০০) | | |
| | | ৩৬,০০০ | |
| **চলতি সম্পদ :** | | | |
| হাতে নগদ | ১৬,০০০ | | |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ | | |
| অগ্রিম মজুরি | ৫০০ | | |
| অগ্রিম বিমা প্রিমিয়াম | ৩০০ | | |
| | | ৪৬,৮০০ | |
| **অলীক সম্পদ :** | | | |
| বিলম্বিত বিজ্ঞাপন | | ২,৮০০ | |
| মোট সমস্পদ | | | ৮৫,৬০০ |
| **মালিকানাস্বত্ব ও দায়সমূহ :** | | | |
| মালিকানাস্বত্ব (প্রশ্নে প্রদত্ত) | | | ৩৮,৯০০ |
| **দীর্ঘমেয়াদি দায় :** | | | |
| ৫% বন্ধকী ঋণ | | ৩৫,০০০ | |
| **চলতি দায় :** | | | |
| প্রদেয় হিসাব | ৮,০০০ | | |
| ব্যাংক জমাতিরিক্ত | ২,০০০ | | |
| বকেয়া বন্ধকী ঋণের সুদ | ৮৭৫ | | |
| | | ১০,৮৭৫ | |
| | | | ৪৫,৮৭৫ |
| অনিশ্চিত হিসাব | | | ৮২৫ |
| **মালিকানাস্বত্ব ও মোট দায়** | | | ৮৫,৬০০ |

**উত্তর :** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৮৫,৬০০ টাকা এবং অনিশ্চিত হিসাব ৮২৫ টাকা (ক্রেডিট)।

**প্রশ্ন ▶ ০৩** ২০২৩ সালের অক্টোবর মাসে নুরেন ব্রাদার্সের ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাসমূহ সংঘটিত হয় :

অক্টোবর ০১ তিনি নগদ ২,৫০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসা শুরু করেন।
" ১২ ব্যাংক ঋণ পরিশোধ ৩৩,০০০ টাকা।
" ১৫ ১৩,০০০ টাকার নতুন কিছু যন্ত্রপাতি ক্রয়ের জন্য ফরমায়েশ প্রদান।
" ২১ ৮,০০০ টাকার পুরাতন যন্ত্রপাতি বিক্রয়।
" ২৭ বন্ধুর জন্মদিনের উপহার স্বরূপ ৩৫,০০০ টাকা মূল্যের একটি মোবাইল ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ।
" ২৯ লাবিবের নিকট থেকে পণ্য ক্রয় ৯,০০০ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্যের লেনদেন নয় এমন ঘটনার মোট পরিমান নির্ণয় কর। ২
(খ) উদ্দীপকের আলোকে অক্টোবর মাসের লেনদেনের সাথে জড়িত হিসাবের শ্রেণি উল্লেখ কর। ৪
(গ) বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর উপর্যুক্ত লেনদেনসমূহের প্রভাব দেখাও। ৪

[রা. বো. ২০২৪]

## ৩নং প্রশ্নের সমাধান

**ক** লেনদেন নয় এমন ঘটনার মোট পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| অক্টোবর-১৫ | নতুন যন্ত্রপাতি ক্রয়ের জন্য ফরমায়েশ প্রদান | ১৩,০০০ | |
| ” ১৭ | বন্ধুর জন্মদিনের উপহারস্বরূপ মোবাইল ক্রয়ের সিদ্ধান্ত | ৩৫,০০০ | |
| | মোট | | ৪৮,০০০ |

**উত্তর :** লেনদেন নয় এমন ঘটনার মোট পরিমাণ ৪৮,০০০ টাকা।

**খ** লেনদেনের সাথে জড়িত হিসাবের শ্রেণি বিভাগ নির্ণয় :

| তারিখ | পক্ষ/হিসাব | হিসাবের শ্রেণি |
|---|---|---|
| ২০২৩ | | |
| অক্টোবর-১ | নগদান হিসাব | সম্পদ হিসাব |
| | যন্ত্রপাতি হিসাব | সম্পদ হিসাব |
| | মূলধন হিসাব | মালিকানা স্বত্ব হিসাব |
| ” ১২ | ব্যাংক ঋণ হিসাব | দায় হিসাব |
| | নগদান হিসাব | সম্পদ হিসাব |
| ” ২১ | নগদান হিসাব | সম্পদ হিসাব |
| | যন্ত্রপাতি হিসাব | সম্পদ হিসাব |
| ” ২৯ | ক্রয় হিসাব | ব্যয় হিসাব |
| | পাওনাদার হিসাব (লাবিব) | দায় হিসাব |

**গ** বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব দেখানো হলো :

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | = | দায় (L) | পাওনাদার | + | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | যন্ত্রপাতি | | ব্যাংক ঋণ | | | | |
| ২০২২ অক্টো.-১ | | ২,৫০,০০০ | ৩০,০০০ | = | | | + | ২,৮০,০০০ | মূলধন আনয়ন |
| | উদ্বৃত্ত | ২,৫০,০০০ | ৩০,০০০ | = | | | + | ২,৮০,০০০ | |
| ” ১২ | | (৩৩,০০০) | | = | (৩৩,০০০) | | + | | |
| | উদ্বৃত্ত | ২,১৭,০০০ | ৩০,০০০ | = | (৩৩,০০০) | | + | ২,৮০,০০০ | |
| ” ২১ | | ৮,০০০ | (৮,০০০) | = | | | + | | |
| | উদ্বৃত্ত | ২,২৫,০০০ | ২২,০০০ | = | (৩৩,০০০) | | + | ২,৮০,০০০ | ব্যয় |
| ” ২৯ | | | | = | | ৯,০০০ | + | (৯,০০০) | |
| | উদ্বৃত্ত | ২,২৫,০০০ | ২২,০০০ | = | (৩৩,০০০) | ৯,০০০ | + | ২,৭১,০০০ | |
| | | ২,৪৭,০০০ | | | ২,৪৭,০০০ | | | | |

**উত্তর :** মোট হিসাব সমীকরণের যোগফল ২,৪৭,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৪** জনাব রাকিব যথাযথ পদ্ধতিতে হিসাবের বই সংরক্ষণ করেন না। তাঁর ব্যবসায়ের ২০২২ সালের তথ্যগুলো নিম্নরূপ :

| বিবরণ | ০১-০১-২০২২ টাকা | ৩১-১২-২০২২ টাকা |
|---|---|---|
| দেনাদার | ১,২৫,০০০ | ১,৮৫,০০০ |
| অফিস সরঞ্জাম | ১,৫০,০০০ | |
| পাওনাদার | | ৬০,০০০ |
| ঋণ | | ৫০,০০০ |
| নগদ ও ব্যাংক জমা | ১,১০,০০০ | ১,২৫,০০০ |

জনাব রাকিব প্রতিমাসে ৩,৩০০ টাকার পণ্য উত্তোলন করেন। তিনি তার ব্যক্তিগত টাকায় কারবারের জন্য ৪৭,০০০ টাকা মূল্যের ২টি কম্পিউটার ক্রয় করেন।

(ক) বছর শেষে উপর্যুক্ত ব্যবসায়ের অফিস সরঞ্জাম এর মোট পরিমাণ নির্ণয় কর। ২
(খ) জনাব রাকিবের ব্যবসায়ের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) সমাপনী মূলধন ৩,৪২,৫০০ টাকা ধরে জনাব রাকিবের নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

[রা. বো. ২০২৪]

**৪নং প্রশ্নের সমাধান**

**ক** বছর শেষে অফিস সরঞ্জামের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক অফিস সরঞ্জাম | ১,৫০,০০০ | |
| (+) নতুন অফিস সরঞ্জাম (কম্পিউটার ৪৭,০০০ × ২) | ৯৪,০০০ | |
| সমাপনী অফিস সরঞ্জাম | | ২,৪৪,০০০ |

**উত্তর :** বছর শেষে অফিস সরঞ্জামের পরিমাণ ২,৪৪,০০০ টাকা।

**খ** জনাব রাকিবের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সমাপনী সম্পদসমূহ :** | | |
| দেনাদার | ১,৮৫,০০০ | |
| নগদ ও ব্যাংক জমা | ১,২৫,৫০০ | |
| অফিস সরঞ্জাম (ক থেকে প্রাপ্ত) | ২,৪৪,০০০ | |
| | | ৫,৫৪,৫০০ |
| **বাদ : সমাপনী দায়সমূহ :** | | |
| পাওনাদার | ৬০,০০০ | |
| ঋণ | ৫০,০০০ | |
| | | (১,১০,০০০) |
| **সমাপনী মূলধন** | | ৪,৪৪,৫০০ |

**উত্তর :** জনাব রাকিবের সমাপনী মূলধনের পরিমাণ ৪,৪৪,৫০০ টাকা।

**গ** নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় :

আমরা জানি,

লাভ/ক্ষতি = {(সমাপনী মূলধন + উত্তোলন) − (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)}
= {৩,৪২,৫০০ + (৩,৩০০ × ১২)} − {৩,৮৫,০০০ + (৪৭,০০০ × ২)}
= (৩,৪২,৫০০ + ৩৯,৬০০) − (৩,৮৫,০০০ + ৯৪,০০০)
= ৩,৮২,১০০ − ৪,৭৯,০০০
= (৯৬,৯০০) টাকা

∴ নিট ক্ষতি = ৯৬,৯০০ টাকা।

**উত্তর :** নিট ক্ষতি ৯৬,৯০০

**গণনাকার্য-১ :**

প্রারম্ভিক মূলধন = প্রারম্ভিক মোট সম্পদ − প্রারম্ভিক মোট দায়
= (১,২৫,০০০ + ১,৫০,০০০ + ১,১০,০০০)
= ৩,৮৫,০০০ টাকা

**প্রশ্ন ▶ ০৫** কুমকুম এন্ড সন্স এর ব্যবসায়ের ২০২২ সালের লেনদেনসমূহ নিম্নরূপ :

| | |
|---|---|
| নতুন পণ্যের গবেষণা ব্যয় | ৩৫,০০০ টাকা |
| পণ্য বিক্রয় | ৬০,০০০ টাকা |
| মনিহারি ক্রয় | ৮,০০০ টাকা |
| অতিরিক্ত মূলধন | ৫৫,০০০ টাকা |
| ঋণের সুদ | ৫০০ টাকা |
| উত্তোলন | ২০,০০০ টাকা |
| শিক্ষানবিশ সেলামি (যার ৭,০০০ টাকা ২০২১ সালের) | ২৮,০০০ টাকা |
| বিনিয়োগের সুদ | ২২,০০০ টাকা |
| ব্যবসায় স্থানান্তর ব্যয় | ১,২৫,০০০ টাকা |
| পুরাতন মেশিনের মেরামত ব্যয় | ৩,০০০ টাকা |

(ক) উপর্যুক্ত তথ্যের আলোকে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) কুমকুম এন্ড সন্সের বিশদ আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের মোট পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) উদ্দীপকের তথ্য অবলম্বনে মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের মোট পরিমাণ নির্ণয় কর। ৪

[রা. বো. ২০২৪]

**৫নং প্রশ্নের সমাধান**

**ক** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নতুন পণ্যের গবেষণা ব্যয় | ৩৫,০০০ | |
| ব্যবসায় স্থানান্তর ব্যয় | ১,২৫,০০০ | |
| **বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়** | | ১,৬০,০০০ |

**উত্তর :** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ১,৬০,০০০ টাকা।

**খ** বিশদ আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের মোট পরিমাণ নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| অতিরিক্ত মূলধন | ৫৫,০০০ | |
| উত্তোলন | ২০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি (২০২১) | ৭,০০০ | |
| ব্যবসায় স্থানান্তর ব্যয় | ১,২৫,০০০ | |
| নতুন পণ্যের গবেষণা ব্যয় | ৩৫,০০০ | |
| **মোট পরিমাণ** | | ২,৪২,০০০ |

**উত্তর :** বিশদ আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের মোট পরিমাণ ২,৪২,০০০ টাকা।

**গ** মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের মোট পরিমাণ নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| **মুনাফা জাতীয় আয় :** | | |
| পণ্য বিক্রয় | ৬০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি (২৮,০০০ − ৭,০০০) | ২১,০০০ | |
| বিনিয়োগের সুদ | ২২,০০০ | |
| | | ১,০৩,০০০ |
| **মুনাফা জাতীয় ব্যয় :** | | |
| মনিহারি ক্রয় | ৮,০০০ | |
| ঋণের সুদ | ৫০০ | |
| পুরাতন মেশিনের মেরামত ব্যয় | ৩,০০০ | |
| | | ১১,৫০০ |
| **মোট** | | ১,১৪,৫০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের মোট পরিমাণ ১,১৪,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৬** ফাবিহা কনস্ট্রাকশন লি. এর ২০১৮ সালের এপ্রিল মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| এপ্রিল | ০১ | নগদ ৬০,০০০ টাকা এবং ৩৭,০০০ টাকার পণ্য নিয়ে ব্যবসা শুরু করা হল। |
| " | ০৫ | ১০% বাট্টায় চেকে ৫০,০০০ টাকার পণ্য ক্রয়। |
| " | ১০ | মালিক ব্যক্তিগতভাবে ব্যবসায়ের ব্যাংক হিসাবে ৮,০০০ টাকা জমা দিলেন। |
| " | ১৫ | পাওনাদারকে পরিশোধ ২০,০০০ টাকা। |
| " | ২৫ | ৫% বাট্টায় কামাল স্টোর এর নিকট নগদে ৫৮,০০০ টাকার সিমেন্ট বিক্রয়। |

(ক) ফাবিহা কনস্ট্রাকশন লি: এর মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উদ্দীপকের ২৫ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্যাশমেমো প্রস্তুত কর। ৪
(গ) উদ্দীপকের এপ্রিল (১−১৫) তারিখের লেনদেনসমূহের জাবেদা দাখিলা দাও। ৪

[রা. বো. ২০২৪]

## ৬নং প্রশ্নের সমাধান

**ক** ফাবিহা কনস্ট্রাকশন লিঃ এর মূলধনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০১৮ | | | |
| এপ্রিল-১ | নগদ | ৬০,০০০ | |
| | ক্রয় (পণ্য) | ৩৭,০০০ | ৯৭,০০০ |
| | যোগ: অতিরিক্ত মূলধন | | ৮,০০০ |
| | | | ১,০৫,০০০ |

**উত্তর :** ফাবিহা কনস্ট্রাকশন লিঃ এর মূলধনের পরিমাণ ১,০৫,০০০ টাকা।

**খ** ২৫ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্যাশমেমো প্রস্তুত করা হলো :

চালান নং : **ফারিহা কনস্ট্রাকশন**

ক্রেতার নাম : কামাল স্টের **ক্যাশমেমো** তারিখ : ২৫ এপ্রিল, ২০১৮

ঠিকানা : ....................................

| তারিখ | বিবরণ | দর (টাকা) | পরিমাণ | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ১. | সিমেন্ট | | | ৫৮,০০০ |
| | বাদ : কারবারি বাট্টা (৫%) | | | (২,৯০০) |
| | | | | ৫৫,১০০ |

**টাকা (কথায়) :** পঞ্চান্ন হাজার একশত টাকা মাত্র।

............................................ ............................................

ক্রেতার স্বাক্ষর বিক্রেতার স্বাক্ষর

বিক্রীত শর্ত : ..........................................................................................................................

[**বি.দ্র. :** বিক্রীত পণ্য ফেরত নেওয়া হয় না।

**গ**

### ফারিহা কনস্ট্রাকশন
### সাধারণ জাবেদা

| তারিখ | হিসাবের শিরোনাম ও ব্যাখ্যা | | ডিবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৮ | | | | |
| এপ্রিল-১ | নগদান হিসাব | ডেবিট | ৬০,০০০ | |
| | ক্রয় হিসাব | ডেবিট | ৩৭,০০০ | |
| | মূলধন হিসাব | ক্রেডিট | | ৯৭,০০০ |
| | (নগদ অর্থ ও পণ্য নিয়ে ব্যবসায় শুরু করা হলো।) | | | |
| ” ৫ | ক্রয় হিসাব | ডেবিট | ৪৫,০০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | ৪৫,০০০ |
| | (৫% বাট্টায় চেকে পণ্য ক্রয় করা হলো। {৫০,০০০ − (৫০,০০০ × ৫%)} | | | |
| ” ১০ | ব্যাংক হিসাব | ডেবিট | ৮,০০০ | |
| | মূলধন হিসাব | ক্রেডিট | | ৮,০০০ |
| | (মালিকের ব্যক্তিগতভাবে ব্যাংক হিসাবে জমা হিসাবভুক্ত করা হলো।) | | | |
| ” ১৫ | পাওনাদার হিসাব | ডেবিট | ২০,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | ২০,০০০ |
| | (পাওনাদারকে নগদে পরিশোধ করা হলো।) | | | |
| | | | ১,৭০,০০০ | ১,৭০,০০০ |

**উত্তর :** সাধারণ জাবেদার যোগফল ১,৭০,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৭** এমরান স্টোর এর ২০১৯ সালের ফেব্রুয়ারি মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

ফেব্রুয়ারি ০১ মারুফের নিকট প্রতি প্যাকেট ৬০ টাকা দরে ৯০ প্যাকেট বিস্কুট বিক্রয়। বহন খরচ ১২০ টাকা। বাট্টা ৩%।

" ২৭ জিসাদ স্টোর এর নিকট প্রতি প্যাকেট ২০ টাকা দরে ১৫ ডজন চিপস এর প্যাকেট বিক্রয়। কারবারি বাট্টা ৭%। প্যাকিং চার্জ ৫০০ টাকা।

(ক) এমরান স্টোরের কারবারি বাট্টার মোট পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে এমরান স্টোরের বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে এমরান স্টোরের সহকারী খতিয়ানসমূহ প্রস্তুত কর। ৪

[রা. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের সমাধান**

**ক** এমরান স্টোরের কারবারি বাটচর মোট পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| ফেব্রুয়ারি-১ | বিক্রয় বাট্টা {(৬০ × ৯০) × ৩%} | ১৬২ | |
| " ২৭ | বিক্রয় বাট্টা {২০ × (১৫ × ১২)} × ৭% | ২৫২ | |
| | মোট | | ৪১৪ |

**উত্তর :** এমরান স্টোরের মোট কারবারি বাট্টার পরিমাণ ৪১৪ টাকা।

**খ**

**এমরান স্টোর**

**বিক্রয় জাবেদা**

| তারিখ | ডেবিট হিসাব খাত | চালান নম্বর | সূত্র | দেনাদার হিসাব ডেবিট বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০১৯ | | | | |
| ফেব্রুয়ারি-১ | মারুফ {(৯০ × ৬০) − ১৬২ + ১২০} | | | ৫,৩৫৮ |
| " ১৭ | জিসাদ স্টোর {(২০ × ১৫ × ১২) − ২৫২ + ৫০০} | | | ৩,৮৪৮ |
| | | | | ৯,২০৬ |

**উত্তর :** বিক্রয় জাবেদার যোগফল ৯,২০৬ টাকা।

**গ**

**এমরান স্টোর**

**সহকারী খতিয়ান (চলমান জের ছক)**

**মারুফ হিসাব** হিসাবের কোড নং : ......................

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০১৯ ফেব্রুয়ারি-১ | বিক্রয় হিসাব | | ৫,৩৫৮ | | ৫,৩৫৮ | |

**জিসাদ স্টোর হিসাব** হিসাবের কোড নং : ......................

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০১৯ ফেব্রুয়ারি-২৭ | বিক্রয় হিসাব | | ৩,৮৪৮ | | ৩,৮৪৮ | |

**প্রশ্ন ▶ ০৮** ইউনুছ এন্ড ব্রাদার্সের ২০২১ সালের ৩০শে জুন তারিখের হিসাবের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---:|
| মূলধন | ১,২০,০০০ |
| হাতে নগদ (০১-০৭-২০২০) | ১৫,০০০ |
| বেতন | ৭,০০০ |
| প্রদেয় হিসাব | ২৭,০০০ |
| সুনাম | ২,২৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৩০,০০০ |
| ৮% বিনিয়োগ | ১,০৬,০০০ |
| ক্রয় | ১,০০,০০০ |
| ঋণের বকেয়া সুদ | ২,০০০ |
| বিনিয়োগের সুদ | ৩,০০০ |
| হাতে নগদ (৩০-০৬-২০২১) | ২৯,৫০০ |
| বকেয়া বাড়িভাড়া | ১৮,০০০ |
| মজুদ পণ্য (৩০-০৬-২০২১) | ২৫,০০০ |
| লভ্যাংশ প্রাপ্তি | ২,০০০ |
| ঋণ | ৯৮,০০০ |
| বিক্রয় | ১,৬৮,০০০ |

(ক) ইউনুছ এন্ড ব্রাদার্সের রেওয়ামিলে যে উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না, তার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ইউনুছ এন্ড ব্রাদার্সের সমাপনী সম্পদ ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) উপর্যুক্ত তথ্যের আলোকে ইউনুছ এন্ড ব্রাদার্সের একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

[রা. বো. ২০২৪]

**৮নং প্রশ্নের সমাধান**

**ক** রেওয়ামিলে যেসব উদ্বৃত্ত অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---:|---:|
| হাতে নগদ (০১-০৭-২০২০) | ১৫,০০০ | |
| মজুদ পণ্য (৩০-০৬-২০২১) | ২৫,০০০ | |
| | | ৪০,০০০ |

**উত্তর :** রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের পরিমাণ ৪০,০০০ টাকা।

**খ** সমাপনী সম্পদ ও দায়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---:|---:|
| **সমাপনী সম্পদ :** | | |
| হাতে নগদ | ২৯,৫০০ | |
| সুনাম | ২,২৫,৫০০ | |
| ৮% বিনিয়োগ | ১,০৬,০০০ | |
| মজুদ পণ্য (৩০-০৬-২০২১) | ২৫,০০০ | |
| **মোট** | | ৩,৮৬,০০০ |
| **সমাপনী দায় :** | | |
| বকেয়া বাড়ি ভাড়া | ১৮,০০০ | |
| প্রদেয় হিসাব | ২৭,০০০ | |
| ঋণের বকেয়া সুদ | ২,০০০ | |
| ঋণ | ৯৮,০০০ | |
| **মোট** | | ১,৪৫,০০০ |

**উত্তর :** সমাপনী সম্পদের পরিমাণ ৩,৮৬,০০০ টাকা এবং সমাপনী দায়ের পরিমাণ ১,৪৫,০০০ টাকা।

**গ**

## ইউনুছ এন্ড ব্রাদার্স
### রেওয়ামিল
### ৩০ জুন, ২০২১

| ক্রমিক নং | হিসাবের শিরোনাম | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | মূলধন | | | ১,২০,০০০ |
| ২ | বেতন | | ৭,০০০ | |
| ৩ | প্রদেয় হিসাব | | | ২৭,০০০ |
| ৪ | সুনাম | | ২,২৫,৫০০ | |
| ৫ | সাধারণ সঞ্চিতি | | | ৩০,০০০ |
| ৬ | ৮% বিনিয়োগ | | ১,০৬,০০০ | |
| ৭ | ক্রয় | | ১,০০,০০০ | |
| ৮ | ঋণের বকেয়া সুদ | | | ২,০০০ |
| ৯ | বিনিয়োগের সুদ | | | ৩,০০০ |
| ১০ | হাতে নগদ (৩০-০৬-২০২১) | | ২৯,৫০০ | |
| ১১ | বকেয়া বাড়ি ভাড়া | | | ১৮,০০০ |
| ১২ | লভ্যাংশ প্রাপ্তি | | | ২,০০০ |
| ১৩ | ঋণ | | | ৯৮,০০০ |
| ১৪ | বিক্রয় | | | ১,৬৮,০০০ |
| | | | ৪,৮৬,০০০ | ৪,৮৬,০০০ |

**উত্তর :** রেওয়ামিলের যোগফল ৪,৮৬,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৯** ইমু এন্ড সন্সের ব্যবসায়ের কতিপয় লেনদেন নিম্নরূপ :

সেপ্টেম্বর ০১ নগদ তহবিল ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ৩০,০০০ টাকা।
" ০৫ শিপনের কাছে ৪০,০০০ টাকার পণ্য বিক্রয় যার ৫০% নগদে এবং ৩০% চেকে।
" ০৮ সুজন ট্রেডার্সকে ৫০০ টাকা বাট্টায় ৪৫,০০০ টাকা পরিশোধ করা হল।
" ১৫ কামালের নিকট থেকে ১০% বাট্টায় ক্রয় ৩৫,০০০ টাকা।
" ১৭ মহাজন স্টোর এর নিকট হতে ৮,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৭,৩০০ টাকা পাওয়া গেল।
" ১৮ ব্যাংকে হিসাব খোলা হল ৭,০০০ টাকা।
" ২০ পুরাতন আলমারি বিক্রয় ১৫,০০০ টাকা।
" ৩০ ব্যাংক সুদ মঞ্জুর করল ৬৫০ টাকা।

(ক) ইমু এন্ড সন্সের অনগদ লেনদেনের মোট পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে ইমু এন্ড সন্সের নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
(গ) সেপ্টেম্বর (১–১৮) তারিখের লেনদেনসমূহের ভিত্তিতে ইমু এন্ড সন্সের তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

[রা. বো. ২০২৪]

### ৯নং প্রশ্নের সমাধান

**ক** অনগদ লেনদেনের মোট পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| সেপ্টেম্বর-৫ | শিপনের কাছে বিক্রয় (৪০,০০০ × ২০%) | ৮,০০০ | |
| " ৮ | প্রাপ্ত বাট্টা | ৫০০ | |
| " ১৫ | কামালের নিকট থেকে বাট্টায় ক্রয় {৩৫,০০০ – (৩৫,০০০ × ১০%) | ৩১,৫০০ | |
| " ১৭ | প্রদত্ত বাট্টা | ৭০০ | |
| | | | ৪০,৭০০ |

**উত্তর :** অনগদ লেনদেনের মোট পরিমাণ ৪০,৭০০ টাকা।

**খ**

**ইমু এন্ড সন্স**

**নগদ প্রাপ্তি জাবেদা**

| তারিখ | ক্রেডিট হিসাব খাত | সূত্র | নগদ ডেবিট | প্রদত্ত বাট্টা ডেবিট | বিক্রয় ক্রেডিট | দেনাদার ক্রেডিট | অন্যান্য হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর-৫ | বিক্রয় (৪০,০০০ × ৮০%) | | ৩২,০০০ | | ৩২,০০০ | | |
| " ১৭ | মহাজন স্টোর | | ৭,৩০০ | ৭০০ | | ৮,০০০ | |
| " ২০ | আসবাবপত্র | | ১৫,০০০ | | | | ১৫,০০০ |
| " ৩০ | ব্যাংক সুদ | | ৬৫০ | | | | ৬৫০ |
| | | | ৫৪,৯৫০ | ৭০০ | ৩২,০০০ | ৮,০০০ | ১৫,৬৫০ |

**উত্তর :** নগদ প্রাপ্তি জাবেদার যোগফল : ডেবিট (৫৪,৯৫০ + ৭০০) = ৫৫,৬৫০ টাকা এবং ক্রেডিট (৩২,০০০ + ৮,০০০ + ১৫,৬৫০) = ৫৫,৬৫০ টাকা।

**গ**

**ইমু এন্ড সন্স**

**তিনঘরা নগদান বই**

ডেবিট ক্রেডিট

| তারিখ | প্রাপ্তি | ভা. নং | খ. পৃ. | প্রদত্ত বাট্টা | নগদ টাকা | ব্যাংক টাকা | তারিখ | প্রাপ্তি | ভা. নং | খ. পৃ. | প্রদত্ত বাট্টা | নগদ টাকা | ব্যাংক টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সেপ্ট.-১ | ব্যালেন্স বি/ডি | | | | ৫০,০০০ | | সেপ্ট.-১ | ব্যালেন্স বি/ডি | | | | | ৩০,০০০ |
| " ৫ | বিক্রয় হিসাব | | | | ২০,০০০ | ১২,০০০ | " ৮ | পাওনাদার (সুজন ট্রেডার্স হিসাব) | | | ৫০০ | ৪৫,০০০ | |
| " ১৭ | দেনাদার (মহাজন স্টোর হিসাব) | | | ৭০০ | ৭,৩০০ | | " ১৮ | ব্যাংক হিসাব (ক) | | | | ৭,০০০ | |
| " ১৮ | নগদন হিসাব (ক) | | | | | ৭,০০০ | | | | | | | |
| " ৩০ | ব্যালেন্স সি/ডি | | | | | ১১,০০০ | " ৩০ | ব্যালেন্স সি/ডি | | | | ২৫,৩০০ | |
| | | | | ৭০০ | ৭৭,৩০০ | ৩০,০০০ | | | | | ৫০০ | ৭৭,৩০০ | ৩০,০০০ |
| অক্টো.-১ | ব্যালেন্স বি/ডি | | | | ২৫,৩০০ | | অক্টো.-১ | ব্যালেন্স বি/ডি | | | | | ১১,০০০ |

**উত্তর :** নগদ উদ্বৃত্ত ২৫,৩০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ১১,০০০ টাকা, প্রাপ্ত বাট্টা ৫০০ টাকা এবং প্রদত্ত বাট্টা ৭০০ টাকা।

**প্রশ্ন ▸ ১০** ফাহাদ এন্ড কোং একটি ব্যাগ প্রস্তুতকারী প্রতিষ্ঠান। উৎপাদন শুরুর প্রথম মাসে ২,০০০ পিস ব্যাগ প্রস্তুতের ব্যয় নিম্নরূপ :

| | |
|---|---|
| চামড়া ক্রয় | ২৭,০০০ টাকা |
| শ্রমিকের মজুরি | ১৬,৫০০ টাকা |
| চামড়ার পরিবহন খরচ | ৭,০০০ টাকা |
| চলতি কার্যের সমাপনী মজুদ কারখানা উপরি ব্যয় মজুরির ৬০% | ৩,০০০ টাকা |
| তৈরি ব্যাগের প্রারম্ভিক মজুদ | ২০,৫০০ টাকা |
| প্রতি পিচ ব্যাগের বিক্রয় মূল্য | ৩৫০ টাকা |
| বিজ্ঞাপন খরচ | ১৭,০০০ টাকা |
| তৈরি ব্যাগের সমাপনী মজুদ | ১১,০০০ টাকা |
| বিক্রয়কর্মীর কমিশন | ১৫,০০০ টাকা |
| অফিস ভাড়া | ১২,০০০ টাকা |

(ক) ফাহাদ এন্ড কোং এর মুখ্য ব্যয় নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে মুখ্য ব্যয় ১,৭৭,০০০ টাকা ধরে বিক্রীত ব্যায়ের ব্যয় নির্ণয় কর। ৪

(গ) ফাহাদ এন্ড কোং এর বিক্রীত ব্যায়ের ব্যয় ৩,৪৭,০০০ টাকা ধরে ব্যাগ প্রতি নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

[রা. বো. ২০২৪]

**১০নং প্রশ্নের সমাধান**

**ক** মুখ্য ব্যয় নির্ণয় :

| বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|
| চামড়া ক্রয় | ২৭,০০০ | |
| যোগ : চামড়ার পরিবহন খরচ | ৭,০০০ | |
| ব্যবহার উপযোগী কাঁচামাল | ৩৪,০০০ | |
| যোগ : শ্রমিকের মজুরি | ১৬,৫০০ | |
| মুখ্য ব্যয় | | ৫০,৫০০ |

**উত্তর :** মুখ্য ব্যয়ের পরিমাণ ৫০,৫০০ টাকা।

**খ**

**ফাহাদ এন্ড কোং**

উৎপাদিত পণ্যের ব্যয় বিবরণী

| ব্যয়ের উপাদান | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মুখ্য ব্যয় (প্রশ্নে প্রদত্ত) | | | ১,৭৭,০০০ |
| যোগ : কারখানা উপরিব্যয় (১৬,৫০০ × ৬০%) | | | ৯,৯০০ |
| উৎপাদন ব্যয় | | | ১,৮৬,৯০০ |
| বাদ : চলতি কার্যের সমাপনী মজুদ | | | (৩,০০০) |
| উৎপাদিত পণ্যের ব্যয় | | | ১,৮৩,৯০০ |

**ফাহাদ এন্ড কোং**

বিক্রীত পণ্যের ব্যয় বিবরণী

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| তৈরি ব্যাগের প্রারম্ভিক মজুদ | | ২০,৫০০ |
| যোগ : উৎপাদিত পণ্যের ব্যয় | | ১,৮৩,৯০০ |
| বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় | | ২,০৪,৪০০ |
| বাদ : তৈরি ব্যাগের সমাপনী মজুদ | | (১১,০০০) |
| বিক্রীত পণ্যের ব্যয় | | ১,৯৩,৪০০ |

**উত্তর :** বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ ১,৯৩,৪০০০ টাকা।

**গ**

**ফাহাদ এন্ড কোং**

বিশদ আয় বিবরণী

| ব্যয়ের উপাদান | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় (২,০০০ × ৩৫০) | | | ৭,০০,০০০ |
| বাদ : বিক্রীত পণ্যের ব্যয় (প্রশ্নে প্রদত্ত) | | | (৩,৪৭,০০০) |
| মোট মুনাফা | | | ৩,৫৩,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বিজ্ঞাপন খরচ | | ১৭,০০০ | |
| বিক্রয়কর্মীর কমিশন | | ১৫,০০০ | |
| অফিস ভাড়া | | ১২,০০০ | |
| | | | (৪৪,০০০) |
| নিট মুনাফা | | | ৩,০৯,০০০ |

∴ ব্যাগ প্রতি নিট মুনাফা = (৩,০৯,০০০ ÷ ২,০০০) = ১৫৪.৫০ টাকা।

**উত্তর :** প্রতিটি ব্যাগের নিট মুনাফা = ১৫৪.৫০ টাকা।

**প্রশ্ন ▸ ১১** মিসেস চম্পা মাসে ৪০,০০০ টাকা বেতনে একটি প্রতিষ্ঠানে চাকুরি করেন। এছাড়া তিনি বছরে ৫০,০০০ টাকা বোনাস পান। ২০২২ সালের ১ জানুয়ারি তার পারিবারিক অবস্থা নিম্নরূপ :

হাতে নগদ ২৩,০০০ টাকা, আসবাবপত্র ৩৮,০০০ টাকা, ব্যাংক ঋণ ৪০,০০০ টাকা, ১০% বিনিয়োগ ১,২৫,০০০ টাকা। সারা বছর তার পরিবারের অন্যান্য লেনদেন নিম্নরূপ : খাদ্য সামগ্রী ক্রয় ৪২,০০০ টাকা, বাড়িভাড়া ৬০,০০০ টাকা, বিদ্যুৎ বিল ৩২,০০০ টাকা, ফ্রিজ ক্রয় ৭৬,০০০ টাকা, ডিপোজিট পেনশন স্কীম ৭০,০০০ টাকা, ব্যাংক ঋণ পরিশোধ ১২,০০০ টাকা, ঋণের সুদ ৩,০০০ টাকা, বিনিয়োগের সুদ ১০,০০০ টাকা।

(ক) মিসেস চম্পার পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে মিসেস চম্পার সমাপনী হাতে নগদের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) উপর্যুক্ত তথ্য হতে মিসেস চম্পার পারিবারিক আয়ের উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় কর। ৪

[রা. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের সমাধান**

**ক** মিসেস চম্পার পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **প্রারম্ভিক সম্পদ :** | | |
| হাতে নগদ | ২৩,০০০ | |
| আসবাবপত্র | ৩৮,০০০ | |
| ১০% বিনিয়োগ | ১,২৫,০০০ | |
| | | ১,৮৬,০০০ |
| **বাদ : প্রারম্ভিক দায় :** | | |
| ব্যাংক ঋণ | | (৪০,০০০) |
| **পারিবারিক তহবিল** | | ১,৪৬,০০০ |

**উত্তর :** মিসেস চম্পার পারিবারিক তহবিল ১,৪৬,০০০ টাকা।

**খ**

**মিসেস চম্পা**
**প্রাপ্তি প্রদান হিসাব**
৩১ ডিসেম্বর ২০২২ তারিখে সমসাপ্ত বছরের জন্য

ডেবিট ক্রেডিট

| প্রাপ্ত | টাকা | প্রদান | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক হাতে নগদ | ২৩,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৪২,০০০ |
| বেতন (৪০,০০০ × ১২) | ৪,৮০,০০০ | বাড়িভাড়া | ৬০,০০০ |
| বোনাস | ৫০,০০০ | বিদ্যুৎ বিল | ৩২,০০০ |
| বিনিয়েঅগের সুদ | ১০,০০০ | ফ্রিজ ক্রয় | ৭৬,০০০ |
| | | ডিপোজিট পেনশন স্কীম | ৭০,০০০ |
| | | ব্যাংক ঋণ পরিশোধ | ১২,০০০ |
| | | ঋণের সুদ | ৩,০০০ |
| | | সমাপনী হাতে নগদ | ২,৬৮,০০০ |
| | ৫,৬৩,০০০ | | ৫,৬৩,০০০ |

**উত্তর :** মিসেস চম্পার সমাপনী হাতে নগদ ২,৬৮,০০০ টাকা।

**গ**

মিসেস চম্পা
আয়-ব্যয় বিবরণী
৩১ ডিসেম্বর ২০২২ তারিখের সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ :** | | | |
| বেতন | | ৪,৮০,০০০ | |
| বোনাস | | ৫০,০০০ | |
| বিনিয়োগের সুদ (১০,০০০ + ২,৫০০) | | ১২,৫০০ | |
| | | | ৫,৪২,৫০০ |
| **বাদ : ব্যয়সমূহ :** | | | |
| খাদ্যসামগ্রী ক্রয় | | ৪২,০০০ | |
| বাড়িভাড়া | | ৬০,০০০ | |
| বিদ্যুৎ বিল | | ৩২,০০০ | |
| ঋণের সুদ | | ৩,০০০ | |
| **মোট ব্যয়** | | | (১,৩৭,০০০) |
| **আয় উদ্বৃত্ত** | | | ৪,০৫,০০০ |

**উত্তর :** মিসেস চম্পার পারিবারিক আয়ের উদ্বৃত্ত ৪,০৫,৫০০ টাকা।

# কুমিল্লা বোর্ড-২০২৪

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড | 1 | 4 | 6 |

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **নিচের কোনটি চলতি দায়?**
K ব্যাংক ঋণ L বন্ধকী ঋণ
M অনুপার্জিত আয় N অনুত্তীর্ণ বিমা সেলামি

২. **কোনটি রেওয়ামিলের ডেবিট দিকে বসে?**
K উপভাড়া L বহিঃফেরত
M ব্যাংক জমার সুদ N প্রাপ্য কমিশন

৩. **একজন আইনজীবীর পরিবারের মুনাফা জাতীয় আয় কোনটি?**
K মক্কেলের মামলা পরিচালনার ফি
L পরিচিত মক্কেলের নিকট থেকে অগ্রিম গ্রহণ
M সহকর্মীর নিকট থেকে কর্জ গ্রহণ
N কৃষি জমি বিক্রয়

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ৪নং প্রশ্নের উত্তর দাও :**
বিন্দু ব্রাদার্সের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলে ইজারা সম্পত্তি (১-৭-২০২৩ হতে ১০ বছর) ৫৫,০০০ টাকা এবং ইজারা ভাড়া ১০,০০০ টাকা আছে।

৪. **উদ্দীপকের আলোকে মোট পরিচালন ব্যয় কত?**
K ২,৭৫০ টাকা L ৫,০০০ টাকা
M ১২,৭৫০ টাকা N ১৫,০০০ টাকা

৫. **খতিয়ানে নিচের কোন হিসাবটি ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে?**
K অগ্রিম বিমা সেলামি L পুঞ্জিভূত অবচয়
M ঋণের সুদ N ১০% বিনিয়োগ

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
বিথী ব্রাদার্সের হিসাবরক্ষক দেনাদার হিসাবে ৫৬,০০০ টাকার স্থলে ৬৫,০০০ টাকা এবং পাওনাদার হিসাবে ৭৮,০০০ টাকার স্থলে ৮৭,০০০ টাকা লিখে রেওয়ামিল প্রস্তুত করলেন।

৬. **উদ্দীপকে বর্ণিত হিসাবরক্ষক কোন ধরনের ভুল করেছেন?**
K নীতিগত ভুল L পরিপূরক ভুল M বেদাখিলার ভুল N লিখার ভুল

৭. **উপর্যুক্ত ভুলের কারণে–**
i. অনিশ্চিত হিসাব খুলতে হবে ii. রেওয়ামিল মিলে যাবে
iii. উভয় হিসাবে সমপরিমাণ বেশি লেখা হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৮. **একটি বিদ্যালয়ের হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
K পরিচালনা পর্ষদ L শিক্ষকবৃন্দ
M অভিভাবকবৃন্দ N শিক্ষার্থীবৃন্দ

৯. **খতিয়ান প্রস্তুতে 'C/F' দ্বারা কোনটি বোঝায়?**
K Credit Forward L Carrying Forward
M Copied Forward N Carried Forward

১০. **হিসাববিজ্ঞানের প্রথম উদ্দেশ্য কোনটি?**
K আর্থিক ফলাফল নির্ণয় L আর্থিক অবস্থা নিরূপণ
M কাঙ্খিত ফলাফল অর্জন N লেনদেন লিপিবদ্ধকরণ

১১. **দায় বলতে নিচের কোনটিকে বোঝায়?**
K সম্পদের উপর তৃতীয় পক্ষের দাবি L সম্পদের উপর মালিক পক্ষের দাবি
M মালিকানা স্বত্বের উপর পাওনাদারদের দাবি
N পাওনাদারদের উপর ব্যবসায়ের দাবি

১২. **জাবেদা সংরক্ষণের গুরুত্ব হলো–**
i. হিসাবের ভুলত্রুটি হ্রাস ii. লেনদেন সংক্রান্ত সন্দেহ দূরীকরণ
iii. হিসাবের মোট পরিমাণ জানা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
রিনা ট্রেডার্স ২০২৩ সালের ৫ জানুয়ারি শাওন ট্রেডার্সের নিকট ৫% বাট্টায় ১,০০,০০০ টাকার পণ্য বিক্রয়, নগদে ৪৫,০০০ টাকা পেল। ৩১ জানুয়ারি শাওন ট্রেডার্স ২৫,০০০ টাকার পণ্য ফেরত পাঠায়।

১৩. **মাস শেষে রিনা ট্রেডার্সের বিক্রয় হিসাবের জের কত?**
K ২৫,০০০ টাকা L ৪৫,০০০ টাকা
M ৫০,০০০ টাকা N ৯৫,০০০ টাকা

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
শুভ এন্টারপ্রাইজ প্রতিটি ১০,০০০ টাকা দরে ১০০টি পাম্প মেশিন ক্রয় করে তা আনার জন্য ২০,০০০ টাকা ট্রাকভাড়া প্রদান করে। প্রতিষ্ঠানটি মেশিনগুলো ১২,১০,০০০ টাকায় বিক্রয় করায় মোট ১,১০,০০০ টাকা মুনাফা অর্জন হলো।

১৪. **শুভ এন্টারপ্রাইজের মোট ক্রয় মূল্য কত?**
K ১০,০০,০০০ টাকা L ১০,২০,০০০ টাকা
M ১০,৮০,০০০ টাকা N ১১,০০,০০০ টাকা

১৫. **উদ্দীপকের আলোকে শুভ এন্টারপ্রাইজের–**
i. মোট ব্যয় ১১,১০,০০০ টাকা ii. মোট পরোক্ষ খরচ ৮০,০০০ টাকা
iii. মুনাফা মোট ব্যয়ের ১০%
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৬. **পারিবারিক তহবিল আর্থিক অবস্থার বিবরণীতে কী হিসেবে দেখানো হয়?**
K সম্পদ L ব্যয় M দায় N আয়

১৭. **নিচের কোনটি বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়?**
K আসবাবপত্রের পরিবহন খরচ L পণ্যের মান যাচাই খরচ
M যন্ত্রাংশ সংযোজন ব্যয় N মেশিন সংস্থাপন খরচ

১৮. **নিচের কোনটি বিক্রয় উপরি ব্যয়?**
K আইন খরচ L অফিস ভাড়া
M শো'রুম ভাড়া N মনিহারি ব্যয়

১৯. **মূলধন জাতীয় প্রাপ্তি কোনটি?**
K বাড়িভাড়া প্রাপ্তি L পুরাতন গাড়ি বিক্রয়
M শেয়ারে বিনিয়োগের লভ্যাংশ N সেবার বিনিময়ে কমিশন প্রাপ্তি

২০. **বিদ্যালয়ের শ্রেণিকক্ষে ব্যবহারের জন্য প্রজেক্টর ক্রয় ৪২,০০০ টাকা। লেনদেনটিতে জড়িত হিসাব কোনগুলো?**
K অফিস সরঞ্জাম ও নগদান L অফিস সরঞ্জাম ও মূলধন
M অফিস সাপ্লাইজ ও নগদান N আসবাবপত্র ও মূলধন

২১. **আসবাবপত্রের ব্যবহারজনিত মূল্যহ্রাসকে প্রাথমিকভাবে কোনটিতে লিপিবদ্ধ করা হয়?**
K ক্রয় জাবেদায় L নগদ প্রদান জাবেদায়
M সাধারণ খতিয়ানে N প্রকৃত জাবেদায়

২২. **নিচের কোনটি মালিকানা স্বত্বকে বৃদ্ধি করে?**
K উত্তোলনের সুদ L সাধারণ সঞ্চিতি
M জীবনবিমা প্রিমিয়াম N আয়কর

২৩. **নিচের কোনটি বহুঘর বিশিষ্ট বিবরণী?**
K বিশদ আয় বিবরণী L তিনঘরা নগদান বই
M কার্যপত্র N রেওয়ামিল

২৪. **রেওয়ামিল প্রস্তুতের ক্ষেত্রে নিচের কোনটিকে ব্যয় হিসাবে দেখানো হয়?**
K প্রারম্ভিক হাতে নগদ L প্রারম্ভিক মনিহারি মজুদ
M সমাপনী মনিহারি N সমাপনী ব্যাংক জমারিতরিক্ত

২৫. **ব্যবসায়ের প্রয়োজনে পণ্য ব্যবহার করা হলে কোন হিসাবটি ক্রেডিট করা হয়?**
K ক্রয় L মজুদ পণ্য
M মনিহারি N মূলধন

২৬. **নিচের কোনটির জন্য সুমি টেইলার্স-এর মালিকানা স্বত্ব বৃদ্ধি পাবে?**
K ব্যাংক ঋণ গ্রহণ L পুরাতন সেলাই মেশিন বিক্রয়
M শার্ট তৈরির অর্ডার প্রাপ্তি N পোশাক তৈরির মজুরি প্রাপ্তি

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
আলফা ট্রেডার্স ২০২৩ সালের ২০ জানুয়ারি ডেল্টা ব্রাদার্সের পাঠানো ১৮,০০০ টাকার ডেবিট নোট পেয়ে তা হিসাবভুক্ত করার পর ডেল্টা ব্রাদার্সের দায়ের পরিমাণ হলো ৪৮,০০০ টাকা।

২৭. **উদ্দীপক অনুযায়ী জানুয়অরি ২০ তারিখে আফলা ট্রেডার্সের লেনদেন কোনটি?**
K ধারে বিক্রয় L ক্রয় ফেরত M আন্ত:ফেরত N বাকিতে ক্রয়

২৮. **লেনদেনটির ফলে ডেল্টা ব্রাদার্সের হিসাব সমীকরণে–**
i. E বৃদ্ধি পাবে ১৮,০০০ টাকা ii. L হ্রাস পাবে ১৮,০০০ টাকা
iii. A বৃদ্ধি পাবে ৩০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৯. **নিচের কোন উক্তিটি সঠিক?**
K নগদ বাট্টার ডেবিট ব্যালেন্স হয়
L কারবারি বাট্টা শুধু জাবেদায় লেখা হয়
M প্রদত্ত বাট্টা নগদ প্রদান জাবেদায় লেখা হয়
N প্রদত্ত বাট্টা নগদান বইয়ের ডেবিটে লেখা হয়

৩০. **নিচের কোনটি নগদ প্রদান জাবেদার লেখা হয়?**
K ব্যাংক সুদ L ব্যাংক চার্জ
M ব্যাংকে জমাদান N ব্যাংক হতে উত্তোলন

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# কুমিল্লা বোর্ড-২০২৪

## হিসাববিজ্ঞান (সৃজনশীল)

বিষয় কোড : | 1 | 4 | 6 |

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে দু'টি এবং খ বিভাগ থেকে **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১। শাপলা এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

রেওয়ামিল
৩১ শে ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ১৩,০০০ | ১,৮৫,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৭০,০০০ | ৩,৯০,০০০ |
| আন্তঃপরিবহন | ১৫,০০০ | |
| বিক্রয় পরিবহন | ২৩,০০০ | |
| বেতন ও সম্মানী | ৮২,০০০ | |
| বিজ্ঞাপন | ৬০,০০০ | |
| কুঋণ সঞ্চিতি | | ৩,৫০০ |
| প্রাপ্য হিসাব | ১,৬৫,০০০ | |
| কমিশন | ১৭,০০০ | ১১,৫০০ |
| মোট | ৫,৯০,০০০ | ৫,৯০,০০০ |

**অন্যান্য তথ্য :**
(১) সমাপনী মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়েছে ৬৫,০০০ টাকা।
(২) মালিক পারিবারিক প্রয়োজনে ৮,০০০ টাকার পণ্য উত্তোলন করেছে যা হিসাবভুক্ত হয়নি।
(৩) সম্ভাব্য ক্রেতাদের মাঝে ৫,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করা হয়েছে যা হিসাবভুক্ত হয়নি।
(৪) কুঋণের জন্য ৫% সঞ্চিতি রাখা প্রয়োজন।
(৫) বিক্রয় ফেরত ১০,০০০ টাকা হিসাবভুক্ত করা প্রয়োজন।

**করণীয়:**
(ক) উপর্যুক্ত তথ্য হতে মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) শাপলা এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের মোট মুনাফা বা ক্ষতি নির্ণয় করো। ৪
(গ) মোট মুনাফা ২,০২,০০০ টাকা ধরে শাপলা এন্টারপ্রাইজের বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। ৪

২। স্নিগ্ধা ট্রেডার্সের ২০২৩ সালের ৩০ জুন তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

**রেওয়ামিল**
৩০ শে জুন, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ২,২০,০০০ |
| নগদ তহবিল ও সঞ্চিতি তহবিল | ৫৫,৫০০ | ৬০,০০০ |
| অফিস সরঞ্জাম | ২,০০,০০০ | |
| আয়কর | ১৭,০০০ | |
| সরঞ্জাম বিক্রয়জনিত ক্ষতি | ১৪,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় (সরঞ্জাম) | | ১৫,০০০ |
| প্রাথমিক খরচ | ৪১,০০০ | |
| উত্তোলন | ১২,৫০০ | |
| প্রদেয় হিসাব | | ৪৫,০০০ |
| | ৩,৪০,০০০ | ৩,৪০,০০০ |

**অন্যান্য তথ্যাদি :**
(১) মালিক ১৫,০০০ টাকা অতিরিক্ত মূলধন বিনিয়োগ করেন যা হিসাবভুক্ত হয়নি।
(২) ক্যাশবাক্স হতে ১,০০০ টাকার ১টি নোট বিনষ্ট হয়েছে যা সমন্বয় করতে হবে।
(৩) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্যে ৩৪,০০০ টাকা।

**করণীয় :**
(ক) উপর্যুক্ত তথ্য হতে অন্যান্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) নিট মুনাফা ১,১২,৫০০ টাকা ধরে মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী প্রস্তুত করো। ৪
(গ) সমাপনী মালিকানা স্বত্বের পরিমাণ ২,৮৪,৫০০ টাকা ধরে স্নিগ্ধা ট্রেডার্সের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

### খ বিভাগ

৩। সবুজ ট্রেডার্স একটি কাঠ ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান। ২০২৩ সালের জুলাই মাসে প্রতিষ্ঠানটির কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জুলাই | ৩ | ব্যবসায়ে মূলধন বিনিয়োগ করা হলো ২,৬০,০০০ টাকা। |
| " | ৫ | মতি ট্রেডার্স হতে কাঠ ক্রয় ৮০,০০০ টাকা। |
| " | ৮ | রাতুল ব্রাদার্সের নিকট প্রতি ঘনফুট কাঠ ২,০০০ টাকা দরে ২০০ ঘনফুট কাঠ বিক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং ৩৩৫। |
| " | ১৫ | রাতুল ব্রাদার্স হতে চেক প্রাপ্তি ২,৮০,০০০ টাকা। |
| " | ২৫ | ব্যাংক চার্জ ধার্য করলো ২,০০০ টাকা। |

**করণীয় :**
(ক) উপর্যুক্ত তথ্য হতে মাস শেষে দেনাদারের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) জুলাই-৮ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুত করো। ৪
(গ) উপর্যুক্ত জুলাই ৩, ৫, ১৫ ও ২৫ তারিখের লেনদেন দ্বারা হিসাবসমীকরণে প্রভাব দেখাও। ৪

৪। ক্ষুদ্র ব্যবসায়ী জনাব আশিক তার ব্যবসায়ের হিসাব একতরফা দাখিলা পদ্ধতিতে সংরক্ষণ করেন। ২০২৩ সালের ১ জানুয়ারি তার ব্যবসায়ের মূলধন ছিলো ২,৭০,০০০ টাকা এবং ঋণ ছিলো ৬০,০০০ টাকা। সারাবছর ধরে তিনি ব্যবসায় হতে প্রতিমাসে ৫,০০০ টাকা করে উত্তোলন করেন। বছরের মাঝামাঝি ব্যবসায়ে ৪০,০০০ টাকা অতিরিক্ত বিনিয়োগ করেন। ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে তার ব্যবসায়ের সম্পদ ও দায়সমূহ নিম্নরূপ :
নগদ তহবিল ২৮,০০০ টাকা, আসবাবপত্র ৯০,০০০ টাকা, মজুদপণ্য ১,২৫,০০০ টাকা, ঋণ ৬০,০০০ টাকা, ঋণের বকেয়া সুদ ৬,০০০ টাকা, দেনাদার ১,৩০,০০০ টাকা এবং ব্যাংক উদ্বৃত্ত ৬৫,০০০ টাকা।

**করণীয় :**
(ক) উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) জনাব আশিকের ব্যবসায়ের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) সমাপনী মূলধন ২,৪২,০০০ টাকা ধরে লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

৫। সুরমা ট্রেডার্সের জুন, ২০২৩ সালের কতিপয় লেনদেন নিম্নরূপ :

২০২৩

| | | |
|---|---|---|
| জুন | ১ | ব্যবসায়ে মূলধন বিনিয়োগ ১,৩০,০০০ টাকা। |
| " | ৫ | ধারে পণ্য ক্রয় ৮০,০০০ টাকা। |
| " | ৮ | পরিবহন ব্যয় ৫,০০০ টাকা। |
| " | ১০ | ব্যবসায়ের প্রয়োজনে ঋণ গ্রহণ ৭০,০০০ টাকা। |
| " | ১২ | পণ্য বিক্রয় ৬০,০০০ টাকা। |
| " | ১৫ | দোকান ভাড়া পরিশোধ ৪,০০০ টাকা। |
| " | ১৮ | বিনিয়োগের সুদ প্রাপ্তি ৮,০০০ টাকা। |
| " | ২০ | বাট্টা প্রাপ্তি ২,০০০ টাকা। |
| " | ২৫ | বিদ্যুৎ বিল পরিশোধ ২,৫০০ টাকা। |
| " | ৩০ | শিক্ষানবিশ সেলামি ৭,০০০ টাকা। |

**করণীয় :**
(ক) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ২
(খ) সুরমা ট্রেডার্সের জুন মাসের মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) উক্ত ব্যবসায়ের মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

৬। আমিন ট্রেডার্সের ২০২৩ সালের নভেম্বর মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| নভেম্বর, | ১ | নগদ ১,২০,০০০ টাকা, ৮০,০০০ টাকার পণ্য দ্রব্য এবং ২০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করা হলো। |
| ” | ১০ | রাহা এন্ড সন্সের নিকট হতে প্রতি বস্তা ৩,২০০ টাকা দরে ৫০ বস্তা চাল ক্রয়। কারবারী বাট্টা ৫%। চালান নং ১১২, ভ্যান ভাড়া ৮০০ টাকা। |
| ” | ২০ | শোভা ট্রেডার্সের নিকট থেকে ৫০০ কেজি চিনি ক্রয়, প্রতি কেজি ১২০ টাকা দরে। চালান নং ১১৫। কারবারি বাট্টা ১০%। |

**করণীয় :**

(ক) আমিন ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) উপর্যুক্ত লেনদেন অবলম্বনে আমিন ট্রেডার্সের ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

(গ) ক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন অবলম্বনে সাধারণ খতিয়ান প্রস্তুত করো। ৪

৭। জনাব রাতুল ১ মার্চ ২০২৩ তারিখে নগদ ৩,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| মার্চ | ২ | কামালের নিকট হতে ৫% বাট্টায় ১,৫০,০০০ টাকার পণ্য ক্রয়। |
| ” | ৫ | মালিক কর্তৃক পণ্য উত্তোলন ১৫,০০০ টাকা। |
| ” | ২৫ | কামালের পাওনা বাবদ নগদ প্রদান ৫০,০০০ টাকা। |
| ” | ৩০ | আয়কর প্রদান ৬,০০০ টাকা। |

**করণীয় :**

(ক) উপর্যুক্ত তথ্য হতে নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) মার্চ ২, ৫, ২৫ ও ৩০ তারিখের লেনদেনসমূহ সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো। ৪

(গ) উদ্দীপকের আলোকে নগদান হিসাব ও পাওনাদার হিসাব প্রস্তুত করো। ৪

৮। সোনালী এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের কতিপয় হিসাবের উদ্বৃত্ত নিম্নরূপ :

মূলধন ২,২৫,০০০ টাকা, ক্রয় ১,৬৫,০০০ টাকা, বিক্রয় ৩,৩০,০০০ টাকা, প্রাপ্যবিল ২২,০০০ টাকা, ডাক ও তার ৩,৮০০ টাকা, মনিহারি ১০,০০০ টাকা, ইজারা সম্পত্তি (১০ বছর) ২,০০,০০০ টাকা, অগ্রিম ভাড়া ১৬,০০০ টাকা, বহিঃফেরত ৬,৫০০ টাকা, বিনিয়োগের অনাদায়ী সুদ ৮,৮০০ টাকা, অফিস সরঞ্জাম ১,০০,০০০ টাকা, আন্তঃফেরত ৭,৮০০ টাকা, প্রাপ্য কমিশন ৬,২০০ টাকা, অগ্রিম উপভাড়া ১১,০০০ টাকা, প্রদেয় মজুরি ৩,৬০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৩৫,০০০ টাকা, ব্যাংক জমার উদ্বৃত্ত ৩৬,৫০০ টাকা।

করণীয় :

(ক) উপর্যুক্ত তথ্য হতে নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) সোনালী এন্টারপ্রাইজের ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখের রেওয়ামিল প্রস্তুত করো। ৪

(গ) উপর্যুক্ত তথ্য হতে মোট চলতি সম্পদ ও মোট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

৯। অপূর্ব ট্রেডার্সের ২০২৩ সালের মার্চ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | হাতে নগদ ৪০,০০০ টাকা ও ব্যাংক জমা ১,২০,০০০ টাকা। |
| ” | ৪ | অতিরিক্ত মূলধন আনা হলো ৬০,০০০ টাকা। |
| ” | ৭ | অগ্রিম বেতন প্রদান ১৮,০০০ টাকা। |
| ” | ১০ | মিতু ট্রেডার্স হতে ৩২,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৩০,৫০০ টাকা প্রাপ্তি। |
| ” | ১১ | জীবন বিমা প্রিমিয়াম প্রদান ৮,০০০ টাকা। |
| ” | ১৫ | রাজু ব্রাদার্সের পাওনা ২৮,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ২৬,০০০ টাকার চেক ইস্যু। |
| ” | ১৮ | ব্যাংক হতে উত্তোলন ১৫,০০০ টাকা। |
| ” | ২২ | সেতু ট্রেডার্সের নিকট নগদে পণ্য বিক্রয় ৮০,০০০ টাকা। |
| ” | ২৫ | নগদে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা এবং বাট্টা প্রাপ্তি ৫%। |
| ” | ২৯ | ব্যাংক সুদ মঞ্জুর করলো ৭০০ টাকা। |

করণীয় :

(ক) নগদ প্রাপ্তি প্রদান জাবেদায় আসবে না এমন লেনদেনের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) উপর্যুক্ত তথ্য হতে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো। ৪

(গ) অপূর্ব ট্রেডার্সের নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো। ৪

১০। লাবণ্য ফ্যাশনের ২০২৩ সালের পোশাক তৈরি ও বিক্রয় সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

| | |
|---|---|
| মোট বিক্রয় | ১৬,৫০,০০০ টাকা |
| বিজ্ঞাপন খরচ | ৩৫,০০০ টাকা |
| অফিস ভাড়া | ১,১৫,০০০ টাকা |
| কারখানা ভাড়া | ৮৮,০০০ টাকা |
| শ্রমিকের মজুরি | ২,৮০,০০০ টাকা |
| কাপড় ক্রয় | ৩,৮৫,০০০ টাকা |
| কারখানার ম্যানেজারের বেতন | ১,১০,০০০ টাকা |
| পরিচালকের সম্মানী | ১,৮৫,০০০ টাকা |
| শো'রুম ভাড়া | ৫২,০০০ টাকা |
| চলতি কার্য (১-১-২০২৩) | ৭০,০০০ টাকা |
| চলতি কার্য (৩১-১২-২০২৩) | ১,২০,০০০ টাকা |
| কাপড়ের মজুদ (৩১-১২-২০২৩) | ২৫,০০০ টাকা |

**করণীয় :**

(ক) উপর্যুক্ত তথ্য হতে ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় করো। ২

(খ) মুখ্য ব্যয় ৬,৪০,০০০ টাকা ধরে উৎপাদিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

(গ) বিক্রীত পণ্যের ব্যয় ৮,৪০,০০০ টাকা ধরে লাবণ্য ফ্যাশনের নিট মুনাফা বা নিট ক্ষতি নির্ণয় করো। ৪

১১। জনাব আশিক মাসে ৪০,০০০ টাকা বেতনে চাকরি করেন এবং তিনি পরিবারের সকল আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করেন।

২০২৩ সালের ১ জানুয়ারি তার পরিবারের নগদ তহবিল ছিলো ২৫,০০০ টাকা, সরঞ্জাম ২,০০,০০০ টাকা এবং ঋণ ছিলো ৫০,০০০ টাকা। উক্ত বছরে তার পরিবারের অন্যান্য লেনদেন নিম্নরূপ :

| | |
|---|---|
| বাড়িভাড়া প্রদান | ১,৮০,০০০ টাকা |
| খাদ্য সামগ্রী ক্রয় | ৬৫,০০০ টাকা |
| নতুন মোবাইল ক্রয় | ১২,০০০ টাকা |
| কৃষি ফসল বিক্রয় | ৭০,০০০ টাকা |
| কাপড়-চোপড় ক্রয় | ১৮,৬০০ টাকা |
| ঋণ পরিশোধ | ৩০,০০০ টাকা |
| ঔষুধ ও ডাক্তারের ফি | ৩৮,০০০ টাকা |
| ঋণের সুদ | ৩,৫০০ টাকা |

বছর শেষে ২,৫০০ টাকার খাদ্য মজুদ আছে এবং এক মাসের বেতন অনাদায়ী আছে।

করণীয় :

(ক) উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক পারিবারিক তহবিল নির্ণয় করো। ২

(খ) জনাব আশিকের পরিবারের সমাপনী হাতে নগদের পরিমাণ নির্ণয় করো। ৪

(গ) বছর শেষে জনাব আশিকের পারিবারিক আয়-ব্যয় বিবরণীয় প্রস্তুত করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | ক | ৪ | গ | ৫ | খ | ৬ | খ | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ | ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | গ |

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** শাপলা এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

**রেওয়ামিল**

৩১ শে ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ১৩,০০০ | ১,৮৫,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৭০,০০০ | ৩,৯০,০০০ |
| আন্তঃপরিবহন | ১৫,০০০ | |
| বিক্রয় পরিবহন | ২৩,০০০ | |
| বেতন ও সম্মানী | ৮২,০০০ | |
| বিজ্ঞাপন | ৬০,০০০ | |
| কুঋণ সঞ্চিতি | | ৩,৫০০ |
| প্রাপ্য হিসাব | ১,৬৫,০০০ | |
| কমিশন | ১৭,০০০ | ১১,৫০০ |
| মোট | ৫,৯০,০০০ | ৫,৯০,০০০ |

**অন্যান্য তথ্য :**

(১) সমাপনী মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়েছে ৬৫,০০০ টাকা।
(২) মালিক পারিবারিক প্রয়োজনে ৮,০০০ টাকার পণ্য উত্তোলন করেছে যা হিসাবভুক্ত হয়নি।
(৩) সম্ভাব্য ক্রেতাদের মাঝে ৫,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করা হয়েছে যা হিসাবভুক্ত হয়নি।
(৪) কুঋণের জন্য ৫% সঞ্চিতি রাখা প্রয়োজন।
(৫) বিক্রয় ফেরত ১০,০০০ টাকা হিসাবভুক্ত করা প্রয়োজন।

**করণীয়:**

(ক) উপর্যুক্ত তথ্য হতে মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) শাপলা এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের মোট মুনাফা বা ক্ষতি নির্ণয় করো। ৪
(গ) মোট মুনাফা ২,০২,০০০ টাকা ধরে শাপলা এন্টারপ্রাইজের বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। ৪

[কু. বো. ২০২৪]

**১নং প্রশ্নের সমাধান**

**ক** মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| উত্তোলন | ১৩,০০০ | |
| যোগ : মালিক পারিবারিক প্রয়োজনে পণ্য উত্তোলন | ৮,০০০ | |
| **মোট উত্তোলন** | | ২১,০০০ |

**উত্তর :** মোট উত্তোলনের পরিমাণ ২,১০০ টাকা।

**খ**

**শাপলা এন্টারপ্রাইজের**

**বিশদ আয় বিবরণী (আংশিক)**

২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ৩,৯০,০০০ | |
| বাদ : বিক্রয় ফেরত | | (১০,০০০) | |
| **বাদ : বিক্রিত পণ্যের ব্যয় :** | | | ৩,৮০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ৪৫,০০০ | |
| ক্রয় | ১,৭০,০০০ | | |
| বাদ : পণ্য উত্তোলন | (৮,০০০) | | |
| | ১,৬২,০০০ | | |
| বাদ : পণ্য বিতরণ | (৫,০০০) | | |
| | | ১,৫৭,০০০ | |
| আন্ত : পরিবহন | | ১৫,০০০ | |
| | | ২,১৭,০০০ | |
| বাদ : সমপনী মজুদ পণ্য | | (৬৫,০০০) | |
| | | | ১,৫২,০০০ |
| **মোট মুনাফা** | | | ২,২৮,০০০ |

**উত্তর :** মোট মুনাফা ২,২৮,০০০ টাকা।

**গ**

**শাপলা এন্টারপ্রাইজের**

বিশদ আয় বিবরণী

২০২৩ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ২,০২,০০০ |
| **বাদ : পরিচলন ব্যয় :** | | | |
| বিক্রয় পরিবহন | | ২৩,০০০ | |
| প্রদত্ত কমিশন | | ১৭,০০০ | |
| বেতন ও সম্মানী | | ৮২,০০০ | |
| বিজ্ঞাপন | ৬০,০০০ | | |
| যোগ : পণ্য বিতরণ | ৫,০০০ | ৬৫,০০০ | |
| সমাপনী কু'ঋণ সঞ্চিতি {(১৬,৫০০ – ১০,০০০) × ৫%} | ৭,৭৫০ | | |
| বাদ : প্রারম্ভিক কুঋণ সঞ্চিতি | (৩,৫০০) | | |
| | | ৪,২৫০ | |
| **পরিচালন মুনাফা** | | | ১,৯১,২৫০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | ১০,৭৫০ |
| প্রাপ্ত কমিশন | | | ১১,৫০০ |
| **নিট মুনাফা** | | | ২২,২৫০ |

**উত্তর :** নিট মুনাফা ২২,২৫০ টাকা।

**প্রশ্ন ▶ ০২** স্নিগ্ধা ট্রেডার্সের ২০২৩ সালের ৩০ জুন তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

**রেওয়ামিল**

৩০ শে জুন, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ২,২০,০০০ |
| নগদ তহবিল ও সঞ্চিতি তহবিল | ৫৫,৫০০ | ৬০,০০০ |
| অফিস সরঞ্জাম | ২,০০,০০০ | |
| আয়কর | ১৭,০০০ | |
| সরঞ্জাম বিক্রয়জনিত ক্ষতি | ১৪,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় (সরঞ্জাম) | | ১৫,০০০ |
| প্রাথমিক খরচ | ৪১,০০০ | |
| উত্তোলন | ১২,৫০০ | |
| প্রদেয় হিসাব | | ৪৫,০০০ |
| | ৩,৪০,০০০ | ৩,৪০,০০০ |

**অন্যান্য তথ্যাদি :**

(১) মালিক ১৫,০০০ টাকা অতিরিক্ত মূলধন বিনিয়োগ করেন যা হিসাবভুক্ত হয়নি।
(২) ক্যাশবাক্স হতে ১,০০০ টাকার ১টি নোট বিনস্ট হয়েছে যা সমন্বয় করতে হবে।
(৩) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্যে ৩৪,০০০ টাকা।

**করণীয় :**

(ক) উপর্যুক্ত তথ্য হতে অন্যান্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) নিট মুনাফা ১,১২,৫০০ টাকা ধরে মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী প্রস্তুত করো। ৪
(গ) সমাপনী মালিকানা স্বত্বের পরিমাণ ২,৮৪,৫০০ টাকা ধরে স্নিগ্ধা ট্রেডার্সের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

[কু. বো. ২০২৪]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** উপযুক্ত তথ্য হতে অন্যান্য ব্যয় নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| সরঞ্জাম বিক্রয় জনিত ক্ষতি | ১৪,০০০ | |
| ক্যাশবক্স হতে চুরি | ১,০০০ | |
| মোট অন্যান্য ব্যয় | | ১৫,০০০ |

**উত্তর :** অন্যান্য ব্যয়ের পরিমাণ ১৫,০০০ টাকা।

**খ**

**স্নিগ্ধা টেড্রাস**

**মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী**

২০২৩ সালের ৩০ শে জুন সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মূলধন | | ২,২০,০০০ | |
| (+) অতিরিক্ত মূলধন | | ১৫,০০০ | |
| যোগ : নিট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | ১,১২,৫০০ | |
| | | | ৩,৪৭,৫০০ |
| বাদ : উত্তোলন | | ১২,৫০০ | |
| আয়কর | | ১৭,০০০ | |
| | | | (২৯,৫০০) |
| | | | ৩,১৮,০০০ |
| যোগ : সঞ্চিতি তহবিল | | | ৬০,০০০ |
| সমপনী মালিকানা স্বত্ত্ব | | | ৩,৭৮,০০০ |

**উত্তর :** সমপনী মালিকানাস্বত্ত্ব ৩,৭৮,০০০ টাকা।

**গ**

**স্নিগ্ধা ট্রেডার্সের**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩০ জুন ২০২৩ সালের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| অফিস সরঞ্জাম | ২,০০,০০০ | | |
| (–) পুঞ্জীভূত অবচয় | (১৫,০০০) | ১,৮৫,০০০ | |
| **চলতি সম্পদ :** | | | |
| নগদ তহবিল | ৫৫,৫০০ | | |
| (+) অতি : মূলধন | ১৫,০০০ | | |
| যোগ : পণ্য বিতরণ | ৭০,৫০০ | | |
| (–) বিবিধ ক্ষতি (ক্যাশ বাক্সে হতে চুরি) | (১০০০) | | |
| | | ৬৯,৫০০ | |
| সমাপনী মজুদ | | ৩৪,০০০ | |
| | | | ১,০৩,৫০০ |
| **অলীক সম্পদ :** | | | |
| প্রাথমিক খরচ | | | ৪১,০০০ |
| | | | ৩,২৯,৫০০ |
| **মালিকানা স্বত্ত ও দায় :** | | | |
| সমাপনী মালিকানা স্বত্ব | | ২,৮৪,৫০০ | |
| **স্বল্পমেয়াদি দায় :** | | | |
| প্রদেয় হিসাব | | ৪৫,০০০ | |
| **মোট দায় ও মালিকানা স্বত্ব** | | | ৩,২৯,৫০০ |

**উত্তর :** আর্থিক অবস্থার যোগফল ৩,২৯,৫০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৩** সবুজ ট্রেডার্স একটি কাঠ ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান। ২০২৩ সালের জুলাই মাসে প্রতিষ্ঠানটির কতিপয় লেনদেন নিম্নরূপ :

জুলাই ৩ ব্যবসায়ে মূলধন বিনিয়োগ করা হলো ২,৬০,০০০ টাকা।
" ৫ মতি ট্রেডার্স হতে কাঠ ক্রয় ৮০,০০০ টাকা।
" ৮ রাতুল ব্রাদার্সের নিকট প্রতি ঘনফুট কাঠ ২,০০০ টাকা দরে ২০০ ঘনফুট কাঠ বিক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং ৩৩৫।
" ১৫ রাতুল ব্রাদার্স হতে চেক প্রাপ্তি ২,৮০,০০০ টাকা।
" ২৫ ব্যাংক চার্জ ধার্য করলো ২,০০০ টাকা।

**করণীয় :**

(ক) উপর্যুক্ত তথ্য হতে মাস শেষে দেনাদারের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) জুলাই-৮ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুত করো। ৪
(গ) উপর্যুক্ত জুলাই ৩, ৫, ১৫ ও ২৫ তারিখের লেনদেন দ্বারা হিসাবসমীকরণে প্রভাব দেখাও। ৪

[কু. বো. ২০২৪]

**৩নং প্রশ্নের সমাধান**

**ক** দেনাদারের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| **২০২৩** | | | |
| জুলাই-৮ | রাতুল ব্রাদার্সের কাছে ধারে বিক্রয় (২,০০০ × ২০০) | ৪,০০,০০০ | |
| | বাদ : কারবারি বাট্টা ৫% | (২০,০০০) | |
| | | | ৩,৮০,০০০ |
| " ১৫ | বাদ : রাতুল ব্রাদার্স হতে চেক প্রাপ্তি | | (২,৮০,০০০) |
| | মোট দেনাদারের পরিমাণ | | ১,০০,০০০ |

**উত্তর :** মাস শেষে দেনাদারের পরিমাণ ১,০০,০০০ টাকা।

**খ** জুলাই ৮ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুত করা হলো :

চালান নম্বর : ৩৩৫ **সবুজ ট্রেডার্স** তারিখ : ৮ জুলাই, ২০২৩

ক্রেতার নাম : রাতুল ব্রাদার্স **চালান**

ঠিকানা : ....................

| ক্রমিক নং | মালের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | রাতুল ব্রাদার্সের নিকট কাঠ বিক্রয় | ২,০০০ | ২০০ | ৪,০০,০০০ |
| | বাদ: কারবারি বাট্টা (৫%) | | | (২০,০০০) |
| | | | | ৩,৮০,০০০ |

টাকা (কথায়) : তিন লক্ষ আশি হাজার মাত্র।

বিক্রয় শর্ত :

**বি: দ্র:** ভুল-ত্রুটি সংশোধনযোগ্য। বিক্রেতার স্বাক্ষর

**উত্তর :** চালানে টাকার পরিমাণ ৩, ৮০,০০০ টাকা।

**গ** জুলাই ৩, ৫, ১৫ ও ২৫ তারিখের লেনদেন দ্বারা হিসাব সমীকরণে প্রভাব দেখানো হলো :

**সবুজ ট্রেডার্স**

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | | = | দায় (L) | + | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | ব্যাংক | দেনাদার | = | পাওনাদার | | | |
| ২০২৩ জুলাই-৩ | | ২,৬০,০০০ | | | = | | + | ২,৬০,০০০ | মূলধন আনয়ন |
| ” ০৫ | উদ্বৃত্ত | ২,৬০,০০০ | | | = | | + | ২,৬০,০০০ | |
| | | | | | = | ৮০,০০০ | | (৮০,০০০) | ক্রয় ব্যয় |
| ” ১৫ | উদ্বৃত্ত | ২,৬০,০০০ | | | = | ৮০,০০০ | + | ১,৮০,০০০ | |
| | | | ২,৮০,০০০ | (২,৮০,০০০) | = | | | | |
| ” ২৫ | উদ্বৃত্ত | ২,৬০,০০০ | ২,৮০,০০০ | (২,৮০,০০০) | = | ৮০,০০০ | | ১,৮০,০০০ | |
| | | | (২,০০০) | | = | | + | (২,০০০) | ব্যাংক চার্জ |
| | উদ্বৃত্ত | ২,৬০,০০০ | ২,৭৮,০০০ | (২,৮০,০০০) | = | ৮০,০০০ | + | ১,৭৮,০০০ | |
| | মোট | | ২,৫৮,০০০ | | = | ২,৫৮,০০০ | | | |

**উত্তর :** হিসাব সমীকরণের যোগফল ২,৫৮,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৪** ক্ষুদ্র ব্যবসায়ী জনাব আশিক তার ব্যবসায়ের হিসাব একতরফা দাখিলা পদ্ধতিতে সংরক্ষণ করেন। ২০২৩ সালের ১ জানুয়ারি তার ব্যবসায়ের মূলধন ছিলো ২,৭০,০০০ টাকা এবং ঋণ ছিলো ৬০,০০০ টাকা। সারাবছর ধরে তিনি ব্যবসায় হতে প্রতিমাসে ৫,০০০ টাকা করে উত্তোলন করেন। বছরের মাঝামাঝি ব্যবসায়ে ৪০,০০০ টাকা অতিরিক্ত বিনিয়োগ করেন। ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে তার ব্যবসায়ের সম্পদ ও দায়সমূহ নিম্নরূপ :

নগদ তহবিল ২৮,০০০ টাকা, আসবাবপত্র ৯০,০০০ টাকা, মজুদপণ্য ১,২৫,০০০ টাকা, ঋণ ৬০,০০০ টাকা, ঋণের বকেয়া সুদ ৬,০০০ টাকা, দেনাদার ১,৩০,০০০ টাকা এবং ব্যাংক উদ্বৃত্ত ৬৫,০০০ টাকা।

**করণীয় :**

(ক) উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) জনাব আশিকের ব্যবসায়ের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

(গ) সমাপনী মূলধন ২,৪২,০০০ টাকা ধরে লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

[কু. বো. ২০২৪]

## ৪নং প্রশ্নের সমাধান

**ক** প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| **২০২৩** জুন-১ | প্রারম্ভিক সম্পদ = (প্রারম্ভিক মূলধন + প্রারম্ভিক দায়) | | |
| | ব্যবসায়ের মূলধন | ২,৭০,০০০ | |
| | যোগ : ঋণ | ৬০,০০০ | |
| | **প্রারম্ভিক সম্পদ** | | ৩,৩০,০০০ |

**উত্তর :** প্রারম্ভিক সম্পদের পরিমাণ ৩,৩০,০০০ টাকা।

**খ** সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সমাপনী সম্পদ :** | | |
| নগদ তহবিল | ২৮,০০০ | |
| আসবাবপত্র | ৯০,০০০ | |
| মজুদ পণ্য | ১,২৫,০০০ | |
| দেনাদার | ১,৩০,০০০ | |
| ব্যাংক উদ্বৃত্ত | ৬৫,০০০ | |
| **সমাপনী সম্পদ** | | ৪,৩৮,০০০ |
| **বাদ: সমাপনী দায় :** | | |
| ঋণ | ৬০,০০০ | |
| ঋণের বকেয়া সুদ | ৬,০০০ | |
| | | (৬৬,০০০) |
| **মোট সমাপনী মূলধন** | | ৩,৭২,০০০ |

**উত্তর :** সমাপনী মূলধনের পরিমাণ ৩,৭২,০০০ টাকা।

**গ** আমরা জানি,

লাভ/ক্ষতি = {(সমাপনী মূলধন + উত্তোলন) – (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)}

= {(২,৪২,০০০ + (৫,০০০ × ১২)} – {(২,৭০,০০০ + ৪০,০০০)}

= (২,৪২,০০০ + ৬০,০০০) – ৩,১০,০০০

= ৩,০২,০০০ – ৩,১০,০০০

= (৮,০০০)

∴ ক্ষতি = ৮,০০০ টাকা

**উত্তর :** ক্ষতি = ৮,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৫** সুরমা ট্রেডার্সের জুন, ২০২৩ সালের কতিপয় লেনদেন নিম্নরূপ :

২০২৩

| | | |
|---|---|---|
| জুন | ১ | ব্যবসায়ে মূলধন বিনিয়োগ ১,৩০,০০০ টাকা। |
| ” | ৫ | ধারে পণ্য ক্রয় ৮০,০০০ টাকা। |
| ” | ৮ | পরিবহন ব্যয় ৫,০০০ টাকা। |
| ” | ১০ | ব্যবসায়ের প্রয়োজনে ঋণ গ্রহণ ৭০,০০০ টাকা। |
| ” | ১২ | পণ্য বিক্রয় ৬০,০০০ টাকা। |
| ” | ১৫ | দোকান ভাড়া পরিশোধ ৪,০০০ টাকা। |
| ” | ১৮ | বিনিয়োগের সুদ প্রাপ্তি ৮,০০০ টাকা। |
| ” | ২০ | বাট্টা প্রাপ্তি ২,০০০ টাকা। |
| ” | ২৫ | বিদ্যুৎ বিল পরিশোধ ২,৫০০ টাকা। |
| ” | ৩০ | শিক্ষানবিশ সেলামি ৭,০০০ টাকা। |

**করণীয় :**

(ক) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ২
(খ) সুরমা ট্রেডার্সের জুন মাসের মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) উক্ত ব্যবসায়ের মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

[কু. বো. ২০২৪]

**৫নং প্রশ্নের সমাধান**

**ক** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| **২০২৩** | | | |
| জুন-১ | মূলধন বিনিয়োগ | ১,৩০,০০০ | |
| " ১০ | ঋণ গ্রহণ | ৭০,০০০ | |
| | **মোট মূলধন জাতীয় প্রাপ্তি** | | ২,০০,০০০ |

**উত্তর :** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ২,০০,০০০ টাকা।

**খ** সুরমা টেড্রাসের মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| **২০২৩** | | | |
| জুন-১২ | পণ্য বিক্রয় | ৬০,০০০ | |
| " ১৮ | বিনিয়োগের সুদ প্রাপ্তি | ৮,০০০ | |
| " ২০ | বাট্টা প্রাপ্তি | ২,০০০ | |
| " ৩০ | শিক্ষানবিশ সেলামি | ৭,০০০ | |
| | **মুনাফা জাতীয় আয়** | | ৭৭,০০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় আয় ৭৭,০০০ টাকা।

**গ** মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| **২০২৩** | | | |
| জুন-৫ | পণ্য ক্রয় | ৮০,০০০ | |
| " ৮ | পরিবহন ব্যয় | ৫,০০০ | |
| " ১৫ | দোকান ভাড়া পরিশোধ | ৪,০০০ | |
| " ২৫ | বিদ্যুৎ বিল পরিশোধ | ২,৫০০ | |
| | **মুনাফা জাতীয় ব্যয়** | | ৯১,৫০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় ব্যয় ৯১,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৬** আমিন ট্রেডার্সের ২০২৩ সালের নভেম্বর মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

নভেম্বর, ১ নগদ ১,২০,০০০ টাকা, ৮০,০০০ টাকার পণ্য দ্রব্য এবং ২০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
" ১০ রাহা এন্ড সন্সের নিকট হতে প্রতি বস্তা ৩,২০০ টাকা দরে ৫০ বস্তা চাল ক্রয়। কারবারী বাট্টা ৫%। চালান নং ১১২, ভ্যান ভাড়া ৮০০ টাকা।
" ২০ শোভা ট্রেডার্সের নিকট থেকে ৫০০ কেজি চিনি ক্রয়, প্রতি কেজি ১২০ টাকা দরে। চালান নং ১১৫। কারবারি বাট্টা ১০%।

**করণীয় :**

(ক) আমিন ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
(খ) উপর্যুক্ত লেনেদন অবলম্বনে আমিন ট্রেডার্সের ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪
(গ) ক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন অবলম্বনে সাধারণ খতিয়ান প্রস্তুত করো। ৪

[কু. বো. ২০২৪]

## ৬নং প্রশ্নের সমাধান

**ক** প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| নভেম্বর-১ | নগদ | ১,২০,০০০ | |
| | পণ্যদ্রব্য | ৮০,০০০ | |
| | প্রারম্ভিক মূলধন | | ২,০০,০০০ |

**উত্তর :** প্রারম্ভিক মূলধনের পরিমাণ ২,০০,০০০ টাকা।

**খ**

### আমিন ট্রেডার্স

ক্রয় জাবেদা

| তারিখ | ক্রেডিট হিসাব খাত | শর্ত | চালান নম্বর | সূত্র | ক্রয় হিসাব ডেবিট<br>পাওনাদার হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | | |
| নভেম্বর-১০ | রাহা এন্ড সন্স (গণনাকার্য-১) | | ১১২ | ✓ | ১,৫২,৮০০ |
| " ২০ | শোভা ট্রেডার্স (গণনাকার্য-২) | | ১১৫ | ✓ | ৫৪,০০০ |
| | মোট | | | | ২,০৬,৮০০ |

**গণনাকার্য-১ :** রাহা এন্ড সন্স

| | | |
|---|---|---|
| চাল ক্রয় = (৩২০০০ × ৫০) | = | ১,৬০,০০০ |
| বাদ : কারবারি বাট্টা ৫% | = | ৮,০০০ |
| | | ১,৫২,০০০ |
| (+) বহন খরচ | | ৮,০০০ |
| | | ১,৫২,৮০০ |

**গণনাকার্য-২ :** শোভা টেড্রার্স

| | | |
|---|---|---|
| চিনি ক্রয় = (৫০০ × ১২০) | = | ৬০,০০০ |
| বাদ : কারবারী বাট্টা ১০% | = | ৬,০০০ |
| | | ৫৪,০০০ |

**গ**

### আমিন ট্রেডার্স

**খতিয়ান বই (চলমান জের ছক)**

**ক্রয় হিসাব** হিসাবের কোড নং–

| তারিখ | বিবরণ | জা:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত ডেবিট | জের/উদ্বৃত্ত ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | | | |
| নভেম্বর-৩০ | পাওনাদার হিসাব | | | ২,০৬,৮০০ | | ২,০৬,৮০০ |

**পাওনাদার হিসাব** হিসাবের কোড নং–

| তারিখ | বিবরণ | জা:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত ডেবিট | জের/উদ্বৃত্ত ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | | | |
| নভেম্বর-৩০ | ক্রয় হিসাব | | | ২,০৬,৮০০ | | ২,০৬,৮০০ |

**প্রশ্ন ▶ ০৭** জনাব রাতুল ১ মার্চ ২০২৩ তারিখে নগদ ৩,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| মার্চ | ২ | কামালের নিকট হতে ৫% বাট্টায় ১,৫০,০০০ টাকার পণ্য ক্রয়। |
| ” | ৫ | মালিক কর্তৃক পণ্য উত্তোলন ১৫,০০০ টাকা। |
| ” | ২৫ | কামালের পাওনা বাবদ নগদ প্রদান ৫০,০০০ টাকা। |
| ” | ৩০ | আয়কর প্রদান ৬,০০০ টাকা। |

**করণীয় :**

(ক) উপর্যুক্ত তথ্য হতে নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) মার্চ ২, ৫, ২৫ ও ৩০ তারিখের লেনদেনসমূহ সাধারণ জাবেদায় লিপিবন্ধ করো। ৪

(গ) উদ্দীপকের আলোকে নগদান হিসাব ও পাওনাদার হিসাব প্রস্তুত করো। ৪

[কু. বো. ২০২৪]

### ৭নং প্রশ্নের সমাধান

**ক** নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| **২০২৩** | | | |
| মার্চ-২ | কামালের নিকট হতে ক্রয় | ১,৫০,০০০ | |
| | বাদ: করাবারি বাট্টা (১,৫০,০০০ × ৫%) | (৭,৫০০) | |
| | | ১,৪২,৫০০ | |
| ” ৫ | বাদ: পণ্য উত্তোলন | (১৫,০০০) | |
| | **নিট ক্রয়** | | ১,২৭,০০০ |

**উত্তর :** নিট ক্রয় ১,২৭,০০০ টাকা।

**খ**

**জনাব রাতুল**

জাবেদা দাখিলা

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | |
| মার্চ-২ | ক্রয় হিসাব | ডেবিট | | ১,৪২,৫০০ | |
| | কামাল হিসাব (পাওনাদার) | ক্রেডিট | | | ১,৪২,৫০০ |
| | (বাকিতে ক্রয় করা হলো) | | | | |
| ” ৫ | উত্তোলন হিসাব | ডেবিট | | ১৫,০০০ | |
| | ক্রয় হিসাব | ক্রেডিট | | | ১৫,০০০ |
| | (পণ্য উত্তোলন করা হলো) | | | | |
| ” ২৫ | পাওনাদার হিসাব (কামাল) | ডেবিট | | ৫০,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৫০,০০০ |
| | (কামালকে নগদে প্রদান করা হলো) | | | | |
| ” ৩০ | উত্তোলন হিসাব | ডেবিট | | ৬,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৬,০০০ |
| | (আয়কর প্রদান করা হলো) | | | | |
| | | **মোট** | | ২,১৩,৫০০ | ২,১৩,৫০০ |

**উত্তর :** জাবেদার যোগফল ২,১৩,৫০০ টাকা।

**গ**

**জনাব রাতুল**

**খতিয়ান বই (চলমান জের ছক)**

**নগদান হিসাব** হিসাবের কোড নং : ..............

| তারিখ | বিবরণ | জা:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২৩ | | | | | | |
| মার্চ-১ | মূলধন হিসাব | | ৩,০০,০০০ | | ৩,০০,০০০ | |
| ” ২৫ | কামাল হিসাব | | | ৫০,০০০ | ২,৫০,০০০ | |
| ” ৩০ | উত্তোলন হিসাব | | | ৬,০০০ | ২,৪৪,০০০ | |

**পাওনাদার হিসাব** হিসাবের কোড নং : .............

| তারিখ | বিবরণ | জা:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২৩ | | | | | | |
| মার্চ-২ | ক্রয় হিসাব | | | ১,৪২,০০০ | | ১,৪২,০০০ |
| " ২৫ | নগদান হিসাব | | ৫০,০০০ | | | ৯২,৫০০ |

**উত্তর :** নগদান হিসাবের ডেবিট জের ২,৪৪,০০০ টাকা এবং পাওনাদার হিসাবের ক্রেডিট জের ৯২,৫০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৮** সোনালী এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের কতিপয় হিসাবের উদ্বৃত্ত নিম্নরূপ :
মূলধন ২,২৫,০০০ টাকা, ক্রয় ১,৬৫,০০০ টাকা, বিক্রয় ৩,৩০,০০০ টাকা, প্রাপ্যবিল ২২,০০০ টাকা, ডাক ও তার ৩,৮০০ টাকা, মনিহারি ১০,০০০ টাকা, ইজারা সম্পত্তি (১০ বছর) ২,০০,০০০ টাকা, অগ্রিম ভাড়া ১৬,০০০ টাকা, বহিঃফেরত ৬,৫০০ টাকা, বিনিয়োগের অনাদায়ী সুদ ৮,৮০০ টাকা, অফিস সরঞ্জাম ১,০০,০০০ টাকা, আন্তঃফেরত ৭,৮০০ টাকা, প্রাপ্য কমিশন ৬,২০০ টাকা, অগ্রিম উপভাড়া ১১,০০০ টাকা, প্রদেয় মজুরি ৩,৬০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৩৫,০০০ টাকা, ব্যাংক জমার উদ্বৃত্ত ৩৬,৫০০ টাকা।

**করণীয় :**

(ক) উপর্যুক্ত তথ্য হতে নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) সোনালী এন্টারপ্রাইজের ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখের রেওয়ামিল প্রস্তুত করো। ৪

(গ) উপর্যুক্ত তথ্য হতে মোট চলতি সম্পদ ও মোট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

[কু. বো. ২০২৪]

**৮নং প্রশ্নের সমাধান**

**ক** নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় | ৩,৩০,০০০ | |
| বাদ: আন্তঃফেরত | (৭,৮০০) | |
| **মোট অন্যান্য ব্যয়** | | ৩,২২,২০০ |

**খ**

**সোনালী এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| ক্রমিক নং | হিসাবের শিরোনাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | মূলধন | | | ২,২৫,০০০ |
| ২. | ক্রয় | | ১,৬৫,০০০ | |
| ৩. | বিক্রয় | | | ৩,৩০,০০০ |
| ৪. | প্রাপ্য বিল | | ২২,০০০ | |
| ৫. | ডাক ও তার | | ৩,৮০০ | |
| ৬. | মনিহারি | | ১০,০০০ | |
| ৭. | ইজারা সম্পত্তি (১০ বছর) | | ২,০০,০০০ | |
| ৮. | অগ্রিম ভাড়া | | ১৬,০০০ | |
| ৯. | বহিঃফেরত | | | ৬,৫০০ |
| ১০. | বিনিয়োগের অনাদায়ী সুদ | | ৮,৮০০ | |
| ১১. | অফিস সরঞ্জাম | | ১,০০,০০০ | |
| ১২. | আন্তঃফেরত | | ৭,৮০০ | |
| ১৩. | প্রাপ্য কমিশন | | ৬,২০০ | |
| ১৪. | অগ্রিম উপভাড়া | | | ১১,০০০ |
| ১৫. | প্রদেয় মজুরি | | | ৩,৬০০ |
| ১৬. | ব্যাংক জমার উদ্ধৃত্ত | | ৩৬,৫০০ | |
| | **মোট** | | ৫,৭৬,১০০ | ৫,৭৬,১০০ |

**উত্তর :** রেওয়ামিলের যোগফল ৫,৭৬,০০০ টাকা।

**গ** মোট চলতি সম্পদ ও মোট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদ :** | | |
| প্রাপ্য বিল | ২২,০০০ | |
| অগ্রিম ভাড়া | ১৬,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | ৩৫,০০০ | |
| ব্যাংক জমা উদ্ধৃত্ত | ৩৬,৫০০ | |
| বিনিয়োগের সুদ | ৮,৮০০ | |
| প্রাপ্য কমিশন | ৬,২০০ | |
| **মোট চলতি সম্পদ** | | ১,২৪,৫০০ |
| **স্থায়ী সম্পদ :** | | |
| ইজারা সম্পত্তি | ২,০০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ১,০০,০০০ | |
| **মোট স্থায়ী সম্পদ** | | ৩,০০,০০০ |

**উত্তর :** মোট চলতি সম্পদ ১,২৪,০০০ টাকা; মোট স্থায়ী সম্পদ ৩,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৯** অপূর্ব ট্রেডার্সের ২০২৩ সালের মার্চ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | হাতে নগদ ৪০,০০০ টাকা ও ব্যাংক জমা ১,২০,০০০ টাকা। |
| ” | ৪ | অতিরিক্ত মূলধন আনা হলো ৬০,০০০ টাকা। |
| ” | ৭ | অগ্রিম বেতন প্রদান ১৮,০০০ টাকা। |
| ” | ১০ | মিতু ট্রেডার্স হতে ৩২,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৩০,৫০০ টাকা প্রাপ্তি। |
| ” | ১১ | জীবন বিমা প্রিমিয়াম প্রদান ৮,০০০ টাকা। |
| ” | ১৫ | রাজু ব্রাদার্সের পাওনা ২৮,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ২৬,০০০ টাকার চেক ইস্যু। |
| ” | ১৮ | ব্যাংক হতে উত্তোলন ১৫,০০০ টাকা। |
| ” | ২২ | সেতু ট্রেডার্সের নিকট নগদে পণ্য বিক্রয় ৮০,০০০ টাকা। |
| ” | ২৫ | নগদে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা এবং বাট্টা প্রাপ্তি ৫%। |
| ” | ২৯ | ব্যাংক সুদ মঞ্জুর করলো ৭০০ টাকা। |

**করণীয় :**

(ক) নগদ প্রাপ্তি প্রদান জাবেদায় আসবে না এমন লেনদেনের পরিমাণ নির্ণয় করো। ২

(খ) উপর্যুক্ত তথ্য হতে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো। ৪

(গ) অপূর্ব ট্রেডার্সের নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো। ৪

[কু. বো. ২০২৪]

**৯নং প্রশ্নের সমাধান**

**ক** নগদ প্রাপ্তি ও প্রদান জাবেদায় আসবে না এমন লেনদেনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| **২০২৩** | | | |
| মার্চ-১৮ | ব্যাংক হতে উত্তোলন | ১৫,০০০ | |
| | **মোট** | | ১৫,০০০ |

**উত্তর :** নগদ প্রাপ্তি ও প্রদান জাবেদায় আসবে না এমন লেনদেনের পরিমাণ ১৫,০০০ টাকা।

**খ**

**অপূর্ব টেড্রার্স**

**নগদ প্রাপ্তি জাবেদা**

| তারিখ | ক্রেডিট হিসাব খাত | সূত্র | নগদ ডেবিট | প্রদত্ত বাট্টা ডেবিট | বিক্রয় ক্রেডিট | দেনাদার ক্রেডিট | অন্যান্য হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | | | | |
| মার্চ-৪ | মূলধন হিসাব | | ৬০,০০০ | | | | ৬০,০০০ |
| ” ১০ | মিতু টেড্রার্স হিসাব | | ৩০,৫০০ | ১,৫০০ | | ৩২,০০০ | |
| ” ২৫ | সেতু টেড্রাস হিসাব | | ৮০,০০০ | | ৮০,০০০ | | |
| ” ২৯ | ব্যাংক সুদ হিসাব | | ৭০০ | | | | ৭০০ |
| | | | ১,৭১,২০০ | ১,৫০০ | ৮০,০০০ | ৩২,০০০ | ৬০,৭০০ |

**গ**

**অপূর্ব টেড্রার্স**

**নগদ প্রদান জাবেদা**

| তারিখ | চেক নম্বর | ডেবিট হিসাব খাত | সূত্র | ক্রয় ডেবিট | পাওনাদার ডেবিট | অন্যান্য হিসাব ডেবিট | প্রাপ্ত বাট্টা ক্রেডিট | নগদ ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | | | | | |
| মার্চ-৭ | | অগ্রিম বেতন | | | | ১৮,০০০ | | ১৮,০০০ |
| ” ১১ | | উত্তোলন | | | | ৮,০০০ | | ৮,০০০ |
| ” ১৫ | | রাজু ব্রাদার্স | | | ২৮,০০০ | | ২,০০০ | ২৬,০০০ |
| ” ২৫ | | — | | ৪৭,৫০০ | | | | ৪৭,৫০০ |
| | | | | ৪৭,৫০০ | ২৮,০০০ | ২৬,০০০ | ২,০০০ | ৯৯,৫০০ |

**প্রশ্ন ▸ ১০** লাবণ্য ফ্যাশনের ২০২৩ সালের পোশাক তৈরি ও বিক্রয় সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

| | |
|---|---|
| মোট বিক্রয় | ১৬,৫০,০০০ টাকা |
| বিজ্ঞাপন খরচ | ৩৫,০০০ টাকা |
| অফিস ভাড়া | ১,১৫,০০০ টাকা |
| কারখানা ভাড়া | ৮৮,০০০ টাকা |
| শ্রমিকের মজুরি | ২,৮০,০০০ টাকা |
| কাপড় ক্রয় | ৩,৮৫,০০০ টাকা |
| কারখানার ম্যানেজারের বেতন | ১,১০,০০০ টাকা |
| পরিচালকের সম্মানী | ১,৮৫,০০০ টাকা |
| শো'রুম ভাড়া | ৫২,০০০ টাকা |
| চলতি কার্য (১-১-২০২৩) | ৭০,০০০ টাকা |
| চলতি কার্য (৩১-১২-২০২৩) | ১,২০,০০০ টাকা |
| কাপড়ের মজুদ (৩১-১২-২০২৩) | ২৫,০০০ টাকা |

**করণীয় :**

(ক) উপর্যুক্ত তথ্য হতে ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় করো। ২

(খ) মুখ্য ব্যয় ৬,৪০,০০০ টাকা ধরে উৎপাদিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

(গ) বিক্রীত পণ্যের ব্যয় ৮,৪০,০০০ টাকা ধরে লাবণ্য ফ্যাশনের নিট মুনাফা বা নিট ক্ষতি নির্ণয় করো। ৪

[কু. বো. ২০২৪]

**১০নং প্রশ্নের সমাধান**

**ক** কাঁচামাল ব্যয় নির্ণয় করা হলো :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাপড় ক্রয় | ৩,৮৫,০০০ | |
| বাদ: কাপড়ের মজুদ (৩১-১২-২০২৩) | (২৫,০০০) | |
| **ব্যবহৃত কাঁচামাল ব্যয়** | | ৩,৬০,০০০ |

**উত্তর :** ব্যবহৃত কাঁচামালের ব্যয় ৩,৩৬,০০০ টাকা।

**খ**

**লাবণ্য ফ্যাশন**
**উৎপাদিত পণ্যের ব্যয় বিবরণী**
২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মুখ্য ব্যয় (প্রশ্নে প্রদত্ত) | | ৬,৪০,০০০ |
| **যোগ: কারখানা উপরিব্যয় :** | | |
| কারখানা ভাড়া | ৮৮,০০০ | |
| কারখানা ম্যানেজারের বেতন | ১,১০,০০০ | |
| **উৎপাদন ব্যয়** | | ১,৯৮,০০০ |
| | | ৮,৩৮,০০০ |
| যোগ: চলতি কার্য (০১-০১-২৩) | | ৭০,০০০ |
| | | ৯,০৮,০০০ |
| বাদ: চলতি কার্য (৩১-১২-২৩) | | (১,২০,০০০) |
| **উৎপাদিত পণ্যের ব্যয়** | | ৭,৮৮,০০০ |

**উত্তর :** উৎপাদিত পণ্যের ব্যয় ৭,৮৮,০০০ টাকা।

**গ**

**লাবণ্য ফ্যাশন**
**বিশদ আয় বিবরণী**
২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ১৬,৫০,০০০ | |
| বাদ : বিক্রিত পণ্যের ব্যয় | | (৮,৪০,০০০) | |
| **মোট মুনাফা** | | | ৮,১০,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয়:** | | | |
| **বাদ : প্রশাসনিক উপরিব্যয় :** | | | |
| অফিস ভাড়া | ১,১৫,০০০ | | |
| পরিচালকের সম্মান | ১,৮৫,০০০ | ৩,০০,০০০ | |
| **বিক্রয় উপরিব্যয় :** | | | |
| বিজ্ঞাপন খরচ | ৩৫,০০০ | | |
| শোরুম ভাড়া | ৫২,০০০ | | |
| | | ৮৭,০০০ | |
| | | | (৩,৮৭,০০০) |
| **নিট মুনাফা** | | | ৪,২৩,০০০ |

**উত্তর :** নিট মুনাফা ৪,২৩,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১১** জনাব আশিক মাসে ৪০,০০০ টাকা বেতনে চাকরি করেন এবং তিনি পরিবারের সকল আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করেন।
২০২৩ সালের ১ জানুয়ারি তার পরিবারের নগদ তহবিল ছিলো ২৫,০০০ টাকা, সরঞ্জাম ২,০০,০০০ টাকা এবং ঋণ ছিলো ৫০,০০০ টাকা। উক্ত বছরে তার পরিবারের অন্যান্য লেনদেন নিম্নরূপ :

| | |
|---|---|
| বাড়িভাড়া প্রদান | ১,৮০,০০০ টাকা |
| খাদ্য সামগ্রী ক্রয় | ৬৫,০০০ টাকা |
| নতুন মোবাইল ক্রয় | ১২,০০০ টাকা |
| কৃষি ফসল বিক্রয় | ৭০,০০০ টাকা |
| কাপড়-চোপড় ক্রয় | ১৮,৬০০ টাকা |
| ঋণ পরিশোধ | ৩০,০০০ টাকা |
| ঔষুধ ও ডাক্তারের ফি | ৩৮,০০০ টাকা |
| ঋণের সুদ | ৩,৫০০ টাকা |

বছর শেষে ২,৫০০ টাকার খাদ্য মজুদ আছে এবং এক মাসের বেতন অনাদায়ী আছে।

**করণীয় :**

(ক) উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক পারিবারিক তহবিল নির্ণয় করো। ২
(খ) জনাব আশিকের পরিবারের সমাপনী হাতে নগদের পরিমাণ নির্ণয় করো। ৪
(গ) বছর শেষে জনাব আশিকের পারিবারিক আয়-ব্যয় বিবরণীয় প্রস্তুত করো। ৪

[কু. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের সমাধান**

**ক** প্রারম্ভিক পারিবারিক তহবিল নির্ণয় :

প্রারম্ভিক পারিবারিক তহবিল = প্রারম্ভিক মোট সম্পদ − প্রারম্ভিক মোট দায় = (নগদ তহবিল + সরঞ্জাম) − ঋণ
= (২৫,০০০ + ২,০০,০০০) − ৫০,০০০ = ১,৭৫,০০০ টাকা।

**উত্তর :** প্রারম্ভিক পারিবারিক তহবিল ১,৭৫,০০০ টাকা।

**খ**

**জনাব আশিক এর**
প্রাপ্তি ও প্রদান হিসাব
২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| নগদ তহবিল (০১-০১-২০২৩) | ২৫,০০০ | বাড়ি ভাড়া প্রদান | ১,৮০,০০০ |
| বেতন প্রাপ্তি (৪০,০০০ × ১২) | ৪,৪০,০০০ | খাদ্য সামগ্রী ক্রয় | ৬৫,০০০ |
| কৃষি ফসল বিক্রয় | ৭০,০০০ | নতুন মোবাইল ক্রয় | ১২,০০০ |
| | | কাপড়-চোপড় ক্রয় | ১৮,৬০০ |
| | | ঋণ পরিশোধ | ৩০,০০০ |
| | | ঔষুধ ও ডাক্তারের ফি | ৩৮,০০০ |
| | | ঋণের সুদ | ৩,৫০০ |
| | | সমাপনী হাতে নগদ (৩১-১২-২০২৩) | ১,৮৭,৯০০ |
| | ৫,৩৫,০০০ | | ৫,৩৫,০০০ |

**উত্তর :** সমাপনী হাতে নগদ ১,৮৭,৯০০ টাকা।

**গ**

**জনাব আশিক-এর**
**পারিবারিক আয়-ব্যয় বিবরণী**
২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ :** | | | |
| বেতন প্রাপ্তি | ৪,৪০,০০০ | | |
| যোগ : অনাদায়ী | ৪০,০০০ | | |
| | | ৪,৮০,০০০ | |
| কৃষি ফসল বিক্রয় | | ৭০,০০০ | |
| **মোট আয়** | | | ৫,৫০,০০০ |
| **বাদ : ব্যয়সমূহ** | | | |
| বাড়ি ভাড়া প্রদান | | ১,৮০,০০০ | |
| খাদ্য সামগ্রী ক্রয় | ৬৫,০০০ | | |
| বাদ : সমপনী মুজদ | (২,৫০০) | | |
| | | ৬২,৫০০ | |
| কাপড়-চোপড় ক্রয় | | ১৮,৬০০ | |
| ঔষধ ও ডাক্তারের ফি | | ৩৮,০০০ | |
| ঋণের সুদ | | ৩,৫০০ | |
| **মোট ব্যয়** | | | (৩,০২,৬০০) |
| **আয়ের উদ্বৃত্ত** | | | ২,৪৭,৪০০ |

**উত্তর :** আয়ের উদ্ধৃত্ত ২,৪৭,৪০০ টাকা।

# যশোর বোর্ড-২০২৪

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 4 6

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **কলকজা বিক্রয় ৪০,০০০ টাকা, বিক্রয় হিসাব ক্রেডিট করা হয়েছে। এক্ষেত্রে কোন ধরনের ভুল হয়েছে?**
K বাদপড়ার ভুল L লেখার ভুল
M পরিপূরক ভুল N নীতিগত ভুল

২. **হিসাবচক্রের কোন ধাপে লেনদেন বিশ্লেষণ করা হয়?**
K প্রথম ধাপে L দ্বিতীয় ধাপে
M তৃতীয় ধাপে N পঞ্চম ধাপে

□ **নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**

| তারিখ | বিবরণ | জা. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| জানু. ১ | ব্যালেন্স B/D | | | | ২০,০০০ | |
| " ১০ | যন্ত্রপাতি হিসাব | | ৪,০০০ | | | |
| " ১৫ | ক্রয় হিসাব | | | ১০,০০০ | | |
| " ২৫ | বিক্রয় হিসাব | | ১৬,০০০ | | | |

৩. **জানুয়ারি ১০ তারিখের সাধারণ জাবেদা কোনটি?**
K নগদান হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট
L যন্ত্রপাতি হিসাব ডেবিট, বিক্রয় হিসাব ক্রেডিট
M যন্ত্রপাতি হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
N যন্ত্রপাতি হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট

৪. **নগদান হিসাবটির সমাপনী উদ্বৃত্ত কত টাকা?**
K ২০,০০০ টাকা L ২৪,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৩৬,০০০ টাকা

৫. **হিসাবচক্র কয়টি ধাপে সম্পন্ন হয়?**
K ৪টি L ৫টি M ৯টি N ১০টি

৬. **রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না–**
i. সমাপনী মজুদ পণ্য ii. সমাপনী হাতে নগদ iii সমাপনী মনিহারি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৭. **কম্পিউটার ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠানের কম্পিউটার বিক্রয়লব্ধ অর্থ–**
K মূলধন জাতীয় প্রাপ্তি L মুনাফা জাতীয় আয়
M মূলধন জাতীয় আয় N মুনাফা জাতীয় প্রাপ্তি

৮. **উত্তোলন হিসাব কোন শ্রেণির হিসাব?**
K সম্পদ L দায় M মালিকানা স্বত্ব N আয়

৯. **নগদান বইয়ের ডেবিট দিকে লেখা হয় কোনটি?**
K ক্রয় বাট্টা L বিক্রয় বাট্টা M প্রাপ্ত বাট্টা N প্রদত্ত বাট্টা

১০. **কোন নীতিতে ব্যবসায়ের মালিককে ব্যবসায় প্রতিষ্ঠান থেকে আলাদা বিবেচনা করা হয়?**
K চলমান ব্যবসায় ধারণা L হিসাবকাল ধারণা
M ব্যবসায়িক স্বত্তা নীতি N বকেয়া ধারণা

□ **নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
মামুন ট্রেডার্সের প্রারম্ভিক মূলধন ৩,০০,০০০ টাকা, বিক্রয় ৪,০০,০০০ টাকা, নিট মুনাফা ৪০,০০০ টাকা, উত্তোলন ৭০,০০০ টাকা।

১১. **মামুন ট্রেডার্সের নিট মুনাফায় অনুপাত কত?**
K ১০% L ১৫% M ২০% N ২৫%

১২. **মামুন ট্রেডার্সের মালিকানা স্বত্বের পরিমাণ কত?**
K ৭,০০,০০০ টাকা L ৪,৪০,০০০ টাকা
M ৩,৬০,০০০ টাকা N ২,৭০,০০০ টাকা

১৩. **কোনটি প্রশাসনিক উপরি ব্যয়?**
K টেলিগ্রাম ও বিদ্যুৎ L কারখানা ভাড়া
M অগ্নিবিমা N বিজ্ঞাপন খরচ

১৪. **পারিবারিক বাজেটে বাসস্থানখাতে খরচের শতকরা হার কত?**
K ১০%-১৫% L ১৫%-২০% M ২০%-৩০% N ৩০%-৪০%

১৫. **হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
K ব্যবস্থাপক L সরকার
M পাওনাদার N কর্মচারী ও কর্মকর্তা

১৬. **ক্রয় খতিয়ানের উদ্বৃত্ত বুঝায়–**
K বিবিধ দেনাদার L বিবিধ পাওনাদার
M প্রদেয় বিল N প্রাপ্য বিল

১৭. **সরকারের আয়ের উৎস হল–**
i. বিভিন্ন উৎস হতে কর কর্তন ii. ভ্যাট ধার্যকরণ iii. শুল্ক আদায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

□ **নিচের উদ্দীপকটি পড়ে ১৮, ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রহিম ২০১৮ সালের ১ জানুয়ারি তার ব্যবসায়ের জন্য ৫০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্রপাতি ক্রয় করলেন এবং সংস্থাপন বাবদ ৫,০০০ টাকা ব্যয় করলেন। যন্ত্রটি তিনি ২০২১ সালের ডিসেম্বর মাসে ৩৫,০০০ টাকায় বিক্রয় করলেন। এ সময় যন্ত্রটির অবচয় বাদে মূল্য ৩৪,০০০ টাকা।

১৮. **মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত?**
K ৫০,০০০ টাকা L ৫৫,০০০ টাকা
M ৬৯,০০০ টাকা N ৮৫,০০০ টাকা

১৯. **চার বছরে উক্ত যন্ত্রের মোট কত টাকা অবচয় হয়েছে?**
K ৩০,০০০ টাকা L ২৬,০০০ টাকা
M ২১,০০০ টাকা N ১৫,০০০ টাকা

২০. **উদ্দীপক অনুযায়ী মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত?**
K ১,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ২১,০০০ টাকা N ২৬,০০০ টাকা

২১. **লেনদেনের দ্বারা–**
i. মালিকানা স্বত্ব কমলে মোট দায় বাড়বে
ii. একটি সম্পদ বাড়লে অপর একটি সম্পদ কমবে
iii. মালিকানা স্বত্ব বাড়লে মোট দায় বাড়বে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২২. **A = L + E সমীকরণটির 'A' উপাদানটি কী নির্দেশ করে?**
K মালিকানা স্বত্ব L সম্পদ
M দায় N মুনাফা

২৩. **চলমান জের ছকে কখন হিসাবের জের নির্ণয় করা হয়?**
K প্রতিটি লেনদেন লিপিবন্ধের পর
L প্রতি সপ্তাহ শেষে
M প্রতিমাস শেষে N প্রতিদিনের শেষে

২৪. **হিসাবখাত ডেবিট হয়, যদি–**
i. সম্পদ বৃদ্ধি পায় ii. মালিকানা স্বত্ব বৃদ্ধি পায় iii. দায় হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৫. **মালিকানা স্বত্ব নির্ণয়ে কোনটি বিয়োগ করা হয়?**
K অতিরিক্ত মূলধন L নিট মুনাফা
M আয়কর N সাধারণ সঞ্চিতি

২৬. **সমাপনী জাবেদার মাধ্যমে বন্ধ করা হয়–**
i. বিক্রয় হিসাব ii. উত্তোলন হিসাব iii. আসবাবপত্র হিসাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৭. **অগ্নি দুর্ঘটনার পণ্য বিনষ্ট হল ৫,০০০ টাকা। এর সঠিক জাবেদা কোনটি?**
K ক্রয় হিসাব ডেবিট, বিবিধ ক্ষতি হিসাব ক্রেডিট
L বিবিধ ক্ষতি হিসাব ডেবিট, উত্তোলন হিসাব ক্রেডিট
M বিবিধ ক্ষতি হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট
N উত্তোলন হিসাব ডেবিট, বিবিধ ক্ষতি হিসাব ক্রেডিট

২৮. **কোনটি ক্রয়ের জন্য অফিস সাপ্লাইজ হিসাব ডেবিট হবে?**
K কম্পিউটার L প্রিন্টার
M পেপার N পেপারওয়েট

২৯. **শাফি ট্রেডার্সের নিকট কমিশন প্রাপ্য ১,০০০ টাকা এর সঠিক জাবেদা কোনটি?**
K কমিশন হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
L নগদান হিসাব ডেবিট, কমিশন হিসাব ক্রেডিট
M প্রাপ্য কমিশন হিসাব ডেবিট, কমিশন হিসাব ক্রেডিট
N কমিশন হিসাব ডেবিট, প্রাপ্য কমিশন হিসাব ক্রেডিট

৩০. **নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবন্ধ হয় কোনটি?**
K পণ্য বিক্রয় L পণ্য ক্রয়
M ঋণ পরিশোধ N পাওনাদারকে প্রদান

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# যশোর বোর্ড-২০২৪

## হিসাববিজ্ঞান (সৃজনশীল)

বিষয় কোড : 1 4 6

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে দুটি এবং খ বিভাগ থেকে **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১। কামাল এন্ড সন্স এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**কামাল এন্ড সন্স এর রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ১,০৫,০০০ | ২,৫৫,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৪৮,০০০ | ৩৮,০০০ |
| হাতে নগদ | ৫৫,০০০ | |
| কমিশন | | ২৭,০০০ |
| বিমা প্রিমিয়াম | ১৫,৫০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ৩২,০০০ |
| বিজ্ঞাপন | ১২,০০০ | |
| বিনিয়োগের সুদ | | ৩,৫০০ |
| বিনিয়োগ | ৪,১০,০০০ | |
| আয়কর | ৩,০০০ | |
| ঋণ | | ১,৫০,০০০ |
| উত্তোলন ও মূলধন | ১৫,০০০ | ৩,০৩,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১,৪৫,০০০ | |
| | ৮,০৮,৫০০ | ৮,০৮,৫০০ |

**সমন্বয়সমূহ :**
(১) সমাপনী মজুদ পণ্য ৪৮,০০০ টাকা।
(২) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ২,৫০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(৩) দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়।
(৪) ঋণের সুদ ৯,০০০ টাকা বকেয়া রয়েছে।

(ক) কামাল এন্ড সন্স এর মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মোট মুনাফা ৫৫,৫০০ টাকা ধরে কামাল এন্ড সন্স এর নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪
(গ) বছরান্তে কামাল এন্ড সন্স এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২। ২০২২ সালে হায়দার ফ্যাশন-এর রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

**হায়দার ফ্যাশন-এর রেওয়ামিল**
৩১ ডিসেম্বর ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ৫৬,৮০০ | ৬৯,২০০ |
| দেনাদার ও পাওনাদার | ২১,৬০০ | ১৯,৫০০ |
| শিক্ষানবিশ সেলামি | | ৩,০০০ |
| ১০% বিনিয়োগ (০১-০৭-২০২২) | ৩০,০০০ | |
| বহন খরচ | ৬,৪০০ | |
| বিমা সেলামি | ৬,০০০ | |
| হাতে নগদ | ৪,৫০০ | |
| বেতন | ১৭,৭০০ | |
| সন্দেহজনক পাওনা সঞ্চিতি | | ৫,১০০ |
| প্রাপ্ত সুদ | | ১,২০০ |
| উত্তোলন ও মূলধন | ১৮,৫০০ | ১,০০,০০০ |
| ব্যাংক ওভারড্রাফট | | ১১,৫০০ |
| প্রাপ্যবিল | ১০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ২০,০০০ | |
| ডেলিভারি ভ্যান | ১৮,০০০ | |
| | ২,০৯,৫০০ | ২,০৯,৫০০ |

**সমন্বয়সমূহ :**
(১) সমাপনী মজুদপণ্য ৪৩,০০০ টাকা।
(২) বিমা সেলামি ২০২৩ সালের এপ্রিল পর্যন্ত এক বছরের জন্য পরিশোধ করা হয়েছে।
(৩) বিবিধ দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট দেনাদারের ৫% সঞ্চিতি ধরতে হবে।
(৪) স্থায়ী সম্পত্তির উপর ১০% অবচয় ধরতে হবে।

(ক) হায়দার ফ্যাশনের নিট স্থায়ী সম্পত্তির মূল্য নির্ণয় কর। ২
(খ) মোট মুনাফা ৪৯,০০০ টাকা ধরে আয় বিবরণী প্রস্তুত করে নীট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে প্রতিষ্ঠানটির দায় ও মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩। ২০২২ সালের জানুয়ারি মাসে জনাব সাত্তার ট্রেডার্সের ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয় :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | পণ্য ক্রয় ৬,০০,০০০ টাকা। |
| | ২ | অফিসের জন্য যন্ত্রপাতি ক্রয় ২৯,৯০০ টাকা। |
| | ২০ | ধারে পণ্য বিক্রয় ৮,০০,০০০ টাকা। |
| | ২৫ | ধারে পণ্য ক্রয় ৩৫,০০০ টাকা। |
| | ২৮ | ব্যাংকে জমা দেওয়া হলো ৩৯,০০০ টাকা। |
| | ৩০ | অফিস ভাড়া প্রদান ২২,৫০০ টাকা। |

(ক) জানুয়ারি মাসে মোট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উক্ত মাসে জনাব সাত্তারের নগদ লেনদেনের পরিমাণ কত? ৪
(গ) ১, ২, ২০ ও ২৫ তারিখের লেনদেনগুলোর উপরে হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

৪। মি. আবির রাইয়ান এর ব্যবসায়ে ২০২২ সালের জুলাই মাসে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয় :

| ২০২২ | | |
|---|---|---|
| জুলাই | ১ | নগদ ৫,০০,০০০ টাকা নিয়ে ব্যবসা আরম্ভ করেন। |
| ” | ৫ | ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে ঋণ গ্রহণ ৭৫,০০০ টাকা। |
| ” | ৯ | নয়নের নিকট থেকে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা। |
| ” | ১২ | রফিকের নিকট চেকে পণ্য বিক্রয় ৪৬,০০০ টাকা। |
| ” | ২০ | মালিকের ব্যক্তিগত তহবিল হতে ছেলের জন্য ৮,০০০ টাকা দিয়ে খেলনা ক্রয়। |
| ” | ৩০ | অফিসের ভাড়া প্রদান ২০,০০০ টাকা। |

(ক) ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাগুলো চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত লেনদেন হতে মিঃ আবির রাইয়ানের মালিকানা স্বত্ব নিরূপণ কর। ৪
(গ) ব্যবসায়িক লেনদেনগুলোর জাবেদা প্রস্তুত কর। ৪

৫। জনাব শফি একজন ক্ষুদ্র ব্যবসায়ী। ২০২২ সালের জানুয়ারি মাসে তার ব্যবসায়ের সম্পদ ও দায় ছিল নিম্নরূপ :

নগদ তহবিল ২,৫০,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা, দেনাদার ৯০,০০০ টাকা, পাওনাদার ৩৬,০০০ টাকা, ব্যাংক ঋণ ১,০০,০০০ টাকা উক্ত বৎসরে মালিক আরো ১,০০,০০০ টাকা বিনিয়োগ করেন। তিনি নগদ ৪০,০০০ টাকা ও ১০,০০০ টাকার পণ্য উত্তোলন করেন।

৩১ ডিসেম্বর তারিখে তার ব্যবসায়ের দায় ও সম্পদ নিম্নরূপ : হাতে নগদ ১,৬০,০০০ টাকা, আসবাবপত্র ৬৫,০০০ টাকা, দেনাদার ৮০,০০০ টাকা, মজুদপণ্য ১,৫০,০০০ টাকা, ব্যাংক ঋণ ৭০,০০০ টাকা, বকেয়া বেতন ১০,০০০ টাকা, পাওনাদার ৬০,০০০ টাকা।

(ক) জনাব শফির প্রারম্ভিক চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) জনাব শফির সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) উক্ত বৎসরে জনাব শফির লাভ/ক্ষতি নিরূপণ কর। ৪

৬। যমুনা ট্রেডার্সের ২০২২ সালের জানুয়ারি মাসে ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | ব্যবসায়ে মূলধন বিনিয়োগ ১,৫০,০০০ টাকা। |
| " | ৩ | বিজ্ঞাপন ২৫,০০০ টাকা (৫ বছর) |
| " | ৬ | শিক্ষানবিশ সেলামি ১০,০০০ টাকা। যার মধ্যে গত বছরের ২,৫০০ টাকা রয়েছে। |
| " | ১২ | ব্যবসা স্থানান্তর ব্যয় ২০,০০০ টাকা। |
| " | ১৫ | উপভাড়া ১০,০০০ টাকা। |
| " | ১৮ | ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা। |
| " | ২১ | যন্ত্রপাতি ক্রয় ৬০,০০০ টাকা। |
| " | ২৩ | লভ্যাংশ প্রাপ্তি ২০,০০০ টাকা। |
| " | ২৫ | আসবাবপত্র ক্রয় ৩০,০০০ টাকা। |
| " | ৩১ | ব্যক্তিগত তহবিল হতে কারবারের কর্মচারীদের বেতন প্রদান ১০,০০০ টাকা। |

(ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর।৪

(গ) মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৭। মাসুম কন্সট্রাকশান এর ২০২২ সালের জানুয়ারি মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | নগদ ৫,৫০,০০০ টাকা এবং ২,৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসা আরম্ভ করে। |
| " | ৫ | ৭% বাট্টায় কমল ট্রেডার্সের নিকট প্রতিফুট ২০৫ টাকা দরে ৩৫০ ফুট জিআই পাইপ বিক্রয়। চালান ২০৫, প্যাকিং খরচ ৫০০ টাকা। |
| " | ১০ | শখা ট্রেডার্সের নিকট থেকে ৮১,৭০০ টাকার পণ্য ক্রয় করে চেক প্রদান। |
| " | ১৫ | ব্যবসায়ের ব্যবহারের জন্য কাগজ ও কলম ক্রয় ৭০০ টাকা। |
| " | ২০ | ব্যবসায়ের জন্য ফ্রিজ ক্রয়ের পরিবহন ব্যয় ২,৫০০ টাকা। |
| " | ২৮ | ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৮,০০০ টাকা। |

(ক) মাসুম কন্সট্রাকশান এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ৫ তারিখের লেনদেন অবলম্বনে একটি চালান তৈরি কর। ৪

(গ) ১০, ১৫, ২০, ২৮ তারিখের লেনদেনগুলোর জন্য সাধারণ জাবেদা তৈরি কর। ৪

৮। জনাব আমিন একজন পাইকারী ব্যবসায়ী। তার ব্যবসায়ে ২০২২ সালের নভেম্বরের লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| নভেম্বর | ২ | রনি স্টোর, রাজশাহী এর নিকট প্রতি কেজি ১২০ টাকা দরে ২ কুইন্টাল মশুর ডাল বিক্রয়। কারবারী বাট্টা ৫%, চালান নং ২৫১, শর্ত ২/১০ নিট ৩০। |
| " | ৭ | শফি স্টোরের নিকট প্রতি কেজি ১২০০ টাকা দরে ১৫০ কেজি চা বিক্রয়। বাট্টা ৪%, চালান নং ২৫৪। |

(ক) "বিক্রয় শর্ত ২/১০, নিট ৩০' অনুযায়ী রনি ট্রেডার্স কত টাকা পরিশোধ করবে? ২

(খ) জনাব আমিন এর একটি বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) জনাব আমিন এর সহকারী খতিয়ান তৈরি কর। ৪

৯। মি. সালমান এর ২০২২ সালের ডিসেম্বর মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ডিসেম্বর | ১ | নগদ ২,৮০,০০০ এবং ১,৫০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসা শুরু করেন। |
| " | ৪ | ১২% বাট্টায় রমজানের নিকট পণ্য বিক্রয় ৫৫,০০০ টাকা। |
| " | ১০ | ৫% বাট্টায় পণ্য ক্রয় ৪৫,০০০ টাকা। |
| " | ১৬ | ৫০% ব্যাংক ঋণ পরিশোধ করা হলো। |
| " | ২২ | রমজানের নিকট থেকে ৪ তারিখের পাওনা আদায়। |
| " | ৩০ | মালিকের ব্যক্তিগত প্রয়োজনে ৫,০০০ টাকার পণ্য উত্তোলন। |

(ক) প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) 'T' ছক পদ্ধতিতে ঋণ হিসাব ও দেনাদার হিসাব প্রস্তুত কর। ৪

(গ) চলমান জের ছক পদ্ধতিতে নগদান হিসাব ও ক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

১০। ২০২২ সালের ১ জানুয়ারি জনতা লিঃ এর নগদ অর্থের পরিমাণ ছিল ২,০০,০০০ টাকা এবং ব্যাংক জমার পরিমাণ ছিল ২,২০,০০০ টাকা।

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ৫ | ধারে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা ও নগদ বিক্রয় ১,০৫,০০০ টাকা। |
| " | ১০ | কমিশন প্রাপ্তি ১৫,০০০ টাকা। |
| " | ১৫ | যন্ত্রপাতির অবচয় ধার্য হলো ৩০,০০০ টাকা। |
| " | ২০ | হাবিবের নিকট থেকে প্রাপ্তি ২০,০০০ টাকা। |
| " | ২৫ | পাওনাদারকে চেক দ্বারা পরিশোধ করা হল এবং ৫% বাট্টা পাওয়া গেল। |
| " | ৩০ | ব্যাংক থেকে অফিসের প্রয়োজনে উত্তোলন ৬০,০০০ টাকা এবং ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন ২০,০০০ টাকা। |

(ক) প্রাপ্ত বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) জনতা লিঃ এর নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) জনতা লিঃ এর একটি উপযুক্ত নগদান বই তৈরি কর। ৪

১১। সামিয়া এন্টারপ্রাইজ এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর বিভিন্ন হিসাবের জের নিম্নরূপ :

প্রারম্ভিক মজুদ পণ্য ৫০,০০০ টাকা, ব্যাংক ঋণ ৮০,০০০ টাকা, ক্রয় ২,৫০,০০০ টাকা, বিক্রয় ৪,৬০,০০০ টাকা, দেনাদার ২,৪০,০০০ টাকা, পাওনাদার ১,১৫,০০০ টাকা, ভবিষ্যৎ তহবিল ৩০,০০০ টাকা, আয়কর ১০,৫০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ১৭,০০০ টাকা, দালানকোঠা ৩,০০,০০০ টাকা, মূলধন ১,৮০,০০০ টাকা, উত্তোলন ১৩,০০০ টাকা, প্রাপ্ত বাট্টা ৫,৫০০ টাকা, অগ্রিম বেতন ৭,০০০ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্য হতে সমন্বিত ক্রয়ের পরিমান নির্ণয় কর। ২

(খ) সামিয়া এন্টারপ্রাইজ এর রেওয়ামিল প্রস্তুত কর। ৪

(গ) সামিয়া এন্টারপ্রাইজ এর মালিকানাস্বত্ব নির্ণয় কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | * | ৪ | গ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ক |

*** ৩. সঠিক উত্তর :** নগদান হিসাব ডেবিট, যন্ত্রপাতি হিসাব ক্রেডিট।

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** কামাল এন্ড সন্স এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**কামাল এন্ড সন্স এর রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ১,০৫,০০০ | ২,৫৫,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৪৮,০০০ | ৩৮,০০০ |
| হাতে নগদ | ৫৫,০০০ | |
| কমিশন | | ২৭,০০০ |
| বিমা প্রিমিয়াম | ১৫,৫০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ৩২,০০০ |
| বিজ্ঞাপন | ১২,০০০ | |
| বিনিয়োগের সুদ | | ৩,৫০০ |
| বিনিয়োগ | ৪,১০,০০০ | |
| আয়কর | ৩,০০০ | |
| ঋণ | | ১,৫০,০০০ |
| উত্তোলন ও মূলধন | ১৫,০০০ | ৩,০৩,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১,৪৫,০০০ | |
| | ৮,০৮,৫০০ | ৮,০৮,৫০০ |

**সমন্বয়সমূহ :**

(১) সমাপনী মজুদ পণ্য ৪৮,০০০ টাকা।

(২) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ২,৫০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

(৩) দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়।

(৪) ঋণের সুদ ৯,০০০ টাকা বকেয়া রয়েছে।

(ক) কামাল এন্ড সন্স এর মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) মোট মুনাফা ৫৫,৫০০ টাকা ধরে কামাল এন্ড সন্স এর নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪

(গ) বছরান্তে কামাল এন্ড সন্স এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

[য. বো. ২০২৪]

### ১নং প্রশ্নের সমাধান

**ক** কামাল এন্ড সন্স এর মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| উত্তোলন | ১৫,০০০ | |
| পণ্য উত্তোলন | ২,৫০০ | |
| আয়কর | ৩,০০০ | |
| **মোট উত্তোলন** | | ২০,৫০০ |

**উত্তর :** মোট উত্তোলনের পরিমাণ ২০,৫০০ টাকা।

**খ**

**কামাল এন্ড সন্স**
**বিশদ আয় বিবরণী**
২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ৫৫,৫০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বিমা প্রিমিয়াম | | ১৫,৫০০ | |
| বিজ্ঞাপন | | ১২,০০০ | |
| অলিখিত দেনাদার/কুঋণ | | ২,০০০ | |
| | | | (২৯,৫০০) |
| **পরিচালন মুনাফা** | | | ২৬,০০০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | |
| বিনিয়োগের সুদ | | ৩,৫০০ | |
| প্রাপ্ত কমিশন | | ২৭,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ৩২,০০০ | ৬২,৫০০ |
| বাদ : অন্যান্য আয় | | | ৮৮,৫০০ |
| ঋণের সুদ | | | (৯,০০০) |
| **নিট মুনাফা** | | | ৭৯,৫০০ |

**উত্তর :** নিট মুনাফা ৭৯,৫০০ টাকা।

**গ**

**কামাল এন্ড সন্স**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর ২০২২ সালের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **দীর্ঘমেয়াদি বিনিয়োগ :** | | | |
| বিনিয়োগ | | | ৪,১০,০০০ |
| **চলতি সম্পদ :** | | | |
| দেনাদার | ৪৮,০০০ | | |
| বাদ : নতুন কুঋণ | (২,০০০) | ৪৬,০০০ | |
| হাতে নগদ | | ৫৫,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ৪৮,০০০ | |
| | | | ১,৪৯,০০০ |
| **মোট সম্পদ** | | | ৫,৫৯,০০০ |
| **মালিকানা স্বত্ব ও দায়সমূহ :** | | | |
| মূলধন | | ৩,০৩,০০০ | |
| বাদ : পণ্য উত্তোলন | | (২,০০০) | |
| | | ৩,০১,০০০ | |
| বাদ : নগদ উত্তোলন | | (১৫,০০০) | |
| | | ২,৮৬,০০০ | |
| বাদ : আয়কর | | (৩,০০০) | |
| | | ২,৮৩,০০০ | |
| যোগ : নিট মুনাফা | | ৭৯,৫০০ | |
| | | | ৩,৬২,৫০০ |
| **দীর্ঘমেয়াদি ঋণ :** | | | |
| ঋণ | | | ১,৫০,০০০ |
| **চলতি দায় :** | | | |
| পাওনাদার | | ৩৮,০০০ | |
| ঋণের বকেয়া সুদ | | ৯,০০০ | |
| | | | ৪৭,০০০ |
| **মালিকানা স্বত্ব ও মোট দায়** | | | ৫,৫৯,০০০ |

**উত্তর :** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৫,৫৯,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০২** ২০২২ সালে হায়দার ফ্যাশন-এর রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

**হায়দার ফ্যাশন-এর রেওয়ামিল**

৩১ ডিসেম্বর ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ৫৬,৮০০ | ৬৯,২০০ |
| দেনাদার ও পাওনাদার | ২১,৬০০ | ১৯,৫০০ |
| শিক্ষানবিশ সেলামি | | ৩,০০০ |
| ১০% বিনিয়োগ (০১-০৭-২০২২) | ৩০,০০০ | |
| বহন খরচ | ৬,৪০০ | |
| বিমা সেলামি | ৬,০০০ | |
| হাতে নগদ | ৪,৫০০ | |
| বেতন | ১৭,৭০০ | |
| সন্দেহজনক পাওনা সঞ্চিতি | | ৫,১০০ |
| প্রাপ্ত সুদ | | ১,২০০ |
| উত্তোলন ও মূলধন | ১৮,৫০০ | ১,০০,০০০ |
| ব্যাংক ওভারড্রাফট | | ১১,৫০০ |
| প্রাপ্যবিল | ১০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ২০,০০০ | |
| ডেলিভারি ভ্যান | ১৮,০০০ | |
| | ২,০৯,৫০০ | ২,০৯,৫০০ |

**সমন্বয়সমূহ :**

(১) সমাপনী মজুদপণ্য ৪৩,০০০ টাকা।
(২) বিমা সেলামি ২০২৩ সালের এপ্রিল পর্যন্ত এক বছরের জন্য পরিশোধ করা হয়েছে।
(৩) বিবিধ দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট দেনাদারের ৫% সঞ্চিতি ধরতে হবে।
(৪) স্থায়ী সম্পত্তির উপর ১০% অবচয় ধরতে হবে।

(ক) হায়দার ফ্যাশনের নিট স্থায়ী সম্পত্তির মূল্য নির্ণয় কর। ২
(খ) মোট মুনাফা ৪৯,০০০ টাকা ধরে আয় বিবরণী প্রস্তুত করে নীট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে প্রতিষ্ঠানটির দায় ও মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

[য. বো. ২০২৪]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** হায়দার ফ্যাশনের নিট স্থায়ী সম্পত্তির মূল্য নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| অফিস সরঞ্জাম | ২০,০০০ | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় (২০,০০০ × ১০%) | (২,০০০) | ১৮,০০০ |
| ডেলিভারি ভ্যান | ১৮,০০০ | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় (১৮,০০০ × ১০%) | (১,৮০০) | ১৬,২০০ |
| **নিট স্থায়ী সম্পত্তি** | | ৩৪,২০০ |

**উত্তর :** মোট স্থায়ী সম্পত্তির মূল্য ৩৪,২০০ টাকা।

**খ**

## হায়দার ফ্যাশনের
### বিশদ আয় বিবরণী
২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ৪৯,০০০ |
| **বাদ: পরিচালনা ব্যয় :** | | | |
| বিমা সেলামি | ৬,০০০ | | |
| বাদ: অগ্রিম (৬,০০০ × ৪/১২) | (২,০০০) | ৪,০০০ | |
| বেতন | | ১৭,৭০০ | |
| সমাপনী কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি {(২১,৬০০ – ২,০০০) × ৫%} | ৯৮০ | | |
| বাদ: প্রারম্ভিক কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতির উদ্বৃত্ত (৫,১০০ – ২,০০০) | (৩,১০০) | (২,১২০) | |
| অফিস সরঞ্জাম অবচয় : (২০,০০০ × ১০%) | ২,০০০ | | |
| ডেলিভারি ভ্যান অবচয় : (১৮,০০০ × ১০%) | ১,৮০০ | ৩,৮০০ | (২৩,৩৮০) |
| **পরিচালন মুনাফা** | | | ২৫,৬২০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | |
| শিক্ষানবিশ সেলামি | | ৩,০০০ | |
| প্রাপ্ত সুদ | ১,২০০ | | |
| যোগ : অনাদায়ী [(৩০,০০০ × ১০% × ৬/১২) – ১,২০০] | ৩০০ | ১,৫০০ | ৪,৫০০ |
| **নিট মুনাফা** | | | ৩০,১২০ |

**উত্তর :** নিট মুনাফা ৩০,১২০ টাকা।

**বি.দ্র. :** রেওয়ামিলে দেওয়া প্রাপ্ত সুদকে বিনিয়োগের সুদ বাবদ প্রাপ্ত সুদ ধরা হলো।

**গ**

## হায়দার ফ্যাশনের
### বিশদ আয় বিবরণী
৩১ ডিসেম্বর ২০২২ সালের সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| সমাপনী মালিকানা স্বত্ব (গণনা) | | | ১,০০,০০০ |
| **চলতি দায় :** | | | |
| পাওনাদার | | ১৯,৫০০ | |
| ব্যাংক ওভারড্রাফট | | ১১,৫০০ | |
| **মোট চলতি দায়** | | | ৩১,০০০ |
| **দায় ও মালিকানাস্বত্ব** | | | ১,৪২,৬২০ |

**উত্তর :** মালিকানা স্বত্ব ও মোট দায়ের পরিমাণ ১,৪২,৬২০ টাকা।

**গণনা :** মালিকানা স্বত্ব নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন | ১,০০,০০০ | |
| যোগ: নিট মুনাফা ['খ' হতে প্রাপ্ত] | ৩০,১২০ | |
| | ১,৩০,১২০ | |
| বাদ: উত্তোলন | (১৮,৫০০) | |
| **সমাপনী মালিকানা স্বত্ব** | | ১,১১,৬২০ |

**প্রশ্ন ▶ ০৩** ২০২২ সালের জানুয়ারি মাসে জনাব সাত্তার ট্রেডার্সের ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয় :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | পণ্য ক্রয় ৬,০০,০০০ টাকা। |
| ” | ২ | অফিসের জন্য যন্ত্রপাতি ক্রয় ২৯,৯০০ টাকা। |
| ” | ২০ | ধারে পণ্য বিক্রয় ৮,০০,০০০ টাকা। |
| ” | ২৫ | ধারে পণ্য ক্রয় ৩৫,০০০ টাকা। |
| ” | ২৮ | ব্যাংকে জমা দেওয়া হলো ৩৯,০০০ টাকা। |
| ” | ৩০ | অফিস ভাড়া প্রদান ২২,৫০০ টাকা। |

(ক) জানুয়ারি মাসে মোট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উক্ত মাসে জনাব সাত্তারের নগদ লেনদেনের পরিমাণ কত? ৪

(গ) ১, ২, ২০ ও ২৫ তারিখের লেনদেনগুলোর উপরে হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

[য. বো. ২০২৪]

## ৩নং প্রশ্নের সমাধান

**ক** জানুয়ারি মাসের মোট ক্রয়ের পরিমাণ :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জানুয়ারি-১ | পণ্য ক্রয় | ৬,০০,০০০ | |
| ” ২৫ | ধারে ক্রয় | ৩৫,০০০ | |
| | **মোট ক্রয়** | | ৬,৩৫,০০০ |

**উত্তর :** জানুয়ারি মাসের মোট ক্রয়ের পরিমাণ ৬,৩৫,০০০ টাকা।

**খ** জনাব সাত্তারের নগদ লেনদেন পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জানুয়ারি-১ | পণ্য ক্রয় | ৬,০০,০০০ | |
| ” ২ | অফিস সরঞ্জাম | ২৯,৯০০ | |
| ” ২৮ | ব্যাংকে জমা | ৩৯,০০০ | |
| ” ৩০ | অফিস ভাড়া প্রদান | ২২,৫০০ | |
| | **মোট** | | ৬,৯১,৪০০ |

**উত্তর :** জনাব সাত্তারের নগদ লেনদেন পরিমাণ ৬,৯১,৪০০ টাকা।

**গ** ১, ২, ২০ ও ২৫ তারিখের লেনদেনগুলোর প্রভাব হিসাব সমীকরণের প্রভাব দেখানো হলো−

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | | = | দায় (L) | + | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | যন্ত্রপাতি | দেনাদার | = | পাওনাদার | | | |
| ২০২২ জানুয়ারি-১ | | (৬,০০,০০০) | | | = | | + | (৬,০০,০০০) | ক্রয় ব্যয় |
| | উদ্বৃত্ত | (৬,০০,০০০) | | | = | | + | (৬,০০,০০০) | |
| ” ২ | | (২৯,৯০০) | ২৯,৯০০ | | = | | | | |
| | উদ্বৃত্ত | (৬,২৯,৯০০) | | ২৯,৯০০ | = | | + | (৬,০০,০০০) | বিক্রয় আয় |
| ” ২০ | | | ৮,০০,০০০ | | = | | | ৮,০০,০০০ | |
| | উদ্বৃত্ত | (৬,২৯,৯০০) | ৮০,০০,০০০ | ২৯,৯০০ | = | | + | ২,০০,০০০ | ধারে ক্রয় |
| ” ২৫ | | | | | = | ৩৫,০০০ | | (৩৫,০০০) | |
| | উদ্বৃত্ত | (৬,২৯,০০০) | ৮,০০,০০০ | ২৯,৯০০ | = | ৩৫,০০০ | + | ১,৬৫,০০০ | |
| | **মোট** | ২,০০,০০০ | | | | ২,০০,০০০ | | | |

**প্রশ্ন ▸ ০৪** মি. আবির রাইয়ান এর ব্যবসায়ে ২০২২ সালের জুলাই মাসে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয় :

২০২২
জুলাই ১ নগদ ৫,০০,০০০ টাকা নিয়ে ব্যবসা আরম্ভ করেন।
" ৫ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে ঋণ গ্রহণ ৭৫,০০০ টাকা।
" ৯ নয়নের নিকট থেকে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
" ১২ রফিকের নিকট চেকে পণ্য বিক্রয় ৪৬,০০০ টাকা।
" ২০ মালিকের ব্যক্তিগত তহবিল হতে ছেলের জন্য ৮,০০০ টাকা দিয়ে খেলনা ক্রয়।
" ৩০ অফিসের ভাড়া প্রদান ২০,০০০ টাকা।

(ক) ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাগুলো চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত লেনদেন হতে মি. আবির রাইয়ানের মালিকানা স্বত্ব নিরূপণ কর। ৪
(গ) ব্যবসায়িক লেনদেনগুলোর জাবেদা প্রস্তুত কর। ৪

[য. বো. ২০২৪]

**৪নং প্রশ্নের সমাধান**

**ক** ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাগুলো চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জুলাই-৫ | ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে ঋণ গ্রহণ | ৭৫,০০০ | |
| " ২০ | মালিকের ব্যক্তিগত তহবিল হতে ছেলের জন্য খেলনা ক্রয় | ৮,০০০ | |
| | মোট | | ৮৩,০০০ |

**উত্তর :** ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাগুলো চিহ্নিত করে মোট পরিমাণ ৮৩,০০০ টাকা।

**খ** মি. আবির রাইয়ানের মালিকানা স্বত্ব নিরূপণ :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জুলাই-১ | মূলধন | ৫,০০,০০০ | |
| " ৯ | বাদ: ক্রয় | (২৫,০০০) | |
| | | ৪,৭৫,০০০ | |
| " ১২ | (+) আয় (বিক্রয়) | ৪৬,০০০ | |
| | | ৫,২১,০০০ | |
| " ৩০ | (−) ভাড়া প্রদান | (২০,০০০) | |
| | **মোট মালিকানাস্বত্ব** | | ৫,০১,০০০ |

**উত্তর :** মি. আবির রাইয়ানের মালিকানা স্বত্ব ৫,০১,০০০ টাকা।

**গ**

**মি. আবির রাইয়ানের**

সাধারণ জাবেদা

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | |
| জুলাই-১ | নগদান হিসাব | ডেবিট | | ৫,০০,০০০ | |
| | মূলধন হিসাব | ক্রেডিট | | | ৫,০০,০০০ |
| | (যেহেতু মূলধন নিয়ে ব্যবসায় শুরু করলো।) | | | | |
| " ৯ | ক্রয় হিসাব | ডেবিট | | ২৫,০০০ | |
| | নয়ন হিসাব (পাওনাদার) | ক্রেডিট | | | ২৫,০০০ |
| | (বাকিতে পণ্য ক্রয় করা হলো।) | | | | |
| " ১২ | ব্যাংক হিসাব | ডেবিট | | ৪৬,০০০ | |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | | | ৪৬,০০০ |
| | (চেকে পণ্য বিক্রয় করা হলো।) | | | | |
| " ৩০ | ভাড়া হিসাব | ডেবিট | | ২০,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ২০,০০০ |
| | (নগদে ভাড়া প্রদান করা হলো।) | | | | |
| | **মোট** | | | ৫,৯১,০০০ | ৫,৯১,০০০ |

**উত্তর :** জাবেদার যোগফল ৫,৯১,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৫** জনাব শফি একজন ক্ষুদ্র ব্যবসায়ী। ২০২২ সালের জানুয়ারি মাসে তার ব্যবসায়ের সম্পদ ও দায় ছিল নিম্নরূপ :
নগদ তহবিল ২,৫০,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা, দেনাদার ৯০,০০০ টাকা, পাওনাদার ৩৬,০০০ টাকা, ব্যাংক ঋণ ১,০০,০০০ টাকা উক্ত বৎসরে মালিক আরো ১,০০,০০০ টাকা বিনিয়োগ করেন। তিনি নগদ ৪০,০০০ টাকা ও ১০,০০০ টাকার পণ্য উত্তোলন করেন।
৩১ ডিসেম্বর তারিখে তার ব্যবসায়ের দায় ও সম্পদ নিম্নরূপ : হাতে নগদ ১,৬০,০০০ টাকা, আসবাবপত্র ৬৫,০০০ টাকা, দেনাদার ৮০,০০০ টাকা, মজুদপণ্য ১,৫০,০০০ টাকা, ব্যাংক ঋণ ৭০,০০০ টাকা, বকেয়া বেতন ১০,০০০ টাকা, পাওনাদার ৬০,০০০ টাকা।

(ক) জনাব শফির প্রারম্ভিক চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) জনাব শফির সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) উক্ত বৎসরে জনাব শফির লাভ/ক্ষতি নিরূপণ কর। ৪

[য. বো. ২০২৪]

**৫নং প্রশ্নের সমাধান**

**ক** জনাব শফিকের প্রারম্ভিক চলতি সম্পদের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ২,৫০,০০০ | |
| দেনাদার | ৯০,০০০ | |
| মোট চলতি সম্পদ | | ৩,৪০,০০০ |

**উত্তর :** জনাব শফিকের প্রারম্ভিক চলতি সম্পদের পরিমাণ ৩,৪০,০০০ টাকা।

**খ** সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় :

সমাপনী মূলধন = সমাপনী সম্পদ − সমাপনী দায়
= {(হাতে নগদ + আসবাবপত্র + দেনাদার + মজুদ পণ্য) − (ব্যাংক ঋণ + বকেয়া বেতন + পাওনাদার)}
= (১,৬০,০০০ + ৬৫,০০০ + ৮০,০০০ + ১,৫০,০০০) − (৭০,০০০ + ১০,০০০ + ৬০,০০০)
= (৪,৫৫,০০০ − ১,৪০,০০০)
= ৩,১৫,০০০ টাকা

∴ সমাপনী মূলধনের পরিমাণ ৩,১৫,০০০ টাকা।

**গ** আমরা জানি,

লাভ/ক্ষতি = {(সমাপনী মূলধন + উত্তোলন) – (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)
= {৩,১৫,০০০ + (৪০,০০০ + ১০,০০০)} – (২,৫৪,০০০ + ১,০০,০০০)
= (৩,১৫,০০০ + ৫০,০০০) − ৩,৫৪,০০০
= ৩,৬৫,০০০ – ৩,৫৪,০০০

∴ লাভ = ১১,০০০

**উত্তর :** ১১,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৬** যমুনা ট্রেডার্সের ২০২২ সালের জানুয়ারি মাসে ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | ব্যবসায়ে মূলধন বিনিয়োগ ১,৫০,০০০ টাকা। |
| ” | ৩ | বিজ্ঞাপন ২৫,০০০ টাকা (৫ বছর) |
| ” | ৬ | শিক্ষানবিশ সেলামি ১০,০০০ টাকা। যার মধ্যে গত বছরের ২,৫০০ টাকা রয়েছে। |
| ” | ১২ | ব্যবসা স্থানান্তর ব্যয় ২০,০০০ টাকা। |
| ” | ১৫ | উপভাড়া ১০,০০০ টাকা। |
| ” | ১৮ | ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা। |
| ” | ২১ | যন্ত্রপাতি ক্রয় ৬০,০০০ টাকা। |
| ” | ২৩ | লভ্যাংশ প্রাপ্তি ২০,০০০ টাকা। |
| ” | ২৫ | আসবাবপত্র ক্রয় ৩০,০০০ টাকা। |
| ” | ৩১ | ব্যক্তিগত তহবিল হতে কারবারের কর্মচারীদের বেতন প্রদান ১০,০০০ টাকা। |

(ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

[য. বো. ২০২৪]

## ৬নং প্রশ্নের সমাধান

**ক** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জানু-৩ | বিলম্বিত বিজ্ঞাপন (২৫০০০ × ৪/৫) | ২০,০০০ | |
| " ১২ | ব্যবসায় স্থানান্তর ব্যয় | ২০,০০০ | |
| | | | ৪০,০০০ |

**উত্তর :** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ৪০,০০০ টাকা।

**খ** মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|---|
| ২০২২ | **মুনাফা জাতীয় আয় :** | | | |
| জানুয়ারি-৬ | শিক্ষানবিশ সেলামি | ১০,০০০ | | |
| | বাদ : গত বছরের বকেয়া | (২,৫০০) | | |
| | | | ৭,৫০০ | |
| " ১৫ | উপভাড়া | | ১০,০০০ | |
| " ২৩ | লভ্যাংশ প্রাপ্তি | | ২০,০০০ | |
| | **মোট** | | | ৩৭,৫০০ |
| ২০২২ | **মুনাফা জাতীয় ব্যয় :** | | | |
| জনায়ারি-৩ | বিজ্ঞাপন | ২৫,০০০ | | |
| | বাদ : বিলম্বিত বিজ্ঞাপন (২৫,০০০ × ৪/৫) | ২০,০০০ | | |
| | | | ৫,০০০ | |
| | কর্মচারীদের বেতন প্রদান | | ১০,০০০ | |
| | **মোট** | | | ১৫,০০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় আয় ৩৭,৫০০ টকা ও মুনাফা জাতীয় ব্যয় ১৫,০০০ টাকা।

**গ** মূলধনজাতীয় প্রাপ্তি ও মূলধনজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | **মুনাফা জাতীয় প্রাপ্তি :** | | |
| জানু-১ | ব্যবসায়ে মূলধন বিনিয়োগ | ১,৫০,০০০ | |
| " ১৮ | ঋণ গ্রহণ | ৫০,০০০ | |
| " ৩১ | ব্যক্তিগত তহবিল হতে কারবারের কর্মচারীর বেতন প্রদান | ১০,০০০ | |
| | **মূলধন জাতীয় প্রাপ্তি** | | ২,১০,০০০ |
| | **মূলধন জাতীয় ব্যয় :** | | |
| " ২১ | যন্ত্রপাতি ক্রয় | ৬০,০০০ | |
| " ২৫ | আসবাবপত্র ক্রয় | ৩০,০০০ | |
| | **মূলধন জাতীয় ব্যয়** | | ৯০,০০০ |

**উত্তর :** মূলধন জাতীয় প্রাপ্তি ২,০০,০০০ টাকা ও মূলধনজাতীয় ব্যয় ৯০,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৭** মাসুম কন্সট্রাকশান এর ২০২২ সালের জানুয়ারি মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

জানুয়ারি ১ নগদ ৫,৫০,০০০ টাকা এবং ২,৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসা আরম্ভ করে।
" ৫ ৭% বাট্টায় কমল ট্রেডার্সের নিকট প্রতিফুট ২০৫ টাকা দরে ৩৫০ ফুট জিআই পাইপ বিক্রয়। চালান ২০৫, প্যাকিং খরচ ৫০০ টাকা।
" ১০ শখা ট্রেডার্সের নিকট থেকে ৮১,৭০০ টাকার পণ্য ক্রয় করে চেক প্রদান।
" ১৫ ব্যবসায়ের ব্যবহারের জন্য কাগজ ও কলম ক্রয় ৭০০ টাকা।
" ২০ ব্যবসায়ের জন্য ফ্রিজ ক্রয়ের পরিবহন ব্যয় ২,৫০০ টাকা।
" ২৮ ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৮,০০০ টাকা।

(ক) মাসুম কন্সট্রাকশান এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ৫ তারিখের লেনদেন অবলম্বনে একটি চালান তৈরি কর। ৪
(গ) ১০, ১৫, ২০, ২৮ তারিখের লেনদেনগুলোর জন্য সাধারণ জাবেদা তৈরি কর। ৪

[য. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের সমাধান**

**ক** মাসুম কন্সট্রাকশনের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ জানুয়ারি-১ | নগদ | ৫,৫০,০০০ | |
| | আসবাবপত্র | ২,৫০,০০০ | |
| | প্রারম্ভিক মূলধন | | ৮,০০,০০০ |

**উত্তর :** মাসুম কন্সট্রাকশনের প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৮,০০,০০০ টাকা।

**খ**

চালান নং : ২০৫ **মাসুম কনস্ট্রাকশন** তারিখ : ৫ জানুয়ারি, ২০২২

ক্রেতার নাম : কামাল ট্রেডার্স

ঠিকানা : ....................................

**চালান**

| ক্রমিক নং | মালের বিবরণ | দর (টাকা) | পরিমাণ (টাকা) | টাকা |
|---|---|---|---|---|
| ১. | ফুট জিআই পাইপ | | ৩৫০ | ৭১,৭৫০ |
| | প্রতি ফুট ২০৫ টাকা দরে ৩০৫ ফুট জিআই পাইপ | ২০৫ | | (৫,০২২) |
| | বাদ : কারবারি বাট্টা ৫% | | | ৬৬,৭২৭ |
| | (+) প্যাকিং খরচ | | | ৫০০ |
| | মোট | | | ৬৭,২২৭ |

**টাকা (কথায়) :** সাতষট্টি হাজার দুইশত সাতাশ টাকা মাত্র।

........................................
বিক্রেতার স্বাক্ষর

বিক্রিত শর্ত : ..............................................................................................

[**বি.দ্র. :** ভুলত্রুটি সংশোধনযোগ্য।

**গ**

**মাসুম কনস্ট্রাকশন**

সাধারণ জাবেদা

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ জানুয়ারি-১০ | ক্রয় হিসাব | ডেবিট | | ৮১,৭০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ৮১,৭০০ |
| | (চেকে পণ্য ক্রয় করা হলো।) | | | | |
| ” ১৫ | মনিহারি হিসাব | ডেবিট | | ৭০০ | |
| | ক্রয় হিসাব | ক্রেডিট | | | ৭০০ |
| | (অফিসের জন্য কাগজ কলম ক্রয়।) | | | | |
| ” ২০ | পরিবহন হিসাব | ডেবিট | | ২,৫০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ২,৫০০ |
| | (পরিবহন খরচ প্রদান করা হলো।) | | | | |
| ” ২৮ | উত্তোলন হিসাব | ডেবিট | | ৮,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৮,০০০ |
| | (ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন করা হলো।) | | | | |
| | মোট | | | ৯২,৯০০ | ৯২,৯০০ |

**উত্তর :** জাবেদার যোগফল ৯২,৯০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৮** জনাব আমিন একজন পাইকারী ব্যবসায়ী। তার ব্যবসায়ে ২০২২ সালের নভেম্বরের লেনদেনগুলো নিম্নরূপ :

নভেম্বর ২ রনি স্টোর, রাজশাহী এর নিকট প্রতি কেজি ১২০ টাকা দরে ২ কুইন্টাল মশুর ডাল বিক্রয়। কারবারী বাট্টা ৫%, চালান নং ২৫১, শর্ত ২/১০ নিট ৩০।

" ৭ শফি স্টোরের নিকট প্রতি কেজি ১২০০ টাকা দরে ১৫০ কেজি চা বিক্রয়। বাট্টা ৪%, চালান নং ২৫৪।

(ক) "বিক্রয় শর্ত ২/১০, নিট ৩০' অনুযায়ী রনি ট্রেডার্স কত টাকা পরিশোধ করবে? ২

(খ) জনাব আমিন এর একটি বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) জনাব আমিন এর সহকারী খতিয়ান তৈরি কর। ৪

[য. বো. ২০২৪]

## ৮নং প্রশ্নের সমাধান

**ক** **বিক্রয় শর্ত $\frac{২}{১০}$, নিট ৩০ অনুযায়ী রনি ট্রেডার্স কত টাকা পরিশোধ করবে তা নির্ণয় :**

রনি স্টোর :

মশুর ডাল :

| | | |
|---|---|---|
| প্রতি কেজি ১৫০ টাকা দরে ২০০ কেজি (১২০ × ২০০) | = | ২৪,০০০ |
| বাদ : কারবারী বাট্টা ৫% | = | (৭,২০০) |
| | = | ২২,৮০০ |
| **যদি ১০ দিনের মধ্যে রনি টেড্রার্স পরিশোধ করে তাহলে :** | | |
| ডাল বিক্রয় | | ২২,৮০০ |
| যদি শর্ত $\frac{২}{১০}$ নিট ৩০ বাদ : কারবাট্টা ২% | = | (৪৫৬) |
| | = | (২২,৩৪৪) |

∴ পরিশোধ $\frac{২}{১০}$ শর্ত অনুযায়ী

[বি.দ্র. : যেহেতু ১ কুইন্টাল = ১০০ কেজি।]

**উত্তর :** পরিশোধ করবে ২২,৩৪৪ টাকা।

**খ**

**জনাব অমিনের**

**বিক্রয় জাবেদা**

| তারিখ | ডেবিট হিসাব খাত | সূত্র | চালান | দেনাদার হিসাব ডেবিট<br>বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২২ | | | | |
| নভেম্বর-২ | রনি স্টোর (গণনাকার্য-০১) | ✓ | ২৫১ | ২২,৮০০ |
| " ৭ | শফি স্টোর (গণনাকার্য-০২) | ✓ | ২৫৪ | ১,৭২,৮০০ |
| | | | | ১,৯৫,৬০০ |

**গণনাকার্য-১ :** বিক্রয় – বাট্টা {(১২০ × ২০০) – (২৪,০০০ × ৫%)} = ২২,৮০০

**গণনাকার্য-২ :** বিক্রয় – বাট্টা {১,৮০,০০০ – (১,৮০,০০০ × ৪%) = ১,৭২,৮০০

**গ**

**জনাব আমিনের**

**সহকরী খতিয়ান**

**রনি স্টোর** হিসাবের কোড নং : .................

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২২ | | | | | | |
| নভেম্বর-২ | বিক্রয় হিসাব | | ২২,৮০০ | | ২২,৮০০ | |

∴ দেনাদার হিসাবের ডেবিট উদ্বৃত্ত ১,৯৫,৬০০ টাকা।

**শফি স্টোর**

হিসাবের কোড নং : .................

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২২<br>নভেম্বর-৭ | বিক্রয় হিসাব | | ১,৭২,৮০০ | | ১,৭২,৮০০ | |

∴ বিক্রয় হিসাবের ক্রেডিট জের ১,৭২,৮০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৯** মি. সালমান এর ২০২২ সালের ডিসেম্বর মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ডিসেম্বর | ১ | নগদ ২,৮০,০০০ এবং ১,৫০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসা শুরু করেন। |
| " | ৪ | ১২% বাট্টায় রমজানের নিকট পণ্য বিক্রয় ৫৫,০০০ টাকা। |
| " | ১০ | ৫% বাট্টায় পণ্য ক্রয় ৪৫,০০০ টাকা। |
| " | ১৬ | ৫০% ব্যাংক ঋণ পরিশোধ করা হলো। |
| " | ২২ | রমজানের নিকট থেকে ৪ তারিখের পাওনা আদায়। |
| " | ৩০ | মালিকের ব্যক্তিগত প্রয়োজনে ৫,০০০ টাকার পণ্য উত্তোলন। |

(ক) প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) 'T' ছক পদ্ধতিতে ঋণ হিসাব ও দেনাদার হিসাব প্রস্তুত কর। ৪

(গ) চলমান জের ছক পদ্ধতিতে নগদান হিসাব ও ক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

[য. বো. ২০২৪]

**৯নং প্রশ্নের সমাধান**

**ক** প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২<br>ডিসেম্বর-১ | নগদ | ২,৮০,০০০ | |
| | **প্রারম্ভিক মূলধন** | | ২,৮০,০০০ |

**উত্তর :** প্রারম্ভিক মূলধনের পরিমাণ ২,৮০,০০০ টাকা।

**খ**

**মি. সালমান**

**খতিয়ান বই (T ছক)**

**ঋণ হিসাব**

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২<br>ডিসে.-১৬ | নগদান | | ৭৫,০০০ | ২০২২<br>ডিসে.-১ | নগদান হিসাব | | ১,৫০,০০০ |
| " ৩১ | ব্যালেন্স সি/ডি | | ৭৫,০০০ | | | | |
| | | | ১,৫০,০০০ | | | | ১,৫০,০০০ |
| | | | | ২০২৩<br>জানু.-১ | ব্যালেন্স বি/ডি | | ৭৫,০০০ |

**দেনাদার হিসাব**

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২<br>ডিসে-৪ | বিক্রয় হিসাব | | ৪৮,৪০০ | ২০২২<br>ডিসে-২২ | নগদান হিসাব | | ৪৮,৪০০ |
| | | | ৪৮,৪০০ | | | | ৪৮,৪০০ |

**গ** **মি. সালমান**

**খতিয়ান বই (চলমান জের ছক)**

**নগদান হিসাব** হিসাবের কোড নং : .................

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২২ | | | | | | |
| ডিসে-১ | মূলধন হিসাব | | ২,৮০,০০০ | | ২,৮০,০০০ | |
| " ১ | ব্যাংক হিসাব | | ১,৫০,০০০ | | ৪,৩০,০০০ | |
| " ১০ | ক্রয় হিসাব | | | ৪২,৭৫০ | ৩,৮৭,২৫০ | |
| " ১৬ | ব্যাংক ঋণ হিসাব | | | ৭৫,০০০ | ৩,১২,২৫০ | |
| " ২২ | দেনাদার হিসাব (রমজান) | | ৪৮,৪০০ | | ৩,৬০,৬৫০ | |

**ক্রয় হিসাব** হিসাবের কোড নং : .................

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২২ | | | | | | |
| ডিসে-১০ | নগদান হিসাব | | ৪২,৭৫০ | | ৪২,৭৫০ | |
| " ৩০ | উত্তোলন হিসাব | | | ৫,০০০ | ৩৭,৩৫০ | |

**প্রশ্ন ▸ ১০** ২০২২ সালের ১ জানুয়ারি জনতা লিঃ এর নগদ অর্থের পরিমাণ ছিল ২,০০,০০০ টাকা এবং ব্যাংক জমার পরিমাণ ছিল ২,২০,০০০ টাকা।

জানুয়ারি ৫ ধারে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা ও নগদ বিক্রয় ১,০৫,০০০ টাকা।
" ১০ কমিশন প্রাপ্তি ১৫,০০০ টাকা।
" ১৫ যন্ত্রপাতির অবচয় ধার্য হলো ৩০,০০০ টাকা।
" ২০ হাবিবের নিকট থেকে প্রাপ্তি ২০,০০০ টাকা।
" ২৫ পাওনাদারকে চেক দ্বারা পরিশোধ করা হল এবং ৫% বাট্টা পাওয়া গেল।
" ৩০ ব্যাংক থেকে অফিসের প্রয়োজনে উত্তোলন ৬০,০০০ টাকা এবং ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন ২০,০০০ টাকা।

(ক) প্রাপ্ত বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
(খ) জনতা লিঃ এর নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
(গ) জনতা লিঃ এর একটি উপযুক্ত নগদান বই তৈরি কর। ৪

[য. বো. ২০২৪]

**১০নং প্রশ্নের সমাধান**

**ক** প্রাপ্ত বাট্টার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জানুয়ারি-২৫ | পাওনাদারের নিকট হতে বাট্টা প্রাপ্তি | ১,২৫০ | |
| | মোট | | ১,২৫০ |

**উত্তর :** প্রাপ্ত বাট্টার পরিমাণ ১,২৫০ টাকা।

খ

**জনতা লিঃ**

নগদ প্রাপ্ত জাবেদা

| তারিখ | বিবরণ | সূত্র | নগদ ডেবিট | প্রদত্ত বাট্টা ডেবিট | বিক্রয় ক্রেডিট | দেনাদার ক্রেডিট | অন্যান্য হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | | | |
| জানুয়ারি-৫ | – | | ১,০৫,০০০ | | ১,০৫,০০০ | | |
| ” ১০ | কমিশন প্রাপ্তি | | ১৫,০০০ | | | | ১৫,০০০ |
| ” ২০ | হাবিব | | ২০,০০০ | | | ২০,০০০ | |
| | | | ১,৪০,০০০ | | ১,০৫,০০০ | ২০,০০০ | ১৫,০০০ |

**উত্তর :** নগদ প্রাপ্তি জাবেদার যোগফল : নগদ ১৪,০০০, বিক্রয় ১,০৫,০০০; দেনাদার ২০,০০০; অন্যান্য ১৫,০০০ টাকা।

গ

**জনতা লিঃ**

তিনঘরা নগদান বই

| তারিখ | প্রাপ্তি | ভা. নং | খ. পৃ. | বাট্টা | নগদান টাকা | ব্যাংক টাকা | তারিখ | প্রদান | ভা. নং | খ. পৃ. | বাট্টা | নগদান টাকা | ব্যাংক টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | | | ২০২২ | | | | | | |
| জানু.-১ | ব্যালেন্স B/D | | | | ২,০০,০০০ | ২,২০,০০০ | জানু.-৫ | পাওনাদার | | | ১,২৫০ | | ২৩,৭৫০ |
| ” ৫ | বিক্রয় হিসাব | | | | ১,০৫,০০০ | | ” ৩০ | নগদান হি. (ক) | | | | | ৬০,০০০ |
| ” ১৫ | কমিশন প্রাপ্তি | | | | ১৫,০০০ | | ” ৩০ | উত্তোলন হি. | | | | | ২০,০০০ |
| ” ২০ | হাবিব হিসাব | | | | ২০,০০০ | | ” ৩১ | ব্যালেন্স C/D | | | | ৪,০০,০০০ | ১,১৬,২৫০ |
| ” ৩০ | ব্যাংক হি. (ক) | | | | ৬০,০০০ | | | | | | | | |
| | | | | | ৪,০০,০০০ | ২,২০,০০০ | | | | | ১,২৫০ | ৪,০০,০০০ | ২,২০,০০০ |
| ফেব্রু.-১ | ব্যালেন্স B/D | | | | ৪,০০,০০০ | ১,১৬,২৫০ | | | | | | | |

**উত্তর :** নগদ জমা ৪,০০,০০০ টাকা, ব্যাংক জমা ১,১৬,২৫০ টাকা, প্রাপ্ত বাট্টা ১২৫০ টাকা।

**প্রশ্ন ▸ ১১** সামিয়া এন্টারপ্রাইজ এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর বিভিন্ন হিসাবের জের নিম্নরূপ :
প্রারম্ভিক মজুদ পণ্য ৫০,০০০ টাকা, ব্যাংক ঋণ ৮০,০০০ টাকা, ক্রয় ২,৫০,০০০ টাকা, বিক্রয় ৪,৬০,০০০ টাকা, দেনাদার ২,৪০,০০০ টাকা, পাওনাদার ১,১৫,০০০ টাকা, ভবিষ্যৎ তহবিল ৩০,০০০ টাকা, আয়কর ১০,৫০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ১৭,০০০ টাকা, দালানকোঠা ৩,০০,০০০ টাকা, মূলধন ১,৮০,০০০ টাকা, উত্তোলন ১৩,০০০ টাকা, প্রাপ্ত বাট্টা ৫,৫০০ টাকা, অগ্রিম বেতন ৭,০০০ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্য হতে সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) সামিয়া এন্টারপ্রাইজ এর রেওয়ামিল প্রস্তুত কর। ৪
(গ) সামিয়া এন্টারপ্রাইজ এর মালিকানা স্বত্ব নির্ণয় কর। ৪

[য. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের সমাধান**

ক সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৫০,০০০ | |
| যোগ : ক্রয় | ২,৫০,০০০ | |
| | ৩,০০,০০০ | |
| বাদ : সমাপনী মজুদ পণ্য | (১৭,০০০) | |
| সমন্বিত ক্রয় | | ২,৮৩,০০০ |

**উত্তর :** সম্বনিত ক্রয়ের পরিমাণ ২,৮৩,০০০ টাকা।

**খ**

## সামিয়া এন্টারপ্রাইজের
### রেওয়ামিল
২০২২ সালের ৩১শে ডিসেম্বর

| ক্রমিক | হিসাবের শিরোনাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | প্রারম্ভিক মজদু পণ্য | | ৫০,০০০ | |
| ২ | ব্যাংক ঋণ | | – | ৮০,০০০ |
| ৩ | ক্রয় | | ২,৫০,০০০ | – |
| ৪ | বিক্রয় | | – | ৪,৬০,০০০ |
| ৫ | দেনাদার | | ২,৪০,০০০ | – |
| ৬ | পাওনাদার | | – | ১,১৫,০০০ |
| ৭ | ভবিষ্যৎ তহবিল | | – | ৩০,০০০ |
| ৮ | আয়কর | | ১০,৫০০ | – |
| ৯ | দালান কোঠা | | ৩,০০,০০০ | – |
| ১০ | মূলধন | | – | ১,৮০,০০০ |
| ১১ | উত্তোলন | | ১৩,০০০ | – |
| ১২ | প্রাপ্তি বাট্টা | | – | ৫,৫০০ |
| ১৩ | অগ্রিম বেতন | | ৭,০০০ | – |
| | | | ৮,৭০,৫০০ | ৮,৭০,৫০০ |

**উত্তর :** রেওয়ামিলের যোগফল ৮,৭০,০০০ টাকা।

**গ** সামিয়া এন্টারপ্রাইজের মালিকানাস্বত্ব নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন | | ১,৮০,০০০ |
| **যোগ : আয়সমূহ :** | | |
| বিক্রয় | ৪,৬০,০০০ | |
| প্রাপ্ত বাট্টা | ৫,৫০০ | ৪,৬৫,৫০০ |
| | | ৬,৪৫,৫০০ |
| **বাদ : ব্যয়সমূহ :** | | |
| সমন্বিত ক্রয় ['ক' হতে প্রাপ্ত] | | (২,৮৩,০০০) |
| | | ৩,৬২,৫০০ |
| **বাদ : উত্তোলনসমূহ :** | | |
| নগদ | ১৩,০০০ | |
| আয়কর | ১০,৫০০ | (২৩,৫০০) |
| **মালিকানা স্বত্ব** | | ৩,৩৯,০০০ |

**উত্তর :** সমাপনী মালিকানা স্বত্বের পরিমাণ ৩,৩৯,০০০ টাকা।

# চট্টগ্রাম বোর্ড-২০২৪

## হিসাববিজ্ঞান (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড 1 4 6

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **সংশোধনী জাবেদার মাধ্যমে কোন হিসাব বন্ধ করতে হয়?**
K কু-ঋণ হিসাব L অনিশ্চিত হিসাব
M দেনাদার হিসাব N পাওনাদার হিসাব

☐ **উদ্দীপকটি পড় এবং ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**

| প্রতিষ্ঠান | বিক্রয় | বিক্রীত পণ্যের ব্যয় | পরিচালন ব্যয় | মোট মুনাফা/ ক্ষতি | পরিচালন মুনাফা/ ক্ষতি |
|---|---|---|---|---|---|
| শাফি ট্রেডার্স | ২৮,৩০০ | ২৮,৫০০ | ১,২০০ | ? | ? |

২. **মোট মুনাফা/ক্ষতির পরিমাণ কত?**
K ক্ষতি ২০০ টাকা L মুনাফা ২০০ টাকা
M ক্ষতি ১,০০০ টাকা N মুনাফা ১,৪০০ টাকা

৩. **পরিচালন মুনাফা/ক্ষতির পরিমাণ কত?**
K ক্ষতি ১,০০০ টাকা L মুনাফা ১,০০০ টাকা
M ক্ষতি ১,৪০০ টাকা N মুনাফা ১,৪০০ টাকা

৪. **পরোক্ষ খরচ কোনটি?**
K ডক চার্জ L আন্ত:পরিবহন
M কুলি খরচ N প্রচারণা খরচ

৫. **আরোপণযোগ্য খরচ–**
i. দরপত্রের ক্রয়মূল্য ii. জ্বালানি খরচ iii. স্থাপত্য নক্সা প্রণয়ন খরচ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৬. **পারিবারিক আয়ের শতকরা কত ভাগ বাসস্থান খাতে ব্যয় করা হয়?**
K ৩০%-৪০% L ২০%-২৫% M ১০%-১৫% N ৫%-১০%

৭. **মৎস্য খামার প্রকল্পে বিনিয়োগকৃত ব্যয় কোনটি?**
K সার প্রয়োগ L চুন খরচ
M মাছের খাদ্য N পুকুর সংস্কার

৮. **কীসের মাধ্যমে প্রতিষ্ঠানের কাঙ্খিত ফলাফল অর্জন সম্ভব?**
K আয় নিয়ন্ত্রণ L ব্যয় নিয়ন্ত্রণ
M আর্থিক নিয়ন্ত্রণ N প্রশাসনিক নিয়ন্ত্রণ

৯. **লুকাপ্যাসিওলি, তার গ্রন্থে কোন নীতি ব্যাখ্যা করেন?**
K হিসাব নীতি L দু'তরফা নীতি
M একতরফা নীতি N জাবেদা নীতি

১০. **সমাজ ও পরিবেশের জন্য হিসাববিজ্ঞানের করণীয়–**
i. পণ্য তৈরিতে স্বাস্থ্যসম্মত কাঁচামালের জন্য ব্যয়
ii. মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান
iii. আর্থিক ফলাফল ও আর্থিক অবস্থা নিরূপণ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১১. **বর্ধিত হিসাব সমীকরণ হলো–**
K $A = L + E$ L $E = L + A$
M $A = L + (C + R - Ex - D)$ N $A = L - (C + R - Ex - D)$

১২. **ক্রয় ফেরত জাবেদায় উৎস দলিল কোনটি?**
K ডেবিট নোট L ক্রেডিট নোট
M ডেবিট ভাউচার N ক্রেডিট ভাউচার

১৩. **রেভিনিউর মাধ্যমে কোন হিসাবের বৃদ্ধি ঘটে?**
K ঋণ হিসাবের L দায় হিসাবের
M মালিকানা স্বত্ব হিসাবের N ব্যয় হিসাবের

☐ **উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব নাফির ব্যবসায়ে ২০২১ সালের ১ জানুয়ারি মূলধন ছিল ৮০,০০০ টাকা। উক্ত বছরে তার উত্তোলন ছিল ৪০,০০০ টাকা। তিনি অতি:মূলধন আনলেন ৫০,০০০ টাকা। ৩১ ডিসেম্বর তারিখে তার মোট সম্পদ ২,৫০,০০০ টাকা এবং দায় ছিল ২,০০,০০০ টাকা।

১৪. **সমাপনী মূলধনের পরিমাণ কত?**
K ৯০,০০০ টাকা L ৮০,০০০ টাকা
M ৫০,০০০ টাকা N ৪০,০০০ টাকা

১৫. **লাভ/ক্ষতির পরিমাণ কত?**
K লাভ ৪০,০০০ টাকা L ক্ষতি ৪০,০০০ টাকা
M লাভ ৫০,০০০ টাকা N ক্ষতি ৫০,০০০ টাকা

১৬. **মূলধন জাতীয় লেনদেনের বৈশিষ্ট্য–**
i. দীর্ঘমেয়াদি ii. নিয়মিত iii. বড় অঙ্কের
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৭. **অফিস সাপ্লাই হিসাব হবে–**
i. প্রিন্টার ii. ঘড়ি iii. পেপার ওয়েট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৮. **অনাদায়ী পাওনা কোন জাতীয় হিসাব?**
K সম্পদ L দায় M আয় N ব্যয়

১৯. **যন্ত্রপাতি ক্রয় ১৫,০০০ টাকা যদি ক্রয় হিসাব ১৫,০০০ টাকা দ্বারা ডেবিট করা হলে কোন জাবেদায় অন্তর্ভুক্ত হবে?**
K সমন্বয় জাবেদা L প্রারম্ভিক জাবেদা
M সংশোধনী জাবেদা N সমাপনী জাবেদা

২০. **"বিনামূল্যে পণ্য বিতরণ" এর জাবেদা হবে কোনটি?**
K বিজ্ঞাপন হিসাব ডে. ক্রয় হিসাব ক্রে.
L ক্রয় হিসাব ডে. বিজ্ঞাপন হিসাব ক্রে.
M পণ্য বিতরণ হিসাব ডে. বিজ্ঞাপন হিসাব ক্রে.
N ক্রয় হিসাব ডে. পণ্য বিতরণ হিসাব ক্রে.

২১. **কীসের ভিত্তিতে বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করা হয়?**
K চালান L ভাউচার
M ক্রেডিট নোট N ডেবিট নোট

২২. **রেওয়ামিল প্রস্তুতের জন্য প্রয়োজনীয় উদ্বৃত্ত কোথায় হতে সংগ্রহ করা হয়?**
K জাবেদা L চালান M ভাউচার N খতিয়ান

২৩. **হিসাবের পাকা বই কোনটি?**
K খতিয়ান L জাবেদা
M রেওয়ামিল N আর্থিক বিবরণী

২৪. **পেছন থেকে আনীত এর সংক্ষিপ্ত রূপ কোনটি?**
K C/D L B/D M C/F N B/F

২৫. **ক্যালকুলেটর, পেপারওয়েট কোন জাতীয় হিসাব?**
K দায় L ব্যয় M আয় N সম্পদ

২৬. **পাওনা আদায়ের জন্য প্রতিষ্ঠান যে ধরনের চেক পায় তা হলো–**
K বাহক চেক L হুকুম চেক
M খোলা চেক N দাগ কাটা চেক

☐ **উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**

**দু-ঘরা নগদান বই**

| তাং ২০২১ | প্রাপ্তি | নগদ টাকা | ব্যাংক টাকা | তারিখ ২০২১ | প্রদান | নগদ টাকা | ব্যাংক টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| মে-১ | ব্যালেন্স বিডি | ৩,০০০ | - | মে-১ | ব্যালেন্স বিডি | - | ৫,০০০ |
| " -৫ | বিক্রয় হিসাব | ৫,০০০ | ?? | মে-৭ | ক্রয় হিসাব | ৩,০০০ | - |
| " -৩১ | ব্যালেন্স সিডি | | ৩,১৫০ | মে-১৫ | ব্যাংক চার্জ | - | ১৫০ |
| | | | | মে-৩১ | ব্যালেন্স সিডি | ?? | |
| | | ৮,০০০ | ৫,১৫০ | | | ৮,০০০ | ৫,১৫০ |

২৭. **মে-৩১ নগদ কলামের ডেবিট উদ্বৃত্তের পরিমাণ কত?**
K ৩,০০০ টাকা L ৫,০০০ টাকা
M ৫,১৫০ টাকা N ৮,০০০ টাকা

২৮. **মে-৫ বিক্রয় হিসাবে দেনাদারের চেকের পরিমাণ কত?**
K ১৫০ টাকা L ২,০০০ টাকা
M ৩,০০০ টাকা N ৩,১৫০ টাকা

২৯. **রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না–**
i. সমাপনী ব্যাংক জমা ii. সমাপনী মনিহারি iii. সমাপনী মজুদ পণ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩০. **যে সকল ভুল রেওয়ামিলে ধরা পড়ে না–**
i. বাদ পড়ার ভুল ii. লিখার ভুল iii. পরিপূরক ভুল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# চট্টগ্রাম বোর্ড-২০২৪

## হিসাববিজ্ঞান (সৃজনশীল)

বিষয় কোড : | 1 | 4 | 6 |

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে দুটি এবং খ বিভাগ থেকে **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১। নির্মল এন্টারপ্রাইজের ২০২২ সালের ৩০ জুন তারিখের রেওয়ামিল ও প্রয়োজনীয় সমন্বয়সমূহ নিম্নরূপ :

**নির্মল এন্টারপ্রাইজ**
রেওয়ামিল
৩০ জুন, ২০২২

| হিসাবের নাম | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ১,০৬,০০০ | ১,৯৮,৫০০ |
| আসবাবপত্র | ১,৭০,০০০ | |
| হাতে নগদ | ১,৩০,০০০ | |
| ১০% ঋণ | | ১,০০,০০০ |
| দেনাদার | ৪০,০০০ | |
| মজুরি | ২০,৫০০ | |
| ভাড়া (১০ মাস) | ২৫,০০০ | |
| কমিশন | | ৩,০০০ |
| উত্তোলন ও মূলধন | ১০,০০০ | ২,০০,০০০ |
| | ৫,০১,৫০০ | ৫,০১,৫০০ |

**অন্যান্য তথ্য :**

(১) সমাপনী মজুদের ক্রয়মূল্য ২৫,০০০ টাকা, বাজারমূল্য ২০,০০০ টাকা।
(২) দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট দেনাদারের উপর ৫% কুঋণ সঞ্চিতি ধরতে হবে।
(৩ আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য করতে হবে।

(ক) নির্মল এন্টারপ্রাইজের মোট প্রত্যক্ষ ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) নির্মল এন্টারপ্রাইজের মোট মুনাফা ৮০,০০০ টাকা ধরে নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) নিট মুনাফা ৩৪,১০০ টাকা ধরে নির্মল এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২। নেহাল ট্রেডার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিচে দেওয়া হলো :

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন | ৭,০০০ | |
| মূলধন | | ২,২৫,০০০ |
| নগদ তহবিল | ১৩,০০০ | |
| আসবাবপত্র | ২০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১৩,০০০ | |
| সুনাম | ২,০০,০০০ | |
| অতিরিক্ত মূলধন (১-৭-২০২২) | | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৮,০০০ |
| আয়কর | ১,০০০ | |
| অনুপার্জিত আয় | | ১১,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ২০,০০০ |
| যন্ত্রপাতি | ৩০,০০০ | |
| | ২,৮৪,০০০ | ২,৮৪,০০০ |

**সমন্বয়সমূহ :**

(১) ক্রয় ফেরত ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(২) স্থায়ী সম্পদের উপর ১০% অবচয় ধার্য করতে হবে।
(৩) মূলধনের উপর ৫% সুদ ধার্য কর।
(৪) আসবাবপত্র ০১-০৯-২০২২ তারিখে ক্রয় করা হয়েছে।

(ক) উপর্যুক্ত তথ্য হতে মোট চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত তথ্য হতে নিট স্থায়ী সম্পদের ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) নিট ক্ষতি ২০,০০০ টাকা ধরে উক্ত প্রতিষ্ঠানের মালিকানা স্বত্ব বিবরণী তৈরি কর। ৪

### খ বিভাগ

৩। মিঃ পার্থ একজন ব্যবসায়ী। জানুয়ারি ২০২২ সালে তার ব্যবসায়িক লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | মি: পার্থ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। |
| ” | ৩ | বাকিতে মাল ক্রয় ১৫,০০০ টাকা। |
| ” | ৮ | পূবালী ব্যাংকে ২০,০০০ টাকা জমা দিয়ে একটি হিসাব খোলা হলো। |
| ” | ১৮ | ব্যবসায় হতে ৫,০০০ টাকা উত্তোলন করা হলো। |
| ” | ২২ | মনিহারি দ্রব্যাদি ক্রয় করা হলো ২,০০০ টাকা। |
| ” | ২৫ | দোকান ভাড়া দেওয়া হলো ১০,০০০ টাকা। |
| ” | ২৮ | বাকিতে মাল বিক্রয় করা হলো ৩০,০০০ টাকা। |
| ” | ৩১ | দেনাদারের নিকট থেকে ১০,০০০ টাকা পাওয়া গেল। |

(ক) $A = L + (C + \square - E - D)$ বক্সের ভিতরের সংকেতটি কত টাকা নির্দেশ করে? ২
(খ) জানুয়ারি ২২ থেকে ৩১ তারিখের লেনদেনগুলোর সংশ্লিষ্ট হিসাবসমূহের শ্রেণিবিন্যাস কর। ৪
(গ) জানুয়ারি ১ থেকে ১৮ তারিখের লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের উপাদানের ভিত্তিতে একটি বিবরণী ছক তৈরি কর। ৪

৪। মি. জোহার ব্যবসায়ে সম্পদ ও দায়ের পরিমাণ নিচে প্রদত্ত হলো :

| হিসাবের নাম | (০১-০১-২০২১) | (৩১-১২-২০২১) |
|---|---|---|
| নগদ | ১,০৫,০০০ | ১,৪৫,০০০ |
| দেনাদার | ৮,০০০ | ১৩,৫০০ |
| পাওনাদার | | ৪,৫০০ |
| আসবাবপত্র | ১,৬০,০০০ | ১,৮০,০০০ |
| ব্যাংক জমা | ৩০,০০০ | ৭৫,০০০ |
| | ৬,৬০,০০০ | ৬,৬০,০০০ |

বছরের মাঝামাঝি সময়ে তিনি ২০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করেন যা ব্যক্তিগত তহবিল থেকে সরবরাহ করেন। তিনি প্রতিমাসে ২,০০০ টাকা নগদ এবং সারা বছরে ৩,৫০০ টাকার পণ্য উত্তোলন করেন।

(ক) মিঃ জোহার মোট উত্তোলনের পরিমাণ কত? ২
(খ) প্রারম্ভিক মূলধন ও সমাপনী মূলধনের পরিমাণ কত? ৪
(গ) ২০২১ সালের মিঃ জোহার ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৫। জনাব রেহানের ব্যবসায়ের ২০২১ সালের জানুয়ারি মাসের কয়েকটি লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | নতুন মেশিন ক্রয় ২,৫০,০০০ টাকা এবং পরিবহন ব্যয় ২,০০০ টাকা। |
| ” | ৪ | নতুন মেশিন সংস্থাপন ব্যয় ১৫,০০০ টাকা। |
| ” | ১৪ | বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় ২৫,০০০ টাকা। |
| ” | ১৮ | বিজ্ঞাপন খরচ ২৪,০০০ টাকা (৫ বছরের জন্য) |
| ” | ২২ | নতুন মেশিন মেরামত ব্যয় ৫,০০০ টাকা। |
| ” | ২৫ | পণ্য গবেষণা ও পরীক্ষা ব্যয় ৩০,০০০ টাকা (৬ বছরের জন্য)। |

(ক) বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) জনাব রেহানের মূলধনজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) জানুয়ারি ১ তারিখে ক্রয়কৃত মেশিন ৩,৫০,০০০ টাকায় বিক্রয় করলে মূলধনজাতীয় প্রাপ্তি ও মূলধনজাতীয় আয়ের পরিমাণ কত হবে তা নির্ণয় কর। ৪

৬। মি. অয়ন ২০২২ সালের ১ এপ্রিল নগদ ৫০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা মূল্যের যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসাযের অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| এপ্রিল | ২ | সাফি এন্ড কোং-এর নিকট হতে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা এবং মালের বহন খরচ ১,০০০ টাকা। |
| " | ১০ | ভাড়া প্রদান করা হলো ৫,০০০ টাকা। |
| " | ১৫ | যন্ত্রপাতির অবচয় ধার্য করা হলো ১,০০০ টাকা। |
| " | ২৬ | চেকে পণ্য ক্রয় ৫,০০০ টাকা। |
| " | ২৮ | মি. অয়নের ব্যক্তিগত খরচ ব্যবসায় হতে পরিশোধ করা হলো ২,০০০ টাকা। |
| " | ৩০ | বিনামূল্যে পণ্য বিতরণ ৫,০০০ টাকা। |

(ক) মাস শেষে হাতে নগদ টাকার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) উপর্যুক্ত তথ্যের এপ্রিল মাসের ১,১০, ১৫ ও ২৬ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবন্ধ কর। ৪

৭। অহনা ট্রেডার্সের ২০২২ সালের জানুয়ারি মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | জনতা ব্যাংকে হিসাব খোলা হলো ৫০,০০০ টাকা। |
| " | ৫ | চেকের মাধ্যমে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা। |
| " | ৮ | নয়ন ট্রেডার্সের নিকট পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা। |
| " | ১২ | মালিক কর্তৃক পণ্য উত্তোলন ২,০০০ টাকা। |
| " | ১৫ | নয়ন ট্রেডার্সের নিকট থেকে পণ্য ফেরত আসল ২,৫০০ টাকা। |
| " | ২০ | ধারে মাল ক্রয় ২০,০০০ টাকা। |
| " | ২২ | পাওনাদারকে চেকে পরিশোধ ৩,০০০ টাকা। |
| " | ২৮ | দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়। |

(ক) অহনা ট্রেডার্সের নিট পাওনাদারের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে ব্যাংক হিসাব ও বিক্রয় হিসাব T ছকে প্রস্তুত কর। ৪

(গ) অহনা ট্রেডার্সের দেনাদার হিসাব ও ক্রয় হিসাব চলমান জের ছকে প্রস্তুত কর। ৪

৮। মুহিন ট্রেডার্সের ডিসেম্বর ২০২২ সালের কয়েকটি লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ডিসেম্বর | ১ | নগদ উদ্বৃত্ত ৪৫,০০০ টাকা ও ব্যাংক উদ্বৃত্ত ৯৫,০০০ টাকা। |
| " | ৪ | শোভন এর নিকট ৫% বাট্টায় ১২,০০০ টাকার পণ্য বিক্রয় ৭,৫০০ টাকার চেক পাওয়া গেল। |
| " | ৮ | ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ১০,০০০ টাকা। |
| " | ১৪ | প্রচার ব্যয় ২৫,০০০ টাকা। |
| " | ১৮ | ব্যাংক হতে উত্তোলন ১৫,০০০ টাকা। |
| " | ২০ | নগদে পণ্য বিক্রয় ৬,০০০ টাকা। |
| " | ২৫ | বেতন প্রদান ৫,০০০ টাকা ও ভাড়া বাবদ চেক প্রাপ্তি ২,০০০ টাকা। |
| " | ৩০ | ব্যাংকে জমা দেওয়া হলো ৩,০০০ টাকা। |

(ক) মুহিন ট্রেডার্সের কন্ট্রা দাখিলার পরিমাণ কত? ২

(খ) উপর্যুক্ত লেনদেন বিবেচনা করে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা একটি উপযুক্ত নগদান বই তৈরি কর। ৪

৯। নুহাস এন্ড ব্রাদার্স-এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের উদ্বৃত্তগুলো ছিল নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রদেয় বিল | ৫০,০০০ | বিনিয়োগের সুদ | ৬,০০০ |
| ভাড়া | ২,৩০০ | প্রাপ্য বিল | ৩০,০০০ |
| রপ্তানি শুল্ক | ৩,৭০০ | ১৫% ব্যাংক ঋণ | ২,০০,০০০ |
| মজুরি | ৬,৫০০ | সুনাম | ১,৯০,০০০ |
| বিক্রয় | ৭৪,০০০ | নগদ তহবিল | ৩২,৫০০ |
| ক্রয় | ৬০,০০০ | ১২% বিনিয়োগ | ৫০,০০০ |
| মূলধন | ১,৫০,০০০ | ট্রেডমার্ক | ১,০৫,০০০ |

(ক) নুহাস এন্ড ব্রাদার্সের অদৃশ্যমান সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) খতিয়ানের উদ্বৃত্তগুলোর সাহায্যে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত উদ্বৃত্তগুলোর আলোকে নুহাস এন্ড ব্রাদার্সের মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

১০। ইহান পাবলিকেশন্স একটি বইয়ের ৪,০০০ কপি ছাপানোর দরপত্র পেল। উক্ত দরপত্র অনুযায়ী বই সরবরাহের জন্য নিম্নোক্ত খরচগুলো সম্পাদন করো :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাগজ ক্রয় | ১,৯০,০০০ |
| ছাপার কালি ক্রয় | ২০,০০০ |
| মজুরি | ৫,০০০ |
| বহন খরচ | ৩,৫০০ |
| কারখানা ভাড়া | ১৫,০০০ |
| কারখানা বিদ্যুৎ খরচ | ১২,০০০ |
| মেশিনের অবচয় | ৫,০০০ |
| অফিস কর্মীর বেতন | ১২,০০০ |
| প্রচারণা বাবদ ব্যয় | ৫,০০০ |
| প্রতি বইয়ের দরপত্র মূল্য | ৯০ |

(ক) মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) মুখ্য ব্যয় ১,৬৩,৫০০ টাকা ধরে প্রতিটি বইয়ের উৎপাদন ব্যয় নিরূপণ কর। ৪

(গ) উৎপাদন ব্যয় ২,৯৫,০০০ টাকা ধরে প্রতিটি বইয়ের নিট মুনাফা নির্ণয় কর। ৪

১১। ১ জানুয়ারি ২০২১ তারিখে মিঃ শাওনের পারিবারিক অবস্থা নিম্নরূপ :
বাড়িঘর ১৫,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,০০,০০০ টাকা, বিনিয়োগে ১০,০০০ টাকা, গহনাপত্র ১,২০,০০০ টাকা, হাতে নগদ ৫,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৬,০০০ টাকা।

**মিঃ শাওন-এর**
প্রাপ্তি ও প্রদান হিসাব
৩১ ডিসেম্বর ২০২১ সমাপ্ত বছরের

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (১-১-২১) | ৫,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৬০,০০০ |
| বেতন | ৩,৬৩,০০০ | দৈনন্দিন বাজার | ১,২০,০০০ |
| বিনিয়োগের সুদ | ১,৫০০ | টেলিভিশন ক্রয় | ২৩,০০০ |
| রোগী দেখে প্রাপ্তি | ১,২০,০০০ | খবরের কাগজ | ৩,৫০০ |
| | | শিক্ষাখাতে খরচ | ২৮,০০০ |
| | | গ্যাস, পানি, বিদ্যুৎ | ২১,০০০ |
| | | ব্যাংকে স্থায়ী আমানত | ২,২৫,০০০ |
| | | উদ্বৃত্ত (৩১-১২-২১) | ৯,০০০ |
| | ৪,৮৯,৫০০ | | ৪,৮৯,৫০০ |

**অন্যান্য তথ্য :**

(১) খবরের কাগজের ১,৫০০ টাকা বকেয়া আছে।

(২) বিনিয়োগের সুদ ১,০০০ টাকা পাওয়া যায়নি।

(ক) মি. শাওনের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে সমাপ্ত বছরের তাঁর পরিবারের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪

(গ) ৩১ ডিসেম্বর ২০২১ মিঃ শাওনের পরিবারের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | খ | ৯ | খ | ১০ | ক | ১১ | গ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ঘ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** নির্মল এন্টারপ্রাইজের ২০২২ সালের ৩০ জুন তারিখোর রেওয়ামিল ও প্রয়োজনীয় সমন্বয়সমূহ নিম্নরূপ :

**নির্মল এন্টারপ্রাইজ**
রেওয়ামিল
৩০ জুন, ২০২২

| হিসাবের নাম | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ১,০৬,০০০ | ১,৯৮,৫০০ |
| আসবাবপত্র | ১,৭০,০০০ | |
| হাতে নগদ | ১,৩০,০০০ | |
| ১০% ঋণ | | ১,০০,০০০ |
| দেনাদার | ৪০,০০০ | |
| মজুরি | ২০,৫০০ | |
| ভাড়া (১০ মাস) | ২৫,০০০ | |
| কমিশন | | ৩,০০০ |
| উত্তোলন ও মূলধন | ১০,০০০ | ২,০০,০০০ |
| | ৫,০১,৫০০ | ৫,০১,৫০০ |

**অন্যান্য তথ্য :**

(১) সমাপনী মজুদের ক্রয়মূল্য ২৫,০০০ টাকা, বাজারমূল্য ২০,০০০ টাকা।
(২) দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট দেনাদারের উপর ৫% কুঋণ সঞ্চিতি ধরতে হবে।
(৩) আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য করতে হবে।

(ক) নির্মল এন্টারপ্রাইজের মোট প্রত্যক্ষ ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) নির্মল এন্টারপ্রাইজের মোট মুনাফা ৮০,০০০ টাকা ধরে নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) নিট মুনাফা ৩৪,১০০ টাকা ধরে নির্মল এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

[চ. বো. ২০২৪]

**১নং প্রশ্নের সমাধান**

**ক** নির্মল এন্টারপ্রাইজের মোট প্রত্যক্ষ ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ক্রয় | ১,০৬,০০০ | |
| মজুরি | ২০,৫০০ | |
| | ১,২৬,৫০০ | |
| বাদ : সমাপনী মজুদ পণ্য | (২০,০০০) | |
| মোট প্রত্যক্ষ ব্যয় | | ১,০৬,৫০০ |

**উত্তর :** নির্মল এন্টারপ্রাইজের মোট প্রত্যক্ষ ব্যয়ের পরিমাণ ১,০৬,৫০০ টাকা।

**খ**

## নির্মল এন্টারপ্রাইজ
### বিশদ আয় বিবরণী (আংশিক)
২০২২ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ৮০,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| ভাড়া | ২৫,০০০ | | |
| (+) বকেয়া ভাড়া $\left(২৫০০০ \times \frac{২}{১০}\right)$ | ৫,০০০ | | |
| | | ৩০,০০০ | |
| সমাপনী কুঋণ সন্দেহজনক দেনা সঞ্চিতি (গণনা) | ১,৯০০ | | |
| (+) অলিখিত কুঋণ | ২,০০০ | | |
| | | ৩,৯০০ | |
| আসবাবপত্রের অবচয় (১,৭০,০০০ × ১০%) | | ১৭,০০০ | |
| **পরিচালন মুনাফা** | | | (৫০,৯০০) |
| **যোগ : অন্যান্য আয় :** | | | ২৯,১০০ |
| প্রাপ্ত কমিশন | | | ৩,০০০ |
| | | | ৩২,১০০ |
| **বাদ : অন্যান্য ব্যয় :** ঋণের সুদ (১,০০,০০০ × ১০%) | | | (১০,০০০) |
| **নিট মুনাফা** | | | ২২,১০০ |

**উত্তর :** নিট মুনাফা ২২,১০০ টাকা।

**গণনা :**

সমাপনী কুঋণ ও সন্দেহজনক সঞ্চিতি = দেনাদার − অলিখিত কুঋণ × ৫%

= (৪০,০০০ − ২,০০০) × ৫% = ১,৯০০

**গ**

## নির্মল এন্টারপ্রাইজের
### আর্থিক অবস্থার বিবরণী
৩০ জুন, ২০২২

| বিবরণ | টাকা | টকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| আসবাবপত্র | | ১,৭০,০০০ | |
| বাদ : পুঞ্জীভূত অবচয় | | (১৭,০০০) | ১,৫৩,০০০ |
| **চলতি সম্পদ :** | | | |
| হাতে নগদ | | ১,৩০,০০০ | |
| দেনাদার | ৪০,০০০ | | |
| বাদ : অলিখিত কুঋণ | (২,০০০) | | |
| | ৩৮,০০০ | | |
| বাদ : সমাপনী কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি | (১,৯০০) | ৩৬,১০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ২০,০০০ | ১,৮৬,১০০ |
| মোট সম্পদ | | | ৩,৩৯,১০০ |
| **মালিকানাস্বত্ব ও দায়সমসূহ :** | | | |
| সমাপনী মালিকানাস্বত্ব (গণনাকার্য) | | | ২,২৪,১০০ |
| **দীর্ঘমেয়াদি দায় :** | | | |
| ১০% ঋণ | | | ১,০০,০০০ |
| **চলতি দায় :** | | | |
| বকেয়া ভাড়া | | ৫,০০০ | |
| ঋণের বকেয়া সুদ | | ১০,০০০ | |
| মোট চলতি দায় | | | ১৫,০০০ |
| মালিকানাস্বত্ব ও মোট দায় | | | ৩,৩৯,১০০ |

**উত্তর :** আর্থিক অবস্থার যোগফল ৩,৩৯,১০০ টাকা।

**গণনাকার্য :**

| | | |
|---|---|---|
| | মূলধন | ২,০০,০০০ |
| যোগ : | নিট মুনাফা | ৩৪,১০০ |
| | | ২,৩৪,১০০ |
| বাদ : | উত্তোলন | ১০,০০০ |
| | | ২,২৪,১০০ |

**প্রশ্ন ▶ ০২** নেহাল ট্রেডার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিচে দেওয়া হলো :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন | ৭,০০০ | |
| মূলধন | | ২,২৫,০০০ |
| নগদ তহবিল | ১৩,০০০ | |
| আসবাবপত্র | ২০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১৩,০০০ | |
| সুনাম | ২,০০,০০০ | |
| অতিরিক্ত মূলধন (১-৭-২০২২) | | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৮,০০০ |
| আয়কর | ১,০০০ | |
| অনুপার্জিত আয় | | ১১,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ২০,০০০ |
| যন্ত্রপাতি | ৩০,০০০ | |
| | ২,৮৪,০০০ | ২,৮৪,০০০ |

**সমন্বয়সমূহ :**

(১) ক্রয় ফেরত ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

(২) স্থায়ী সম্পদের উপর ১০% অবচয় ধার্য করতে হবে।

(৩) মূলধনের উপর ৫% সুদ ধার্য কর।

(৪) আসবাবপত্র ০১-০৯-২০২২ তারিখে ক্রয় করা হয়েছে।

(ক) উপর্যুক্ত তথ্য হতে মোট চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত তথ্য হতে নিট স্থায়ী সম্পদের ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) নিট ক্ষতি ২০,০০০ টাকা ধরে উক্ত প্রতিষ্ঠানের মালিকানা স্বত্ব বিবরণী তৈরি কর। ৪

[চ. বো. ২০২৪]

## ২নং প্রশ্নের সমাধান

**ক** উপযুক্ত তথ্য হতে মোট চলতি সম্পদের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ১৩,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১৩,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | ২৬,০০০ |

**উত্তর :** উপযুক্ত তথ্য হতে মোট চলতি সম্পদের পরিমাণ ২৬,০০০ টাকা।

**খ** উপযুক্ত তথ্য হতে নিট স্থায়ী সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| আসবাবপত্র | ২০,০০০ | | |
| বাদ : পুঞ্জীভূত অবচয় $\left(২০,০০০ \times ১০\% \times \frac{৪}{১২}\right)$ | (৬৬৭) | | |
| | | ১৯,৩৩৩ | |
| যন্ত্রপাতি | ৩০,০০০ | | |
| বাদ : পুঞ্জীভূত অবচয় (৩০,০০০ × ১০%) | (৩,০০০) | ২৭,০০০ | ৪৬,৩৩৩ |
| সুনাম | | | ২,০০,০০০ |
| **নিট স্থায়ী সম্পদ** | | | ২,৪৬,০০০ |
| **চলতি দায় :** | | | |
| প্রদেয় হিসাব | ৮,০০০ | | |
| বাদ : অলিখিত ক্রয় ফেরত | (৩,০০০) | | |
| অনুপার্জিত আয় | | ৫,০০০ | |
| | | ১১,০০০ | |
| **মোট চলতি দায়** | | | ১৬,০০০ |

**উত্তর :** উপযুক্ত তথ্য হতে নিট স্থায়ী সম্পদ পরিমাণ ২,৪৬,০০০ ও চলতি দায়ের পরিমাণ ১৬,০০০ টাকা।

**গ**

**নেহাল ট্রেডার্সের**

**মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী**

২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন | ২,২৫,০০০ | |
| যোগ : অতিরিক্ত মূলধন | ২০,০০০ | |
| | ২,৪৫,০০০ | |
| যোগ : মূলধনের সুদ (গণনাকার্য) | ১১,৭৫০ | |
| | ২,৫৬,৭৫০ | |
| বাদ : নিট ক্ষতি (প্রশ্নে প্রদত্ত) | (২০,০০০) | ২,২৫,০০০ |
| বাদ : উত্তোলন | ৭,০০০ | |
| আয়কর | ১,০০০ | (৮,০০০) |
| | | ২,২৮,৭৫০ |
| যোগ : সাধারণ সঞ্চিতি | | ২০,০০০ |
| **মালিকানা স্বত্ব (সমাপনী উদ্বৃত্ত)** | | ২,৪৮,৭৫০ |

∴ সমাপনী মালিকানা স্বত্ত্বের জের ২,৪৮,৭৫০ টাকা।

**গণনাকার্য :**

$$মূলধনের\ সুদ = [(২,২৫,০০০ \times ৫\%) + \left(২০,০০০ \times ৫\% \times \frac{৬}{১২}\right)] = ১১,৭৫০\ টাকা।$$

**প্রশ্ন ▶ ০৩** মিঃ পার্থ একজন ব্যবসায়ী। জানুয়ারি ২০২২ সালে তার ব্যবসায়িক লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | মি: পার্থ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। |
| ” | ৩ | বাকিতে মাল ক্রয় ১৫,০০০ টাকা। |
| ” | ৮ | পূবালী ব্যাংকে ২০,০০০ টাকা জমা দিয়ে একটি হিসাব খোলা হলো। |
| ” | ১৮ | ব্যবসায় হতে ৫,০০০ টাকা উত্তোলন করা হলো। |
| ” | ২২ | মনিহারি দ্রব্যাদি ক্রয় করা হলো ২,০০০ টাকা। |
| ” | ২৫ | দোকান ভাড়া দেওয়া হলো ১০,০০০ টাকা। |
| ” | ২৮ | বাকিতে মাল বিক্রয় করা হলো ৩০,০০০ টাকা। |
| ” | ৩১ | দেনাদারের নিকট থেকে ১০,০০০ টাকা পাওয়া গেল। |

(ক) A = L + (C + ☐ – E – D) বক্সের ভিতরের সংকেতটি কত টাকা নির্দেশ করে? ২

(খ) জানুয়ারি ২২ থেকে ৩১ তারিখের লেনদেনগুলোর সংশ্লিষ্ট হিসাবসমূহের শ্রেণিবিন্যাস কর। ৪

(গ) জানুয়ারি ১ থেকে ১৮ তারিখের লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের উপাদানের ভিত্তিতে একটি বিবরণী ছক তৈরি কর। ৪

[চ. বো. ২০২৪]

## ৩নং প্রশ্নের সমাধান

**ক** বক্সের ভিতরের সংকেতটি কত টাকা নির্দেশ করে

A = L + (C + [R] – E – D)। তা নির্ণয় করা হলো : এখানে, R = Revenue (রেভিনিউ/আয়)

| তারিখ | R = Revenue = আয়সমূহ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২<br>জানুয়ারি-২৮ | বাকিতে মাল বিক্রয়<br>**মোট রেভিনিউ (R)** | ৩০,০০০ | <br>৩০,০০০ |

**উত্তর :** বক্সের ভিতরের সংকেতটির পরিমাণ ৩০,০০০ টাকা।

**খ** জানুয়ারি ২০২২ থেকে ৩১ তারিখের লেনদেনগুলোর সংশ্লিষ্ট হিসাবের শ্রেণিবিন্যাস করা হলো :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব খাত | টাকা | শ্রেণি বিভাগ |
|---|---|---|---|
| ২০২২<br>জানুয়ারি-২২ | মনিহারি হিসাব<br>নগদান হিসাব | ২,০০০<br>২,০০০ | ব্যয়<br>সম্পদ |
| ” ২৫ | ভাড়া হিসাব<br>নগদান হিসাব | ১০,০০০<br>১০,০০০ | ব্যয়<br>সম্পদ |
| ” ২৮ | দেনাদার হিসাব<br>বিক্রয় হিসাব | ৩০,০০০<br>৩০,০০০ | সম্পদ<br>আয় |
| ” ৩১ | নগদান হিসাব<br>দেনাদার হিসাব | ১০,০০০<br>১০,০০০ | সম্পদ<br>সম্পদ |

**গ** জানুয়ারি ১ থেকে ১৮ তারিখের লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের উপাদানের ভিত্তিতে একটি বিবরণী ছক অঙ্কন করা হলো :

### মি. পার্থ-এর
হিসাবসমীকরণের প্রভাব

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | | = | দায় (L) | | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | ব্যাংক | দেনাদার | = | পাওনাদার | + | | |
| ২০২২<br>জানুয়ারি-১ | | ১,০০,০০০ | – | | = | – | + | ১,০০,০০০ | মূলধন আনয়ন |
| ” ৩ | উদ্বৃত্ত | ১,০০,০০০ | | | =<br>= | <br>১৫,০০০ | + | ১,০০,০০০<br>(১৫,০০০) | ক্রয় ব্যয় |
| ” ৮ | উদ্বৃত্ত | ১,০০,০০০<br>(২০,০০০) | <br>২০,০০০ | | =<br>= | ১৫,০০০ | + | ৮৫,০০০ | ব্যাংক জমা |
| ” ১৮ | উদ্বৃত্ত | ৮০,০০০<br>(৫,০০০) | ২০,০০০ | | =<br>= | ১৫,০০০ | + | ৮৫,০০০<br>(৫,০০০) | উত্তোলন |
| | উদ্বৃত্ত | ৭৫,০০০ | ২০,০০০ | | = | ১৫,০০০ | | ৮০,০০০ | |
| | মোট | ৯৫,০০০ | | | | ৯৫,০০০ | | | |

**উত্তর :** হিসাব সমীকরণের যোগফল ৯৫,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৪** মি. জোহার ব্যবসায়ে সম্পদ ও দায়ের পরিমাণ নিচে প্রদত্ত হলো :

| হিসাবের নাম | (০১-০১-২০২১) | (৩১-১২-২০২১) |
|---|---|---|
| নগদ | ১,০৫,০০০ | ১,৪৫,০০০ |
| দেনাদার | ৮,০০০ | ১৩,৫০০ |
| পাওনাদার | | ৪,৫০০ |
| আসবাবপত্র | ১,৬০,০০০ | ১,৮০,০০০ |
| ব্যাংক জমা | ৩০,০০০ | ৭৫,০০০ |

বছরের মাঝামাঝি সময়ে তিনি ২০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করেন যা ব্যক্তিগত তহবিল থেকে সরবরাহ করেন। তিনি প্রতিমাসে ২,০০০ টাকা নগদ এবং সারা বছরে ৩,৫০০ টাকার পণ্য উত্তোলন করেন।

(ক) মিঃ জোহার মোট উত্তোলনের পরিমাণ কত? ২

(খ) প্রারম্ভিক মূলধন ও সমাপনী মূলধনের পরিমাণ কত? ৪

(গ) ২০২১ সালের মিঃ জোহার ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

[চ. বো. ২০২৪]

**৪নং প্রশ্নের সমাধান**

**ক** মিঃ জোহার মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| উত্তোলন : | | |
| নগদ (২,০০০ × ১২) | ২৪,০০০ | |
| পণ্য | ৩,৫০০ | |
| **মোট উত্তোলন** | | ২৭,৫০০ |

**উত্তর :** মিঃ জোহার মোট উত্তোলনের পরিমাণ ২৭,৫০০ টাকা।

**খ** মিঃ জোহারের মোট প্রারম্ভিক মূলধন ও সমাপনী মূলধন নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **প্রারম্ভিক মূলধন :** (প্রারম্ভিক সম্পদ – প্রারম্ভিক দায়) | | |
| **প্রারম্ভিক সম্পদ :** | | |
| নগদ | ১,০৫,০০০ | |
| দেনাদার | ৮,০০০ | |
| আসবাবপত্র | ১,৬০,০০০ | |
| ব্যাংক জমা | ৩০,০০০ | |
| | | ৩,০৩,০০০ |
| **বাদ : প্রারম্ভিক দায়** | | – |
| প্রারম্ভিক মূলধন | | ৩,০৩,০০০ |
| **সমাপনী মূলধন :** (সমাপনী মোট সম্পদ-সমাপনী মোট দায়) | | |
| **সমাপনী সম্পদ :** | | |
| নগদ | ১,৪৫,০০০ | |
| দেনাদার | ১৩,৫০০ | |
| আববাবপত্র | ১,৮০,০০০ | |
| ব্যাংক জমা | ৭৫,০০০ | |
| | | ৪,১৩,৫০০ |
| **বাদ : প্রারম্ভিক দায়** | | |
| পাওনাদার | | (৪,৫০০) |
| **সমাপনী মূলধন** | | ৪,০৯,০০০ |

**উত্তর :** প্রারম্ভিক মূলধন ৩,০৩,০০০ ও সমাপনী মূলধন ৪,০৯,০০০ টকা।

**গ** ২০২১ সালের মি. জোহার ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় :

লাভ/ক্ষতি = (সমাপনী মূলধন + উত্তোলন) – (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)

= (৪,০৯,০০০ + ২৭,৫০০) – (৩,০৩,০০০ + ২০,০০০)

= (১,১৩,৫০০ – ৩,২৩,০০০)

= ১,১৩,৫০০ টাকা

∴ লাভ = ১,১৩,৫০০ টাকা।

**উত্তর :** লাভ = ১,১৩,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৫** জনাব রেহানের ব্যবসায়ের ২০২১ সালের জানুয়ারি মাসের কয়েকটি লেনদেন নিম্নরূপ :

জানুয়ারি ১ নতুন মেশিন ক্রয় ২,৫০,০০০ টাকা এবং পরিবহন ব্যয় ২,০০০ টাকা।
" ৪ নতুন মেশিন সংস্থাপন ব্যয় ১৫,০০০ টাকা।
" ১৪ বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় ২৫,০০০ টাকা।
" ১৮ বিজ্ঞাপন খরচ ২৪,০০০ টাকা (৫ বছরের জন্য)
" ২২ নতুন মেশিন মেরামত ব্যয় ৫,০০০ টাকা।
" ২৫ পণ্য গবেষণা ও পরীক্ষা ব্যয় ৩০,০০০ টাকা (৬ বছরের জন্য)।

(ক) বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) জনাব রেহানের মূলধজনজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) জানুয়ারি ১ তারিখে ক্রয়কৃত মেশিন ৩,৫০,০০০ টাকায় বিক্রয় করলে মূলধনজাতীয় প্রাপ্তি ও মূলধনজাতীয় আয়ের পরিমাণ কত হবে তা নির্ণয় কর। ৪

[চ. বো. ২০২৪]

**৫নং প্রশ্নের সমাধান**

**ক** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| জানুয়ারি-১৯ | বিলম্বিত বিজ্ঞাপন $\left(২৪,০০০ \times \frac{৪}{৫}\right)$ | | ১৯,২০০ |
| " ২ | পণ্য গবেষণা ও পরীক্ষা ব্যয় | ৩০,০০০ | |
| | বাদ : অবলোপন $\left(৩০,০০০ \times \frac{১}{৬}\right)$ | (৫,০০০) | |
| | | | ২৫,০০০ |
| | বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় | | ৪৪,২০০ |

**উত্তর :** বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ ৪৪,২০০ টাকা।

**খ** জনাব রেহানের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| জানুয়ারি-১ | নতুন মেশিন ক্রয় (২,৫০,০০০ + ২,০০০) | ২,৫২,০০০ | |
| " ৫ | নতুন মেশিন সংস্থাপন ব্যয় | ১৫,০০০ | |
| " ১৪ | বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় | ২৫,০০০ | |
| " ২০ | নতুন মেশিন মেরামত ব্যয় | ৫,০০০ | |
| | মোট মূলধন জাতীয় ব্যয় | | ২,৯৭,০০০ |

**উত্তর :** জনাব রেহানের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ ২,৯৭,০০০ টাকা।

**গ** জানুয়ারি ১ তারিখে ক্রয়কৃত মেশিন ৩,৫০,০০০ টাকার বিক্রয় করলে, মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মূলধন জাতীয় প্রাপ্তি :** | | |
| মেশিন বিক্রয় | | ৩,৫০,০০০ |
| **মূলধন জাতীয় আয় :** | | |
| মেশিন বিক্রয় | | ৩,৫০,০০০ |
| **বাদ : মেশিনের অর্জনমূল্য :** | | |
| মেশিন ক্রয় (২,৫০,০০০ + ২,০০০) | ২,৫২,০০০ | |
| যোগ : সংস্থাপন ব্যয় | ১৫,০০০ | |
| যোগ : মেরামত ব্যয় (নতুন মেশিন) | ৫,০০০ | |
| | | (২,৭২,০০০) |
| **মূলধন জাতীয় আয়** | | ৭৮,০০০ |

**নোট :** নতুন ক্রয়কৃত স্থায়ী সম্পদ ব্যবহার উপযোগী করতে যাবতীয় ব্যয়ক্রীত স্থায়ী সম্পদের অর্জন মূল্যের সাতে যুক্ত হয়। এজন্য নতুন মেশিনের সংস্থাপন ব্যয় ও মেরামত ব্যয় মেশিনের অর্জন মূল্যের সাথে যুক্ত হবে।

**উত্তর :** মূলধনজাতীয় প্রাপ্তি ৩,৫০,০০০ টাকা ও মূলধনজাতীয় আয় ৭৮,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৬** মি. অয়ন ২০২২ সালের ১ এপ্রিল নগদ ৫০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা মূল্যের যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| এপ্রিল | ২ | সাফি এন্ড কোং-এর নিকট হতে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা এবং মালের বহন খরচ ১,০০০ টাকা। |
| ” | ১০ | ভাড়া প্রদান করা হলো ৫,০০০ টাকা। |
| ” | ১৫ | যন্ত্রপাতির অবচয় ধার্য করা হলো ১,০০০ টাকা। |
| ” | ২৬ | চেকে পণ্য ক্রয় ৫,০০০ টাকা। |
| ” | ২৮ | মি. অয়নের ব্যক্তিগত খরচ ব্যবসায় হতে পরিশোধ করা হলো ২,০০০ টাকা। |
| ” | ৩০ | বিনামূল্যে পণ্য বিতরণ ৫,০০০ টাকা। |

(ক) মাস শেষে হাতে নগদ টাকার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) উপর্যুক্ত তথ্যের এপ্রিল মাসের ১, ১০, ১৫ ও ২৬ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবন্ধ কর। ৪

[চ. বো. ২০২৪]

**৬নং প্রশ্নের সমাধান**

**ক** মাস শেষে হাতে নগদের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| এপ্রিল-১ | ব্যবসায়ের জন্য বিনিয়োগ | | ৫০,০০০ |
| | **বাদ :** | | |
| ” ১০ | ভাড়া প্রদান | ৫,০০০ | |
| ” ২৮ | ব্যক্তিগত খরচ | ২,০০০ | |
| | | | (৭,০০০) |
| | **হাতে নগদ তহবিল** | | ৪৩,০০০ |

**উত্তর :** মাস শেষে হাতে নগদের পরিমাণ ৪৩,০০০ টাকা।

**খ** নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| এপ্রিল-২১ | ক্রয় | ২৫,০০০ | |
| | (+) বহন খরচ | ১,০০০ | |
| | (+) চেকে পণ্য ক্রয় | ৫,০০০ | |
| | | ৩১,০০০ | |
| ” ৩০ | বাদ : বিনামূল্যে পণ্য বিতরণ | (৫,০০০) | |
| | **নিট ক্রয়** | | ২৬,০০০ |

**উত্তর :** নিট ক্রয়ের পরিমাণ ২৬,০০০ টাকা।

**গ**

**মি. নয়নের**

সাধারণ জাবেদা

| তারিখ | বিবরণ | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | |
| এপ্রিল-১ | নগদান হিসাব | ডেবিট | | ৫০,০০০ | |
| | যন্ত্রপাতি হিসাব | ডেবিট | | ৪০,০০০ | |
| | মূলধন হিসাব | ক্রেডিট | | | ৯০,০০০ |
| | [মাসের শুরুতে নগদ ও যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় শুরু করা হলো] | | | | |
| " ১৫ | যন্ত্রপাতির অবচয় হিসাব | ডেবিট | | ১,০০০ | |
| | যন্ত্রপাতি হিসাব (অবচয়) | ক্রেডিট | | | ১,০০০ |
| | [যন্ত্রপাতির অবচয় ধার্য করা হলো] | | | | |
| " ১০ | ভাড়া হিসাব | ডেবিট | | ৫,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৫,০০০ |
| | [নগদে ভাড়া প্রদান করা হলো] | | | | |
| " ২৬ | ক্রয় হিসাব | ডেবিট | | ৫,০০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ৫,০০০ |
| | [ব্যাক্তিগত খরচ ব্যবসায় হতে পরিশোধ] | | | | |
| | | মোট | | ১,০১,০০০ | ১,০১,০০০ |

**উত্তর :** মোট জাবেদার যোগফল ১,০১,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৭** অহনা ট্রেডার্সের ২০২২ সালের জানুয়ারি মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

জানুয়ারি ১ জনতা ব্যাংকে হিসাব খোলা হলো ৫০,০০০ টাকা।
" ৫ চেকের মাধ্যমে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ৮ নয়ন ট্রেডার্সের নিকট পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা।
" ১২ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ২,০০০ টাকা।
" ১৫ নয়ন ট্রেডার্সের নিকট থেকে পণ্য ফেরত আসল ২,৫০০ টাকা।
" ২০ ধারে মাল ক্রয় ২০,০০০ টাকা।
" ২২ পাওনাদারকে চেকে পরিশোধ ৩,০০০ টাকা।
" ২৮ দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়।

(ক) অহনা ট্রেডার্সের নিট পাওনাদারের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে ব্যাংক হিসাব ও বিক্রয় হিসাব T ছকে প্রস্তুত কর। ৪
(গ) অহনা ট্রেডার্সের দেনাদার হিসাব ও ক্রয় হিসাব চলমান জের ছকে প্রস্তুত কর। ৪

[চ. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের সমাধান**

**ক** নিট পাওনাদারের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | | টাকা | টাকা |
|---|---|---|---|
| | ধারে ক্রয় | ২০,০০০ | |
| বাদ : | পাওনাদারকে চেক পরিশোধ | (৩,০০০) | ১৭,০০০ |
| | নিট পাওনাদার | | ১৭,০০০ |

**উত্তর :** নিট পাওনাদারের পরিমাণ ১৭,০০০ টাকা।

**খ**

**অহনা ট্রেডার্স**

খতিয়ান বহি (T ছক)

ডেবিট ব্যাংক হিসাব ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | ২০২২ | | | |
| জানুয়ারি-১ | নগদান হিসাব | | ৫০,০০০ | জানুয়ারি-৫ | ক্রয় হিসাব | | ৩০,০০০ |
| | | | | " ২২ | পাওনাদার হিসাব | | ৩,০০০ |
| | | | | " ৩১ | ব্যালেন্স সি/ডি | | ১৭,০০০ |
| | | | ৫০,০০০ | | | | ৫০,০০০ |
| ফেব্রুয়ারি-১ | ব্যালেন্স B/D | | ১৭,০০০ | | | | |

**অহনা ট্রেডার্স**

খতিয়ান বহি (T ছক)

ডেবিট বিক্রয় হিসাব ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | ২০২২ | | | |
| জানুয়ারি-৩১ | ব্যালেন্স সি/ডি | | ১৫,০০০ | জানুয়ারি-৬ | দেনাদার হিসাব (নয়ন টেড্রার্স) | | ১৫,০০০ |
| | | | ১৫,০০০ | | | | ১৫,০০০ |
| | | | | ফেব্রুয়ারি-১ | ব্যালেন্স B/D | | ১৫,০০০ |

**উত্তর :** ব্যাংক হিসাবের ডেবিট জের ১৭,০০০ টাকা এবং বিক্রয় হিসাবের ক্রেডিট জের ১৫,০০০ টাকা

**গ**

**অহনা ট্রেডার্স**

খতিয়ান বহি (চলমান জের ছক)

**দেনাদার হিসাব** হিসাবের কোড নং : ...............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ | | | | | | |
| জানুয়ারি-৫ | বিক্রয় হিসাব | | ১৫,০০০ | | ১৫,০০০ | |
| " ১৫ | বিক্রয় ফেরত হিসাব | | | ২,৫০০ | ২,৫০০ | |
| " ২৮ | কুঋণ সঞ্চিতি হিসাব | | | ২,০০০ | ১০,৫০০ | |

**ক্রয় হিসাব** হিসাবের কোড নং : ...............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ | | | | | | |
| জানুয়ারি-৫ | ব্যাংক হিসাব | | ৩০,০০০ | | ৩০,০০০ | |
| " ১১ | উত্তোলন হিসাব | | | ২,০০০ | ২৮,০০০ | |
| " ২০ | পাওনাদার হিসাব | | ২০,০০০ | | ৪৮,০০০ | |

**উত্তর :** দেনাদার হিসাবের ডেবিট জের ১০,৫০০ ক্রয় হিসাবের ডেবিট জের ৪৮,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৮** মুহিন ট্রেডার্সের ডিসেম্বর ২০২২ সালের কয়েকটি লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ডিসেম্বর | ১ | নগদ উদ্বৃত্ত ৪৫,০০০ টাকা ও ব্যাংক উদ্বৃত্ত ৯৫,০০০ টাকা। |
| " | ৪ | শোভন এর নিকট ৫% বাট্টায় ১২,০০০ টাকার পণ্য বিক্রয় ৭,৫০০ টাকার চেক পাওয়া গেল। |
| " | ৮ | ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ১০,০০০ টাকা। |
| " | ১৪ | প্রচার ব্যয় ২৫,০০০ টাকা। |
| " | ১৮ | ব্যাংক হতে উত্তোলন ১৫,০০০ টাকা। |
| " | ২০ | নগদে পণ্য বিক্রয় ৬,০০০ টাকা। |
| " | ২৫ | বেতন প্রদান ৫,০০০ টাকা ও ভাড়া বাবদ চেক প্রাপ্তি ২,০০০ টাকা। |
| " | ৩০ | ব্যাংকে জমা দেওয়া হলো ৩,০০০ টাকা। |

(ক) মুহিন ট্রেডার্সের কন্ট্রা দাখিলার পরিমাণ কত? ২

(খ) উপর্যুক্ত লেনদেন বিবেচনা করে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা একটি উপযুক্ত নগদান বই তৈরি কর। ৪

[চ. বো. ২০২৪]

**৮নং প্রশ্নের সমাধান**

**ক** মুহিন ট্রেডার্সের কন্ট্রা দাখিলার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| ডিসেম্বর-১৮ | ব্যাংক হতে উত্তোলন | ১৫,০০০ | |
| " ৩০ | ব্যাংকে জমা দেওয়া হলো | ৩,০০০ | |
| | **মোট কন্ট্রা দাখিলা** | | ১৮,০০০ |

**উত্তর :** মুমিন ট্রেডার্সের কন্ট্রা দাখিলার পরিমাণ ১৮,০০০ টাকা।

**খ**

## মুহিন ট্রেডার্স

**নগদ প্রাপ্তি জাবেদা**

| তারিখ | ক্রেডিট হিসাব খাত | সূত্র | নগদ ডেবিট | প্রদত্ত বাট্টা ডেবিট | বিক্রয় ক্রেডিট | দেনাদার ক্রেডিট | অন্যান্য ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | | | |
| ডিসেম্বর-৪ | – | | ৭,৫০০ | | ৭,৫০০ | | |
| " ২০ | – | | ৬,০০০ | | ৬,০০০ | | |
| " ২৫ | ভাড়া প্রাপ্তি হিসাব | | ২,০০০ | | | | ২,০০০ |
| | | | ১৫,০০ | | ১৩,৫০০ | | ২,০০০ |

**উত্তর :** নগদ প্রাপ্তি জাবেদার যোগফল নগদ ১৫,৫০০ টাকা বিক্রয় ১৩,৫০০ টাকা অন্যান্য ২,০০০ টাকা।

**গ**

## মুহিন ট্রেডার্স

ডেবিট দুঘরা নগদান বই ক্রেডিট

| তারিখ | প্রাপ্তি | ভা. নং | খ. পৃ. | নগদ টাকা | ব্যাংক টাকা | তারিখ | প্রদান | ভা. নং | খ. পৃ. | নগদ টাকা | ব্যাংক টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | | ২০২০ | | | | | |
| ডিসে.-১ | ব্যালেন্স B/D | | | ৪৫,০০০ | ৯৫,০০০ | ডিসে.-৮ | উত্তোলন হিসাব | | | | ১০,০০০ |
| " ৪ | বিক্রয় হিসাব | | | | ৭,৫০০ | " ১০ | বিজ্ঞাপন হিসাব | | | ২৫,০০০ | |
| " ১৮ | ব্যাংক হিসাব (ক) | | | ১৫,০০০ | | " ১৮ | নগদান হিসাব (ক) | | | | ১৫,০০০ |
| " ২০ | বিক্রয় হিসাব | | | ৬,০০০ | | " ২৫ | বেতন হিসাব | | | ৫,০০০ | |
| " ২৫ | ভাড়া প্রাপ্তি | | | | ২,০০০ | " ৩০ | ব্যাংক হিসাব (ক) | | | ৩,০০০ | |
| " ৩০ | নগদান হিসাব (ক) | | | | ৩,০০০ | " ৩১ | ব্যালেন্স C/D | | | ৩৩,০০০ | ৮২,৫০০ |
| ২০২৩ | | | | ৬৬,০০০ | ১,০৭,৫০০ | | | | | ৬৬,০০০ | ১,০৭,৫০০ |
| জানু.-১ | ব্যালেন্স B/D | | | ৩৩,০০০ | ৮২,৫০০ | | | | | | |

**উত্তর :** নগদ উদ্বৃত্ত ৩৩,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৮২,৫০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৯** নুহাস এন্ড ব্রাদার্স-এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের উদ্বৃত্তগুলো ছিল নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রদেয় বিল | ৫০,০০০ | বিনিয়োগের সুদ | ৬,০০০ |
| ভাড়া | ২,৩০০ | প্রাপ্য বিল | ৩০,০০০ |
| রপ্তানি শুল্ক | ৩,৭০০ | ১৫% ব্যাংক ঋণ | ২,০০,০০০ |
| মজুরি | ৬,৫০০ | সুনাম | ১,৯০,০০০ |
| বিক্রয় | ৭৪,০০০ | নগদ তহবিল | ৩২,৫০০ |
| ক্রয় | ৬০,০০০ | ১২% বিনিয়োগ | ৫০,০০০ |
| মূলধন | ১,৫০,০০০ | ট্রেডমার্ক | ১,০৫,০০০ |

(ক) নুহাস এন্ড ব্রাদার্সের অদৃশ্যমান সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) খতিয়ানের উদ্বৃত্তগুলোর সাহায্যে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত উদ্বৃত্তগুলোর আলোকে নুহাস এন্ড ব্রাদার্সের মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

[চ. বো. ২০২৪]

**৯নং প্রশ্নের সমাধান**

**ক** নুহাস এন্ড ব্রাদার্স এর অদৃশ্যমান সম্পদের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| সুনাম | ১,৯০,০০০ | |
| ট্রেডমার্ক | ১,০৫,০০০ | |
| মোট | | ২,৯৫,০০০ |

**উত্তর :** মোট অদৃশ্যমান লেনদেন ২,৯৫,০০০ টাকা।

**খ**

## নুহাস এন্ড ব্রাদার্স

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর ২০২২

| ক্রমিক নং | হিসাবের শিরোনাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | প্রদেয় বিল | | | ৫০,০০০ |
| ২ | ভাড়া | | ২,৩০০ | |
| ৩ | রপ্তানি শুল্ক | | ৩,৭০০ | |
| ৪ | মজুরি | | ৬,৫০০ | |
| ৫ | বিক্রয় | | | ৭৪,০০০ |
| ৬ | ক্রয় | | ৬০,০০০ | |
| ৭ | মূলধন | | | ১,৫০,০০০ |
| ৮ | বিনিয়োগের সুদ | | | ৬,০০০ |
| ৯ | প্রাপ্য বিল | | ৩০,০০০ | |
| ১০ | ১৫% ব্যাংক ঋনি | | | ২,০০,০০০ |
| ১১ | সুনাম | | ১,৯০,০০০ | |
| ১২ | নগদ তহবিল | | ৩২,৫০০ | |
| ১৩ | ১২% বিনিয়োগ | | ৫০,০০০ | |
| ১৪ | ট্রেডমার্ক | | ১,০৫,০০০ | |
| | | | ৪,৮০,০০০ | ৪,৮০,০০০ |

**উত্তর :** রেওয়ামিলের যোগফল, ৪,৮০,০০০ টাকা।

**গ** নুহাস এন্ড ব্রাদার্সের মুনাফাজাতীয় আয় ও মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মুনাফা জাতীয় আয়সমূহ :** | | |
| বিক্রয় | ৭৪,০০০ | |
| বিনিয়োগের সুদ | ৬,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় আয়** | | ৮০,০০০ |
| **মুনাফা জাতীয় ব্যয়সমূহ :** | | |
| ভাড়া | ২,৩০০ | |
| রপ্তানি শুল্ক | ৩,৭০০ | |
| মজুরি | ৬,৫০০ | |
| ক্রয় | ৬০,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | ৭২,৫০০ |

**উত্তর :** নুহাস এন্ড ব্রাদার্সের মুনাফা জাতীয় আয় ৮০,০০০ টাকা ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৭২,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ১০** ইহান পাবলিকেশন্স একটি বইয়ের ৪,০০০ কপি ছাপানোর দরপত্র পেল। উক্ত দরপত্র অনুযায়ী বই সরবরাহের জন্য নিম্নোক্ত খরচগুলো সম্পাদন করো :

| **বিবরণ** | **টাকা** |
|---|---|
| কাগজ ক্রয় | ১,৯০,০০০ |
| ছাপার কালি ক্রয় | ২০,০০০ |
| মজুরি | ৫,০০০ |
| বহন খরচ | ৩,৫০০ |
| কারখানা ভাড়া | ১৫,০০০ |
| কারখানা বিদ্যুৎ খরচ | ১২,০০০ |
| মেশিনের অবচয় | ৫,০০০ |
| অফিস কর্মীর বেতন | ১২,০০০ |
| প্রচারণা বাবদ ব্যয় | ৫,০০০ |
| প্রতি বইয়ের দরপত্র মূল্য | ৯০ |

(ক) মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) মুখ্য ব্যয় ১,৬৩,৫০০ টাকা ধরে প্রতিটি বইয়ের উৎপাদন ব্যয় নিরূপণ কর। ৪

(গ) উৎপাদন ব্যয় ২,৯৫,০০০ টাকা ধরে প্রতিটি বইয়ের নিট মুনাফা নির্ণয় কর। ৪

[চ. বো. ২০২৪]

## ১০নং প্রশ্নের সমাধান

**ক** মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাগজ ক্রয় | ১,৯০,০০০ | |
| যোগ : বহন খরচ | ৩,৫০০ | |
| **ব্যবহৃত কাঁচামালের ব্যয়** | | ১,৯৩,৫০০ |
| **যোগ : প্রত্যেক্ষ খরচ** | ৫,০০০ | |
| মজুরি | ২০,০০০ | |
| ছাপার কালি ক্রয় | | ২৫,০০০ |
| **মুখ্য ব্যয়** | | ২,১৮,৫০০ |

**উত্তর :** মুখ্য ব্যয়ের পরিমাণ ২,১৮,৫০০ টাকা।

**খ**

### ইহান পাবলিকেশন্স
উৎপাদন ব্যয় বিবরণী

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মুখ্য ব্যয় (প্রশ্নে প্রদত্ত)** | | ১,৬৩,৫০০ |
| যোগ : কারখানার উপরিব্যয় | ১৫,০০০ | |
| কারখানা ভাড়া | ১২,০০০ | |
| কারকানার বিদ্যুৎ খরচ | ৫,০০০ | |
| মেশিনের অবচয় | | ৩২,০০০ |
| **উৎপাদন ব্যয়** | | ১,৯৫,৫০০ |

$$\therefore \text{প্রতিটি বইয়ের উৎপাদন ব্যয়} = \frac{\text{মোট উৎপাদন ব্যয়}}{\text{উৎপাদিত বইয়ের সংখ্যা}}$$

$$= \left(\frac{১,৯৫,৫০০}{৪,০০০}\right) = ৪৮.৮৭৫ \text{ টাকা}$$

**উত্তর :** প্রতিটি বইয়ের উৎপাদন ব্যয় ৪৮.৮৭৫ টাকা।

**গ**

**ইহান পাবলিকেশন্স**
**বিশদ আয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বইয়ের দরপত্র মূল্য (৪০০ × ৯০) | | ৩,৬০,০০০ |
| **বিক্রিত পণ্যের ব্যয় :** | | |
| বাদ : উৎপাদন ব্যয় (প্রশ্নে প্রদত্ত) | | (২,৯৫,০০০) |
| **মোট মুনাফা** | | ৬৫,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | |
| অফিস কর্মীর বেতন | ১২,০০০ | |
| **বিক্রয় উপরিব্যয় :** | | |
| প্রচারণা বাবদ খরচ | ৫,০০০ | |
| | | (১৭,০০০) |
| **নিট মুনাফা** | | ৪৮,০০০ |

∴ প্রতিটি বইয়ের নিট মুনাফা = $\frac{\text{নিট মুনাফা}}{\text{বিক্রীত বইয়ের সংখ্যা}}$

= $\frac{৪৮,০০০}{৪,০০০}$

= ১২ টাকা

**উত্তর :** প্রতিটি বইয়ের নিট মুনাফা ১২ টাকা।

**প্রশ্ন ▸ ১১** ১ জানুয়ারি ২০২১ তারিখে মিঃ শাওনের পারিবারিক অবস্থা নিম্নরূপ :
বাড়িঘর ১৫,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,০০,০০০ টাকা, বিনিয়োগে ১০,০০০ টাকা, গহনাপত্র ১,২০,০০০ টাকা, হাতে নগদ ৫,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৬,০০০ টাকা।

**মিঃ শাওন-এর**
**প্রাপ্তি ও প্রদান হিসাব**
৩১ ডিসেম্বর ২০২১ সমাপ্ত বছরের

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (১-১-২১) | ৫,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৬০,০০০ |
| বেতন | ৩,৬৩,০০০ | দৈনন্দিন বাজার | ১,২০,০০০ |
| বিনিয়োগের সুদ | ১,৫০০ | টেলিভিশন ক্রয় | ২৩,০০০ |
| রোগী দেখে প্রাপ্তি | ১,২০,০০০ | খবরের কাগজ | ৩,৫০০ |
| | | শিক্ষাখাতে খরচ | ২৮,০০০ |
| | | গ্যাস, পানি, বিদ্যুৎ | ২১,০০০ |
| | | ব্যাংকে স্থায়ী আমানত | ২,২৫,০০০ |
| | | উদ্বৃত্ত (৩১-১২-২১) | ৯,০০০ |
| | ৪,৮৯,৫০০ | | ৪,৮৯,৫০০ |

**অন্যান্য তথ্য :**
(১) খবরের কাগজের ১,৫০০ টাকা বকেয়া আছে।
(২) বিনিয়োগের সুদ ১,০০০ টাকা পাওয়া যায়নি।

(ক) মি. শাওনের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে সমাপ্ত বছরের তাঁর পরিবারের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪
(গ) ৩১ ডিসেম্বর ২০২১ মিঃ শাওনের পরিবারের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

[চ. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের সমাধান**

**ক** জনাব শাওনের পারিবারিক তহবিল নির্ণয় :

পারিবারিক তহবিল = প্রারম্ভিক মোট সমস্পদ − প্রারম্ভিক দায়
= {(হাতে নগদ + বাড়ি ঘর + আসবাবপত্র + বিনিয়োগ + গহনাপত্র) − ব্যাংক ঋণ}
= {(৫,০০০ + ১৫,০০,০০০ + ১,০০,০০০ + ১০,০০০ + ১,২০,০০০) − ৬,০০০}
= (১৭,৩৫,০০০ − ৬,০০০)
= ১৭,২৯,০০০ টাকা

∴ পারিবারিক তহবিল ১৭,২৯,০০০ টাকা।

**উত্তর :** পারিবারিক তহবিল ১৭,২৯,০০০ টাকা।

**খ**

**মি. শাওনের**
**আয়-ব্যয় বিবরণী**
২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সময়হ :** | | | |
| বেতন | | ৩,৬৩,০০০ | |
| বিনিয়োগের সুদ | ১,৫০০ | | |
| যোগ : অনাদায়ী | ১,০০০ | ২,৫০০ | |
| রোগী দেখে প্রাপ্তি | | ১,২০,০০০ | |
| | | | ৪,৮৫,৫০০ |
| **বাদ : ব্যয়সমূহ :** | | | |
| খাদ্য সামগ্রী ক্রয় | | ৬০,০০০ | |
| দৈনন্দিন বাজার | | ১,২০,০০০ | |
| খবরের কাগজ | ৩,৫০০ | | |
| যোগ : বকেয়া | ১,৫০০ | ৫,০০০ | |
| শিক্ষাখরচ | | ২৮,০০০ | |
| গ্যাস, পানি, বিদ্যুৎ | | ২১,০০০ | |
| **মোট ব্যয়** | | | (২,৩৪,০০০) |
| আয় উদ্বৃত্ত | | | ২,৫১,৫০০ |

**উত্তর :** আয় উদ্বৃত্ত ২,৫১,৫০০ টাকা।

**গ**

**মি. শাওনের**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর ২০২২

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ :** | | | |
| বাড়িঘর | | ১৫,০০,০০০ | |
| আসবাবপত্র | | ১,০০,০০০ | |
| বিনিয়োগ | | ১০,০০০ | |
| গহনাপত্র | | ১,২০,০০০ | |
| সমাপনী হাতে নগদ | | ৯,০০০ | |
| টেলিভিশন ক্রয় | | ২৩,০০০ | |
| ব্যাংকে স্থায়ী আমানত | | ২,২৫,০০০ | |
| বিনিয়োগের অনাদায়ী সুদ | | ১,০০০ | |
| **মোট সম্পদ** | | | ১৯,৮৮,০০০ |
| **দায় ও পারিবারিক তহবিল :** | | | |
| ব্যাংক ঋণ | | ৬,০০০ | |
| বকেয়া খরচের কাগজের বিল | | ১,৫০০ | |
| পারিবারিক তহবিল | ১৭,২৯,০০০ | | |
| যোগ : আয় উদ্বৃত্ত (খ হতে প্রাপ্ত) | ২,৫১,৫০০ | | |
| | | ১৯,৮০,৫০০ | ১৯,৮৮,০০০ |
| **মোট দায় ও পারিবারিক তহবিল** | | | ১৯,৮৮,০০০ |

**উত্তর :** আর্থিক অবস্থার যোগফল **১৯,৮৮,০০০** টাকা।

# বরিশাল বোর্ড-২০২৪

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড | 1 | 4 | 6 |

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **রেওয়ামিলের ক্রেডিট কলামে বসবে কোনটি?**
K পাওনাদার বাট্টা সঞ্চিতি L প্রদেয় বিলের বাট্টা সঞ্চিতি
M প্রাপ্য বাট্টা সঞ্চিতি N অনাদায়ী পাওনা সঞ্চিতি

২. **মূলধন জাতীয় প্রাপ্তি কোনটি?**
K লভ্যাংশ প্রাপ্তি L আসবাবপত্র বিক্রয়
M ভাড়া প্রাপ্তি N শিক্ষানবিস সেলামী

৩. **হিসাব চক্রের সপ্তম ধাপ কোনটি?**
K রেওয়ামিল L সমন্বয় দাখিলা
M কার্যপত্র N আর্থিক বিবরণী

৪. **কোন হিসাবটি অন্যগুলো হতে ভিন্ন?**
K শিক্ষানবিস ভাতা L কমিশন
M উপভাড়া N বাট্টা

৫. **বিক্রয় জাবেদায় লিপিবদ্ধ হয় কোনটি?**
K নগদে পণ্য বিক্রয় L বাকিতে পণ্য বিক্রয়
M নগদে আসবাবপত্র বিক্রয় N বাকিতে আসবাবপত্র বিক্রয়

৬. **সেবামূলক অমুনাফাভোগী প্রতিষ্ঠানের উদাহরণ–**
K বিদ্যালয় L মুদির দোকান
M বিজ্ঞাপনী সংস্থা N দর্জি দোকান

৭. **বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় হলো–**
i. বড় অঙ্কের বিজ্ঞাপন ব্যয় ii. প্রতিস্থান স্থানান্তর ব্যয়
iii. নতুন পণ্যের গবেষণা ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৮. **রিহান ট্রেডার্সের নিকট হতে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা যার অর্ধেক মূল্য নগদে পরিশোধিত হলো। উপর্যুক্ত লেনদেনটির ফলে হিসাব সমীকরণ প্রভাবিত হবে–**
i. A হ্রাস ii. L বৃদ্ধি iii. E হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৯. **জনাব শফিক মাসিক ৩০,০০০ টাকা বেতনে চাকরি করেন। পারিবারিক বাজেটের নমুনা অনুযায়ী বস্ত্রখাতে তার সর্বোচ্চ ব্যয়ের পরিমাণ কত টাকা?**
K ১,৫০০ টাকা L ৩,০০০ টাকা
M ৬,০০০ টাকা N ৭,৫০০ টাকা

১০. **নিচের কোনটি সঠিক?**
K সমন্বিত ক্রয়-প্রারম্ভিক মজুদ পণ্য + ক্রয়-সমাপনী মজুদ পণ্য
L সমন্বিত ক্রয়-প্রারম্ভিক মজুদ পণ্য + নিট ক্রয়-সমাপনী মজুদ পণ্য
M সমন্বিত ক্রয়-প্রারম্ভিক মজুদ পণ্য + নিট ক্রয় + সমাপনী মজুদ পণ্য
N সমন্বিত ক্রয়-প্রারম্ভিক মজুদ পণ্য + নিকট ক্রয়-সমাপনী মজুদ পণ্য

১১. **দীর্ঘদিন ধরে প্রচলিত রয়েছে এরূপ নগদান বইয়ের সংখ্যা কয়টি?**
K ২ L ৩ M ৪ N ৫

১২. **হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
K সরকার L কর্মচারী ও কর্মকর্তা
M মালিক ও ব্যবস্থাপক N ঋণ প্রদানকারী

১৩. **খতিয়ানে B/F দ্বারা কী বোঝায়?**
K সম্মুখেনীত L পেছন থেকে আনীত
M নিচে নীত N উপরে থেকে আনীত

১৪. **দেনা-পাওনা নিষ্পত্তিকালীন সময়ে সৃষ্ট বাট্টা কোন বইয়ে প্রদর্শন করতে হয়?**
K একঘরা L দুইঘরা M খুচরা N তিনঘরা

১৫. **কোনটি প্রশাসনিক উপরি ব্যয়?**
K পৌরকর L বিদ্যুৎ
M জ্বালানি খরচ N অফিসের ভাড়া

১৬. **কোন ধারাবাহিকতাটি সঠিক?**
K লেনদেন শনাক্তকরণ, লেনদেন বিশ্লেষণ, জাবেদাভুক্তকরণ
L লেনদেন বিশ্লেষণ, জাবেদাভুক্তকরণ, লেনদেন শনাক্তকরণ
M জাবেদাভুক্তকরণ, লেনদেন শনাক্তকরণ, লেনদেন বিশ্লেষণ
N জাবেদাভুক্তকরণ, লেনদেন বিশ্লেষণ, লেনদেন শনাক্তকরণ

১৭. **যদি বিক্রীত পণ্যের ব্যয় ২০,০০০ টাকা এবং বিক্রয়ের উপর মুনাফার হার ২০% হয় তাহলে বিক্রয় মূল্য কত?**
K ২৫,০০০ টাকা L ২৪,০০০ টাকা
M ২০,০০০ টাকা N ১৬,০০০ টাকা

১৮. **চলতি অনুপাতের আদর্শমান কত?**
K ১ : ২ L ১ : ৩ M ২ : ১ N ৩ : ১

১৯. **আন্তঃফেরত কোন ধরনের হিসাব?**
K সম্পদ L আয় M দায় N ব্যয়

২০. **ডেবিট নোট কে প্রস্তুত করে?**
K বিক্রেতা L ক্রেতা
M পাইকার N ক্রেতা ও বিক্রেতা উভয়

২১. **পারিবারিক বাজেটে শিক্ষাখাতে কত শতাংশ বরাদ্দ থাকে?**
K ৩০%-৪০% L ১৫%-২০% M ১০%-১৫% N ৫%-১০%

২২. **খতিয়ানের ডেবিট উদ্বৃত্ত দ্বারা প্রকাশ পায়–**
K দায় L সম্পদ
M আয় N মালিকানা স্বত্ব

২৩. **বাট্টা প্রদান করা হলে এর সঠিক জাবেদা কোনটি?**
K প্রদত্ত বাট্টা হি. ডেঃ পাওনাদার হি. ক্রেঃ
L দেনাদার হি. ডেঃ প্রদত্ত বাট্টা হি. ক্রেঃ
M প্রদত্ত বাট্টা হি. ডেঃ দেনাদার হি. ক্রেঃ
N পাওনাদার হি. ডেঃ প্রদত্ত বাট্টা হি. ক্রেঃ

☐ **নিচের উদ্দীপকটি পড়ে নিচের প্রশ্নের উত্তর দাও :**
প্রারম্ভিক মজুদ পণ্য ২,৫০০ টাকা, ক্রয় ১৩,৬০০ টাকা, বিক্রয় পরিবহন ৬০০ টাকা এবং সমাপনী মজুদ পণ্য ১,৭০০ টাকা।

২৪. **বিক্রীত পণ্যের ব্যয় কত টাকা?**
K ১৪,৪০০ টাকা L ১৫,০০০ টাকা
M ১৬,৭০০ টাকা N ১৮,৪০০ টাকা

☐ **নিচের উদ্দীপকটি পড়ে নিচের প্রশ্নের উত্তর দাও :**
মেসার্স সাদিয়া এন্ড কোং সততা স্টোর থেকে ১০০ টাকা দরে ২০০ কেজি বাঁশমতি চাল ক্রয় করেন। এছাড়া আদর্শ স্টোর থেকে ১০০ টাকা দরে ৫০০ কেজি ডাল ক্রয় করেন। উভয় ক্ষেত্রে কারবারি বাট্টা ১০%।

২৫. **উদ্দীপকের আলোকে কয়টি সহকারী খতিয়ান প্রস্তুত করতে হবে?**
K ১টি L ২টি M ৩টি N ৪টি

২৬. **উদ্দীপকে সাধারণ খতিয়ানের যোগফল কত?**
K ৬৩,০০০ টাকা L ৬৫,০০০ টাকা
M ৭০,০০০ টাকা N ৭৭,০০০ টাকা

☐ **নিচের উদ্দীপকটি পড়ে নিচের প্রশ্নের উত্তর দাও :**
জনাব করিমের নিকট ১০% বাট্টায় পণ্য বিক্রয় ১,০০,০০০ টাকা। যার ৫০% নগদে এবং ৩০% চেকে পাওয়া গেল।

২৭. **বাকিতে পণ্য বিক্রয়ের পরিমাণ কত টাকা?**
K ১৮,০০০ টাকা L ২৭,০০০ টাকা
M ৪৫,০০০ টাকা N ৯০,০০০ টাকা

২৮. **লেনদেনটির জন্য ডেবিট করতে হবে–**
i. নগদান হিসাব ii. ব্যাংক হিসাব iii দেনাদার হিসাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ে নিচের প্রশ্নের উত্তর দাও :**
জনাব রফিকের নিকট ৪০,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৩৭,৫০০ টাকার একটি চেক পেয়ে তা সাথে সাথে ব্যাংকে জমা দেয়া হলো। পরবর্তীতে এ চেকটি প্রত্যাখ্যাত হলো।

২৯. **উপরোক্ত প্রত্যাখ্যাত চেক দ্বারা কোন হিসাবটিকে প্রভাবিত করবে?**
K পাওনাদার L বিক্রয় M নগদান N দেনাদার

৩০. **উদ্দীপকে উল্লিখিত বাট্টা কোন ধরনের বাট্টা?**
K প্রদত্ত বাট্টা L প্রাপ্ত বাট্টা M ক্রয় বাট্টা N বিক্রয় বাট্টা

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বরিশাল বোর্ড-২০২৪

## হিসাববিজ্ঞান (সৃজনশীল)

বিষয় কোড : | 1 | 4 | 6 |

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** — **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে দুটি এবং খ বিভাগ থেকে **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১। ঐশ্বর্য এন্টারপ্রাইজের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

**ঐশ্বর্য এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ১,৫০,০০০ | ২,৭৩,০০০ |
| মজুদ পণ্য (০১-০১-২০২২) | ৩০,০০০ | |
| ফেরত | ২,০০০ | ৩,৫০০ |
| মনিহারি | ৫,০০০ | |
| বেতন (৮ মাসের) | ২০,০০০ | |
| ডক চার্জ | ৪,০০০ | |
| ভাড়া | ১৪,০০০ | |
| আমদানি শুল্ক | ৬,০০০ | |
| ১০% বিনিয়োগ (০১-০১-২০২২) | ৩৫,০০০ | |
| কমিশন | ৭,৫০০ | ৫,০০০ |
| বহিঃ পরিবহন | ৮,০০০ | |
| | ২,৮১,৫০০ | ২,৮১,৫০০ |

**অন্যান্য তথ্য :**
(১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৩৫,০০০ টাকা।
(২) বাকিতে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(৩) ভাড়া অগ্রিম ১,০০০ টাকা।

(ক) নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ঐশ্বর্য এন্টারপ্রাইজের মোট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪
(গ) ঐশ্বর্য এন্টারপ্রাইজের নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪

২। অনুপমা ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের নিট মুনাফা ছিল ১২,৫০০ টাকা। উক্ত তারিখে প্রতিষ্ঠানটির রেওয়ামিল ও অন্যান্য তথ্য ছিল নিম্নরূপ :

অনুপমা ট্রেডার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ৩০,০০০ | ১,৭৮,০০০ |
| যন্ত্রপাতি | ৭০,০০০ | |
| দেনাদার ও পাওনাদার | ৩৫,০০০ | ২০,০০০ |
| আয়কর | ১২,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৪০,০০০ |
| অফিস সরঞ্জাম | ৯০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ৩২,৫০০ |
| নগদ তহবিল | ৩৩,৫০০ | |
| | ২,৭০,৫০০ | ২,৭০,৫০০ |

(১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৩০,০০০ টাকা।
(২) মূলধনের উপর ৫% সুদ ধরতে হবে।
(৩) স্থায়ী সম্পদের উপর ১০% অবচয় ধার্য কর।

(ক) মূলধনের সুদ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত তথ্যাদি অবলম্বনে অনুপমা ট্রেডার্সের মালিকানা সত্ত্বের পরিবর্তন বিবরণী প্রস্তুত কর। ৪
(গ) বছর শেষে অনুপমা ট্রেডার্সের মোট দায় ও মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩। তামিম এন্টারপ্রাইজের ২০২২ সালের জুন মাসের নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়েছিল :

জুন ১ নগদ ৩,৫০,০০০ টাকা এবং ৮০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করে।
" ৬ তানিশা ট্রেডার্সের নিকট ৫% বাট্টায় পণ্য বিক্রয় ৬০,০০০ টাকা। চালান নং-৪৪।
" ১২ পুরাতন আসবাবপত্র বিক্রয় ৫০,০০০ টাকা।
" ২০ মনিহারি দ্রব্য ক্রয় ৭,০০০ টাকা।
" ২৪ পাওনাদারকে পরিশোধ করা হলো ৪০,০০০ টাকা।
" ৩০ পণ্য বিক্রয় করে চেক পাওয়া গেল ২৫,০০০ টাকা।

(ক) জুন মাসের মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) জুন ৬ তারিখের লেনদেন অবলম্বনে একটি চালান প্রস্তুত কর। ৪
(গ) জুন ১, ১২, ২০ ও ২৪ তারিখের লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

৪। সাকিব এন্ড সন্স ২০২৩ সালের ০১ মার্চ তারিখে নগদ ৩,০০,০০০ টাকা এবং ৮০,০০০ টাকা মূল্যের কম্পিউটার নিয়ে ব্যবসায় শুরু করে। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

মার্চ ৪ হাকিম স্টোরের নিকট পণ্য বিক্রয় ১,৪০,০০০ টাকা।
" ১০ কর্মচারীদের বেতন প্রদান ৩০,০০০ টাকা। (ভাউচার নং-১০৫)।
" ১৭ অফিসের জন্য কাগজ ক্রয় ৪,০০০ টাকা।
" ২২ প্রাপ্য বিলের অর্থ পাওয়া গেল ৭৫,০০০ টাকা।
" ২৮ দোকান ভাড়া চেকে পরিশোধ ১০,০০০ টাকা।

(ক) সাকিব এন্ড সন্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মার্চ ৪, ১৭, ২২ ও ২৮ তারিখের লেনদেনের সাথে জড়িত হিসাবের শ্রেণি দেখাও। ৪
(গ) মার্চ ১০ তারিখের লেনদেনের ভিত্তিতে সাকিব এন্ড সন্সের ডেবিট ভাউচার প্রস্তুত কর। ৪

৫। ২০২২ সালে জুন মাসে হিমেল ট্রেডার্সের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবসায়ে মূলধন বিনিয়োগ | ১,৫০,০০০ |
| কমিশন প্রদান | ৮,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | ২৮,০০০ |
| ব্যবসায় স্থানান্তর ব্যয় | ১০,০০০ |
| কর্মচারীদের বেতন | ৩০,০০০ |
| বিনিয়োগের সুদ | ১৮,৫০০ |
| নতুন পণ্য গবেষণা ব্যয় | ১৫,০০০ |
| কারবার থেকে পণ্য উত্তোলন | ৫,০০০ |

(ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) হিমেল ট্রেডার্সের মুনাফাজাতীয় আয় এবং মুনাফাজাতীয় ব্যয়ের পার্থক্য নির্ণয় কর। ৪
(গ) হিমেল ট্রেডার্সের মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

৬। আসলাম ট্রেডার্সের মালিক তার ব্যবসায়ে দু'তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০২২ তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ও মোট দায়ের পরিমাণ যথাক্রমে ৩,০০,০০০ টাকা ও ১,০০,০০০ টাকা। উক্ত বছরে তিনি আরও ৬০,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করেন এবং মোট ২০,০০০ টাকা নগদ উত্তোলন করেন। ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে তার ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল– নগদ ১,৫০,০০০ টাকা, দেনাদার ৪০,০০০ টাকা, যন্ত্রপাতি ৮০,০০০ টাকা, আসবাবপত্র ২০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৫০,০০০ টাকা।

(ক) আসলাম ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) আসলাম ট্রেডার্সের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) ২০২২ সালে আসলাম ট্রেডার্সের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৭। সাদমান ট্রেডার্সের ২০২২ সালের আগস্ট মাসের কতিপয় লেনদেন ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| আগস্ট | ১ | রাজ্জাক ব্রাদার্সের নিকট প্রতি বস্তা ৫০০ টাকা দের ৪০০ বস্তা সিমেন্ট বিক্রয়। কারবারি বাট্টা ১০% এবং প্যাকিং খরচ ৩,০০০ টাকা। চালান নং-৫৫। |
| ” | ২৫ | রতন ব্রাদার্সের নিকট প্রতি কেজি ১০০ টাকা দরে ৯০০ কেজি রড বিক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং -৬৬। |

(ক) মোট কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে সাদমান ট্রেডার্সের বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে সহকারী খতিয়ানসমূহ প্রস্তুত কর। ৪

৮। চৌধুরী এন্টারপ্রাইজের ২০২২ সালের ডিসেম্বর মাসের লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ডিসেম্বর | ১ | নগদ উদ্বৃত্ত ও ব্যাংক জমার উদ্বৃত্ত যথাক্রমে ৮০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা। |
| ” | ৫ | পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা। |
| ” | ১২ | জামান ট্রেডার্সকে ২০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১৯,০০০ টাকা প্রদান। |
| ” | ১৭ | ব্যাংক থেকে উত্তোলন ৩০,০০০ টাকা। |
| ” | ২০ | সাগর ট্রেডার্সের নিকট থেকে চেক প্রাপ্তি ১৩,৫০০ টাকা এবং বাট্টা প্রদান ১,৫০০ টাকা। |
| ” | ২৪ | বেতন প্রদান ৫,০০০ টাকা। |
| ” | ২৯ | ভাড়া প্রাপ্তি ২,০০০ টাকা। |

(ক) নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ডিসেম্বর ১ হতে ২০ তারিখের লেনদেনসমূহের ভিত্তিতে তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

(গ) ডিসেম্বর ৫, ১৭, ২৪ ও ২৯ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় কারণসহ লিপিবদ্ধ কর। ৪

৯। পূজা এন্টারপ্রাইজের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের হিসাবের উদ্বৃত্তগুলো ছিল নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| ক্রয় | ১,২০,০০০ |
| মূলধন | ১,৩৮,০০০ |
| মজুদ পণ্য (০১-০১-২০২২) | ৭৫,০০০ |
| পাওনাদার | ৮০,০০০ |
| সুনাম | ৫০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ |
| প্রদেয় বিল | ২৫,০০০ |
| মজুদ পণ্য (৩১-১২-২০২২) | ১,০০,০০০ |
| বিক্রয় ফেরত | ৩,০০০ |
| বেতন | ২০,০০০ |
| বিক্রয় | ৫৫,০০০ |

(ক) সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে পূজা এন্টারপ্রাইজের একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

১০। আধুনিক ফার্নিচার ১০০টি টেবিল তৈরির জন্য নিম্নোক্ত খরচগুলো করে :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঠ ক্রয় | ৫,০০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৪০,০০০ |
| পরিবহন খরচ | ৩০,০০০ |
| কারখানা ভাড়া | ২০,০০০ |
| আপ্যায়ন খরচ | ৫,০০০ |
| কারখানা ম্যানেজারের বেতন | ২৫,০০০ |
| অফিস ভাড়া | ৩৫,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ২৫,০০০ |

(ক) আধুনিক ফার্নিচারের কাঠের ক্রয়মূল্য নির্ণয় কর। ২

(খ) আধুনিক ফার্নিচারের প্রতিটি টেবিলের উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪

(গ) মোট ব্যয়ের উপর ১০% মুনাফা ধরে ১০০টি টেবিলের বিক্রয়মূল্য নির্ণয় কর। ৪

১১। জনাব জামান ৩০,০০০ টাকা মাসিক বেতনে একটি প্রতিষ্ঠানে চাকরি করেন। এছাড়া তিনি অন্য একটি প্রতিষ্ঠানে পার্টটাইম কাজ করে প্রতি মাসে ৬,০০০ সম্মানী পান। ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার পরিবারের অন্যান্য লেনদেন ছিল নিম্নরূপ :
দৈনন্দিন বাজার খরচ ৩০,০০০ টাকা, খাদ্য সামগ্রী ক্রয় ৪০,০০০ টাকা, বাড়িভাড়া প্রদান ৪৫,০০০ টাকা, আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা, টেলিভিশন ক্রয় ২০,০০০ টাকা, বিদ্যুৎ বিল ৬,০০০ টাকা ও আপ্যায়ন খরচ ৩,০০০ টাকা।

(ক) জনাব জামানের পরিবারের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে প্রাপ্তি ও প্রদান হিসাব প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত তথ্যের আলোকে আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | গ | ৪ | গ | ৫ | খ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ | ২১ | গ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ক |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** ঐশ্বর্য এন্টারপ্রাইজের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

**ঐশ্বর্য এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ১,৫০,০০০ | ২,৭৩,০০০ |
| মজুদ পণ্য (০১-০১-২০২২) | ৩০,০০০ | |
| ফেরত | ২,০০০ | ৩,৫০০ |
| মনিহারি | ৫,০০০ | |
| বেতন (৮ মাসের) | ২০,০০০ | |
| ডক চার্জ | ৪,০০০ | |
| ভাড়া | ১৪,০০০ | |
| আমদানি শুল্ক | ৬,০০০ | |
| ১০% বিনিয়োগ (০১-০১-২০২২) | ৩৫,০০০ | |
| কমিশন | ৭,৫০০ | ৫,০০০ |
| বহিঃ পরিবহন | ৮,০০০ | |
| | ২,৮১,৫০০ | ২,৮১,৫০০ |

**অন্যান্য তথ্য :**

(১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৩৫,০০০ টাকা।
(২) বাকিতে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(৩) ভাড়া অগ্রিম ১,০০০ টাকা।

(ক) নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ঐশ্বর্য এন্টারপ্রাইজের মোট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪
(গ) ঐশ্বর্য এন্টারপ্রাইজের নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪

[ব. বো. ২০২৪]

### ১নং প্রশ্নের সমাধান

**ক** নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় | ২,৭৩,০০০ | |
| যোগ : অলিখিত বিক্রয় | ১০,০০০ | |
| | ২,৮৩,০০০ | |
| বাদ : ফেরত | (২০০০) | |
| নিট বিক্রয় | | ২,৮১,০০০ |

**উত্তর :** নিট বিক্রয় ২,৮১,০০০ টাকা।

**খ**

## ঐশ্বর্য এন্টারপ্রাইজ

**বিশদ আয় বিবরণী (আংশিক)**

২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| নিট বিক্রয় (ক হতে প্রাপ্ত) | | | ২,৮১,০০০ |
| **বাদ : বিক্রিত পণ্যের ব্যয় :** | | | |
| মজুদ পণ্য (০১-০১-২০২২) | | ৩০,০০০ | |
| ক্রয় | ১,৫০,০০০ | | |
| বাদ : ফেরত | (৩,৫০০) | | |
| নিট ক্রয় | | ১,৪৬,৫০০ | |
| ডক চার্জ | | ৪০০০ | |
| আমদানি শুল্ক | | ৬০০০ | |
| | | ১,৮৬,০০০ | |
| বাদ : সমাপনী মজুদ পণ্য | | (৩৫,০০০) | |
| | | | (১,৫১,৫০০) |
| মোট মুনাফা | | | ১,২৯,৫০০ |

**উত্তর :** ঐশ্বর্য এন্টারপ্রাইজের মোট মুনাফা ১,২৯,৫০০ টাকা।

**গ**

## ঐশ্বর্য এন্টারপ্রাইজ

বিশদ আয় বিবরণী

২০২২ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (খ হতে প্রাপ্ত) | | | ১,২৯,৫০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বহিঃপরিবহন | | ৮০০০ | |
| মনিহারি | | ৫০০০ | |
| বেতন | ২০,০০০ | | |
| যোগ : বকেয়া বেতন | ১০,০০০ | | |
| | | ৩০,০০০ | |
| ভাড়া | ১৪,০০০ | | |
| বাদ : অগ্রিম ভাড়া | (১০০০) | | |
| | | ১৩,০০০ | |
| কমিশন (প্রদত্ত) | | ৭৫০০ | |
| | | | (৬৩,৫০০) |
| পরিচালন মুনাফা | | | ৬৬,০০০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | |
| প্রাপ্ত কমিশন | | ৫০০০ | |
| বিনিয়োগের সুদ (৩৫০০০ ×১০%) | | ৩৫০০ | |
| | | | ৮,৫০০ |
| নিট মুনাফা | | | ৭৪,৫০০ |

**উত্তর :** নিট মুনাফা ৭৪৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ০২** অনুপমা ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের নিট মুনাফা ছিল ১২,৫০০ টাকা। উক্ত তারিখে প্রতিষ্ঠানটির রেওয়ামিল ও অন্যান্য তথ্য ছিল নিম্নরূপ :

**অনুপমা ট্রেডার্স**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ৩০,০০০ | ১,৭৮,০০০ |
| যন্ত্রপাতি | ৭০,০০০ | |
| দেনাদার ও পাওনাদার | ৩৫,০০০ | ২০,০০০ |
| আয়কর | ১২,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৪০,০০০ |
| অফিস সরঞ্জাম | ৯০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ৩২,৫০০ |
| নগদ তহবিল | ৩৩,৫০০ | |
| | ২,৭০,৫০০ | ২,৭০,৫০০ |

(১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৩০,০০০ টাকা।
(২) মূলধনের উপর ৫% সুদ ধরতে হবে।
(৩) স্থায়ী সম্পদের উপর ১০% অবচয় ধার্য কর।

(ক) মূলধনের সুদ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত তথ্যাদি অবলম্বনে অনুপমা ট্রেডার্সের মালিকানা স্বত্বের পরিবর্তন বিবরণী প্রস্তুত কর। ৪
(গ) বছর শেষে অনুপমা ট্রেডার্সের মোট দায় ও মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

[ব. বো. ২০২৪]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** মূলধনের সুদ নির্ণয় :

| বিবরণ | টাকা |
|---|---|
| মূলধনের সুদ (১,৭৮,০০০ × ৫%) | ৮,৯০০ |

**খ**

**অনুপমা ট্রেডার্সের**
**মালিকানা সত্ত্বে পরিবর্তন বিবরণী**
২০২১ সালের ৩১শে ডিসেম্বর

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন | ১,৭৮,০০০ | |
| যোগ : নিট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | ১২,৫০০ | |
| | ১,৯০,৫০০ | |
| যোগ : মূলধনের সুদ (ক হতে প্রাপ্ত) | ৮,৯০০ | |
| | | ১,৯৯,৪০০ |
| **বাদ : উত্তোলন** | | |
| নগদ | ৩০,০০০ | |
| আয়কর | ১২,০০০ | |
| | | (৪২,০০০) |
| | | ১,৫৭,৪০০ |
| যোগ : সাধারণ সঞ্চিতি | | ৩২,৫০০ |
| মালিকানা স্বত্ব (সমাপনী উদ্বৃত্ত) | | ১,৮৯,৯০০ |

**উত্তর :** সমাদানিক মালিকানা স্বত্ত্ব ১,৮৯,৯০০।

**গ** অনুপমা ট্রেডাসের মোট সম্পদ ও দায়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| যন্ত্রপাতি | ৭০,০০০ | | |
| বাদ : পুঞ্জীভূত অবচয় (১০%) | (৭০০০) | | |
| | | ৬৩,০০০ | |
| অফিস সরঞ্জাম | ৯০,০০০ | | |
| বাদ : পুঞ্জীভূত অবচয় (১০%) | (৯০০০) | | |
| | | ৮১,০০০ | |
| মোট স্থায়ী সম্পদ | | | ১,৪৪,০০০ |
| **চলতি সম্পদ :** | | | |
| নগদ তহবিল | | ৩৩৫০০ | |
| দেনাদার | | ৩৫০০০ | |
| | | ৬৮,৫০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ৩০,০০০ | |
| মোট চলতি সম্পদ | | | ৯৮,৫০০ |
| মোট সম্পদ | | | ২,৪২,৫০০ |
| **স্বল্পমেয়াদি দায় :** | | | |
| পাওনাদার | | ২০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৪০,০০০ | |
| মোট চলতি দায় | | | ৬০,০০০ |
| মোট দায় | | | ৬০,০০০ |

**উত্তর :** মোট সম্পদ ২,৪২,৫০০ ও মোট দায় ৬০,০০০ টাকা।

## 'খ' বিভাগ

**প্রশ্ন ▸ ০৩** তামিম এন্টারপ্রাইজের ২০২২ সালের জুন মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়েছিল :

জুন ১ নগদ ৩,৫০,০০০ টাকা এবং ৮০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করে।
" ৬ তানিশা ট্রেডার্সের নিকট ৫% বাট্টায় পণ্য বিক্রয় ৬০,০০০ টাকা। চালান নং-৪৪।
" ১২ পুরাতন আসবাবপত্র বিক্রয় ৫০,০০০ টাকা।
" ২০ মনিহারি দ্রব্য ক্রয় ৭,০০০ টাকা।
" ২৪ পাওনাদারকে পরিশোধ করা হলো ৪০,০০০ টাকা।
" ৩০ পণ্য বিক্রয় করে চেক পাওয়া গেল ২৫,০০০ টাকা।

(ক) জুন মাসের মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) জুন ৬ তারিখের লেনদেন অবলম্বনে একটি চালান প্রস্তুত কর। ৪
(গ) জুন ১, ১২, ২০ ও ২৪ তারিখের লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

[ব. বো. ২০২৪]

**৩নং প্রশ্নের সমাধান**

**ক** জুন মাসের মোট বিক্রয়ের পরিমাণ :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জুন-০৬ | তানিশা ট্রেডার্সের নিকট {৬০,০০০ - (৬০০০০ × ৫%) | ৫৭,০০০ | |
| " -৩০ | চেকে পণ্য বিক্রয় | ২৫,০০০ | |
| | মোট বিক্রয় | | ৮২,০০০ |

**খ** জুন ০৬ তারিখের লেনদেন হতে একটি চালান প্রস্তুত করা হলো–

চালান নং : ৪৪

**তামিম এন্টারপ্রাইজ**

ক্রেতার নাম : তানিশা ট্রেডার্স **চালান** তারিখ : ০৬ জুন ২০২২

ঠিকানা : ....................................

| ক্রমিক নং | মালের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ১. | পণ্য বিক্রয়<br>বাদ : কারবারি বাট্টা ৫% | | ৬০,০০০<br>(৩০০০) | <br><br>৫৭,০০০ |

**টাকা (কথায়) :** সাতান্ন হাজার টাকা মাত্র।

বিক্রিত শর্ত : ........................................................................................................

..............................................
বিক্রেতার স্বাক্ষর

[**বি.দ্র. :** ভুল ত্রুটি সংশোধনযোগ্য।

**গ** ২০২২ সালের জুন মাসের ১, ১২, ২০ ও ২৪ তারিখের লেনদেনগুলোর প্রভাব হিসাব সমীকরণে দেখানো হলো–

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | = | দায় (L) | + | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | আসবাবপত্র | = | পাওনাদার | | | |
| ২০২২<br>জুন-১ | | ৩,৫০,০০০ | ৮০,০০০ | = | | + | ৪,৩০,০০০ | মালিকানা স্বত্বা |
| | উদ্বৃত্ত | ৩,৫০,০০০ | ৮০,০০০ | = | | + | ৪,৩০,০০০ | |
| ” ১২ | | ৫০,০০০ | (৫০,০০০) | = | | | | |
| | উদ্বৃত্ত | ৪,০০,০০০ | ৩০,০০০ | = | | + | ৪,৩০,০০০ | |
| ” ২০ | | (৭,০০০) | | = | | + | (৭,০০০) | মনিহারি ব্যয় |
| | উদ্বৃত্ত | ৩,৯৩,০০০ | ৩০,০০০ | = | | + | ৪,২৩,০০০ | |
| ” ২৪ | | (৪০,০০০) | | = | (৪০,০০০) | | | |
| | উদ্বৃত্ত | ৩,৫৩,০০০ | ৩০,০০০ | = | (৪০,০০০) | + | ৪,২৩,০০০ | |
| | | ৩,৮৩,০০০ | | | ৩,৮৩,০০০ | | | |

**উত্তর :** হিসাব সমীকরণের যোগফল ৩,৩৮,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৪** সাকিব এন্ড সন্স ২০২৩ সালের ০১ মার্চ তারিখে নগদ ৩,০০,০০০ টাকা এবং ৮০,০০০ টাকা মূল্যের কম্পিউটার নিয়ে ব্যবসায় শুরু করে। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

মার্চ ৪ হাকিম স্টোরের নিকট পণ্য বিক্রয় ১,৪০,০০০ টাকা।
” ১০ কর্মচারীদের বেতন প্রদান ৩০,০০০ টাকা। (ভাউচার নং-১০৫)।
” ১৭ অফিসের জন্য কাগজ ক্রয় ৪,০০০ টাকা।
” ২২ প্রাপ্য বিলের অর্থ পাওয়া গেল ৭৫,০০০ টাকা।
” ২৮ দোকান ভাড়া চেকে পরিশোধ ১০,০০০ টাকা।

(ক) সাকিব এন্ড সন্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মার্চ ৪, ১৭, ২২ ও ২৮ তারিখের লেনদেনের সাথে জড়িত হিসাবের শ্রেণি দেখাও। ৪
(গ) মার্চ ১০ তারিখের লেনদেনের ভিত্তিতে সাকিব এন্ড সন্সের ডেবিট ভাউচার প্রস্তুত কর। ৪

[ব. বো. ২০২৪]

**৪নং প্রশ্নের সমাধান**

**ক** সাকিব এন্ড সন্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ২০২৩<br>মার্চ-১ | নগদ<br>অফিস সরঞ্জাম<br>প্রারম্ভিব মূলধন | ৩,০০,০০০<br>৮০,০০০ | <br><br>৩,৮০,০০০ |

**উত্তর :** প্রারম্ভিক মূলধন ৩,৮০,০০০ টাকা।

**খ** মার্চ ৪, ১৭, ২২, ২৮ তারিখের লেনদেনের সাথে জড়িত হিসাবের

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | হিসাবের শ্রেণি |
|---|---|---|
| ২০২৩ | | |
| মার্চ-৪ | দেনাদার হিসাব (হাকিম স্টোর) | সম্পদ |
| | বিক্রয় হিসাব | আয় |
| " ১৭ | মনিহার হিসাব | ব্যয় |
| | নগদান হিসাব | সম্পদ |
| " ২২ | নগদান হিসাব | সম্পদ |
| | প্রাপ্য বিল (দেনাদার) | সম্পদ |
| " ২৮ | ভাড়া হিসাব | ব্যয় |
| | ব্যাংক হিসাব | সম্পদ |

**গ**

**সাকিব এন্ড সন্স.**

ঠিকানা .....................

ডেবিট ভাউচার নং- ১০৫ — তারিখ ১০ মার্চ ২০২৩

হিসাব খাতের নাম : বেতন — গ্রহণকারীর নাম : ................

ঠিকানা : ..............................

| ক্রমিক নং | খরচের বিবরণ | টাকা |
|---|---|---|
| ১. | কর্মচারীদের বেতন প্রদান | ৩০,০০০ |
| | | ৩০,০০০ |

**টাকা (কথায়) :** ত্রিশ হাজার টাকা মাত্র।

................................ .................................... .................................. ..................................

ক্যাশিয়ার স্বাক্ষর — হিসাবরক্ষকের স্বাক্ষর — ব্যবস্থাপকের স্বাক্ষর — গ্রহীতার স্বাক্ষর

**উত্তর :** ডেবিট ভাউচারে টাকার পরিমাণ ৩০,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৫** ২০২২ সালে জুন মাসে হিমেল ট্রেডার্সের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবসায়ে মূলধন বিনিয়োগ | ১,৫০,০০০ |
| কমিশন প্রদান | ৮,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | ২৮,০০০ |
| ব্যবসায় স্থানান্তর ব্যয় | ১০,০০০ |
| কর্মচারীদের বেতন | ৩০,০০০ |
| বিনিয়োগের সুদ | ১৮,৫০০ |
| নতুন পণ্য গবেষণা ব্যয় | ১৫,০০০ |
| কারবার থেকে পণ্য উত্তোলন | ৫,০০০ |

(ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) হিমেল ট্রেডার্সের মুনাফাজাতীয় আয় এবং মুনাফাজাতীয় ব্যয়ের পার্থক্য নির্ণয় কর। ৪

(গ) হিমেল ট্রেডার্সের মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

[ব. বো. ২০২৪]

**৫নং প্রশ্নের সমাধান**

**ক** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যবসায় স্থানান্তর ব্যয় | ১০,০০০ | |
| নতুন পণ্য গবেষণা ব্যয় | ১৫,০০০ | |
| মোট | | ২৫,০০০ |

**খ** হিমেল ট্রেডার্সের মুনাফাজাতীয় আয় এবং মুনাফাজাতীয় ব্যয়ের পার্থক্য :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মুনাফা জাতীয় আয় :** | | |
| বিনোয়েগের সুদ | ১৮,৫০০ | |
| শিক্ষানবিশ সেলামি | ২৮,০০০ | |
| | | ৪৬,৫০০ |
| **মুনাফা জাতীয় ব্যয় :** | | |
| কমিশন প্রদান | ৮,০০০ | |
| কর্মচারীদের বেতন | ৩০,০০০ | |
| | | (৩৮,০০০) |
| ∴ (মুনাফা জাতীয় আয় - মুনাফা জাতীয় ব্যয়ের পার্থক্য) | | ৮,৫০০ |

**গ** হিমেল ট্রেডাসের মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন | ১,৫০,০০০ | |
| যোগ : মুনাফা জাতীয় আয় (খ হতে প্রাপ্ত) | ৪৬,৫০০ | |
| | ১,৯৬,৫০০ | |
| বাদ : মোট মুনাফা জাতীয় ব্যয় (খ হতে প্রাপ্ত) | (৩৮,০০০) | |
| | ১,৫৮,৫০০ | |
| বাদ : পণ্য উত্তোলন | (৫,০০০) | |
| | ১,৫৩,৫০০ | |
| যোগ : পণ্য উত্তোলন (ক্রয় ব্যয়হ্রাস) | ৫,০০০ | |
| **মালিকানা স্বত্ব** | | ১,৫৮,৫০০ |

**উত্তর :** মালিকানা স্বত্বের পরিমাণ ১,৫৮,৫০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৬** আসলাম ট্রেডার্সের মালিক তার ব্যবসায়ে দু'তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০২২ তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ও মোট দায়ের পরিমাণ যথাক্রমে ৩,০০,০০০ টাকা ও ১,০০,০০০ টাকা। উক্ত বছরে তিনি আরও ৬০,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করেন এবং মোট ২০,০০০ টাকা নগদ উত্তোলন করেন। ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে তার ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল–

নগদ ১,৫০,০০০ টাকা, দেনাদার ৪০,০০০ টাকা, যন্ত্রপাতি ৮০,০০০ টাকা, আসবাবপত্র ২০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৫০,০০০ টাকা।

(ক) আসলাম ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) আসলাম ট্রেডার্সের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) ২০২২ সালে আসলাম ট্রেডার্সের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

[ব. বো. ২০২৪]

**৬নং প্রশ্নের সমাধান**

**ক** আসলাম ট্রেডার্সের প্রারম্ভিক মূলধন নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | মোট সম্পদ | ৩,০০,০০০ | |
| জানুয়ারি-১ | বাদ : মোট দায় | (১,০০,০০০) | |
| | প্রাররম্ভিক মূলধনের পরিমাণ | | ২,০০,০০০ |

**উত্তর :** প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় : ২,০০,০০০ টাকা।

**খ** আসলাম ট্রেডার্সের সমাপনী মূলধন নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | **সমাপনী মোট সম্পদ :** | | |
| ডিসেম্বর-৩১ | নগদ | ১,৫০,০০০ | |
| | দেনাদার | ৪০,০০০ | |
| | যন্ত্রপাতি | ৮০,০০০ | |
| | আসবাবপত্র | ২০,০০০ | |
| | | ২,৯০,০০০ | |
| | **বাদ : সমাপণী মোট দায় :** | | |
| | ব্যাংক ঋণ | (৫০,০০০) | |
| | মোট সমাপনী মূলধন | | ২,৪০,০০০ |

**উত্তর :** মোট সমাপণী মূলধন ২,৪০,০০০ টাকা।

**গ** লাভ ক্ষতি নির্ণয় :

লাভ/ক্ষতি = (সমাপনী মূলধন + উত্তোলন) − (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)

= {(২,৪০,০০০ + ২০,০০০) − (২,০০,০০০ + ৬০,০০০)}

= (২,৬০,০০০ − ২,৬০,০০০)

= ০

∴ লাভ/ক্ষতি = ০

**উত্তর :** ০ টাকা।

**প্রশ্ন ▶ ০৭** সাদমান ট্রেডার্সের ২০২২ সালের আগষ্ট মাসের কতিপয় লেনদেন ছিল নিম্নরূপ :

আগস্ট ১ রাজ্জাক ব্রাদার্সের নিকট প্রতি বস্তা ৫০০ টাকা দরে ৪০০ বস্তা সিমেন্ট বিক্রয়। কারবারি বাট্টা ১০% এবং প্যাকিং খরচ ৩,০০০ টাকা। চালান নং-৫৫।

” ২৫ রতন ব্রাদার্সের নিকট প্রতি কেজি ১০০ টাকা দরে ৯০০ কেজি রড বিক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং -৬৬।

(ক) মোট কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে সাদমান ট্রেডার্সের বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে সহকারী খতিয়ানসমূহ প্রস্তুত কর। ৪

[ব. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের সমাধান**

**ক** কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | রাজ্জাক ব্রাদার্স : | | |
| আগস্ট-১ | সিমেন্ট ক্রয় (৫০০ × ৪০০) = ২,০০,০০০ × ১০% | ২০,০০০ | |
| ” ২৫ | রতন ব্রাদার্স : | | |
| | রড বিক্রয় (১০০ × ৯০০) = ৯০,০০০ × ৫% | ৪,৫০০ | |
| | মোট কারবারি বাট্টা | | ২৪,৫০০ |

**উত্তর :** মোট কারবারি বাট্টার পরিমাণ ২৪৫০০ টাকা।

**খ**

## সাদমান ট্রেডার্সের
## বিক্রয় জাবেদা

| তারিখ | ডেবিট হিসাব খাত | চালান নং | সূত্র | দেনাদার হিসাব ডেবিট বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২২ | | | | |
| আগস্ট-০১ | রাজ্জাক ব্রাদার্স (গণনাকার্য-০১) | ৫৫ | ✓ | ১,৮৩,০০০ |
| ” ২৫ | রতন ব্রাদার্স (গণনাকার্য-০২) | ৬৬ | ✓ | ৮৫,৫০০ |
| | মোট | | | ২,৬৮,৫০০ |

গণনাকার্য

০১। রাজ্জাক ব্রাদার্স :

| | | |
|---|---|---|
| সিমেন্ট বিক্রয় : (৫০০ × ৪০০) | = | ২,০০,০০০ |
| বাদ : কারবারি বাট্টা ১০% | = | ২০,০০০ |
| | | ১,৮০,০০০ |
| যোগ : প্যাকিং খরচ | = | ৩০০০ |
| | | ১,৮৩,০০০ |

০২। রতন ব্রাদার্স :

| | | |
|---|---|---|
| রড বিক্রয় : (১০০ × ৯০০) | = | ৯০,০০০ |
| বাদ : কারবারি বাট্টা ৫% | = | ৪৫০০ |
| | | ৮৫,৫০০ |

**গ** **সাদমান ট্রেডার্সের**

**সহকারী খতিয়ান বই (চালমান জের)**

**রাজ্জাক ব্রাদার্স হিসাব** হিসাবের কোড নং : ..............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | ব্যালেন্স | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২<br>আগস্ট-০১ | বিক্রয় হিসাব | | ১,৮৩,০০০ | | ১,৮৩,০০০ | |

**রতন ব্রাদার্স হিসাব**

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | ব্যালেন্স | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২<br>আগস্ট-২৫ | বিক্রয় হিসাব | | ৮৫,৫০০ | | ৮৫,৫০০ | |

**প্রশ্ন ▶ ০৮** চৌধুরী এন্টারপ্রাইজের ২০২২ সালের ডিসেম্বর মাসের লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ডিসেম্বর | ১ | নগদ উদ্বৃত্ত ও ব্যাংক জমার উদ্বৃত্ত যথাক্রমে ৮০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা। |
| ” | ৫ | পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা। |
| ” | ১২ | জামান ট্রেডার্সকে ২০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১৯,০০০ টাকা প্রদান। |
| ” | ১৭ | ব্যাংক থেকে উত্তোলন ৩০,০০০ টাকা। |
| ” | ২০ | সাগর ট্রেডার্সের নিকট থেকে চেক প্রাপ্তি ১৩,৫০০ টাকা এবং বাট্টা প্রদান ১,৫০০ টাকা। |
| ” | ২৪ | বেতন প্রদান ৫,০০০ টাকা। |
| ” | ২৯ | ভাড়া প্রাপ্তি ২,০০০ টাকা। |

(ক) নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ডিসেম্বর ১ হতে ২০ তারিখের লেনদেনসমূহের ভিত্তিতে তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

(গ) ডিসেম্বর ৫, ১৭, ২৪ ও ২৯ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় কারণসহ লিপিবদ্ধ কর। ৪

[ব. বো. ২০২৪]

**৮নং প্রশ্নের সমাধান**

**ক** নগদ বাট্টার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২<br>ডিসেম্বর-১২ | জামান ট্রেডার্সকে নগদ বাট্টা (২০,০০০ − ১৯,০০০) | ১,০০০ | |
| ” ২০ | বাট্টা প্রদান | ১,৫০০ | |
| | মোট নগদ বাট্টা | | ২,৫০০ |

**খ**

## চৌধুরী এন্টারপ্রাইজের

তিনঘরা নগদান বই

| তারিখ | প্রাপ্তি | ভা. নং | খ. পৃ. | প্রদত্ত বাট্টা | নগদ টাকা | ব্যাংক টাকা | তারিখ | প্রদান | ভা. নং | খ. পৃ. | প্রদত্ত বাট্টা | নগদ টাকা | ব্যাংক টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | | | ২০২২ | | | | | | |
| ডিসে.-১ | ব্যালেন্স B/D | | | | ৮০,০০০ | ৫০,০০০ | ডিসে.-১২ | জামান ট্রেডার্স | | | ১,০০০ | ১৯,০০০ | |
| ” ৫ | বিক্রয় হিসাব | | | | ৪০,০০০ | | ” ১৭ | নগদান হিসাব (ক) | | | | | ৩০,০০০ |
| ” ১৭ | ব্যাংক হিসাব (ক) | | | | ৩০,০০০ | | | | | | | | |
| | | | | ১৫০০ | | ১৩,৫০০ | ” ৩১ | ব্যালেন্স সি/ডি | | | | ১,৩১,০০০ | ৩৩,৫০০ |
| | | | | ১৫০০ | ১,৫০,০০০ | ৬৩,৫০০ | | | | | ১,০০০ | ১,৫০,০০০ | ৬৩,৫০০ |
| ২০২৩ | | | | | | | | | | | | | |
| জানু-১ | ব্যালেন্স B/D | | | | ১,৩১,০০০ | ৩৩,৫০০ | | | | | | | |

**উত্তর :** নগদ উদ্বৃত্ত ১,৩১,০০০ ব্যাংক উদ্বৃত্ত ৩৩,৫০০, প্রদত্ত বাট্টা ১৫০০ প্রাপ্ত বাট্টা ১০০০ টাকা।

**গ**

## চৌধুরী এন্টারপ্রাইজ

জাবেদা (সাধারণ)

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | |
| ডিসে.-৫ | নগদান হিসাব | ডেবিট | | ৪০,০০০ | |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | | | ৪০,০০০ |
| | [নগদে পণ্য বিক্রয় করা হলো] | | | | |
| ” ১৭ | ব্যাংক হিসাব | ডেবিট | | ৩০,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৩০,০০০ |
| | [নগদে ব্যাংক হতে উত্তোলন করা হলো] | | | | |
২০২৩ সালের ৩১ মার্চ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য

| বিবরণ | টাকা | টকা | টাকা |
|---|---|---|---|
| মুখ্য ব্যয় (প্রশ্নে প্রদত্ত) | | | ২,২০,০০০ |
| **যোগ : কারখানার উপরিব্যয় :** | | | |
| কারখানা ভাড়া ও বিদ্যুৎ | | ২০,০০০ | |
| যন্ত্রপাতির অবচয় | | ৮,০০০ | |
| | | | ২৮,০০০ |
| উৎপাদন ব্যয় | | | ২,৪৮,০০০ |
| (+) চলতি কার্যের প্রারম্ভিক মজুদ | | | ১৫,০০০ |
| | | | ২,৬৩,০০০ |
| (−) চলতি কার্যের সমাপনী মজুদ | | | (১০,০০০) |
| উৎপাদিত পণ্যের ব্যয় | | | ২,৫৩,০০০ |

**উত্তর :** উৎপাদিত পণ্যের ব্যয় ২,৫৩,০০০ টাকা।

**গ**

**আজাদ প্রকাশনী**
**বিক্রয়মূল্য বিবরণী**
২০২৩ সালের ৩১ মার্চ তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টকা | টাকা |
|---|---|---|---|
| উৎপাদিত পণ্যের ব্যয় (প্রশ্নে প্রদত্ত) | | | ২,৮৩,০০০ |
| **যোগ : পরিচালিন ব্যয় :** | | | |
| **প্রশাসনিক ব্যয় :** | | | |
| অফিস ভাড়া | ১০,০০০ | | |
| আপ্যায়ন খরচ | ৫,০০০ | | |
| | | ১৫,০০০ | |
| **বিক্রয় উপরি ব্যয় :** | | | |
| বিজ্ঞাপন খরচ | ৪,০০০ | | |
| বিক্রয়কর্মীর বেতন | ১২,০০০ | | |
| মোট ব্যয় | | ১৬,০০০ | |
| মুনাফা | | | ৩১,০০০ |
| | | | ৩,১৪,০০০ |
| যোগ : মুনাফা (৩,১৪,০০০ × ২০%) | | | ৬২,৮০০ |
| বিক্রয়মূল্য | | | ৩,৭৬,৮০০ |

∴ প্রতিটি বইয়ের বিক্রয়মূল্য (৩,৭৬,৮০০ ÷ ২,৫০০) = ১৫০.৭২ টাকা।

**উত্তর :** প্রতিটি বইয়ের বিক্রয়মূল্য ১৫০.৭২ টাকা।

**প্রশ্ন ▸ ১১** হাদি এন্ড কোং-এর ২০২৩ সালের জুন মাসের হিসাবের তথ্যাদি নিম্নরূপ :

২০২৩

| | | |
|---|---|---|
| জুন | ১ | নগদ ২,৪০,০০০ টাকা ব্যাংকে জমা করা হলো। |
| " | ৫ | ব্যবসায়ের জন্য একটি ভ্যান ক্রয় ৩০,০০০ টকা। |
| " | ১১ | অগ্রিম অফিস ভাড়া প্রদান ১০,০০০ টাকা। |
| " | ১৫ | ব্যবসায়ের পরিচিতির জন্য প্রচারপত্র বিতরণ ৫,০০০ টাকা। |
| " | ১৮ | আসবাবপত্রের অবচয় ধার্য ৫,০০০ টাকা। |
| " | ২২ | ব্যাংক হতে উত্তোলন ৩০,০০০ টাকা। |
| " | ২৫ | দেনাদারের কাছ থেকে চেক প্রাপ্তি ১৫,০০০ টাকা। |
| " | ৩০ | ব্যাংক সুদ মঞ্জুর ২,৫০০ টাকা। |

(ক) উপর্যুক্ত লেনদেন হতে ব্যয় হিসাবের মোট পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ১, ১১, ১৮ ও ২৫ তারিখের লেনদেনগুলো হতে হিসাবের শ্রেণিবিভাগ দেখাও। ৪

(গ) ৫, ১৫, ২২ ও ৩০ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেটর ও ক্রেডিটর নির্ণয় কর। ৪

[সি. বো. ২০২৪]

## ১১নং প্রশ্নের সমাধান

**ক** ব্যয় হিসাবের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| জুন-১৫ | বিজ্ঞাপন খরচ | ৫০০০ | |
| " ১৮ | ব্যবসায়ের পরিচিতির জন্য প্রচারপত্র বিতরণ | ৫০০০ | |
| | | | ১০,০০০ |

**উত্তর :** ব্যয় হিসাবের পরিমাণ ১০,০০০ টাকা।

**খ** ১, ১১, ১৮, ২৫ তারিখের লেনদেন দ্বারা হিসাবের শ্রেণি নির্ণয় :

| তারিখ | বিবরণ | হিসাবের শ্রেণি |
|---|---|---|
| ২০২৩ | | |
| জুন-১ | ব্যাংক হিসাব | সম্পদ |
| | নগদান হিসাব | সম্পদ |
| " ১১ | অগ্রিম অফিস ভাড়া হিসাব | সম্পদ |
| | নগদান হিসাব | সম্পদ |
| " ১৮ | আসবাবপত্রে অবচয় হিসাব | ব্যয় |
| | আসবাবপত্র হিসাব | সম্পদ |
| " ২৫ | ব্যাংক হিসাব | সম্পদ |
| | দেনাদার হিসাব | সম্পদ |

**গ** ৫, ১৫, ২২, ৩০ তারিখের লেনদেন দ্বারা মোট ক্রেডিট নির্ণয় :

| তারিখ | বিবরণ | ডেটর/ক্রেডিটর | টাকা | কারণ |
|---|---|---|---|---|
| জুন-৫ | অফিস সরঞ্জম হিসাব | ডেটর | ৩০,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | নগদান হিসাব | ক্রেডিটর | ৩০,০০০ | সম্পদহ্রাস |
| " ১৫ | বিজ্ঞাপন হিসাব | ডেটর | ৫,০০০ | ব্যয় বৃদ্ধি |
| | নগদান হিসাব | ক্রেডিটর | ৫,০০০ | সম্পদহ্রাস |
| " ২২ | নগদান হিসাব | ডেটর | ৩০,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | ব্যাংক হিসাব | ক্রেডিটর | ৩০,০০০ | সম্পদহ্রাস |
| " ৩০ | ব্যাংক হিসাব | ডেটর | ২,৫০০ | সম্পদ বৃদ্ধি |
| | ব্যাংক সুদ হিসাব | ক্রেডিটর | ২,৫০০ | আয় বৃদ্ধি |

# দিনাজপুর বোর্ড-২০২৪

## হিসাববিজ্ঞান (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড | 1 | 4 | 6 |

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

**[বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **কোনটি প্রকৃত জাবেদার অন্তর্ভুক্ত?**
K প্রারম্ভিক জাবেদা L ক্রয় জাবেদা
M বিক্রয় ফেরত জাবেদা N নগদ প্রাপ্তি জাবেদা

২. **কোনটি বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়?**
K জমি ক্রয়ের রেজিস্ট্রেশন ব্যয় L যন্ত্রপাতির বড় ধরনের মেরামত ব্যয়
M নতুন পণ্যের গবেষণা ব্যয় N আসবাবপত্রের অবচয়

৩. **রাজিন ফুড প্রোডাক্টের উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ ১০,৫০০ টাকা, উৎপাদিত পণ্যের ব্যয় ৬০,০০০ টাকা এবং উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ ৫,৫০০ টাকা। রাজিন ফুডের বিক্রীত পণ্যের ব্যয় কত?**
K ৪৯,৫০০ টাকা L ৫৪,৫০০ টাকা
M ৬৫,০০০ টাকা N ৮০,০০০ টাকা

৪. **হিসাববিজ্ঞানের উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা–**
i. সঠিকভাবে লেনদেন লিপিবদ্ধ করা
ii. সংশ্লিষ্ট পক্ষকে ব্যবসায়িক সিদ্ধান্ত নিতে সাহায্য করা
iii. আর্থিক ফলাফল ও আর্থিক অবস্থা নিরূপণ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৫. **নগদান বই কোনটির অন্যতম শাখা?**
K জাবেদা L খতিয়ান M রেওয়ামিল N আর্থিক বিবরণী

৬. **কোনটি প্রত্যক্ষ খরচ?**
K স্থাপত্য নকশা প্রণয়ন খরচ L জ্বালানি খরচ
M টেলিফোন ও বিদ্যুৎ খরচ N বিক্রয় পরিবহন

৭. **হিসাব তথ্যের বাহ্যিক ব্যবহারকারী–**
K মালিক L শেয়ারহোল্ডার
M মালিক ও ব্যবস্থাপক N ঋণ প্রদানকারী

৮. **জনাব সোহাইল ২০২৩ সালের ১ জানুয়ারি নগদ ১,০০,০০০ টাকা, ১,৫০,০০০ টাকার ব্যাংক ঋণ এবং ৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। জনাব সোহাইলের মালিকানা স্বত্বের পরিমাণ কত?**
K ১,০০,০০০ টাকা L ১,৫০,০০০ টাকা
M ২,৫০,০০০ টাকা N ৩,০০,০০০ টাকা

৯. **ব্যাংক ঋণ ৫০,০০০ টাকা গ্রহণের কারণে হিসাব সমীকরণের–**
K A উপাদান হ্রাস পাবে L L উপাদান বৃদ্ধি পাবে
M E উপাদান বৃদ্ধি পাবে N L উপাদান হ্রাস পাবে

১০. **মেশিনের কর্মক্ষমতা বাড়ানোর জন্য নতুন যন্ত্রাংশ সংযোজন বাবদ ব্যয় ৩,০০০ টাকা কোন ধরনের লেনদেন?**
K মুনাফা জাতীয় ব্যয় L মূলধন জাতীয় ব্যয়
M মুনাফা জাতীয় প্রদান N বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়

১১. **ব্যাংক সুদ মঞ্জুর করল ৫০০ টাকা। সঠিক জাবেদা কোনটি?**
K নগদান হিঃ ডেবিট ব্যাংক সুদ হিঃ ক্রেডিট
L ব্যাংক সুদ হিঃ ডেবিট নগদান হিঃ ক্রেডিট
M ব্যাংক হিঃ ডেবিট ব্যাংক সুদ হিঃ ক্রেডিট
N ব্যাংক সুদ হিঃ ডেবিট ব্যাংক হিঃ ক্রেডিট

১২. **কোন হিসাবটি মূল খতিয়ান?**
K রহিম হিসাব L কামাল হিসাব M মিলন হিসাব N দেনাদার হিসাব

১৩. **বাজেট কী?**
K আর্থিক ভাবনা L আর্থিক পরিকল্পনা
M পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশ N ভবিষ্যৎ পরিকল্পনা

১৪. **আর্থিক বিবরণীতে কোনটি সমন্বয় করলে নিট মুনাফা বৃদ্ধি পাবে?**
K সমাপনী মজুদপণ্য L অলিখিত ক্রয়
M কুঋণ সঞ্চিতি N বিক্রয় ফেরত

১৫. **দুতরফা দাখিলা পদ্ধতির সুবিধা কোনটি?**
K সর্বজনীন স্বীকৃতি L যে কোনো ব্যক্তি হিসাব রক্ষ করতে পারে
M এই পদ্ধতি সময় বাঁচায় N সব ধরনের প্রতিষ্ঠানে পদ্ধতিটি জনপ্রিয়

১৬. **কোন ঘটনাটি লেনদেন?**
K ৩০,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান
L বিজ্ঞাপন বাবদ ২০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ
M ব্যবসায়ের প্রয়োজনে ৫০,০০০ টাকার একটি ফ্রিজ ক্রয়ের সিদ্ধান্ত
N মালিক ছেলের জন্য ১৫,০০০ টাকার একটি সাইকেল কিনলেন

১৭. **কোনটির প্রারম্ভিক উদ্বৃত্ত রেওয়ামিলে আসবে না?**
K গৃহীত ঋণ L বিনিয়োগের সুদ M ইজারা সম্পত্তি N দেনাদার

১৮. **কোনটি এক ধরনের দায়?**
K সুনাম L অনাদায়ী পাওনা
M দেনাদার N মালিকানা স্বত্ব

১৯. **প্রারম্ভিক মূলধন ৮০,০০০ টাকা, উত্তোলন ২০,০০০ টাকা এবং সমাপনী মূলধন ৯০,০০০ টাকা হলে লাভ বা ক্ষতির পরিমাণ কত?**
K ক্ষতি ১০,০০০ টাকা L লাভ ১০,০০০ টাকা
M ক্ষতি ৩০,০০০ টাকা N লাভ ৩০,০০০ টাকা

২০. **পারিবারিক হিসাব ব্যবস্থাপনা অতীব গুরুত্বপূর্ণ; কারণ এটি–**
i. সদস্যদের মাঝে নৈতিক মূল্যবোধ সৃষ্টিতে সহায়ক হয়
ii. সদস্যদের ভোগ প্রবণতা বৃদ্ধির সুযোগ করে দেয়
iii. পারিবারিক সুখ বৃদ্ধি করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২১. **হিসাব সমীকরণের মূল উপাদান কয়টি?**
K ৩টি L ৪টি M ৫টি N ৬টি

২২. **নিচের কোনটি ক্রেডিট?**
K দায় হ্রাস L ব্যয় হ্রাস
M মালিকানা স্বত্ব হ্রাস N রেভিনিউ বা আয় হ্রাস

২৩. **দীর্ঘমেয়াদি দায় কোনটি?**
K পাওনাদার L ব্যাংক জমাতিরিক্ত M অগ্রিম আয় N বন্ধকি ঋণ

২৪. **নগদান বইয়ের ক্ষেত্রে–**
i. সব ধরনের নগদান বইয়ে বাট্টার কলাম থাকে
ii. উভয়দিকে বাট্টার পার্থক্য নির্ণয় করা হয় না
iii. কারবারী বাট্টা কোনোক্রমেই লিপিবদ্ধ হয় না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ে পরবর্তী প্রশ্নের উত্তর দাও :**
দেনাদার ২৫,০০০ টাকা, অলিখিত ধারে বিক্রয় ৫,০০০ টাকা, অলিখিত কুঋণ ৩,০০০ টাকা, কুঋণ সঞ্চিতি ৫%।

২৫. **কুঋণ সঞ্চিতির পরিমাণ কত?**
K ১,১০০ টাকা L ১,২৫০ টাকা M ১,৩৫০ টাকা N ১,৫০০ টাকা

২৬. **প্রকৃত দেনাদার কত টাকা?**
K ২২,০০০ L ২৫,৬৫০ M ২৭,০০০ N ৩০,০০০

☐ নিচের উদ্দীপকটি পড়ে পরবর্তী প্রশ্নের উত্তর দাও :
পরশমনি স্টোরের সমাপনী মজুদপণ্য ৩৫,০০০ টাকা, প্রারম্ভিক মজুদপণ্য ৪৫,০০০ টাকা, ক্রয় ২৫,০০০ টাকা এবং বহিঃফেরত ৩,০০০ টাকা।

২৭. **পরশমনি স্টোরের সমন্বিত ক্রয়ের পরিমাণ কত?**
K ২২,০০০ টাকা L ২৮,০০০ টাকা
M ৩২,০০০ টাকা N ৩৮,০০০ টাকা

২৮. **পরশমনি স্টোরের নিট বিক্রয় ৭২,০০০ টাকা হলে মোট মুনাফা/ক্ষতি কত?**
K মোট মুনাফা ৩৪,০০০ টাকা L মোট ক্ষতি ৪০,০০০ টাকা
M মোট মুনাফা ৪০,০০০ টাকা N মোট মুনাফা ৫০,০০০ টাকা

☐ **নিচের উদ্দীপকটি পড়ে পরবর্তী প্রশ্নের উত্তর দাও :**

| তারিখ | বিবরণ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত/জের |
|---|---|---|---|---|
| ২০২৩ | ব্যালেন্স বি/ডি | | | ৩০,০০০ |
| ৫ | জমা হিসাব | | ২৫,০০০ | |
| ১২ | বিক্রয় হিসাব | ২০,০০০ | | |
| ১৮ | ব্যাংক হিসাব | | | ৩৭,০০০ |
| ২৫ | উত্তোলন হিসাব | | ৭,০০০ | |

২৯. **মাস শেষে নগদান হিসাবটির উদ্বৃত্ত কত টাকা?**
K ১৮,০০০ L ৩০,০০০ M ৩২,০০০ N ৬২,০০০

৩০. **জুন-১৮ তারিখের লেনদেনটির সঠিক জাবেদা কোনটি?**
K নগদান হিসাব ডেবিট ব্যাংক হিসাব ক্রেডিট
L ব্যাংক হিসাব ডেবিট নগদান হিসাব ক্রেডিট
M ব্যাংক হিসাব ডেবিট উত্তোলন হিসাব ক্রেডিট
N উত্তোলন হিসাব ডেবিট ব্যাংক হিসাব ক্রেডিট

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# দিনাজপুর বোর্ড-২০২৪

**হিসাববিজ্ঞান (সৃজনশীল)** **বিষয় কোড : 1 4 6**

**[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে দুটি এবং খ বিভাগ থেকে **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

১। মিম ট্রেডার্সের ৩১শে জুলাই ২০২৩ তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**রেওয়ামিল**
৩১ শে জুলাই, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ৬০,০০০ | ৯০,০০০ |
| মূলধন | | ১,৮০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২০,০০০ | |
| অন্যান্য সম্পদ | ১,৫৩,০০০ | |
| ক্রয় ফেরত | | ৮,০০০ |
| দেনাদার | ৫০,০০০ | |
| মজুরি | ৫,০০০ | |
| অতিরিক্ত মূলধন ১-১-২৩ | | ১৫,০০০ |
| পরিবহন | ১০,০০০ | |
| আয়কর ও সাধারণ সঞ্চিতি | ৬,০০০ | ১২,০০০ |
| উত্তোলন | ১,০০০ | |
| | ৩,০৫,০০০ | ৩,০৫,০০০ |

সমন্বয়সমূহ :
(১) ধারে পণ্য বিক্রয় ৫,০০০ টাকা যাহা হিসাবভুক্ত হয়নি।
(২) বছর শেষে অবিক্রীত পণ্যের মূল্য ৩৮,০০০ টাকা।
(৩) দেনাদারের উপর ৫% কু-ঋণ সঞ্চিতি ধার্য করতে হবে।
(৪) মূলধনের উপর ১০% সুদ ধার্য করতে হবে।

(ক) মিম ট্রেডার্সের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মিম ট্রেডার্সের ৩১শে জুলাই ২০২৩ তারিখের সমাপ্ত বছরের মোট মুনাফা নির্ণয় কর। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের আলোকে নিট মুনাফা ৩৫,০০০ টাকা ধরে সমাপ্ত বছরের জন্য মালিকানা স্বত্বের পরিবর্তন বিবরণী প্রস্তুত কর। ৪

২। চৌধুরী এন্ড কোম্পানি এর রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

চৌধুরী এন্ড কোম্পানি
রেওয়ামিল
৩০ শে ডিসেম্বর-২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| দেনাদার ও পাওনাদার | ২৮,০০০ | ২০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,০৮,৪০০ | ১,৬৬,৯০০ |
| বিজ্ঞাপন (৪ বছরের জন্য) | ১০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ৩,৬০০ |
| আসবাবপত্র | ৬৫,০০০ | |
| কুঋণ সঞ্চিতি | | ৩,৫০০ |
| জীবন বিমা প্রিমিয়াম | ৭,০০০ | |
| ১০% ঋণ (১-৭-২০২৩) | | ৩০,০০০ |
| বেতন ও বকেয়া বেতন | ৩৬,৫০০ | ৪,৫০০ |
| নগদ তহবিল | ৩৩,৬০০ | |
| উত্তোলন ও মূলধন | ২০,০০০ | ৮০,০০০ |
| | ৩,০৮,৫০০ | ৩,০৮,৫০০ |

**সমন্বয়সমূহ :**
(১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ২৭,০০০ টাকা কিন্তু বাজার মূল্য ২,০০০ টাকা কম।
(২) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ২,০০০ টাকা এবং ধারে পণ্য ক্রয় ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(৩) বিবিধ দেনাদারের ১,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট দেনাদারের উপর ৫% হারে কুঋণ সঞ্চিতি ধরতে হবে।
(৪) আসবাবপত্রের উপর ৬% অবচয় ধরতে হবে।

(ক) চৌধুরী এন্ড কোম্পানি এর নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মোট মুনাফা ৮৮,৫০০ টাকা ধরে চৌধুরী এন্ড কোং নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) উপর্যুক্ত তথ্য হতে চৌধুরী এন্ড কোম্পানি এর আর্থিক অবস্থার বিবরণীতে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

## খ বিভাগ

৩। জনাব ইলিয়াছ একজন ব্যবসায়ী। ২০২৩ সালের সেপ্টেম্বর মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয় :

| | | |
|---|---|---|
| সেপ্টেম্বর | ১ | জনাব ইলিয়াছ গাজীপুরে নগদ ২,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকা ঋণ নিয়ে ইলিয়াছ ট্রেডার্স নামে ব্যবসায় শুরু করেন। |
| ” | ৫ | জনাব রহিমকে মাসিক ২৫,০০০ টাকা বেতনে তার ব্যবসায়ে ম্যানেজার নিয়োগ করেন। |
| ” | ১০ | পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা। |
| ” | ১৫ | ফাইল কেবিনেট ক্রয় ২৫,০০০ টাকা। |
| ” | ২০ | সাভারের আরাফাতের নিকট ১০% কারবারি বাট্টায় প্রতিটি ৩,০০০ টাকা দরে ৭০টি শাড়ি বিক্রয় করেন। চালান নং ২০২। |
| ” | ২৫ | ৩০,০০০ টাকা মূল্যের একটি ডেলিভারি ভ্যান ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হল। |

(ক) উপর্যুক্ত যে ঘটনাবলি লেনদেন নয় তার মোট পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ২০ সেপ্টেম্বর তারিখের লেনদেনের ভিত্তিতে একটি চালান প্রস্তুত কর। ৪
(গ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

৪। মাতৃছায়া ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের ২০২৩ সালের ডিসেম্বর মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ডিসেম্বর | ১ | মহাখালী হতে উত্তরাতে ক্লিনিক স্থানান্তর ব্যয় ২,০০,০০০ টাকা। |
| ” | ২ | ফার্মেসির জন্য ঔষধ ক্রয় ১,৫০,০০০ টাকা। |
| ” | ৫ | ফার্মেসির জন্য ফ্রিজ ক্রয় ৫০,০০০ টাকা। |
| ” | ১০ | ক্লিনিকের বিদ্যুৎ বিল পরিশোধ ৩০,০০০ টাকা। |
| ” | ১৫ | মিলন এ্যাড ফার্মকে ২ বছরের জন্য বিলবোর্ড ভাড়া প্রদান ৬০,০০০ টাকা। |
| ” | ২০ | জাপান হতে সিটিস্ক্যান মেশিন ক্রয় ৩০,০০,০০০ টাকা। |
| ” | ২৫ | সিটিস্ক্যান মেশিনের আমদানি শুল্ক প্রদান ৫০,০০০ টাকা। |
| ” | ২৮ | ডাক্তারদের চেম্বারের জন্য এসি ক্রয় ৪,৫০,০০০ টাকা। |
| ” | ৩০ | কর্মচারীদের বেতন প্রদান ১,০০,০০০ টাকা। |

(ক) উপর্যুক্ত তথ্যাদি হতে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৫। আমিন ব্রাদার্স এর হিসাব বইয়ে ২০২৩ সালের এপ্রিল মাসে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| এপ্রিল | ১ | নগদ তহবিল ৫০,০০০ টাকা ও ব্যাংক জমাতিরিক্ত ৩০,০০০ টাকা। |
| " | ৩ | নিজ প্রয়োজনে উত্তোলন ৫,৫০০ টাকা। পণ্য উত্তোলন ২,০০০ টাকা। |
| " | ৫ | ৫% বাট্টায় রাজুর কাছ থেকে নগদে পণ্য ক্রয় করা হলো ১২,০০০ টাকা। |
| " | ৮ | ব্যাংক জমাতিরিক্তের সুদ প্রদান ৫০০ টাকা। |
| " | ১০ | পণ্য বিক্রয় করে নগদে পাওয়া গেল ১৯,০০০ টাকা। |
| " | ১২ | মালিকের ব্যক্তিগত অর্থে ব্যবসায়ের জন্য আসবাবপত্র ক্রয় করেন ৪,৫০০ টাকা। |
| " | ২০ | হাসান ব্রাদার্সকে ৩,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৩,৩০০ টাকা প্রদান। |
| " | ৩০ | ৩,৫০০ টাকা হাতে রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দেওয়া হলো। |

(ক) উপর্যুক্ত তথ্য হতে অনগদ লেনদেনের সাধারণ জাবেদা দাও। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪
(গ) উপর্যুক্ত ১, ৫, ১০ ও ৩০ তারিখের লেনদেন দ্বারা দু-ঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৬। রাজ্জাক ট্রেডিং একজন খুচরা ব্যবসায়ী। তার ব্যবসায়ের ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকার পরিমাণ |
|---|---|
| সমন্বিত ক্রয় | ২০,০০০ |
| বিক্রয় | ৩০,০০০ |
| মূলধন | ২১,০০০ |
| ক্রয় খতিয়ানের জের | ৫,০০০ |
| প্রাপ্য সুদ | ৪,০০০ |
| উত্তোলন | ৩,০০০ |
| মজুদ পণ্য (১-১-২৩) | ২১,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত (৩১-১২-২৩) | ৭,০০০ |
| মজুদ পণ্য (৩১-১২-২৩) | ২২,০০০ |
| আসবাবপত্র | ১২,০০০ |
| আয়কর | ২,০০০ |

(ক) রাজ্জাক ট্রেডার্সের উত্তোলনের মোট পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪
(গ) উপর্যুক্ত লেনদেনগুলো হতে মোট চলতি সম্পদ ও মোট চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৭। একজন ফার্নিচার প্রস্তুতকারী ৩০০টি চেয়ার তৈরি করার লক্ষ্যে নিম্নের খরচগুলো ধার্য করলেন।
কাঁচামাল ১,৫০,০০০ টাকা, কারখানা মজুরি ৭৫,০০০ টাকা, কারখানা উপরি ব্যয় প্রত্যক্ষ মজুরির ২০%। অফিস ও বিক্রয় উপরি ব্যয় কারখানা উপরি ব্যয়ের ৬০%। মোট খরচের উপরে শতকরা ২০ টাকা লাভে পণ্য বিক্রয় করা হবে।
(ক) উপর্যুক্ত তথ্য হতে ৩০০টি চেয়ার তৈরির মুখ্য ব্যয় নির্ণয় কর। ২
(খ) প্রতিটি চেয়ারের মোট ব্যয় কত হবে নির্ণয় কর। ৪
(গ) প্রত্যাশিত মুনাফা অর্জন করতে হলে প্রতিটি চেয়ারের বিক্রয় মূল্য কত হবে নির্ণয় কর। ৪

৮। জনাব শিহাবের ২০২৩ সালের ব্যবসায়ে সংঘটিত ঘটনাগুলো নিম্নরূপ :
২০২৩

| | | |
|---|---|---|
| এপ্রিল | ১ | নগদ ১,০০,০০০ টাকা ও ৫০,০০০ টাকার পণ্য দ্রব্য নিয়ে ব্যবসায় শুরু করেন। |
| " | ২ | করিমের নিকট নগদে বিক্রয় করা হলো ৪০,০০০ টাকা। |
| " | ৫ | ধারে পণ্য ক্রয় করা হলো ২০,০০০ টাকা। |
| " | ৭ | পণ্য ফেরত দেওয়া হলো ৫,০০০ টাকা। |
| " | ১৫ | অফিসের জন্য কাগজ ক্রয় করা হলো ১,৭০০ টাকা। |

(ক) প্রকৃত পাওনাদারের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত লেনদেনগুলো জনাব শিহাবের জাবেদা বইতে লিপিবদ্ধ কর। ৪
(গ) উপর্যুক্ত লেনদেনগুলো হতে চলমান জের ছকে নগদান হিসাব ও ক্রয় হিসাবের খতিয়ান প্রস্তুত কর। ৪

৯। যমুনা এন্টারপ্রাইজের ২০২৩ সালের অক্টোবর মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| অক্টোবর | ১ | নয়ন ব্রাদার্স এর নিকট প্রতি কেজি ৬০ টাকা দরে ১০০ কেজির ২৫ বস্তা মিনিকেট চাল বিক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং-৫২১। |
| " | ১২ | আলম ট্রেডার্সের নিকট প্রতি ৫০ কেজির বস্তা ৫,৩৫০ টাকা দরে ৩৫ বস্তা মুগ ডাল বিক্রয়। কারবারি বাট্টা ৩%। চালান নং-৭১০। |

(ক) উপর্যুক্ত তথ্যের আলোকে কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
(গ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে চলমান জের ছকে সহকারী খতিয়ানগুলো প্রস্তুত কর। ৪

১০। জনাব হাসান তার ব্যবসায়ের পূর্ণাঙ্গ হিসাব সংরক্ষণ করেন না। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে ব্যবসায়ে ছিল মূলধন ৫,০০,০০০ টাকা, ব্যাংক ঋণ ২,০০,০০০ টাকা ও পাওনাদার ৫০,০০০ টাকা।
৩১শে ডিসেম্বর ২০২৩ তারিখে ব্যবসায়ের সম্পদ ও দায়সমূহ নিম্নরূপ : হাতে নগদ ১,০০,০০০ টাকা, দেনাদার ১,৫০,০০০ টাকা, পাওনাদার ৩০,০০০ টাকা, দালানকোঠা ৪,৫০,০০০ টাকা, ব্যাংক ঋণ ১,২০,০০০ টাকা, মজুদ পণ্য ৩,০০,০০০ টাকা।
উল্লেখ্য জনাব হাসান প্রতিমাসে ১,৫০০ টাকা করে নগদ এবং সারা বছরে মোট ২,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। এছাড়াও তিনি ব্যক্তিগত অর্থে ৮০,০০০ টাকা ব্যবসায়ের ব্যাংক ঋণ পরিশোধ করেন।
(ক) জনাব হাসানের ব্যবসায়ের প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত প্রতিষ্ঠানের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) উক্ত বছরে জনাব হাসানের ব্যবসায়ের লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

১১। ১ জানুয়ারি ২০২৩ তারিখে জনাব আজিম উদ্দিনের পারিবারিক অবস্থা ছিল নিম্নরূপ :
বাড়িঘর ১০,০০,০০০ টাকা, আসবাবপত্র ৩৫,০০০ টাকা, ঋণ ৫,০০,০০০ টাকা এবং বিনিয়োগ ১০,০০০ টাকা। উক্ত বছরে তার প্রাপ্তি ও প্রদানসমূহ নিম্নরূপ :

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন | ৫২,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ১৮,০০০ |
| পুরাতন খবরের কাগজ বিক্রয় | ২,৫৭৫ | মুদির বিল প্রদান | ৭,০০০ |
| বিনিয়োগের সুদ | ৭,০০০ | ঋণ পরিশোধ | ১২,০০০ |
| | | ফ্রিজ ক্রয় | ২৩,০০০ |
| | | বিদ্যুৎ জ্বালানি | ১,৫৭৫ |
| | ৬১,৫৭৫ | | ৬১,৫৭৫ |

**অন্যান্য তথ্য :** বিনিয়োগের সুদ ২,০০০ টাকা পাওয়া যায়নি।
(ক) উপর্যুক্ত তথ্যের আলোকে জনাব আজিম উদ্দিনের পারিবারিক তহবিল নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত তথ্য হতে পারিবারিক আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪
(গ) জনাব আজিম উদ্দিনের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ক | ৭ | ঘ | ৮ | খ | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | খ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ক |

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** মিম ট্রেডার্সের ৩১শে জুলাই ২০২৩ তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**রেওয়ামিল**

৩১ শে জুলাই, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ৬০,০০০ | ৯০,০০০ |
| মূলধন | | ১,৮০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২০,০০০ | |
| অন্যান্য সম্পদ | ১,৫৩,০০০ | |
| ক্রয় ফেরত | | ৮,০০০ |
| দেনাদার | ৫০,০০০ | |
| মজুরি | ৫,০০০ | |
| অতিরিক্ত মূলধন ১-১-২৩ | | ১৫,০০০ |
| পরিবহন | ১০,০০০ | |
| আয়কর ও সাধারণ সঞ্চিতি | ৬,০০০ | ১২,০০০ |
| উত্তোলন | ১,০০০ | |
| | ৩,০৫,০০০ | ৩,০৫,০০০ |

সমন্বয়সমূহ :

(১) ধারে পণ্য বিক্রয় ৫,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।

(২) বছর শেষে অবিক্রীত পণ্যের মূল্য ৩৮,০০০ টাকা।

(৩) দেনাদারের উপর ৫% কু-ঋণ সঞ্চিতি ধার্য করতে হবে।

(৪) মূলধনের উপর ১০% সুদ ধার্য করতে হবে।

(ক) মিম ট্রেডার্সের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) মিম ট্রেডার্সের ৩১শে জুলাই ২০২৩ তারিখের সমাপ্ত বছরের মোট মুনাফা নির্ণয় কর। ৪

(গ) উপর্যুক্ত তথ্যের আলোকে নিট মুনাফা ৩৫,০০০ টাকা ধরে সমাপ্ত বছরের জন্য মালিকানা স্বত্বের পরিবর্তন বিবরণী প্রস্তুত কর। ৪

[সি. বো. ২০২৪]

**১নং প্রশ্নের সমাধান**

**ক** মিম ট্রেডার্সের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| দেনাদার | ৫০,০০০ | |
| যোগ : অলিখিত বিক্রয় | ৫,০০০ | |
| | ৫৫,০০০ | |
| বাদ : সমাপনী কুঋণ ও সন্দেজনক দেনা সঞ্চিতি (৫%) | (২,৭০০) | |
| | | ৫২,২৫০ |

**উত্তর :** মিম ট্রেডার্সের নিট দেনাদারের পরিমাণ ৫২,২৫০ টাকা।

খ

**মিম ট্রেডার্স**
**বিশদ আয় বিবরণী (আংশিক)**
২০২৩ সালের ৩১ জুলাই তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ৯০,০০০ | |
| যোগ : অলিখিত বিক্রয় | | ৫,০০০ | |
| নিট বিক্রয় | | | ৯৫,০০০ |
| **বাদ : বিক্রিত পণ্যের ব্যয়** | | ২০,০০০ | |
| ক্রয় | ৬০,০০০ | | |
| বাদ : ক্রয় ফেরত | (৮,০০০) | | |
| নিট ক্রয় | | ৫২,০০০ | |
| মজুরি | | ৫,০০০ | |
| পরিবহণ | | ১০,০০০ | |
| | | ৮৭,০০০ | |
| বাদ : সমাপনী মজুদ পণ্য | | (৩৮,০০০) | |
| | | | (৪৯,০০০) |
| মোট মুনাফা | | | ৪৬,০০০ |

**উত্তর :** মোট মুনাফা ৪৬,০০০ টাকা।

গ

**মিম ট্রেডার্স**
**মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী**
২০২৩ সালের ৩১ জুলাই তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন | | ১,৮০,০০০ |
| যোগ : অতিরিক্ত মূলধন | | ১৫,০০০ |
| | | ১,৯৫,০০০ |
| যোগ : মূলধনের সুদ $(১,৮০,০০০ \times ১০\%) + \left(১৫,০০০ \times ১০\% \times \frac{৭}{১২}\right)$ | | ১৮,৮৭৫ |
| | | ২,১৩,৮৭৫ |
| যোগ : নিট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | ৩৫,০০০ |
| | | ২,৪৮,৮৭৫ |
| বাদ : আয়কর | ৬০০০ | |
| নগদ | ১০০০ | |
| | | (৭,০০০) |
| | | ২,৪১,৬২৫ |
| যোগ : সাধারণ সঞ্চিতি | | ১২,০০০ |
| সমাপনী মালিকানাস্বত্ব | | ২,৫৩,৮৭৫ |

**প্রশ্ন ▶ ০২** চৌধুরী এন্ড কোম্পানি এর রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

**চৌধুরী এন্ড কোম্পানি**
**রেওয়ামিল**
৩০ শে ডিসেম্বর-২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| দেনাদার ও পাওনাদার | ২৮,০০০ | ২০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,০৮,৪০০ | ১,৬৬,৯০০ |
| বিজ্ঞাপন (৪ বছরের জন্য) | ১০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ৩,৬০০ |
| আসবাবপত্র | ৬৫,০০০ | |
| কুঋণ সঞ্চিতি | | ৩,৫০০ |
| জীবন বিমা প্রিমিয়াম | ৭,০০০ | |

| | | |
|---|---|---|
| ১০% ঋণ (১-৭-২০২৩) | | ৩০,০০০ |
| বেতন ও বকেয়া বেতন | ৩৬,৫০০ | ৪,৫০০ |
| নগদ তহবিল | ৩৩,৬০০ | |
| উত্তোলন ও মূলধন | ২০,০০০ | ৮০,০০০ |
| | ৩,০৮,৫০০ | ৩,০৮,৫০০ |

**সমন্বয়সমূহ :**

(১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ২৭,০০০ টাকা কিন্তু বাজার মূল্য ২,০০০ টাকা কম।

(২) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ২,০০০ টাকা এবং ধারে পণ্য ক্রয় ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

(৩) বিবিধ দেনাদারের ১,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট দেনাদারের উপর ৫% হারে কুঋণ সঞ্চিতি ধরতে হবে।

(৪) আসবাবপত্রের উপর ৬% অবচয় ধরতে হবে।

(ক) চৌধুরী এন্ড কোম্পানি এর নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) মোট মুনাফা ৮৮,৫০০ টাকা ধরে চৌধুরী এন্ড কোং নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) উপর্যুক্ত তথ্য হতে চৌধুরী এন্ড কোম্পানি এর আর্থিক অবস্থার বিবরণীতে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

[দি. বো. ২০২৪]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** চৌধুরী এন্ড কোম্পানি নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ক্রয় | ১,০৮,৪০০ | |
| যোগ : অলিখিত ক্রয় | ৩,০০০ | |
| | ১,১১,৪০০ | |
| বাদ : মালিক কর্তৃক পণ্য উত্তোলন | (২,০০০) | |
| নিট ক্রয় | | ১,০৯,৪০০ |

**উত্তর :** নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় ১,০৯,৪০০ টাকা।

**খ**

**চৌধুরী এন্ড কোম্পানি**

**বিশদ আয় বিবরণী**

২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ৮৮,৫০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বিজ্ঞাপন $\frac{৩}{৪}$ | ১০,০০০ | | |
| বাদ : বিলম্বিত বিজ্ঞাপন $\left(\frac{৩}{৪}\right)$ | (৭,৫০০) | ২,৫০০ | |
| সমাপনী কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি (৫%) | ১,৩৫০ | | |
| বাদ : প্রারম্ভিক কুঋণ ও সন্দেহজনক (৩,৫০০ − ১,০০০) | (২,৫০০) | | |
| | | (১,১৫০) | |
| বেতন | | ৩৬,৫০০ | |
| আসবাবপত্রের অবচয় (৬৫,০০০ × ৬%) | | ৩,৯০০ | |
| | | | (৪১,৭৫০) |
| **পরিচালন মুনাফা** | | | ৪৬,৭৫০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | |
| শিক্ষানবিশ সেলামী | | | ৩,৬০০ |
| **বাদ : অন্যান্য ব্যয় :** | | | ৫০,৩৫০ |
| ঋণের সুদ | | | (১৫০০) |
| **মোট মুনাফা** | | | ৪৮,৮৫০ |

**উত্তর :** নিট মুনাফা ৪৮,৮৫০ টাকা।

**গ** **চৌধুরী এন্ড কোম্পানি**

আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)

৩১ ডিসেম্বর, ২০২৩

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| আসবাবপত্র | | ৬৫,০০০ | |
| বাদ : পুঞ্জীভীত অবচয় | | (৩,৯০০) | |
| | | | ৬১,১০০ |
| **চলতি সম্পদ :** | | | |
| নগত তহবিল | | ৩৩,৬০০ | |
| দেনাদার | ২৮,০০০ | | |
| বাদ : নতুন অনাদায়ী পাওনা | (১,০০০) | | |
| | ২৭,০০০ | | |
| বাদ : সমাপনী কুঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি | (১,৩৫০) | | |
| | | ২৫,৬৫০ | |
| সমাপনী মজুদ পণ্য (২৭,০০০ − ২০০০) | | ২৫,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ৮৪,২৫০ |
| **অলীক সম্পদ :** | | | |
| বিলম্বিত বিজ্ঞাপন | | | ৭,৫০০ |
| **মোট সম্পদ** | | | ১,৫২,৮৫০ |

**উত্তর :** মোট সম্পদ ১,৫২,৮৫০ টাকা।

**নোট :** রক্ষণশীলতার নীতি অনুযায়ী মুনাফা প্রদর্শনে রক্ষণশীলতার নীতি অনুসরণ করতে হয়। তাই সমাপনী মজুদ পণ্য মূল্যায়নের সময় বাজারমূল্য ও ক্রয়মূল্যের মধ্যে যেটি কম সেটি দেখাতে হয়।

**প্রশ্ন ▶ ০৩** জনাব ইলিয়াছ একজন ব্যবসায়ী। ২০২৩ সালের সেপ্টেম্বর মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয় :

| | | |
|---|---|---|
| সেপ্টেম্বর | ১ | জনাব ইলিয়াছ গাজীপুরে নগদ ২,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকা ঋণ নিয়ে ইলিয়াছ ট্রেডার্স নামে ব্যবসায় শুরু করেন। |
| ” | ৫ | জনাব রহিমকে মাসিক ২৫,০০০ টাকা বেতনে তার ব্যবসায়ে ম্যানেজার নিয়োগ করেন। |
| ” | ১০ | পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা। |
| ” | ১৫ | ফাইল কেবিনেট ক্রয় ২৫,০০০ টাকা। |
| ” | ২০ | সাভারের আরাফাতের নিকট ১০% কারবারি বাট্টায় প্রতিটি ৩,০০০ টাকা দরে ৭০টি শাড়ি বিক্রয় করেন। চালান নং ২০২। |
| ” | ২৫ | ৩০,০০০ টাকা মূল্যের একটি ডেলিভারি ভ্যান ক্রয়ের সিদ্ধান্ত গ্রহীত হল। |

(ক) উপর্যুক্ত যে ঘটনাবলি লেনদেন নয় তার মোট পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ২০ সেপ্টেম্বর তারিখের লেনদেনের ভিত্তিতে একটি চালান প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

[দি. বো. ২০২৪]

**৩নং প্রশ্নের সমাধান**

**ক** লেনদেন নয় তার মোট পরিমাণ নির্ণয় কর :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| সেপ্টেম্বর-৫ | ম্যানেজার নিয়োগ | ২৫,০০০ | |
| ” ২৫ | ডেলিভারি ভ্যান ক্রয়ের সিদ্ধান্ত | ৩০,০০০ | |
| | মোট | | ৫৫,০০০ |

**উত্তর :** লেনদেন নয় তার মোট পরিমাণ নির্ণয় ৫৫,০০০ টাকা।

**খ**

| চালান নং : ২০২ | **জনাব ইলিয়াস** | তারিখ : ২০/০৯/২০২৩ |
|---|---|---|
| ক্রেতার নাম : আরাফাত | **চালান** | |
| ঠিকানা : সাভার | | |

| ক্রমিক নং | মালের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | শাড়ি ক্রয় :<br>প্রতিটি ৩,০০০ টাকা করে ৭০টি গাড়ি<br>বদ : করবারি বাট্টা (১০%) | ৩,০০০ | ৭০ | ২,১০,০০০<br>(২১,০০০)<br>১,৮৯,০০০ |

**টাকা (কথায়) :** এক লক্ষ উনানব্বই হাজার টাকা মাত্র।

বিক্রিত শর্ত : ........................................................................................................

বিক্রেতার স্বাক্ষর

[**বি.দ্র. :** ভুল ত্রুটি সংশোধনযোগ্য।

**গ** হিসাব সমীকরণের প্রভাব নির্ণয় করা হলো :

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | | = | দায় (L) | + | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | আসবাবপত্র | দেনাদার | | ঋণ | | | |
| ২০২৩ সেপ্টে.-১ | | ২,৫০,০০০ | | | = | ৫০,০০০ | | ২,০০,০০০ | মূলধন আনয়ন |
| | উদ্বৃত্ত | ২,৫০,০০০ | | | = | ৫০,০০০ | + | ২,০০,০০০ | |
| " ১০ | | ২৫,০০০ | | | = | | | ২৫,০০০ | বিক্রয় আয় |
| | উদ্বৃত্ত | ২,৭৫,০০০ | | | = | ৫০,০০০ | + | ২,২৫,০০০ | |
| " ১৫ | | (২৫,০০০) | ২৫,০০০ | | = | | | | |
| | উদ্বৃত্ত | ২,৫০,০০০ | ২৫,০০০ | | = | ৫০,০০০ | + | ২,২৫,০০০ | |
| " ২০ | | | | ১,৮৯,০০০ | = | | | ১,৮৯,০০০ | বিক্রয় আয় |
| | উদ্বৃত্ত | ২,৫০,০০০ | ২৫,০০০ | ১,৮৯,০০০ | = | ৫০,০০০ | + | ৪,১৪,০০০ | |
| | **মোট** | | ৪,৬৪,০০০ | | = | | ৪,৬৪,০০০ | | |

**উত্তর :** হিসাব সমীকরণের যোগফল ২,২৫,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৪** মাতৃছায়া ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের ২০২৩ সালের ডিসেম্বর মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ডিসেম্বর | ১ | মহাখালী হতে উত্তরাতে ক্লিনিক স্থানান্তর ব্যয় ২,০০,০০০ টাকা। |
| " | ২ | ফার্মেসির জন্য ঔষধ ক্রয় ১,৫০,০০০ টাকা। |
| " | ৫ | ফার্মেসির জন্য ফ্রিজ ক্রয় ৫০,০০০ টাকা। |
| " | ১০ | ক্লিনিকের বিদ্যুৎ বিল পরিশোধ ৩০,০০০ টাকা। |
| " | ১৫ | মিলন এ্যান্ড ফার্মকে ২ বছরের জন্য বিলবোর্ড ভাড়া প্রদান ৬০,০০০ টাকা। |
| " | ২০ | জাপান হতে সিটিস্ক্যান মেশিন ক্রয় ৩০,০০,০০০ টাকা। |
| " | ২৫ | সিটিস্ক্যান মেশিনের আমদানি শুল্ক প্রদান ৫০,০০০ টাকা। |
| " | ২৮ | ডাক্তারদের চেম্বারের জন্য এসি ক্রয় ৪,৫০,০০০ টাকা। |
| " | ৩০ | কর্মচারীদের বেতন প্রদান ১,০০,০০০ টাকা। |

(ক) উপর্যুক্ত তথ্যাদি হতে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

[দি. বো. ২০২৪]

**৪নং প্রশ্নের সমাধান**

**ক** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| ডিসেম্বর-১ | ক্লিনিক স্থানান্তর ব্যয় | ২,০০,০০০ | |
| " ১৫ | বিলম্বিত বিজ্ঞাপন | ৫৭,৫০০ | |
| | মোট | | ২,৫৭,০০০ |

**উত্তর :** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ২,০০,০০০ টাকা।

**খ** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| ডিসেম্বর-১ | ফার্মেসির জন্য ঔষুধ ক্রয় | ১,৫০,০০০ | |
| " ১০ | ক্লিনিকের বিদ্যুৎ বিল পরিশোধ | ৩০,০০০ | |
| " ১৫ | বিজ্ঞাপন খরচ (৬০,০০০ × ১/২৪) | ২৫,০০০ | |
| " ৩০ | কর্মাচরিদের বেতন প্রদান | ১,০০,০০০ | |
| | **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | ২,৮২,৫০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ২,৮২,৫০০ টাকা।

**গ** মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| ডিসেম্বর-৫ | ফার্মেসির জন্য ফ্রিজ ক্রয় | ৫০,০০০ | |
| " ২০ | জাপান হতে সিটিস্ক্যান মেশিন ক্রয় | ৩০,০০,০০০ | |
| " ২৫ | সিটিস্ক্যান মেশিনের আমদানি শুল্ক | ৫০,০০০ | |
| " ২৮ | ডাক্তারদের চেম্বারের জন্য এসি ক্রয় | ৪,৫০,০০০ | |
| | **মোট মূলধন জাতীয় ব্যয়** | | ৩৫,৫০,০০০ |

**উত্তর :** মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ ৩৫,৫০,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৫** আমিন ব্রাদার্স এর হিসাব বইয়ে ২০২৩ সালের এপ্রিল মাসে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| এপ্রিল | ১ | নগদ তহবিল ৫০,০০০ টাকা ও ব্যাংক জমাতিরিক্ত ৩০,০০০ টাকা। |
| " | ৩ | নিজ প্রয়োজনে উত্তোলন ৫,৫০০ টাকা। পণ্য উত্তোলন ২,০০০ টাকা। |
| " | ৫ | ৫% বাট্টায় রাজুর কাছ থেকে নগদে পণ্য ক্রয় করা হলো ১২,০০০ টাকা। |
| " | ৮ | ব্যাংক জমাতিরিক্তের সুদ প্রদান ৫০০ টাকা। |
| " | ১০ | পণ্য বিক্রয় করে নগদে পাওয়া গেল ১৯,০০০ টাকা। |
| " | ১২ | মালিকের ব্যক্তিগত অর্থে ব্যবসায়ের জন্য আসবাবপত্র ক্রয় করেন ৪,৫০০ টাকা। |
| " | ২০ | হাসান ব্রাদার্সকে ৩,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৩,৩০০ টাকা প্রদান। |
| " | ৩০ | ৩,৫০০ টাকা হাতে রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দেওয়া হলো। |

(ক) উপর্যুক্ত তথ্য হতে অনগদ লেনদেনের সাধারণ জাবেদা দাও। ২

(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত ১, ৫, ১০ ও ৩০ তারিখের লেনদেন দ্বারা দু-ঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

[দি. বো. ২০২৪]

## ৫নং প্রশ্নের সমাধান

**ক**

### আমিন ব্রাদার্স
### জাবেদা দাখিলা

| তারিখ | বিবরণ | | | খু.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | | | |
| এপ্রিল-৩ | উত্তোলন হিসাব | ডেবিট | | | ২,০০০ | |
| | ক্রয় হিসাব | | ক্রেডিট | | | ২,০০০ |
| | (পণ্য উত্তোলন করা হলো) | | | | | |
| " ১২ | আসবাবপত্র হিসাব | ডেবিট | | | ৪,৫০০ | |
| | মূলধন হিসাব | | ক্রেডিট | | | ৪,৫০০ |
| | (মূলধন হিসেবে আসবাবপত্র আনা হলো) | | | | | |
| " ২০ | পাওনাদার হিসাব | ডেবিট | | | ২০০ | |
| | প্রাপ্ত বাট্টা হিসাব | | ক্রেডিট | | | ২০০ |
| | (বাট্টা পাওয়া গেল) | | | | | |
| | **মোট** | | | | ৬,৭০০ | ৬,৭০০ |

**খ**

### আমিন ব্রাদার্সের
### নগদ প্রদান জাবেদা

| তারিখ | চেক নম্বর | ডেবিট হিসাব খাত | সূত্র | ক্রয় ডেবিট | পাওনাদার ডেবিট | অন্যান্য হি. ডেবিট | প্রাপ্ত বাট্টা ক্রেডিট | নগদান ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | | | | | |
| এপ্রিল-৩ | | উত্তোলন হিসাব | | | | ৫,৫০০ | | ৫,৫০০ |
| " ৫ | | – | | ১১,৪০০ | | | | ১১,৪০০ |
| " ৮ | | ব্যাংক জমাতিরিক্তের সুদ | | | | ৫০০ | | ৫০০ |
| " ২০ | | হাসান ব্রাদার্স | | | ৩,৫০০ | | ২০০ | ৩,৩০০ |
| | | | | ১১,৪০০ | ৩,৫০০ | ৬,০০০ | ২০০ | ২০,৭০০ |

**উত্তর :** নগদ প্রদান জাবেদার যোগফল : ক্রয় ১১,৪০০ টাকা; পাওনাদার ৩,৫০০ টাকা; অন্যান্য হিসাব ৬,০০০ টাকা; প্রাপ্ত বাট্টা ২০০ টাকা এবং নগদ ২০,৭০০ টাকা।

**গ**

### আমিন ব্রাদার্স

ডেবিট — দু'ঘরা নগদান বই — ক্রেডিট

| তারিখ | প্রাপ্তি | ভা.নং | খ.পৃ. | নগদ টাকা | ব্যাংক টাকা | তারিখ | প্রদান | ভা.নং | খ.পৃ. | নগদ টাকা | ব্যাংক টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | | ২০২০ | | | | | |
| এপ্রিল-১ | ব্যালেন্স B/D | | | ৫০,০০০ | | এপ্রিল-১ | ব্যালেন্স B/D | | | | ৩০,০০০ |
| " ১০ | বিক্রয় হিসাব | | | ১৯,০০০ | | " ৫ | ক্রয় হিসাব | | | ১১,৪০০ | |
| " ৩০ | নগদান হিসাব | | | | ৫৪,১০০ | | | | | | |
| | | | | | | " ৩০ | ব্যাংক হিসাব (ক) | | | ৫৪,১০০ | |
| | | | | | | | ব্যালেন্স সি/ডি | | | ৩,৫০০ | ২৪,১০০ |
| | | | | ৬৯,০০০ | ৫৪,১০০ | | | | | ৬৯,০০০ | ৫৪,১০০ |
| মে-১ | ব্যালেন্স B/D | | | ৩,৫০০ | ২৪,১০০ | মে-১ | | | | | |

**প্রশ্ন ▶ ০৬** রাজ্জাক ট্রেডিং একজন খুচরা ব্যবসায়ী। তার ব্যবসায়ের ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকার পরিমাণ |
|---|---|
| সমন্বিত ক্রয় | ২০,০০০ |
| বিক্রয় | ৩০,০০০ |
| মূলধন | ২১,০০০ |
| ক্রয় খতিয়ানের জের | ৫,০০০ |
| প্রাপ্য সুদ | ৪,০০০ |
| উত্তোলন | ৩,০০০ |
| মজুদ পণ্য (১-১-২৩) | ২১,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত (৩১-১২-২৩) | ৭,০০০ |
| মজুদ পণ্য (৩১-১২-২৩) | ২২,০০০ |
| আসবাবপত্র | ১২,০০০ |
| আয়কর | ২,০০০ |

(ক) রাজ্জাক ট্রেডার্সের উত্তোলনের মোট পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪
(গ) উপর্যুক্ত লেনদেনগুলো হতে মোট চলতি সম্পদ ও মোট চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

[দি. বো. ২০২৪]

**৬নং প্রশ্নের সমাধান**

**ক** রাজ্জাক ট্রেডার্সের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় :

| ক্রমিক | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ১ | উত্তোলন | ৩,০০০ | |
| | আয়কর | ২,০০০ | |
| | মোট উত্তোলনের পরিমাণ | | ৫,০০০ |

**উত্তর :** রাজ্জাক ট্রেডার্সের মোট উত্তোলনের পরিমাণ ৫,০০০ টাকা।

**খ**

**রাজ্জাক টেন্ডিং**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর ২০২৩

| ক্রমিক নং | হিসাবের শিরোনাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| ১ | সম্বলিত ক্রয় | ২০,০০০ | |
| ২ | বিক্রয় | | ৩০,০০০ |
| ৩ | মূলধন | | ২১,০০০ |
| ৪ | ক্রয় খতিয়ানের জের | | ৫,০০০ |
| ৫ | প্রাপ্য সুদ | ৪,০০০ | |
| ৬ | উত্তোলন | ৩,০০০ | |
| ৭ | ব্যাংক জমাতিরিক্ত | | ৭,০০০ |
| ৮ | মজুদ পণ্য | ২২,০০০ | |
| ৯ | আসপাবপত্র | ১২,০০০ | |
| ১০ | আয়কর | ২,০০০ | |
| | মোট | ৬৩,০০০ | ৬৩,০০০ |

**গ** লেনদেনগুলো হতে মোট চলতি সম্পদ ও মোট চলতি দায়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদ :** | | |
| প্রাপ্য সুদ | ৪,০০০ | |
| মজুদ পণ্য | ২২,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | ২৬,০০০ |
| **চলতি দায় :** | | |
| ক্রয় খতিয়ানের জের | ৫,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ৭,০০০ | |
| **মোট চলতি দায়** | | ১২,০০০ |

**উত্তর :** মোট চলতি সম্পদ ২৬,০০০ টাকা ও মোট চলতি দায়ের পরিমাণ ১২,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৭** একজন ফার্নিচার প্রস্তুতকারী ৩০০টি চেয়ার তৈরি করার লক্ষ্যে নিম্নের খরচগুলো ধার্য করলেন।
কাঁচামাল ১,৫০,০০০ টাকা, কারখানা মজুরি ৭৫,০০০ টাকা, কারখানা উপরি ব্যয় প্রত্যক্ষ মজুরির ২০%। অফিস ও বিক্রয় উপরি ব্যয় কারখানা উপরি ব্যয়ের ৬০%। মোট খরচের উপরে শতকরা ২০ টাকা লাভে পণ্য বিক্রয় করা হবে।

(ক) উপর্যুক্ত তথ্য হতে ৩০০টি চেয়ার তৈরির মুখ্য ব্যয় নির্ণয় কর। ২
(খ) প্রতিটি চেয়ারের মোট ব্যয় কত হবে নির্ণয় কর। ৪
(গ) প্রত্যাশিত মুনাফা অর্জন করতে হলে প্রতিটি চেয়ারের বিক্রয় মূল্য কত হবে নির্ণয় কর। ৪

[দি. বো. ২০২৪]

**৭নং প্রশ্নের সমাধান**

**ক** ৩০০টি চেয়ার তৈরির মুখ্য ব্যয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাঁচামাল ক্রয় | ১,৫০,০০০ | |
| যোগ : কারখানা মজুরি | ৭৫,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | ২,২৫,০০০ |

**উত্তর :** ৩০০টি চেয়ার তৈরির মুখ্য ব্যয় ২,২৫,০০০ টাকা।

**খ** প্রতিটি চেয়ারের মোট ব্যয় নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মুখ্য ব্যয় (ক হতে প্রাপ্ত) | ২,২৫,০০০ | |
| যোগ : কারখানার উপরিব্যয় (৭৫,০০০ × ২০%) | ১৫,০০০ | |
| **উৎপাদন ব্যয়** | | ২,৪০,০০০ |
| যোগ : পরিচালন ব্যয় | | |
| প্রশাসনিক উপরিখরচ : | | |
| কারখানা উপরিব্যয় (১৫,০০০ × ৬০%) | | ৯,০০০ |
| **মোট ব্যয়** | | ২,৪৯,০০০ |

∴ প্রতিটি চেয়ারে মোট ব্যয় (২,৪৯,০০০ ÷ ৩০০) = ৮৩০ টাকা।

**উত্তর :** প্রতিটি চেয়ারের মোট ব্যয় ৮৩০ টাকা।

**গ**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রতিটি চেয়ারের মোট ব্যয় (খ থেকে প্রাপ্ত) | ৮৩০ | |
| যোগ : মুনাফা (৮৩০ × ২০%) | ১৬৬ | |
| **মোট বিক্রয়মূল্য** | | ৯৯৬ |

∴ প্রতিটি চেয়ারের বিক্রয়মূল্য ৯৯৬ টাকা।

**উত্তর :** ৯৯৬ টাকা।

**প্রশ্ন ▸ ০৮** জনাব শিহাবের ২০২৩ সালের ব্যবসায়ে সংঘটিত ঘটনাগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ২০২৩ | | |
| এপ্রিল | ১ | নগদ ১,০০,০০০ টাকা ও ৫০,০০০ টাকার পণ্য দ্রব্য নিয়ে ব্যবসায় শুরু করেন। |
| ” | ২ | করিমের নিকট নগদে বিক্রয় করা হলো ৪০,০০০ টাকা। |
| ” | ৫ | ধারে পণ্য ক্রয় করা হলো ২০,০০০ টাকা। |
| ” | ৭ | পণ্য ফেরত দেওয়া হলো ৫,০০০ টাকা। |
| ” | ১৫ | অফিসের জন্য কাগজ ক্রয় করা হলো ১,৭০০ টাকা। |

(ক) প্রকৃত পাওনাদারের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত লেনদেনগুলো জনাব শিহাবের জাবেদা বইতে লিপিবদ্ধ কর। ৪
(গ) উপর্যুক্ত লেনদেনগুলো হতে চলমান জের ছকে নগদান হিসাব ও ক্রয় হিসাবের খতিয়ান প্রস্তুত কর। ৪

[দি. বো. ২০২৪]

## ৮নং প্রশ্নের সমাধান

**ক** প্রকৃত পাওনাদারের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| এপ্রিল-৫ | ধারে পণ্য ক্রয় | ২০,০০০ | |
| | বাদ : পণ্য ফেরত | (৫,০০০) | |
| | **প্রকৃত পাওনাদারের পরিমাণ** | | ১৫,০০০ |

**উত্তর :** প্রকৃত পাওনাদারের পরিমাণ ১৫,০০০ টাকা।

**খ**

### জনাব শিহাব

| তারিখ | বিবরণ | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | | |
| এপ্রিল-১ | নগদান হিসাব | ডেবিট | | ১,০০,০০০ | |
| | ক্রয় হিসাব | ক্রেডিট | | ৫০,০০০ | |
| | মূলধন হিসাব | ক্রেডিট | | | ১,৫০,০০০ |
| | [নগদ, পণ্যদ্রব্য নিয়ে ব্যবসায় শুরু করা হলো।] | | | | |
| " ২ | নগদান হিসাব | | | ৪০,০০০ | |
| | বিক্রয় হিসাব | | | | ৪০,০০০ |
| | [বাকিতে পণ্য বিক্রয় করা হলো।] | | | | |
| " ৫ | ক্রয় হিসাব | | | ২০,০০০ | |
| | পাওনাদার হিসাব | | | | ২০,০০০ |
| | [বাকিতে পণ্য ক্রয় করা হলো।] | | | | |
| " ৭ | পাওনাদার হিসাব | ডেবিট | | ৫,০০০ | |
| | ক্রয় ফেরত হিসাব | ক্রেডিট | | | ৫,০০০ |
| | [পণ্য ফেরত দেওয়া হলো।] | | | | |
| " ১৫ | মনিহারি হিসাব | ডেবিট | | ১,৭০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ১,৭০০ |
| | [অফিসের জন্য কাগজ ক্রয় করা হলো।] | | | | |
| | | মোট | | ২,১৬,৭০০ | ২,১৬,৭০০ |

**উত্তর :** জাবেদার যোগফল ২,১৬,৭০০ টাকা।

**গ**

### নগদান হিসাব

হিসাবের কোড নং : ..................

| তারিখ | বিবরণ | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২৩ | | | | | | |
| এপ্রিল-১ | মূলধন হিসাব | | ১,০০,০০০ | | ১,০০,০০০ | |
| " ২ | বিক্রয় হিসাব | | ৪০,০০০ | | ১,৪০,০০০ | |
| " ১৫ | মনিহারি হিসাব | | | ১৭০০ | ১,৩৮,৩০০ | |

### ক্রয় হিসাব

হিসাবের কোড নং : ..................

| তারিখ | বিবরণ | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২৩ | | | | | | |
| এপ্রিল-১ | মূলধন হিসাব | | ৫০,০০০ | | ৫০,০০০ | |
| " ৫ | পাওনাদার হিসাব | | ২০,০০০ | | ৭০,০০০ | |

**উত্তর :** নগদান হিসাবের ডেবিট উদ্বৃত্ত ১,৩৮,৩০০ টাকা এবং নগদান হিসাবের ডেবিট উদ্বৃত্ত ৭০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৯** যমুনা এন্টারপ্রাইজের ২০২৩ সালের অক্টোবর মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

অক্টোবর ১ নয়ন ব্রাদার্স এর নিকট প্রতি কেজি ৬০ টাকা দরে ১০০ কেজির ২৫ বস্তা মিনিকেট চাল বিক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং-৫২১।

" ১২ আলম ট্রেডার্সের নিকট প্রতি ৫০ কেজির বস্তা ৫,৩৫০ টাকা দরে ৩৫ বস্তা মুগ ডাল বিক্রয়। কারবারি বাট্টা ৩%। চালান নং-৭১০।

(ক) উপর্যুক্ত তথ্যের আলোকে কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে চলমান জের ছকে সহকারী খতিয়ানগুলো প্রস্তুত কর। ৪

[দি. বো. ২০২৪]

**৯নং প্রশ্নের সমাধান**

**ক** কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| অক্টোবর-১ | নয়ন ব্রাদার্স : কারবারি বাট্টা | ৭,৫০০ | |
| " ১২ | আলম ট্রেডার্স : কারবারি বাট্টা | ৫,৬১৮ | |
| | **মোট কারবারি বাট্টা** | | ১৩,১১৮ |

**উত্তর :** কারবারি বাট্টার পরিমাণ ১৩,১১৭ টাকা।

**খ**

**যমুনা এন্টারপ্রাইজ**

**বিক্রয় জাবেদা**

| তারিখ | ডেবিট হিসাব খাত | চালান নং | সূত্র | দেনাদার হিসাব ডেবিট<br>বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২৩ | | | | |
| অক্টোবর-১ | নয়ন ব্রাদার্স (গণনা-১) | ৫২১ | ✓ | ১,৪২,৫০০ |
| " ১২ | আলম ট্রেডার্স (গণনা-২) | | | ১,৮১,৬৩২ |
| | | | | ৩,২৪,১৩২ |

**গণনা :**

১. নয়ন ব্রাদার্স

চাল বিক্রয় :

| | | |
|---|---|---|
| প্রতি কেজি ৬০ টাকা দরে ১০০ কেজি চালের ২৫ (২,৫০০ × ৬০) | = | ১,৫০,০০০ |
| বাদ : কারবারি বাট্টা ৫% | = | (৭,৫০০) |
| | | ১,৪২,৫০০ |

২. আলম ট্রেডার্স

| | | |
|---|---|---|
| প্রতি বস্তা ৫,৩৫০ টাকা করে ৩৫ বস্তা ডাল ৫৩৫০ × ৩৫) | = | ১,৮৭,২৫০ |
| বাদ : কারবারি বাট্টা ৩% | = | (৫,৬১৭) |
| | | ১,৮১,৬৩২ |

**গ**

**যমুনা এন্টারপ্রাইজ**

**সহকারী খতিয়ান (চলমান জের ছক)**

**নয়ন ব্রাদার্স হিসাব** হিসাবের কোর্ড নং –

| তারিখ | বিবরণ | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২৩<br>অক্টোবর-১ | বিক্রয় হিসাব | | ১,৪২,৫০০ | | ১,৪২,৫০০ | |

**আলম ট্রেডার্স হিসাব** হিসাবের কোর্ড নং –

| তারিখ | বিবরণ | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২৩<br>অক্টোবর-১২ | বিক্রয় হিসাব | | ১,৮১,৬৩২ | | ১,৮১,৬৩২ | |

**উত্তর :** নয়ন ব্রাদার্স হিসাবের ডেবিট জের ১,৪২,৫০০ টাকা এবং আলম ট্রেডার্স হিসাবের ডেবিট জের ১,৮১,৬৩২ টাকা।

**প্রশ্ন ▶ ১০** জনাব হাসান তার ব্যবসায়ের পূর্ণাজ্ঞা হিসাব সংরক্ষণ করেন না। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে ব্যবসায়ে ছিল মূলধন ৫,০০,০০০ টাকা, ব্যাংক ঋণ ২,০০,০০০ টাকা ও পাওনাদার ৫০,০০০ টাকা।

৩১শে ডিসেম্বর ২০২৩ তারিখে ব্যবসায়ের সম্পদ ও দায়সমূহ নিম্নরূপ :

হাতে নগদ ১,০০,০০০ টাকা, দেনাদার ১,৫০,০০০ টাকা, পাওনাদার ৩০,০০০ টাকা, দালানকোঠা ৪,৫০,০০০ টাকা, ব্যাংক ঋণ ১,২০,০০০ টাকা, মজুদ পণ্য ৩,০০,০০০ টাকা।

উল্লেখ্য জনাব হাসান প্রতিমাসে ১,৫০০ টাকা করে নগদ এবং সারা বছরে মোট ২,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। এছাড়াও তিনি ব্যক্তিগত অর্থে ৮০,০০০ টাকা ব্যবসায়ের ব্যাংক ঋণ পরিশোধ করেন।

(ক) জনাব হাসানের ব্যবসায়ের প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত প্রতিষ্ঠানের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) উক্ত বছরে জনাব হাসানের ব্যবসায়ের লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

[দি. বো. ২০২৪]

**১০নং প্রশ্নের সমাধান**

**ক** প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন | | ৫,০০,০০০ |
| বাদ : ব্যাংক ঋণ | ২,০০,০০০ | |
| পাওনাদার | ৫০,০০০ | |
| | | (২,৫০,০০০) |
| **মোট সম্পদ** | | ২,৫০,০০০ |

**উত্তর :** প্রারম্ভিক সম্পদের পরিমাণ ২,৫০,০০০ টাকা।

**খ** সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় :

সমাপনী মূলধন = সমাপনী মোট সম্পদ − সমাপনী মোট দায়
= (হাতে নগদ + দেনাদার + দালানকোঠা + মজুদ পণ্য) − (পাওনাদার + ব্যাংক ঋণ)
= (১,০০,০০০ + ১,৫০,০০০ + ৪,৫০,০০০ + ৩,০০,০০০) − (৩০,০০০ + ১,২০,০০০)
= ১০,০০,০০০ + ১,৫০,০০০)
= ৮,৫০,০০০

∴ সমাপনী মূলধন ৮,৫০,০০০ টাকা।

**গ** লাভ ক্ষতির পরিমাণ নির্ণয় :

লাভ/ক্ষতি = {(সমাপনী মূলধন + উত্তোলন) − (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)}
= {৮,৫০,০০০ + (নগদ + পণ্য উত্তোলন) + (২,৫০,০০০ + ৩০,০০০)}
= (৮,৫০,০০০ + ২০,০০০) − ২,৮০,০০০
= ৮,৭০,০০০ − ২,৮০,০০০)
= ৫,৯০,০০০

∴ লাভ = ৫,৯০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১১** ১ জানুয়ারি ২০২৩ তারিখে জনাব আজিম উদ্দিনের পারিবারিক অবস্থা ছিল নিম্নরূপ :

বাড়িঘর ১০,০০,০০০ টাকা, আসবাবপত্র ৩৫,০০০ টাকা, ঋণ ৫,০০,০০০ টাকা এবং বিনিয়োগ ১০,০০০ টাকা। উক্ত বছরে তার প্রাপ্তি ও প্রদানসমূহ নিম্নরূপ :

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন | ৫২,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ১৮,০০০ |
| পুরাতন খবরের কাগজ বিক্রয় | ২,৫৭৫ | মুদির বিল প্রদান | ৭,০০০ |
| বিনিয়োগের সুদ | ৭,০০০ | ঋণ পরিশোধ | ১২,০০০ |
| | | ফ্রিজ ক্রয় | ২৩,০০০ |
| | | বিদ্যুৎ জ্বালানি | ১,৫৭৫ |
| | ৬১,৫৭৫ | | ৬১,৫৭৫ |

**অন্যান্য তথ্য :** বিনিয়োগের সুদ ২,০০০ টাকা পাওয়া যায়নি।

(ক) উপর্যুক্ত তথ্যের আলোকে জনাব আজিম উদ্দিনের পারিবারিক তহবিল নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত তথ্য হতে পারিবারিক আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪

(গ) জনাব আজিম উদ্দিনের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

[দি. বো. ২০২৪]

## ১১নং প্রশ্নের সমাধান

**ক** জনাব আজিম উদ্দিনের পারিবারিক তহবিল নির্ণয় :

পারিবারিক তহবিল = প্রারম্ভিক মোট সম্পদ − প্রারম্ভিক মোট দায়
= (বাড়িঘর + আসবাবপত্র + বিনিয়োগ) − ঋণি
= (১০,০০,০০০ + ৩৫,০০০ + ১০,০০০) + ৫,০০,০০০
= ১০,৪৫,০০০ − ৫,০০,০০০
= ৫,৪৫,০০০ টাকা

∴ প্রারম্ভিক পারিবারিক তহবিল ৫,৪৫,০০০ টাকা।

**খ**

**জনাব আজিম উদ্দিনের**

**আয় ব্যয় বিবরণী**

২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ :** | | | |
| বেতন | | ৫২,০০০ | |
| পুরাতন খবরের কাগজ বিক্রয় | | ২,৫৭৫ | |
| বিনিয়োগের সুদ | ৭,০০০ | | |
| যোগ : অনাদায়ী | ২,০০০ | | |
| | | ৯,০০০ | |
| **মোট আয়** | | | ৬৩,৫৭৫ |
| **বাদ : ব্যয়সমূহ :** | | | |
| খাদ্য সামগ্রী ক্রয় | | ১৮,০০০ | |
| মুদির বিল প্রদান | | ৭,০০০ | |
| বিদ্যুৎ জ্বালানি | | ১,৫৭৫ | |
| **মোট ব্যয়** | | | (২৬,৫৭৫) |
| **আয় উদ্ধৃত্ত** | | | ৩৭,০০০ |

**উত্তর :** আয় উদ্বৃত্ত ৩৭,০০০ টাকা।

**গ**

**জনাব আজিম উদ্দিনের**

**আর্থিক অবস্থার বিবরণী**

২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ :** | | | |
| বাড়িঘর | | ১০,০০,০০০ | |
| আসবাবপত্র | | ৩৫,০০০ | |
| বিনিয়োগ | | ১০,০০০ | |
| ফ্রিজ | | ২৩,০০০ | |
| অনাদায়ী বিনিয়োগের সুদ | | ২,০০০ | |
| | | | ১০,৭০,০০০ |
| দায় ও পারিবারিক তহবিল | ৫,০০,০০০ | | |
| ঋণ : | (১২,০০০) | | |
| **বাদ : পরিশোধ** | | ৪,৮৮,০০০ | |
| পারিবারিক তহবিল (ক হতে প্রাপ্ত) | ৫,৪৫,০০০ | | |
| যোগ : আয় উদ্বৃত্ত (খ হতেপ্‌্রাপ্ত) | ৩৭,০০০ | | |
| | | ৫,৮২,০০০ | |
| **মোট দায় ও পারিবারিক তহবিল** | | | ১০,৭০,০০০ |

**উত্তর :** আর্থিক অবস্থার যোগফল ১০,৭০,০০০ টাকা।

# ময়মনসিংহ বোর্ড-২০২৪

## হিসাববিজ্ঞান (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড | 1 | 4 | 6 |

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **সহকারী খতিয়ানের ক্রেডিট জের দ্বারা কী বুঝা?**
K দক্ষ L সম্পদ M আয় N দায়

২. **ডেবিট কার্ডের মাধ্যমে পণ্য ক্রয় করা হলো ২০,০০০ টাকা। লেনদেনটির জন্য কোন হিসাবকে ক্রেডিট করতে হবে?**
K পাওনাদার হিসাব L নগদান হিসাব
M ব্যাংক হিসাব N ডেবিট কার্ড হিসাব

৩. **পারিবারিক কার্যপত্র সাথে কোনটি যোগ করা হয়?**
K আয়ের ঘাটতি L ব্যয়তিরিক্ত আয়
M মুনাফা জাতীয় আয় N পরিবারের মোট আয়

৪. **কখন নগদান বইয়ের উদ্বৃত্ত জানা যায়?**
K নির্দিষ্ট সময়ে L দৈনিক M সাপ্তাহিক N মাসিক

৫. **সুরমা কেমিক্যালস মশক নিধনের জন্য কার্যকরী কেমিক্যাল আবিষ্কারের জন্য গবেষণা বাবদ ৫,০০,০০০ টাকা ব্যয় করে। এটি তাদের কোন ধরনের ব্যয়?**
K মূলধন জাতীয় ব্যয় L মুনাফা জাতীয় ব্যয়
M বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় N নিয়মিত ব্যয়

৬. **কোন ধারাবাহিকতাটি সঠিক?**
K রেওয়ামিল, কার্যপত্র, সমন্বয় দাখিলা, আর্থিক বিবরণী
L রেওয়ামিল, সমন্বয় দাখিলা, কার্যপত্র, আর্থিক বিবরণী
M কার্যপত্র, রেওয়ামিল, সমন্বয় দাখিলা, আর্থিক বিবরণী
N সমন্বয় দাখিলা, রেওয়ামিল, কার্যপত্র, আর্থিক বিবরণী

☐ **উদ্দীপকটি পড়ে ৭ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
রূপসা বেকারী ১০০০ পিছ ব্রেড তৈরির জন্য ১৫,০০০ টাকার ময়দা ক্রয় করে। এছাড়াও কারিগরদের মজুরি দেয় ১,০০০ টাকা এবং কারখানা উপরিখরচ ১,৫০০ টাকা।

৭. **রূপসা বেকারীর রূপান্তর ব্যয়ের পরিমাণ কত টাকা?**
K ২,৫০০ টাকা L ১৫,০০০ টাকা M ১৬,০০০ টাকা N ১৭,৫০০ টাকা

**উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
রিমঝিম এন্টারপ্রাইজের প্রারম্ভিক মজুদ পণ্যের মধ্যে ৫০০ টাকার মনিহারি অন্তর্ভুক্ত ছিল। চলতি বছরে মনিহারি সামগ্রী ক্রয় ৫,০০০ টাকা। বছর শেষে অব্যবহৃত মনিহারির পরিমাণ ১,৫০০ টাকা। হিসাবরক্ষক মনিহারি খরচ হিসাবে ৫,০০০ টাকা পরিচালন ব্যয় হিসাবে দেখিয়েছে।

৮. **উদ্দীপকের আলোকে মনিহারি খরচের পরিমাণ কত টাকা?**
K ৩,৫০০ টাকা L ৪,০০০ টাকা
M ৫,০০০ টাকা N ৫,৫০০ টাকা

৯. **উদ্দীপকে হিসাবরক্ষক প্রদর্শিত পরিচালন ব্যয়ের ফলে ব্যবসায়ের প্রকৃত–**
i. নিট মুনাফা হ্রাস পাবে ii. মালিকানা স্বত্ব হ্রাস পাবে
iii. মোট মুনাফা হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১০. **ক্রেডিট নোট কে প্রস্তুত করেন?**
K হিসাবরক্ষক L ক্রেতা M বিক্রেতা N ম্যানেজার

১১. **কোনটি থেকে ব্যবসায় প্রতিষ্ঠানের সম্পদ, দায়, আয়, ব্যয় ও মালিকানা স্বত্ব সম্পর্কে ধারণা পাওয়া যায়?**
K আর্থিক বিবরণী L নগদান বই M রেওয়ামিল N খতিয়ান

১২. **রেওয়ামিলের ক্রেডিট কলামে কোন দফাগুলো লিপিবন্ধ হয়?**
K অগ্রিম খরচ ও বকেয়া আয় L অগ্রিম খরচ ও অগ্রিম আয়
M বকেয়া খরচ ও অগ্রিম আয় N বকেয়া খরচ ও বকেয়া আয়

১৩. **জাবেদায় তারিখ লেখার ধারাবাহিকতা কোনটি?**
K দিন, মাস, বছর L মাস, দিন, বছর
M বছর, দিন, মাস N বছর, মাস, দিন

১৪. **হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
K ব্যবস্থাপক L সরকার M পাওনাদার N ঋণ প্রদানকারী

১৫. **ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা কোনটি?**
K মূলধন গঠন L মেধাবী ছাত্রদের বৃত্তি প্রদান
M দক্ষ শ্রমিকের বেতন বৃদ্ধি N পরিশ্রমী ব্যক্তিকে সম্মানী প্রদান

১৬. **মালিকানা স্বত্ব হ্রাসের কারণ কোনটি?**
K উত্তোলন ও খরচ বেড়ে যাওয়া L খরচ ও দায় বেড়ে যাওয়া
M খরচ ও দায় কমে যাওয়া N উত্তোলন ও নগদ কমে যাওয়া

☐ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
মিসেস ফাতেমা মাসিক ৩০,০০০ টাকা বেতন পেয়ে পারিবারিক বাজেটের নিয়ম অনুযায়ী একটি নির্দিষ্ট খাতে সর্বোচ্চ ১২,০০০ টাকা বরাদ্দ করেছেন।

১৭. **মিসেস ফাতেমা কোন খাতে ১২,০০০ টাকা বরাদ্দ করেছেন?**
K খাদ্য L বস্ত্র M শিক্ষা N বাসস্থান

১৮. **পারিবারিক বাজেটের নমুনা হিসাব অনুযায়ী মিসেস ফাতেমা সর্বনিম্ন ব্যয় করবেন–**
i. খাদ্য খাতে ৬,০০০ টাকা ii. বস্ত্র খাতে ১,৫০০ টাকা
iii. শিক্ষা খাতে ৩,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

☐ **উদ্দীপকটি পড়ে ১৯ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
হাসান এন্টারপ্রাইজ ২,০০,০০০ টাকার পণ্য মুক্তা এন্ড সন্সের নিকট হতে ক্রয় করে নগদে ৪০% মূল্য পরিশোধ করেন এবং অবশিষ্ট মূল্যের জন্য প্রদেয় বিলে স্বীকৃতি প্রদান করেন।

১৯. **৮০,০০০ টাকার লেনদেনটি কোন বহিতে লিপিবন্ধ হবে?**
K ক্রয় জাবেদায় L বিক্রয় জাবেদায়
M প্রদেয় বিল বহিতে N নগদান বহিতে

২০. **হিসাবের প্রাথমিক বই থেকে খতিয়ানে স্থানান্তরের সময় যে ভুল সংঘটিত হয় তাকে কী বলে?**
K বাদ পড়ার ভুল L লেখার ভুল
M বেদাখিলার ভুল N পরিপূরক ভুল

২১. **প্রদত্ত বাট্টা কীভাবে হিসাবকে প্রভাবিত করে?**
K খরচ বাড়ে ও সম্পদ কমে L আয় বাড়ে ও সম্পদ কমে
M খরচ কমে ও দায় বাড়ে N আয় কমে ও দায় বাড়ে

২২. **ক্রেডিট ব্যালেন্স সাধারণত কোন কোন হিসাবের স্বাভাবিক উদ্বৃত্ত?**
K সম্পদ ও খরচ L আয় ও দায়
M আয় ও খরচ N সম্পদ ও দায়

২৩. **কোনটি হিসাব চক্রের ঐচ্ছিক অংশ?**
K জাবেদা L খতিয়ান M কার্যপত্র N রেওয়ামিল

২৪. **কোন হিসাবটি অন্য হিসাবগুলো থেকে ভিন্ন?**
K উপ-ভাড়া L ইজারা ভাড়া
M বিনিয়োগের সুদ N শিক্ষানবিশ সেলামি

২৫. **পুরনো মেশিনে নতুন যন্ত্রাংশ সংযোজনের ব্যয়কে কোন ধরনের ব্যয় বলে?**
K মূলধন জাতীয় L মুনাফা জাতীয়
M বিলম্বিত মুনাফা জাতীয় N নিয়মিত

২৬. **অফিস কক্ষের চুনকাম করার খরচ দালানকোঠা হিসেবে ডেবিট করা হয়েছে, এটি কোন ধরনের ভুল?**
K বাদ পড়ার ভুল L লেখার ভুল
M নীতিগত ভুল N পরিপূরক ভুল

☐ **উদ্দীপকটি পড়ে ২৭ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
বিজ্ঞাপন খরচ প্রদান ৪০,০০০ টাকা, বিনামূল্যে পণ্য বিতরণ ৫,০০০ টাকা। মোট বিজ্ঞাপন খরচের $\frac{1}{3}$ অংশ অবলোপন কর।

২৭. **আর্থিক অবস্থার বিবরণীতে অলীক সম্পদ হিসাবে কত টাকা দেখাতে হবে?**
K ১৩,৩৩৩ টাকা L ১৫,০০০ টাকা
M ২৬,৬৬৭ টাকা N ৩০,০০০ টাকা

☐ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
করতোয়া এন্টারপ্রাইজের ২০২৩ সালের জুলাই মাসের আংশিক লেনদেন নিম্নরূপ :
জুলাই ১ নগদ উদ্বৃত্ত ৪০,০০০ টাকা ও ব্যাংক জমাতিরিক্ত ২০,০০০ টাকা।
" ৫ ব্যক্তিগত প্রয়োজনে ব্যবসায় হতে উত্তোলন ৭,০০০ টাকা।
" ১০ ব্যাংক জমাতিরিক্তের অর্ধেক পরিশোধিত হল।

২৮. **১০ জুলাই তারিখের লেনদেনটি দু'ঘরা নগদান বইতে বসবে–**
i. ক্রেডিট দিকে নগদের ঘরে ii. ক্রেডিট দিকে ব্যাংকের ঘরে
iii. ডেবিট দিকে ব্যাংকের ঘরে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৯. **৫ জুলাই তারিখের লেনদেনের ফলে আর্থিক অবস্থার বিবরণীতে প্রভাব পড়বে–**
i. নগদ উদ্বৃত্ত হ্রাস পাবে ii. মালিকানা স্বত্ব হ্রাস পাবে
iii. নিট আয় অপরিবর্তিত থাকবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩০. **পরোক্ষ কাঁচামালের উদাহরণ কোনটি?**
K শার্ট তৈরিতে সুতা ও বোতাম L কাপড় তৈরিতে সুতা
M চট তৈরিতে পাট N আসবাবপত্র তৈরিতে কাঠ

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ময়মনসিংহ বোর্ড-২০২৪

**হিসাববিজ্ঞান (সৃজনশীল)** **বিষয় কোড : 1 4 6**

**[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে দুটি এবং খ বিভাগ থেকে **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

১। অনিল ট্রেডার্সের ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**অনিল ট্রেডার্স-এর**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (০১-০১-২০২২) | ১৭,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৪৫,০০০ | ৮২,০০০ |
| আমদানি শুল্ক | ৭০০ | |
| জাহাজ ভাড়া | ১,১০০ | |
| ডাক ও তার | ৪০০ | |
| কুঋণ | ১,৩০০ | |
| ফেরত | ২,৫০০ | ১,৫০০ |
| উপভাড়া | | ৯,২০০ |
| বিমা প্রিমিয়াম | ৩,০০০ | |
| ব্যাংক চার্জ | ৭০০ | |
| পাওনাদার | | ২০,০০০ |
| বিজ্ঞাপন | ৭,৫০০ | |
| অবচয় (স্থায়ী সম্পদ) | ৩,৫০০ | |
| ১০% বিনিয়োগ (০১-০৭-২০২২) | ৩০,০০০ | |
| | ১,১২,৭০০ | ১,১২,৭০০ |

**সমন্বয়সমূহ :**
(i) সমাপনী মজুদ পণ্যের মূল্য ২৫,০০০ টাকা।
(ii) বিনামূল্যে পণ্য বিতরণ ২,৫০০ টাকা।
(iii) ২ মাসের উপভাড়া এখনও পাওয়া যায়নি।
(iv) অগ্রিম জাহাজ ভাড়া প্রদান ১,০০০ টাকা।

(ক) অনিল ট্রেডার্সের নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) অনিল ট্রেডার্সের মোট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) বছর শেষে অনিল ট্রেডার্সের নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

২। মিলন ট্রেডার্সের ২০২৩ সালের ৩০ জুন তারিখের রেওয়ামিল ছিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মোট মুনাফা | | ২,০০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৩০,০০০ | |
| স্থায়ী সম্পদ | ৫,০০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় (স্থায়ী সম্পদ) | | ৪০,০০০ |
| ৯% ঋণ (০১-০১-২০২২) | | ১,০০,০০০ |
| বিলম্বিত বিজ্ঞাপন | ৫,০০০ | |
| আয়কর ও সাধারণ সঞ্চিতি | ৩,০০০ | ১৬,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৩২,০০০ | ৩৪,০০০ |
| পরিচালন ব্যয় ও মূলধন | ২০,০০০ | ২,০০,০০০ |
| | ৫,৯০,০০০ | ৫,৯০,০০০ |

**সমন্বয়সমূহ :** মূলধনের ওপর ১০% সুদ ধার্য করতে হবে।

(ক) নিট বিক্রয় ৩,০০,০০০ টাকা ধরে মিলন ট্রেডার্সের বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২
(খ) মিলন ট্রেডার্সের ২০২৩ সালের ৩০ জুন সমাপ্ত বছরে নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয়পূর্বক মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী প্রস্তুত কর। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের আলোকে মিলন ট্রেডার্সের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

## খ বিভাগ

৩। সাজিদ ট্রেডার্স ২০২২ সালের জানুয়ারি মাসে রীমা এন্টারপ্রাইজের নিকট ১০% বাট্টায় নিম্নোক্ত পণ্য বিক্রয় করেন :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ০১ | ৩৫ টাকা দরে নগদে ৩০০ কেজি পিঁয়াজ। |
| ” | ০৫ | ৪২০ টাকা দরে ৫০ কেজি মরিচ। তাছাড়া উক্ত প্রতিষ্ঠানে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়। |
| ” | ২০ | বিক্রয় ফেরত ১,৫০০ টাকা। |
| ” | ২৫ | শোকেজ ক্রয় ৩০,০০০ টাকা। |

(ক) সাজিদ ট্রেডার্সের নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উদ্দীপকের ০১ তারিখের লেনদেনের ভিত্তিতে ক্যাশমেমো প্রস্তুত কর। ৪
(গ) উপর্যুক্ত লেনদেনসমূহের কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় কর। ৪

৪। খসরু এন্টারপ্রইজ ২০২০ সালের ০১ জুন তারিখে নগদ ২,৫০,০০০ টাকা, আসবাবপত্র ১,২০,০০০ টাকা ও ৫৫,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় আরম্ভ করে। উক্ত মাসের অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জুন | ০৫ | রাসেদ ট্রেডার্সের নিকট থেকে পণ্য ক্রয় ৫৫,০০০ টাকা। |
| ” | ১২ | দোকানভাড়া প্রদান ২০,০০০ টাকা। |
| ” | ২৮ | নগদে পণ্য বিক্রয় ১,৩০,০০০ টাকা। |

(ক) খসরু এন্টারপ্রাইজের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) খসরু এন্টারপ্রইজের লেনদেনগুলোর সাথে জড়িত হিসাবের শ্রেণিবিন্যাস কর। ৪
(গ) উদ্দীপকের আলোকে বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

৫। রহমান এন্টারপ্রাইজের ২০২০ সালের ৩১শে ডিসেম্বর তারিখের কতিপয় হিসাবের উদ্বৃত্ত নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ১,০০,০০০ | ইজারা সম্পত্তি | ৪৩,০০০ |
| ক্রয় | ১,৩০,০০০ | ব্যাংক জমা (৩১-১২-২০) | ১৬,০০০ |
| বিক্রয় | ১,৪৫,০০০ | প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ |
| প্রাপ্ত ভাড়া | ১৩,০০০ | আসবাবপত্র | ৩০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ২২,০০০ | বিনিয়োগ | ২৫,০০০ |
| ব্যাংক উদ্বৃত্ত (০১-০১-২০) | ১৫,০০০ | লভ্যাংশ প্রাপ্তি | ৫০০ |
| দেনাদার | ১৬,০০০ | প্রাপ্ত বাট্টা | ১২,০০০ |
| পাওনাদার | ২৩,০০০ | রপ্তানি শুল্ক | ১৩,৫০০ |
| আয়কর | ৫,০০০ | সাধারণ সঞ্চিতি | ১০,০০০ |

(ক) রহমান এন্টারপ্রাইজের রেওয়ামিলে মোট কত টাকা অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে রহমান এন্টারপ্রাইজের রেওয়ামিল প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত তথ্যের আলোকে মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৬। জনাব রুবিনার ব্যবসায়ে ২০২২ সালের সম্পদ ও দায় নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা (০১-০১-২০২২) | টাকা (৩১-১২-২০২২) |
|---|---|---|
| নগদ | ৫০,০০০ | ৯০,০০০ |
| আসবাবপত্র | ১,০০,০০০ | ২,৫০,০০০ |
| দেনাদার | ৩০,০০০ | ৫০,০০০ |
| পাওনাদার | | ২০,০০০ |
| বিনিয়োগ | ২,০০,০০০ | ২,০০,০০০ |
| ব্যাংক ঋণ | | ১,০০,০০০ |

জনাব রুবিনা সারাবছর ধরে প্রতি মাসে ২,০০০ টাকা নগদ ও মোট ১৫,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। তাছাড়া, বছরের মাঝামাঝি সময়ে তিনি ব্যবসায়ে আরও ৫০,০০০ টাকা বিনিয়োগ করেন।

(ক) জনাব রুবিনার ব্যবসায়ের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) জনাব রুবিনার ব্যবসায়ের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর।৪

(গ) বছর শেষে জনাব রুবিনার ব্যবসায়ের প্রারম্ভিক মূলধন নির্ণয় করে লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৭। আনিসা এন্ড সন্সের ২০২১ সালের মার্চ মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

মার্চ ০৩ ব্যবসায়ের জন্য ব্যাংক হতে উত্তোলন ৩০,০০০ টাকা।
" ০৫ অগ্রিম বেতন প্রদান ১৫,০০০ টাকা।
" ১০ পণ্য ক্রয় করে চেকে পরিশোধ ১০,০০০ টাকা।
" ১৫ মীম ব্রাদার্সের নিকট ২৫,০০০ টাকার চাল বিক্রয় এবং প্রতি প্যাকেট ২৫ টাকা দরে ১০০ প্যাকেট লবণ বিক্রয়। চালান নং-১৭০৩, পরিবহন খরচ ১,০০০ টাকা।
" ২২ ব্যবসায় হতে নগদ উত্তোলন ২,০০০ টাকা।
" ২৫ লাবনী এন্ড কোং এর নিকট ১৫,০০০ টাকার আটা বিক্রয় এবং প্রতি লিটার ১৫০ টাকা দরে ১০০ লিটার সয়াবিন তেল বিক্রয়। চালান নং-১৭০৯, প্যাকিং চার্জ ৬০০ টাকা।

(ক) আনিসা এন্ড সন্সের মার্চ মাসের বিক্রয়খাতে আনুষঙ্গিক ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত লেনদেন হতে আনিসা এন্ড সন্স-এর বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) উদ্দীপকের আলোকে বিক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা প্রস্তুত কর। ৪

৮। ওয়াসফিয়া এন্টারপ্রাইজের ব্যবসায়ে ২০২২ সালের জুলাই মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পাদিত হয় :

জুলাই ০৪ রহিম ব্রাদার্সের নিকট থেকে পণ্য ক্রয় ৫৫,০০০ টাকা।
" ০৮ মাসুদ এন্ড কোং এর নিকট নগদে বিক্রয় ৩৫,০০০ টাকা।
" ১২ রহিম ব্রাদার্সকে পণ্য ফেরত দেওয়া হলো ৪,৫০০ টাকা।
" ২০ চেকে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।
" ২৫ বিনামূল্যে পণ্য বিতরণ ৮,০০০ টাকা।
" ২৭ বিজ্ঞাপন খরচ ২,০০০ টাকা।

(ক) ওয়াসফিয়া এন্টারপ্রাইজের ২৫ তারিখের লেনদেনটির জাবেদা দাখিলা দাও। ২

(খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে রহিম ব্রাদার্স হিসাব ও নগদান হিসাব 'T' ছকে খতিয়ানভুক্ত করে জের নির্ণয় কর। ৪

(গ) ওয়াসফিয়া এন্টারপ্রাইজের খতিয়ান বইতে বিক্রয় হিসাব ও বিজ্ঞাপন হিসাব চলমান জের ছকে প্রস্তুত কর। ৪

৯। ফাহিম এন্টারপ্রাইজের ২০২০ সালের জুন মাসের নগদ লেনদেনসমূহ নিম্নরূপ :

জুন ০১ নগদ উদ্বৃত্ত ৫৫,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৪৫,০০০ টাকা।
" ০৪ পণ্য ক্রয় করে চেকে মূল্য পরিশোধ ৫,০০০ টাকা।
" ০৬ মালিক ব্যক্তিগত প্রয়োজনে ব্যবসায় হতে ৪,৫০০ টাকা উত্তোলন করেন।
" ০৮ পাওনাদার গালিব ট্রেডার্সকে নগদ প্রদান ৬,৫০০ টাকা এবং বাট্টা প্রাপ্তি ৫০০ টাকা।
" ১০ কলি ট্রেডার্স থেকে নগদে ১৫,০০০ টাকার পণ্য ৫% বাট্টায় ক্রয় করা হলো।
" ২৪ ব্যাংক থেকে উত্তোলন করা হল ১২,০০০ টাকা।
" ২৭ চমক ট্রেডার্স হতে ৯,৫০০ টাকা পাওয়া গেল এবং তাকে ৫০০ টাকা বাট্টা দেয়া হলো।
" ৩০ সোহানার পাওনা ২০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ১৯,০০০ টাকা প্রদান করা হলো।

(ক) উপর্যুক্ত তথ্য হতে প্রাপ্ত বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উদ্দীপকের ৬, ৮ ও ১০ তারিখের লেনদেনের ভিত্তিতে নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) উদ্দীপকের জুন ১, ৪, ২৪, ২৭ ও ৩০ তারিখের তথ্য ও লেনদেন দ্বারা তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

১০। ছায়া প্রিন্টার্স রাহা ব্যাংক থেকে ২০২০ সালে ২,৫০০টি ডায়রি প্রস্তুতের আদেশ পান। উক্ত কাজের জন্য খরচসমূহ নিম্নরূপ :

| খরচের বিবরণ | টাকা | খরচের বিবরণ | টাকা |
|---|---|---|---|
| কাগজ ক্রয় | ৮০,০০০ | আঠা ও সুতা ক্রয় | ৫,০০০ |
| কালি ক্রয় | ৩০,০০০ | বিজ্ঞাপন খরচ | ৩,০০০ |
| শ্রমিকের মজুরি | ২২,০০০ | বেতন | ১২,০০০ |
| কারখানা ভাড়া | ১৫,০০০ | ভাড়া | ৭,৫০০ |
| কারখানার বিদ্যুৎ | ৫,৫০০ | কাগজ আনার ভাড়া | ২,০০০ |
| কাগজের সমাপনী মজুদ | ৫,০০০ | | |

বিল আদায় খরচ দরপত্রের উদ্বৃত্ত মূল্যের ১%। প্রতিটি ডায়রির দরপত্রে উদ্বৃত্তমূল্য ৭৫ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্যের আলোকে ডায়রি তৈরিতে ব্যবহৃত প্রত্যক্ষ কাঁচামালের ব্যয় নির্ণয় কর। ২

(খ) ছায়া প্রিন্টার্সের প্রতিটি ডায়রির উৎপাদন ব্যয় নিরূপণ কর। ৪

(গ) মোট উৎপাদন ব্যয় ১,৪৪,৫০০ টকাা ধরে ছায়া প্রিন্টার্সের প্রতিটি ডায়রির মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

১১। জনাব আশরাফ প্রতি মাসে বেতন বাবদ ৫০,০০০ টাকা এবং পার্টটাইম চাকুরি করে বছরে আরও ১০,০০০ টাকা আয় করেন। ২০২২ সালের ০১ জানুয়ারি তাঁর পরিবারের নগদ তহবিল ৪,০০,০০০ টাকা এবং ডিপিএস জমা ১,৮০,০০০ টাকা, গৃহ নির্মাণ ঋণ ১,২০,০০০ টাকা। উক্ত বছরে তাঁর পরিবারের অন্যান্য তথ্যসমূহ নিম্নরূপ :

খাদ্যসামগ্রী ক্রয় ৬০,০০০ টাকা, বাড়িভাড়া প্রদান ১,৮০,০০০ টাকা, আসবাবপত্র ক্রয় ৩৫,০০০ টাকা, পুরাতন মোবাইল সেট বিক্রয় ২২,০০০ টাকা, মনিহারি ক্রয় ১০,০০০ টাকা, পোশাক ক্রয় ২৫,০০০ টাকা, ডিপিএসে জমা ৬০,০০০ টাকা, অলংকার ক্রয় ৩০,০০০ টাকা।

(ক) জনাব আশরাফের পারিবারিক তহবিল নির্ণয় কর। ২

(খ) জনাব আশরাফের পরিবারের সমাপনী নগদ তহবিল নির্ণয় কর।৪

(গ) উপর্যুক্ত পরিবারের আয় উদ্বৃত্ত বা ঘাটতির পরিমাণ নির্ণয় কর। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | খ | ৭ | ক | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | গ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** অনিল ট্রেডার্সের ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**অনিল ট্রেডার্স-এর**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (০১-০১-২০২২) | ১৭,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৪৫,০০০ | ৮২,০০০ |
| আমদানি শুল্ক | ৭০০ | |
| জাহাজ ভাড়া | ১,১০০ | |
| ডাক ও তার | ৪০০ | |
| কুঋণ | ১,৩০০ | |
| ফেরত | ২,৫০০ | ১,৫০০ |
| উপভাড়া | | ৯,২০০ |
| বিমা প্রিমিয়াম | ৩,০০০ | |
| ব্যাংক চার্জ | ৭০০ | |
| পাওনাদার | | ২০,০০০ |
| বিজ্ঞাপন | ৭,৫০০ | |
| অবচয় (স্থায়ী সম্পদ) | ৩,৫০০ | |
| ১০% বিনিয়োগ (০১-০৭-২০২২) | ৩০,০০০ | |
| | ১,১২,৭০০ | ১,১২,৭০০ |

**সমন্বয়সমূহ :**

(i) সমাপনী মজুদ পণ্যের মূল্য ২৫,০০০ টাকা।
(ii) বিনামূল্যে পণ্য বিতরণ ২,৫০০ টাকা।
(iii) ২ মাসের উপভাড়া এখনও পাওয়া যায়নি।
(iv) অগ্রিম জাহাজ ভাড়া প্রদান ১,০০০ টাকা।

(ক) অনিল ট্রেডার্সের নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) অনিল ট্রেডার্সের মোট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) বছর শেষে অনিল ট্রেডার্সের নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

[ম. বো. ২০২৪]

**১নং প্রশ্নের সমাধান**

**ক** নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ক্রয় | ৪৫,০০০ | |
| বাদ : ফেরত | (১,৫০০) | |
| বাদ : বিনামূল্যে পণ্য বিতরণ | ৪৩,৫০০ | |
| | (২,৫০০) | |
| নিট ক্রয় | | ৪১,০০০ |

**উত্তর :** নিট ক্রয়ের পরিমাণ ৪১,০০০ টাকা।

**খ**

**অনিল ট্রেডার্স**

**বিশদ আয় বিবরণী (আংশিক)**

২০২২ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ৮২,০০০ | |
| বাদ : ফেরত | | (২,৫০০) | |
| **নিট বিক্রয়** | | | ৭৯,৫০০ |
| **বাদ : বিক্রীত পন্যের ব্যয় :** | | | |
| মজুদ পণ্য | | ১৭,০০০ | |
| নিট ক্রয় (ক হতে প্রাপ্ত) | | ৪১,০০০ | |
| আমদানি শুল্ক | | ৭০০ | |
| জাহাজ ভাড়া | ১,১০০ | | |
| **বাদ : অগ্রিম জাহাজ ভাড়া** | (১,০০০) | | |
| | | ১০০ | |
| | | ৫৮,৮০০ | |
| বাদ : সমাপনী মজুদ পণ্য | | (২৫,০০০) | |
| | | | (৩৩,৮০০) |
| **নিট লাভ** | | | ৪৫,৭০০ |

**উত্তর :** নিট লাভ ৪৫,৭০০ টাকা।

**গ**

**অনিল ট্রেডার্স**

বিশদ আয় বিবরণী

২০২২ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট লাভ (খ হতে প্রাপ্ত) | | | ৪৫,৭০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| ডাক ও তার | | ৪০০ | |
| কু'ঋণ | | ১,৩০০ | |
| বিমা প্রিমিয়াম | | ৩,০০০ | |
| বিজ্ঞাপন | ৭,৫০০ | | |
| **যোগ : পণ্যবিতরণ** | ২,৫০০ | | |
| | | ১০,০০০ | |
| খরচ (স্থায়ী সম্পদ) | | ৩,৫০০ | |
| ব্যাংক চার্জ | | ৭০০ | |
| | | | (১৮,৯০০) |
| **পরিচালন মুনাফা** | | | ২৬,৮০০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | |
| উপভাড়া | ৯,২০০ | | |
| (+) বকেয়া উপভাড়া | ১,৮৪০ | | |
| | | ১১,০৪০ | |
| বিনিয়োগের সুদ (৩০০০০ × ১০% × ৬/১২) | | ১,৫০০ | |
| | | | ১২,৫৪০ |
| **নিট মুনাফা** | | | ৩৯,৩৪০ |

**উত্তর :** নিট মুনাফা ৩৯,৩৪০।

**প্রশ্ন ▸ ০২** মিলন ট্রেডার্সের ২০২৩ সালের ৩০ জুন তারিখের রেওয়ামিল ছিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মোট মুনাফা | | ২,০০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৩০,০০০ | |
| স্থায়ী সম্পদ | ৫,০০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় (স্থায়ী সম্পদ) | | ৪০,০০০ |
| ৯% ঋণ (০১-০১-২০২২) | | ১,০০,০০০ |
| বিলম্বিত বিজ্ঞাপন | ৫,০০০ | |
| আয়কর ও সাধারণ সঞ্চিতি | ৩,০০০ | ১৬,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৩২,০০০ | ৩৪,০০০ |
| পরিচালন ব্যয় ও মূলধন | ২০,০০০ | ২,০০,০০০ |
| | ৫,৯০,০০০ | ৫,৯০,০০০ |

**সমন্বয়সমূহ :** মূলধনের ওপর ১০% সুদ ধার্য করতে হবে।

(ক) নিট বিক্রয় ৩,০০,০০০ টাকা ধরে মিলন ট্রেডার্সের বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

(খ) মিলন ট্রেডার্সের ২০২৩ সালের ৩০ জুন সমাপ্ত বছরে নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয়পূর্বক মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত তথ্যের আলোকে মিলন ট্রেডার্সের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

[ম. বো. ২০২৪]

## ২নং প্রশ্নের সমাধান

**ক** বিক্রিত পন্যের ব্যয় নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নিট বিক্রয় | ৩,০০,০০০ | |
| বাদ : মোট মুনাফা | (২,০০,০০০) | |
| **বিক্রিত পণ্যের ব্যয়** | | ১,০০,০০০ |

**উত্তর :** বিক্রিত পন্যের ব্যয় ২,৭০,০০০ টাকা।

**খ**

**মিলন ট্রেডার্স**

**বিশদ আয় বিবরণী (আংশিক)**

২০২৩ সালের ৩০ শে জুন তারিখে সমাপ্ত বছরের জন

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ২,০০,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| পরিচালন ব্যয় | | | (২০,০০০) |
| **পরিচালন মুনাফা** | | | ১,৮০,০০০ |
| **বাদ : অন্যান্য ব্যয় :** | | | |
| ঋনের সুদ (১,০০,০০০ × ৯%) | | ৯,০০০ | |
| মূলধনের সুদ (২,০০,০০০ × ১০%) | | ২০,০০০ | |
| | | | (২৯,০০০) |
| **নিট মুনাফা** | | | ১,৫১,০০০ |

**মিলন ট্রেডার্স**

**মালিকানা স্বত্ব পরিবর্তন বিবরণী**

২০২৩ সালের ৩০শে জুন তারিখে সমাপ্ত বছরের জন

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন | ২,০০,০০০ | |
| যোগ : নিট মুনাফা | ১,৫১,০০০ | |
| | ৩,৫১,০০০ | |
| যোগ : মূলধনের সুদ (২,০০,০০০ × ১০%) | ২০,০০০ | |
| | | ৩,৭১,০০০ |
| বাদ : আয়কর | | (৩,০০০) |
| | | ৩,৬৮,০০০ |
| যোগ : সাধারণ সঞ্চিতি | | ১৬,০০০ |
| **সমাপনী মালিকানা স্বত্ব** | | ৩,৮৪,০০০ |

**উত্তর :** নিট মুনাফা ১,৫১,০০০ টাকা এবং সমাপনী মালিকানা স্বত্ব ৩,৮৪,০০০ টাকা।

**গ**

**মিলন ট্রেডার্স**

**বিশদ আয় বিবরণী**

২০২৩ সালের ৩০ শে জুন তারিখে সমাপ্ত বছরের জন

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| স্থায়ী সম্পদ | | ৫,০০,০০০ | |
| বাদ : পুঞ্জীভূত অবচয় (স্থায়ী সম্পদ) | | (৪০,০০০) | |
| | | | ৪,৬০,০০০ |
| **চলতি সম্পদ :** | | | |
| সমাপনী মজুদ | | ৩০,০০০ | |
| বিলম্বিত বিজ্ঞাপন | | ৫,০০০ | |
| দেনাদার | | ৩২,০০০ | |
| | | | ৬৭,০০০ |
| **মোট সম্পদ** | | | ৫,২৭,০০০ |
| **দায় ও মালিকানা স্বত্ব :** | | | |
| সমাপনী মালিকানাস্বত্ব (খ হতে প্রাপ্ত) | | | ৩,৮৪,০০০ |
| **দীর্ঘমেয়াদি দায় :** | | | |
| ঋণ | | | ১,০০,০০০ |
| **চলতি দায় :** | ৩৪,০০০ | | |
| পাওনাদার | ৯০০০ | | |
| বকেয়া ঋণের সুদ | | | ৪৩,০০০ |
| | | | ৫,২৭,০০০ |

**প্রশ্ন ▶ ০৩** সাজিদ ট্রেডার্স ২০২২ সালের জানুয়ারি মাসে রীমা এন্টারপ্রাইজের নিকট ১০% বাট্টায় নিম্নোক্ত পণ্য বিক্রয় করেন :

জানুয়ারি ০১ ৩৫ টাকা দরে নগদে ৩০০ কেজি পিঁয়াজ।
" ০৫ ৪২০ টাকা দরে ৫০ কেজি মরিচ। তাছাড়া উক্ত প্রতিষ্ঠানে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়।
" ২০ বিক্রয় ফেরত ১,৫০০ টাকা।
" ২৫ শোকেজ ক্রয় ৩০,০০০ টাকা।

(ক) সাজিদ ট্রেডার্সের নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উদ্দীপকের ০১ তারিখের লেনদেনের ভিত্তিতে ক্যাশমেমো প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত লেনদেনসমূহের কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় কর। ৪

[ম. বো. ২০২৪]

## ৩নং প্রশ্নের সমাধান

**ক** সাজিদ ট্রেডার্সের নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | পিয়াজ : | | |
| জানু - ০৩ | প্রতি কেজি ৩৫ টাক দরে ৩০০ কেজি পেয়াজ (৩০০ × ৩৫) | ১০,৫০০ | |
| " - ০৫ | মরিচ : | | |
| | প্রতিবেশি ৪২০ টাকা দরে ৫০ কেজি মরিচ (৪২০ × ৫০) | ২১,০০০ | |
| | | ৩১,৫০০ | |
| | বাদ : কারবারি বাট্টা (১০%) | (৩,১৫০) | |
| | | ২৮,৩৫০ | |
| " - ২০ | বাদ : বিক্রয় ফেরত | (১,৫০০) | |
| | **নিট বিক্রয়** | | ২৬,৮৫০ |

**উত্তর :** সাজিদ ট্রেডার্সের নিট বিক্রয়ের পরিমাণ ২৬,৮৫০ টাকা।

**খ** ১ তারিখে লেনদেন দ্বারা ক্যাশম্যামো প্রস্তত :

**সাজিদা ট্রেডার্স**

**ক্যাশমেমো**

ভাউচার নং : তারিখ : ১ জানুয়ারী, ২০২২

ক্রেতার নাম : রীমা এন্টারপ্রাইজ

ঠিকানা : ....................................

| ক্রমিক | বিবরণ | দর (টাকা) | পরিমাণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | পিয়াজ | ৩৫ | ৩০০ কেজি | ১০,৫০০ |
| | বাদ : কারবারি বাট্টা (১০%) | | | (১,০৫০) |
| | | | | ৯,৪৫০ |

**টাকা (কথায়) :** নয় হাজার চারশত পঞ্চাশ টাকা মাত্র।

................................................ ................................................

ক্রেতার স্বাক্ষর বিক্রেতার স্বাক্ষর

[**বি.দ্র. :** বিক্রীত পণ্য ফেরত নেওয়া হয় না।

**গ** সাজিদ ট্রেডার্সের লেনদেনগুলো ডেবিট-ক্রেডিট নির্ণয় :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | ডেবিট/ক্রেডিট | টাকা | কারণ |
|---|---|---|---|---|
| ২০২২ | নগদান হিসাব | ডেবিট | ৯,৪৫০ | সম্পদ বৃদ্ধি |
| জানু-১ | বিক্রয় হিসাব | ক্রেডিট | ৯,৪৫০ | আয় বৃদ্ধি |
| " ৫ | রীমা এন্টারপ্রাইজ (দেনাদার) | ডেবিট | ১৮,৯০০ | সম্পদ বৃদ্ধি |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | ১৮,৯০০ | আয় বৃদ্ধি |
| " ২০ | বিক্রয় ফেরত হিসাব | ডেবিট | ১,৫০০ | আয়হ্রাস |
| | দেনাদার হিসাব | ক্রেডিট | ১,৫০০ | সম্পদহ্রাস |
| " ২৫ | অফিস সরঞ্জাম হিসাব | ডেবিট | ৩০,০০০ | সম্পদ বৃদ্ধি |
| | নগদান হিসাব | ক্রেডিট | ৩০,০০০ | সম্পদহ্রাস |

**প্রশ্ন ▶ ০৪** খসরু এন্টারপ্রইজ ২০২০ সালের ০১ জুন তারিখে নগদ ২,৫০,০০০ টাকা, আসবাবপত্র ১,২০,০০০ টাকা ও ৫৫,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় আরম্ভ করে। উক্ত মাসের অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

জুন ০৫ রাসেদ ট্রেডার্সের নিকট থেকে পণ্য ক্রয় ৫৫,০০০ টাকা।

" ১২ দোকানভাড়া প্রদান ২০,০০০ টাকা।

" ২৮ নগদে পণ্য বিক্রয় ১,৩০,০০০ টাকা।

(ক) খসরু এন্টারপ্রাইজের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) খসরু এন্টারপ্রইজের লেনদেনগুলোর সাথে জড়িত হিসাবের শ্রেণিবিন্যাস কর। ৪

(গ) উদ্দীপকের আলোকে বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

[ম. বো. ২০২৪]

## ৪নং প্রশ্নের সমাধান

**ক** খরচ এন্টার প্রাইজের প্রারম্ভিক মূলধন নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২০<br>জানু-০১ | নগদ<br>আসবাবপত্র<br>যন্ত্রপাতি | ২,৫০,০০০<br>১,২০,০০০<br>৫৫,০০০ | |
| | **প্রারম্ভিক মূলধন** | | ৪,২৫,০০০ |

**উত্তর :** খরচ এন্টার প্রাইজের প্রারম্ভিক মূলধন ৪,২৫,০০০ টাকা।

**খ**

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | হিসাবের শ্রেণি |
|---|---|---|
| ২০২০<br>জুন-১ | নগদ হিসাব<br>আসবাবপত্র হিসাব<br>যন্ত্রপাতি হিসাব<br>মূলধন হিসাব | সম্পদ<br>সম্পদ<br>সম্পদ<br>মালিকানা স্বত্ব |
| " ৫ | ক্রয় হিসাব<br>প্রদেয় হিসাব | ব্যয়<br>দায় |
| " ১২ | ভাড়া হিসাব<br>নগদান হিসবা | ব্যয়<br>সম্পদ |
| " ২৮ | নগদান হিসাব<br>বিক্রয় হিসাব | সম্পদ<br>আয় |

**গ**

### খসরু এন্টারপ্রাইজ
### হিসাব সমীকরণের বিবরণী ছক

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | | = | দায় (L) | + | মালিকানা স্বত্ব | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | আসবাবপত্র | যন্ত্রপাতি | | পাওনাদার | | | |
| ২০২০<br>জুন-০১ | | ২,৫০,০০০ | ১,২০,০০০ | ৫৫,০০০ | = | | + | ৪,২৫,০০০ | মূলধন আনয়ন |
| " ০৫ | উদ্বৃত্ত | ২,৫০,০০০ | ১,২০,০০০ | ৫৫,০০০ | =<br>= | ৫৫,০০০ | + | ৪,২৫,০০০<br>(৫৫,০০০) | ধারে ক্রয় |
| " ১২ | উদ্বৃত্ত | ২,৫০,০০০<br>(২০,০০০) | ১,২০,০০০ | ৫৫,০০০ | =<br>= | ৫৫,০০০ | + | ৩,৭০,০০০<br>(২০,০০০) | ভাড়া প্রদান |
| " ২৮ | উদ্বৃত্ত | ২,৩০,০০০<br>১,৩০,০০০ | ১,২০,০০০ | ৫৫,০০০ | =<br>= | ৫৫,০০০ | + | ৩,৫০,০০০<br>১,৩০,০০০ | নগদ বিক্রয় |
| | উদ্বৃত্ত | ৩,৬০,০০০ | ১,২০,০০০ | ৫৫,০০০ | = | ৫৫,০০০ | + | ৪,৮০,০০০ | |
| | মোট | ৫,৩৫,০০০ | | | = | ৫,৩৫,০০০ | | | |

**উত্তর :** হিসাব সমীকরণের যোগফল ৫,৩৫,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৫** রহমান এন্টারপ্রাইজের ২০২০ সালের ৩১শে ডিসেম্বর তারিখের কতিপয় হিসাবের উদ্বৃত্ত নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ১,০০,০০০ | ইজারা সম্পত্তি | ৪৩,০০০ |
| ক্রয় | ১,৩০,০০০ | ব্যাংক জমা (৩১-১২-২০) | ১৬,০০০ |
| বিক্রয় | ১,৪৫,০০০ | প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ |
| প্রাপ্ত ভাড়া | ১৩,০০০ | আসবাবপত্র | ৩০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ২২,০০০ | বিনিয়োগ | ২৫,০০০ |
| ব্যাংক উদ্বৃত্ত (০১-০১-২০) | ১৫,০০০ | লভ্যাংশ প্রাপ্তি | ৫০০ |
| দেনাদার | ১৬,০০০ | প্রাপ্ত বাট্টা | ১২,০০০ |
| পাওনাদার | ২৩,০০০ | রপ্তানি শুল্ক | ১৩,৫০০ |
| আয়কর | ৫,০০০ | সাধারণ সঞ্চিতি | ১০,০০০ |

(ক) রহমান এন্টারপ্রাইজের রেওয়ামিলে মোট কত টাকা অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে রহমান এন্টারপ্রাইজের রেওয়ামিল প্রস্তুত কর। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের আলোকে মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

[ম. বো. ২০২৪]

**৫নং প্রশ্নের সমাধান**

**ক** রহমান এন্টারপ্রাইজের রেওয়ামিলে মোট কত টাক অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| সমাপনী মজুদ পণ্য | ২২,০০০ | |
| ব্যাংক উদ্বৃত্ত (০১-০১-২০২০) | ১৫,০০০ | |
| মোট | | ৩৭,০০০ |

**উত্তর :** রহমান এন্টারপ্রাইজের রেওয়ামিলে মোট কত টাক অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ ৩৭,০০০ টাকা।

**খ**

**রহমান এন্টারপ্রাইজ**
রেওয়ামিল
২০২০ সালের ৩১শে ডিসেম্বর

| ক্রমিক নং | হিসেবের শিরোনাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | মূলধন | | - | ১,০০,০০০ |
| ২ | ক্রয় | | ১,৩০,০০০ | |
| ৩ | বিক্রয় | | - | ১,৪৫,০০০ |
| ৪ | প্রাপ্ত ভাড়া | | - | ১৩,০০০ |
| ৫ | দেনাদার | | ১৬,০০০ | |
| ৬ | পাওনাদার | | | ২৩,০০০ |
| ৭ | আয়কর | | ৫,০০০ | |
| ৮ | ইজারা সম্পত্তি | | ৪৩,০০০ | |
| ৯ | ব্যাংক জমা | | ১৬,০০০ | |
| ১০ | প্রারম্ভিক মজুদ পণ্য | | ২৫,০০০ | |
| ১১ | আসবাবপত্র | | ৩০,০০০ | |
| ১২ | বিনিয়োগ | | ২৫,০০০ | |
| ১৩ | লভ্যাংশ প্রাপ্তি | | - | ৫০০ |
| ১৪ | প্রাপ্ত বাট্টা | | - | ১২,০০০ |
| ১৫ | রপ্তানি শুল্ক | | ১৩,৫০০ | |
| ১৬ | সাধারণ সঞ্চিতি | | - | ১০,০০০ |
| | মোট | | ৩,০৩,৫০০ | ৩,০৩,৫০০ |

**উত্তর :** রেওয়ামিলের যোগফল ৩,০৩,৫০০ টাকা।

**গ** মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মুনাফা জাতীয় আয় :** | | |
| বিক্রয় | ১,৪৫,০০০ | |
| প্রাপ্ত ভাড়া | ১৩,০০০ | |
| লভ্যাংশ প্রাপ্তি | ৫০০ | |
| প্রাপ্ত বাট্টা | ১২,০০০ | |
| মোট | | ১,৭০,৫০০ |
| **মুনাফা জাতীয় ব্যয় :** | | |
| ক্রয় | ১,৩০,০০০ | |
| রপ্তানি শুল্ক | ১৩৫০০ | |
| | | ১,৪৩,৫০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় আয় **১,৭০,৫০০ টাকা** ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ১,৪৩,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৬** জনাব রুবিনার ব্যবসায়ে ২০২২ সালের সম্পদ ও দায় নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা (০১-০১-২০২২) | টাকা (৩১-১২-২০২২) |
|---|---|---|
| নগদ | ৫০,০০০ | ৯০,০০০ |
| আসবাবপত্র | ১,০০,০০০ | ২,৫০,০০০ |
| দেনাদার | ৩০,০০০ | ৫০,০০০ |
| পাওনাদার | | ২০,০০০ |
| বিনিয়োগ | ২,০০,০০০ | ২,০০,০০০ |
| ব্যাংক ঋণ | | ১,০০,০০০ |

জনাব রুবিনা সারাবছর ধরে প্রতি মাসে ২,০০০ টাকা নগদ ও মোট ১৫,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। তাছাড়া, বছরের মাঝামাঝি সময়ে তিনি ব্যবসায়ে আরও ৫০,০০০ টাকা বিনিয়োগ করেন।

(ক) জনাব রুবিনার ব্যবসায়ের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) জনাব রুবিনার ব্যবসায়ের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) বছর শেষে জনাব রুবিনার ব্যবসায়ের প্রারম্ভিক মূলধন নির্ণয় করে লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

[ম. বো. ২০২৪]

**৬নং প্রশ্নের সমাধান**

**ক** মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় :

উত্তোলন :

নগদ (২,০০০ × ১২) = ২৪,০০০

পণ্য = ১৫,০০০

৩৯,০০০

**খ** সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় :

সমাপনী মূলধন = সমাপনী মোট সম্পদ – সমাপনী মোট দায়

= (নগদ + আসবাবপত্র + দেনাদার + বিনিয়োগ) – (পাওনাদার + ব্যাংক ঋণ)

= (৯০,০০০ + ২৫,০০,০০০ + ৫০,০০০ + ২,০০,০০০) – (২০,০০০ + ১,০০,০০০)

= ৫,৯০,০০০ – ১,২০,০০০

= ৪,৭০,০০০

**উত্তর :** সমাপনী মূলধন ৪,৭০,০০০

**গ** প্রারম্ভিক মূলধন নির্ণয় করে লাভ / ক্ষতি নির্ণয় :

প্রারম্বিক মূলধন = (প্রারম্ভিক সম্পদ – প্রারম্ভিক দায়)

= (নগদ + আসবাবপত্র + দেনাদার + বিনিয়োগ) – ০

= (৫০,০০০ + ১,০০,০০০ + ৩০,০০০ + ২,০০,০০০) – ০

= ৩,৮০,০০০

লাভ/ক্ষতি = (সমাপনী মূলধন + উত্তোলন) – (প্রারম্ভিক মূলধন + অতিমূলধন)

= (৪,৭০,০০০ + ৩৯,০০০) – (৩,৮০,০০০ + ৫০,০০০)

= ৫,০৯,০০০ – ৪,৩০,০০০

লাভ = ৭৯,০০০

**উত্তর :** নিট লাভ = ৭৯,০০০

**প্রশ্ন ▶ ০৭** আনিসা এন্ড সন্সের ২০২১ সালের মার্চ মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

মার্চ ০৩ ব্যবসায়ের জন্য ব্যাংক হতে উত্তোলন ৩০,০০০ টাকা।

" ০৫ অগ্রিম বেতন প্রদান ১৫,০০০ টাকা।

" ১০ পণ্য ক্রয় করে চেকে পরিশোধ ১০,০০০ টাকা।

" ১৫ মীম ব্রাদার্সের নিকট ২৫,০০০ টাকার চাল বিক্রয় এবং প্রতি প্যাকেট ২৫ টাকা দরে ১০০ প্যাকেট লবণ বিক্রয়। চালান নং-১৭০৩, পরিবহন খরচ ১,০০০ টাকা।

" ২২ ব্যবসায় হতে নগদ উত্তোলন ২,০০০ টাকা।

" ২৫ লাবনী এন্ড কোং এর নিকট ১৫,০০০ টাকার আটা বিক্রয় এবং প্রতি লিটার ১৫০ টাকা দরে ১০০ লিটার সয়াবিন তেল বিক্রয়। চালান নং-১৭০৯, প্যাকিং চার্জ ৬০০ টাকা।

(ক) আনিসা এন্ড সন্সের মার্চ মাসের বিক্রয়খাতে আনুষঙ্গিক ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত লেনদেন হতে আনিসা এন্ড সন্স-এর বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) উদ্দীপকের আলোকে বিক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা প্রস্তুত কর। ৪

[ম. বো. ২০২৪]

## ৭নং প্রশ্নের সমাধান

**ক** আনিসা এন্ড সন্সের মার্চ মাসের বিক্রয়খাতে আনুষঙ্গিক ব্যয়ের পরিমাণ নির্ণয় কর :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| মার্চ-১৫ | পরিবহন খরচ | ১,০০০ | |
| ” ২৫ | প্যাকিং খরচ | ৬০০ | |
| | মোট | | ১,৬০০ |

**উত্তর :** আনিসা এন্ড সন্সের মার্চ মাসের বিক্রয়খাতে আনুষঙ্গিক ব্যয়ের পরিমাণ ১,৬০০ টাকা।

**খ**

### আনিসা এন্ড সন্স
### বিক্রয় জাবেদা

| তারিখ | ডেবিট হিসাব খাত | চালান নম্বর | সূত্র | দেনাদার হিসাব ডেবিট<br>বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২১ | | | | |
| মার্চ-১৫ | মীম ব্রাদার্স (গণনাকার্য-১) | ১৭০৩ | | ২৮,৫০০ |
| ” ২৫ | লাবণী এন্ড কোং (গণনাকার্য-২) | ১৭০৯ | | ৩০,৬০০ |
| | মোট | | | ৫৯,১০০ |

গণনাকার্য :

১। মীম ব্রাদার্সের নিকট বিক্রয়

| | | |
|---|---|---|
| **চাল বিক্রয়** | = | ২৫,০০০ |
| যোগ : প্রতি কেজি ২৫ টাকা দরে ১০০ কেজি লবণ = (২৫ × ১০০) | = | ২,৫০০ |
| যোগ : পরিবহন খরচ | = | ১,০০০ |
| | | ২৮,৫০০ |

২। লাবণী এন্ড কোং এর নিকট বিক্রয়

| | | |
|---|---|---|
| **আটা বিক্রয়** | = | ১৫,০০০ |
| যোগ : প্রতি লিটার ১৫০ টাকা দরে ১০০ লিটার সয়াবিন তেল = (১৫০ × ১০০) | = | ১৫,০০০ |
| যোগ : পরিবহন খরচ | = | ৬০০ |
| | | ৩০,৬০০ |

**গ** বিক্রয় জাবেদা লেনদেন ব্যতিত অন্যান্য লেনদেনের জাবেদা প্রস্তু করা হলো–

### আনিসা এন্ড সন্স
### সাধারণ জাবেদা

| তারিখ | হিসাবের শিরোনাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২১ | | | | | |
| মার্চ-৩ | নগদান হিসাব | ডেবিট | | ৩০,০০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ৩০,০০০ |
| | [ব্যবসায়ের জন্য ব্যাংক থেকে উত্তোলন] | | | | |
| ” ৫ | অগ্রিম বেতন হিসাব | ডেবিট | | ১৫,০০০ | |
| | বেতন হিসাব | ক্রেডিট | | | ১৫,০০০ |
| | [অগ্রিম বেতন প্রদান করা হলো] | | | | |
| ” ১০ | ক্রয় হিসাব | ডেবিট | | ১০,০০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ১০,০০০ |
| | [চেকে পণ্যে ক্রয় করা হলো] | | | | |
| ” ২২ | উত্তোলন হিসাব | ডেবিট | | ২,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ২,০০০ |
| | [ব্যবসায় হতে নগদে উত্তোলন করা হলো] | | | | |
| | মোট | | | ৫৭,০০০ | ৫৭,০০০ |

**প্রশ্ন ▶ ০৮** ওয়াসফিয়া এন্টারপ্রাইজের ব্যবসায়ে ২০২২ সালের জুলাই মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পাদিত হয় :

| | | |
|---|---|---|
| জুলাই | ০৪ | রহিম ব্রাদার্সের নিকট থেকে পণ্য ক্রয় ৫৫,০০০ টাকা। |
| ” | ০৮ | মাসুদ এন্ড কোং এর নিকট নগদে বিক্রয় ৩৫,০০০ টাকা। |
| ” | ১২ | রহিম ব্রাদার্সকে পণ্য ফেরত দেওয়া হলো ৪,৫০০ টাকা। |
| ” | ২০ | চেকে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা। |
| ” | ২৫ | বিনামূল্যে পণ্য বিতরণ ৮,০০০ টাকা। |
| ” | ২৭ | বিজ্ঞাপন খরচ ২,০০০ টাকা। |

(ক) ওয়াসফিয়া এন্টারপ্রাইজের ২৫ তারিখের লেনদেনটির জাবেদা দাখিলা দাও। ২

(খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে রহিম ব্রাদার্স হিসাব ও নগদান হিসাব 'T' ছকে খতিয়ানভুক্ত করে জের নির্ণয় কর। ৪

(গ) ওয়াসফিয়া এন্টারপ্রাইজের খতিয়ান বইতে বিক্রয় হিসাব ও বিজ্ঞাপন হিসাব চলমান জের ছকে প্রস্তুত কর। ৪

[ম. বো. ২০২৪]

**৮নং প্রশ্নের সমাধান**

**ক** ওয়াসফিয়া এন্টারপ্রাজের ২৫ তারিখের লেনদেনটির জাবেদা তৈরি করা হলো :

**ওয়াসফিয়া এন্টারপ্রাইজ**

**সাধারণ জাবেদা**

| তারিখ | বিবরণ | খু.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০২২ | | | | |
| জুলাই-২৫ | বিজ্ঞাপন হিসাব ডেবিট | | ৮,০০০ | |
| | ক্রয় হিসাব ক্রেডিট | | | ৮,০০০ |
| | [বিনামূল্যে পণ্য বিতরণ করা হলো] | | | |
| | মোট | | ৮,০০০ | ৮,০০০ |

**খ**

**ওয়াসফিয়া এন্টারপ্রাইজ**

**খতিয়ান (T ছক)**

ডেবিট **রহিম ব্রাদার্স হিসাব** ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | ২০২২ | | | |
| জুলাই-১২ | ক্রয় ফেরত হি. | | ৪,৫০০ | জুলাই-৪ | ক্রয় হিসাব | | ৫৫,০০০ |
| ” ৩১ | ব্যালেন্স C/D | | ৫০,৫০০ | | | | |
| | | | ৫৫,০০০ | | | | ৫৫,০০০ |
| | | | | আগস্ট-১ | ব্যালেন্স B/D | | ৫০,৫০০ |

ডেবিট **নগদান হিসাব** ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | ২০২২ | | | |
| জুলাই-৮ | বিক্রয় হিসাব | | ৩৫,০০০ | জুলাই-২৭ | বিজ্ঞাপন খরচ হি. | | ২,০০০ |
| | | | | ” ৩১ | ব্যালেন্স C/D | | ৩৩,০০০ |
| | | | ৩৫,০০০ | | | | ৩৫,০০০ |
| আগস্ট-১ | ব্যালেন্স B/D | | ৩৩,০০০ | | | | |

**গ**

**ওয়াসফিয়া এন্টারপ্রাইজ**
**খতিয়ান (চলমান জের)**
**বিক্রয় হিসাব**

হিসাবের কোড নং : ...............

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২২ | | | | | | |
| জুলাই-৮ | নগদান হিসাব | | | ৩৫,০০০ | | ৩৫,০০০ |
| " ২০ | ব্যাংক হিসাব | | | ২০,০০০ | | ৫৫,০০০ |

**বিজ্ঞাপন হিসাব**

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২২ | | | | | | |
| জুলাই-২৫ | ক্রয় হিসাব | | ৮,০০০ | | ৮,০০০ | |
| " ২৭ | নগদান হিসাব | | ২,০০০ | | ১০,০০০ | |

**প্রশ্ন ▶ ০৯** ফাহিম এন্টারপ্রাইজের ২০২০ সালের জুন মাসের নগদ লেনদেনসমূহ নিম্নরূপ :

জুন ০১ নগদ উদ্বৃত্ত ৫৫,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৪৫,০০০ টাকা।
" ০৪ পণ্য ক্রয় করে চেকে মূল্য পরিশোধ ৫,০০০ টাকা।
" ০৬ মালিক ব্যক্তিগত প্রয়োজনে ব্যবসায় হতে ৪,৫০০ টাকা উত্তোলন করেন।
" ০৮ পাওনাদার গালিব ট্রেডার্সকে নগদ প্রদান ৬,৫০০ টাকা এবং বাট্টা প্রাপ্তি ৫০০ টাকা।
" ১০ কলি ট্রেডার্স থেকে নগদে ১৫,০০০ টাকার পণ্য ৫% বাট্টায় ক্রয় করা হলো।
" ২৪ ব্যাংক থেকে উত্তোলন করা হল ১২,০০০ টাকা।
" ২৭ চমক ট্রেডার্স হতে ৯,৫০০ টাকা পাওয়া গেল এবং তাকে ৫০০ টাকা বাট্টা দেয়া হলো।
" ৩০ সোহানার পাওনা ২০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ১৯,০০০ টাকা প্রদান করা হলো।

(ক) উপর্যুক্ত তথ্য হতে প্রাপ্ত বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উদ্দীপকের ৬, ৮ ও ১০ তারিখের লেনদেনের ভিত্তিতে নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪
(গ) উদ্দীপকের জুন ১, ৪, ২৪, ২৭ ও ৩০ তারিখের তথ্য ও লেনদেন দ্বারা তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

[ম. বো. ২০২৪]

**৯নং প্রশ্নের সমাধান**

**ক** প্রাপ্ত বাট্টার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২০ | | | |
| জুন-০৮ | বাট্টা প্রাপ্তি | ৫০০ | |
| " ৩০ | সোহানার পাওনা পূর্ণনিষ্পত্তিতে প্রদত্ত বাট্টা | ১,০০০ | |
| | | | ১,৫০০ |

**উত্তর :** প্রাপ্ত বাট্টার পরিমাণ ১,৫০০ টাকা।

**খ**

**ফাহিম এন্টারপ্রাইজ**
**নগদ প্রদান জাবেদা**

| তারিখ | চেক নম্বর | ডেবিট হিসাব খাত | সূত্র | ক্রয় ডেবিট | পাওনাদার ডেবিট | অন্যান্য হিসাব ডেবিট | প্রাপ্ত বাট্টা | নগদ ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২০২০ | | | | | | | | |
| জুন-৭ | | উত্তোলন | | | | ৪,৫০০ | | ৪,৫০০ |
| " ৮ | | গালিব ট্রেডার্স | | | ৭০০০ | | ৫০০ | ৬,৫০০ |
| " ১০ | | – | | ১৪,২৫০ | | | | ১৪,২৫০ |
| | | | | ১৪,২৫০ | ৭০০০ | ৪,৫০০ | ৫০০ | ২৫,২৫০ |

**গ** **ফাহিম এন্টারপ্রাইজ**

ডেবিট **তিনঘরা নগদান বই** ক্রেডিট

| তারিখ | বিবরণ | ভা. নং | খ. পৃ. | প্রদত্ত বাট্টা | নগদ টাকা | ব্যাংক টাকা | তারিখ | প্রাপ্তি | ভা. নং | খ. পৃ. | প্রদত্ত বাট্টা | নগদ টাকা | ব্যাংক টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০২০ | | | | | | | ২০২০ | | | | | | |
| জুন-১ | ব্যালেন্স B/D | | | | ৫৫,০০০ | ৪৫,০০০ | জুন-৪ | ক্রয় হিসাব | | | | | ৫,০০০ |
| " ২৪ | ব্যাংক হিসাব (ক) | | | | ১২,০০০ | | " ২৪ | নগদান হিসাব (ক) | | | | | ১২,০০০ |
| " ২৭ | চমক ট্রেডার্স হিসাব | | | ৫০০ | ৯,৫০০ | | " ৩০ | সোহানা হিসাব | | | ১,০০০ | ১৯,০০০ | |
| | | | | | | | " ৩০ | ব্যালেন্স C/D | | | | ৫৭,৫০০ | ২৮,০০০ |
| | | | | ৫০০ | ৭৬,৫০০ | ৪৫,০০০ | | | | | ১,০০০ | ৭৬,৫০০ | ৪৫,০০০ |
| জুলাই-১ | ব্যালেন্স B/D | | | | ৫৭,৫০০ | ২,৮০০ | | | | | | | |

**প্রশ্ন ▶ ১০** ছায়া প্রিন্টার্স রাহা ব্যাংক থেকে ২০২০ সালে ২,৫০০টি ডায়রি প্রস্তুতের আদেশ পান। উক্ত কাজের জন্য খরচসমূহ নিম্নরূপ :

| খরচের বিবরণ | টাকা | খরচের বিবরণ | টাকা |
|---|---|---|---|
| কাগজ ক্রয় | ৮০,০০০ | আঠা ও সুতা ক্রয় | ৫,০০০ |
| কালি ক্রয় | ৩০,০০০ | বিজ্ঞাপন খরচ | ৩,০০০ |
| শ্রমিকের মজুরি | ২২,০০০ | বেতন | ১২,০০০ |
| কারখানা ভাড়া | ১৫,০০০ | ভাড়া | ৭,৫০০ |
| কারখানার বিদ্যুৎ | ৫,৫০০ | কাগজ আনার ভাড়া | ২,০০০ |
| কাগজের সমাপনী মজুদ | ৫,০০০ | | |

বিল আদায় খরচ দরপত্রের উদ্বৃত্ত মূল্যের ১%। প্রতিটি ডায়রির দরপত্রে উদ্বৃত্তমূল্য ৭৫ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্যের আলোকে ডায়রি তৈরিতে ব্যবহৃত প্রত্যক্ষ কাঁচামালের ব্যয় নির্ণয় কর। ২

(খ) ছায়া প্রিন্টার্সের প্রতিটি ডায়রির উৎপাদন ব্যয় নিরূপণ কর। ৪

(গ) মোট উৎপাদন ব্যয় ১,৪৪,৫০০ টকাা ধরে ছায়া প্রিন্টার্সের প্রতিটি ডায়রির মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

[ম. বো. ২০২৪]

**১০নং প্রশ্নের সমাধান**

**ক** ছায়া পিন্টারে ডায়রি তৈরিতে ব্যবহৃত প্রত্যক্ষ কাঁচামালে ব্যয় নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাগজ ক্রয় | ৮০,০০০ | |
| যোগ : কাগজ আনার ভাড়া | ২,০০০ | |
| | ৮২,০০০ | |
| বাদ : কাগজের সমাপনী মজুদ | (৫,০০০) | |
| প্রত্যক্ষ কাঁচামাল | | ৭৭,০০০ |

**উত্তর :** ছায়া পিন্টারে ডায়রি তৈরিতে ব্যবহৃত প্রত্যক্ষ কাঁচামালে ব্যয়ের পরিমাণ ৭৭,০০০ টাকা।

**খ**

## ছায়া প্রিন্টার্স
### উৎপাদন ব্যয় বিবরণী
২০২০ সারের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| ব্যবহৃত কাঁচামারের ব্যয় ['ক' হতে প্রাপ্ত] | | | ৭৭,০০০ |
| **যোগ : প্রত্যক্ষ খরচ** | | | |
| কালি ক্রয় | | ৩০,০০০ | |
| শ্রমিকের মজুরি | | ২২,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | | ৫২,০০০ |
| | | | ১,২৯,০০০ |
| **যোগ : কারখানা উপরিব্যয় :** | | | |
| কারখানা ভাড়া | | ১৫,০০০ | |
| কারখানার বিদ্যুৎ | | ৫,৫০০ | |
| আঠা ও সুতা ক্রয় | | ৫,০০০ | |
| | | | ২৫,৫০০ |
| **উৎপাদন ব্যয়** | | | ১,৫৪,৫০০ |

প্রতিটি ডায়রির উৎপাদন ব্যয় = $\frac{\text{উৎপাদন ব্যয়}}{\text{ডায়রির সংখ্যা}} = \frac{১,৫৪,৫০০}{২,৫০০}$ = ৬১.৮০ টাকা।

**উত্তর :** প্রতিটি ডায়রির উৎপাদন ব্যয় ৬১.৮০ টাকা।

**গ**

## ছায়া প্রিন্টার্স
### বিশদ আয় বিবরণী
২০২০ সালে ৩১ ডিসেম্বর

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় (২৫০০ × ৭৫) | | ১,৮৭,৫০০ | |
| **বাদ : উৎপাদন ব্যয় :** | | (১,৪৪,৫০০) | |
| **মোট মুনাফা** | | | ৪৩,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বেতন | ১২,০০০ | | |
| ভাড়া | ৭,৫০০ | | |
| | | ১৯,৫০০ | |
| **বিক্রয় উপরিব্যয় :** | | | |
| বিজ্ঞাপন খরচ | ৩,০০০ | | |
| বিল আদায় খরচ (১,৮৭,৫০০ × ১%) | ১,৮৭৫ | | |
| | | ৪,৮৭৫ | |
| | | | (২৪,৩৭৫) |
| **নিট মুনাফা** | | | ১৮,৬২৫ |

∴ প্রতিটি ডায়রির মুনাফা = $\frac{\text{নিট মুনাফা}}{\text{ডায়রির সংখ্যা}} = \frac{১৮,৬২৫}{২,৫০০}$ = ৭.৪৫ টাকা

**উত্তর :** প্রতিটি ডায়রির মুনাফা ৭.৪৫ টাকা।

**প্রশ্ন ▶ ১১** জনাব আশরাফ প্রতি মাসে বেতন বাবদ ৫০,০০০ টাকা এবং পার্টটাইম চাকরি করে বছরে আরও ১০,০০০ টাকা আয় করেন। ২০২২ সালের ০১ জানুয়ারি তার পরিবারের নগদ তহবিল ৪,০০,০০০ টাকা এবং ডিপিএস জমা ১,৮০,০০০ টাকা, গৃহ নির্মাণ ঋণ ১,২০,০০০ টাকা। উক্ত বছরে তার পরিবারের অন্যান্য তথ্যসমূহ নিম্নরূপ :

খাদ্যসামগ্রী ক্রয় ৬০,০০০ টাকা, বাড়িভাড়া প্রদান ১,৮০,০০০ টাকা, আসবাবপত্র ক্রয় ৩৫,০০০ টাকা, পুরাতন মোবাইল সেট বিক্রয় ২২,০০০ টাকা, মনিহারি ক্রয় ১০,০০০ টাকা, পোশাক ক্রয় ২৫,০০০ টাকা, ডিপিএসে জমা ৬০,০০০ টাকা, অলংকার ক্রয় ৩০,০০০ টাকা।

(ক) জনাব আশরাফের পারিবারিক তহবিল নির্ণয় কর। ২

(খ) জনাব আশরাফের পরিবারের সমাপনী নগদ তহবিল নির্ণয় কর। ৪

(গ) উপর্যুক্ত পরিবারের আয় উদ্বৃত্ত বা ঘাটতির পরিমাণ নির্ণয় কর। ৪

[ম. বো. ২০২৪]

**১১নং প্রশ্নের সমাধান**

**ক** পারিবারিক তহবিল নির্ণয় :

পারিবারিক তহবিল = (প্রারম্ভিক মোট সম্পদ – প্রারম্ভিক মোট দায়)

= {(নগদ তহবিল + ডিপিএস জমা + মোবাইল সেট) – গৃহ নির্মাণ ঋণ}

= (৪,০০,০০০ + ১,৮০,০০০ + ২২,০০০) – ১,২০,০০০

= ৬,০২,০০০ – ১,২০,০০০

= ৪,৮২,০০০

**উত্তর :** পারিবারিক তহবিল ৪,৮২,০০০ টাকা।

**খ**

**জনাব আশরাফের পরিবারে**

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

২০২২ সালের ৩১ ডিসেম্বর

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন (৫০,০০০ × ১২) | ৬,০০,০০০ | খাদ্য সমাগ্রী ক্রয় | ৬০,০০০ |
| পার্টটাইম চাকুরি | ১০,০০০ | বাড়িভাড়া প্রদান | ১,৮০,০০০ |
| নগদ তহবিল (০১-০১-২০২২) | ৪,০০,০০০ | মনিহারি ক্রয় | ১০,০০০ |
| পুরাতন মোবাইল সেট বিক্রয় | ২২,০০০ | পোশাক ক্রয় | ২৫,০০০ |
| | | ডিপিএস জমা | ৬০,০০০ |
| | | আসবাবপত্র ক্রয় | ৩৫,০০০ |
| | | অলংকার ক্রয় | ৩০,০০০ |
| | | হাতে নগদ (৩১.১২.২২) | ৬,৩২,০০০ |
| | ১০,৩২,০০০ | | ১০,৩২,০০০ |

**গ**

**জনাব আশরাফের**

**আয়-ব্যয় বিবরণী**

২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **আয়সমূহ :** | | |
| বেতন (৫০,০০০ × ১২) | ৬,০০,০০০ | |
| পার্টটাইম চাকরি | ১০,০০০ | |
| **মোট আয়** | | ৬,১০,০০০ |
| **বাদ : ব্যয়সমূহ :** | | |
| খাদ্যসামগ্রী ক্রয় | ৬০,০০০ | |
| বাড়িভাড়া প্রদান | ১,৮০,০০০ | |
| মনিহারি ক্রয় | ১০,০০০ | |
| পোশাক ক্রয় | ২৫,০০০ | |
| **মোট ব্যয়** | | ২,৭৫,০০০ |
| **আয় উদ্বৃত্ত** | | ৩,৩৫,০০০ |

**উত্তর :** পরিবারের আয় উদ্বৃত্ত ৩,৩৫,০০০ টাকা।